- The case study covered 318 establishments, revealing that the majority were government-owned (27.36%), followed by those categorized as others (25.16%) and sole proprietorships (23.58%).
- Partnerships and family partnerships accounted for 15.72% and 6.29% respectively, while private limited companies represented the smallest share at 1.89%.

**Gender of the Head of Establishments**

- The vast majority of establishments (90.25%) were headed by males, while only 9.75% were led by females.
- No establishments were reported to be headed by individuals identifying as Hizra.

**Employment Size, 2022–23**

- In 2022–23, the average quarterly employment across studied establishments stood at 6,192.
- Regular paid employees constituted the largest segment with an average of 2,400, followed by volunteers (2,018) and contract-based workers, including day labourers (1,148).
- Working owners remained constant at 580 throughout the year, while unpaid family workers averaged 46.
- Employment levels remained relatively stable across all four quarters.

**Employment Size, 2023–24**

- In 2023–24, the average quarterly employment rose slightly to 6,292. Regular paid employees remained the largest group at an average of 2,392, followed by volunteers (2,055) and contract-based workers (1,228).
- The number of working owners held steady at 580, while unpaid family workers averaged 39.
- Overall, employment levels showed consistency across all quarters.

**Employment Cost, 2022–23**

- The total quarterly employment cost averaged approximately Tk.191.7 million in 2022–23. Regular paid employees accounted for the largest share of expenses, averaging Tk.159 million per quarter, reflecting their dominant role in the workforce.
- Contract-based employees incurred an average cost of around Tk. 26.7 million quarterly, while working owners' remuneration averaged Tk. 4.7 million. Unpaid family workers and volunteers represented minimal costs, averaging Tk. 521 thousand and Tk. 747 thousand respectively.

- উল্লেখযোগ্যভাবে, চারটি ত্রৈমাসিকেই কর্মসংস্থান ব্যয়ে কিছুটা উঠানামা দেখা গেছে, যার মধ্যে সর্বোচ্চ ছিল চতুর্থ ত্রৈমাসিকে, এটি হয়েছে মূলত নিয়মিত কর্মচারীদের বাবদ ব্যয় বৃদ্ধির কারণে।

**কর্মসংস্থান ব্যয়, ২০২৩-২৪**

- ২০২৩–২৪ অর্থবছরে গড়ে ত্রৈমাসিক ভিত্তিতে কর্মসংস্থান ব্যয় বেড়ে দাঁড়ায় প্রায় ২১২.৯৫ মিলিয়ন টাকায়, যা গত বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিমাণ বেশি। নিয়মিত বেতনভুক কর্মচারীদের বাবদ ব্যয়ের পরিমাণই সবচেয়ে বেশি, তাদের জন্য প্রতি ত্রৈমাসিকে গড়ে ১৭৫.২৮ মিলিয়ন টাকা ব্যয় হয়েছে ।
- এরপর রয়েছে চুক্তিভিত্তিক কর্মচারী বাবদ ব্যয়, যাদের জন্য গড়ে ২৮.২৩ মিলিয়ন টাকা ব্যয় হয়েছে। কর্মরত মালিকদের পারিশ্রমিক উল্লেখযোগ্যভাবে বেড়েছে, গড়ে ৮.৬১ মিলিয়ন টাকা, যা আগের বছরের তুলনায় প্রায় দ্বিগুণ। অবৈতনিক পারিবারিক কর্মী এবং স্বেচ্ছাসেবক কর্মী বাবদ কম ব্যয় হয়েছে, গড়ে যথাক্রমে ৫৪,৫০০ টাকা ও ৭৫৮,৬৭৬ টাকা।
- সব শ্রেণিতে, বিশেষ করে চতুর্থ ত্রৈমাসিকে, ধারাবাহিক বৃদ্ধি মোট মজুরি বৃদ্ধির পাশাপাশি সম্ভাব্য কর্মীবাহিনীর বিস্তারকে নির্দেশ করে।

**মূল্য সংযোজন, ২০২২-২৩**

- ২০২২–২৩ অর্থবছরে সমীক্ষার আওতাধীন প্রতিষ্ঠানগুলোর মোট মূল্য সংযোজন ছিল প্রায় ১,০০০.৪১ মিলিয়ন টাকা। এটির প্রধান অংশ ছিল কর্মসংস্থানের ব্যয় (৭৬৬.৮ মিলিয়ন টাকা) এবং স্থায়ী মূলধনের ব্যবহার (২৩৩.৬ মিলিয়ন টাকা)।
- উৎপাদনের উপর কোনো নিট কর রিপোর্ট করা হয়নি। বছরের পুরো সময় জুড়ে মূল্য সংযজন তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল, তবে চতুর্থ ত্রৈমাসিকে এটি সর্বোচ্চ ছিল, যা সামান্য মৌসুমি বা কার্যক্রমভিত্তিক পরিবর্তনকে নির্দেশ করে। উপাত্ত থেকে দেখা যায় যে, মোট অর্থনৈতিক উৎপাদনে শ্রম এবং মূলধনের অবচয়ের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে।

**মূল্য সংযোজন, ২০২৩-২৪**

- ২০২৩–২৪ অর্থবছরে সমীক্ষার আওতাভুক্ত প্রতিষ্ঠানগুলোর মোট স্থূল মূল্য সংযোজন (জিভিএ) ছিল প্রায় ১,০০৮.৯৩ মিলিয়ন টাকা। এর প্রধান অংশ ছিল কর্মসংস্থান বাবদ ব্যয়, যার পরিমাণ মোট ৮৫১.৭৯ মিলিয়ন টাকা, এবং স্থায়ী মূলধনের অবচয় বাবদ ১৫৭.১৪ মিলিয়ন টাকা।
- গত বছরের মতোই, উৎপাদনের উপর কোনো নিট কর রিপোর্ট করা হয়নি। ত্রৈমাসিক ভিত্তিতে জিভিএ স্থিতিশীল ছিল, তবে চতুর্থ ত্রৈমাসিকে সামান্য বৃদ্ধি লক্ষ্য করা গেছে, যা বছরজুড়ে কার্যক্রমের ধারাবাহিকতা এবং স্থিতিশীলতা নির্দেশ করে।

**মূল্য সংযোজনে শ্রম অংশ**

- স্থূল মূল্য সংযোজনের (GVA) মধ্যে শ্রমের অংশ ২০২২–২৩ সালে ৭৬.৬৫% থেকে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি

- Notably, employment costs showed some fluctuation across quarters, peaking in Q4, driven mainly by increased spending on regular employees.

**Employment Cost, 2023–24**

- In 2023–24, the average quarterly employment cost rose to approximately Tk. 212.95 million, marking a notable increase from the previous year. Regular paid employees continued to dominate the cost structure, averaging Tk.175.28 million per quarter.
- Contract-based employees followed with Tk. 28.23 million, while working owners saw a significant increase in remuneration, averaging Tk. 8.61 million, nearly double the previous year. Costs for unpaid family workers and volunteers remained minimal, averaging Tk. 54,500 and 758,676 respectively.
- The steady rise across all categories, particularly in Q4, suggests overall wage growth and possible workforce expansion.

**Value Added, 2022–23**

- In 2022–23, the total value added by the studied establishments amounted to approximately Tk. 1,000.41 million**.** This was primarily composed of employment costs (Tk.766.8 million) and consumption of fixed capital Tk.233.6 million**.**
- No new taxes on production were reported. Value added remained relatively stable throughout the year, with a peak in Q4, reflecting slight seasonal or operational variations. The data highlights the significant contribution of labor and capital depreciation to overall economic output.

**Value Added, 2023–24**

- In 2023–24, the total Gross Value Added (GVA) by the studied establishments reached approximately Tk. 1,008.93 million. This was primarily driven by employment costs, totaling Tk. 851.79 million**,** and consumption of fixed capital amounting to Tk. 157.14 million.
- As in the previous year, no net taxes on production were reported. Quarterly GVA remained stable, with a slight peak in Q4, reflecting consistent operational performance across the year.

**Labour Share of Value Added**

- The labour share of gross value added (GVA) increased significantly from 76.65% in 2022–23

পেয়ে ২০২৩–২৪ সালে ৮৪.৪৩% হয়েছে, যা শ্রম ও মূলধনের মধ্যে আয়ের আরও সুষম বণ্টনের ইঙ্গিত প্রদান করে।

- ২০২২–২৩ অর্থবছরে শ্রম অংশ ৭৫.৯৮% থেকে ৭৭.৭০% এর মধ্যে ছিল, যা মূল্য সংযোজনে শ্রমের মাঝারি উচ্চ, কিন্তু স্থিতিশীল অবদানকে নির্দেশ করে
- ২০২৩–২৪ সালে শ্রমের অংশ প্রতি ত্রৈমাসিকে ধারাবাহিকভাবে ৮৪%-এর বেশি ছিল এবং সর্বোচ্চ ৮৪.৭২% পর্যন্ত পৌঁছেছিল, যা নির্দেশ করে যে, অর্থনৈতিক উৎপাদনের বড় অংশ মজুরি এবং পারিশ্রমিকে বরাদ্দ করা হয়েছে।
- এ প্রবৃদ্ধি একটি অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধির ধারা নির্দেশ করে, যেখানে কর্মচারীরা উৎপাদিত অর্থনৈতিক মূল্য সংযোজনের বড় অংশ পাচ্ছেন, যা মজুরি বৃদ্ধি, উন্নত কর্মসংস্থানের শর্ত বা নীতিগত প্রভাবের ফলে হতে পারে। এটি আয় বা মূলধনের পুঞ্জিভূতকরণ হ্রাস করে এবং উৎপাদন সুবিধার সুফল অধিকতর ভারসাম্যপূর্ণভাবে বণ্টনের দিকেও ইঙ্গিত প্রদান করে।

## ৪. খানাসমূহে সেবা প্রদানকারী অলাভজনক প্রতিষ্ঠান (এনপিআইএসএইচ)

**মালিকানার ধরন**

- খানায় সেবা প্রদানকারী অলাভজনক প্রতিষ্ঠানগুলোর (NPISHs) মালিকানা কাঠামো লাভমুখী প্রতিষ্ঠানের থেকে উল্লেখযোগ্যভাবে ভিন্ন। লাভজনক প্রতিষ্ঠানগুলো সাধারণত আর্থিক লাভের জন্য ব্যক্তিগত বা কর্পোরেট মালিকানাধীন হয়, যেখানে NPISHs সামাজিক, কমিউনিটি বা দাতব্য উদ্দেশ্যের ওপর ভিত্তি করে বিভিন্ন মালিকানা মডেলের আওতায় পরিচালিত হয়।
- অলাভজনক প্রতিষ্ঠানগুলোর (NPISHs) অধিকাংশ (৭০.৬%) মালিকানা ছিল অলাভজনক ট্রাস্ট বা ফাউন্ডেশন ভিত্তিক সংগঠনগুলোর হাতে।
- কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলোর অংশ ছিল ১৮.৫%, যখন সদস্যভিত্তিক সংগঠনগুলোর অংশ ছিল সবচেয়ে কম, মাত্র ১০.৯%।
- এ থেকে বোঝা যায় যে, এই সেক্টরটি মূলত মিশনভিত্তিক ও কমিউনিটিভিত্তিক মালিকানার উপর সবচেয়ে বেশি নির্ভরশীল, বিশেষ করে ধর্মীয় প্রতিষ্ঠান, পেশাদার সমিতি, এবং ঝুঁকিপূর্ণ গোষ্ঠীর অনুকূলে সেবা প্রদানকারী সংস্থাগুলোর উপর।

**প্রতিষ্ঠান প্রধানের লিঙ্গ**

- খানাসমূহে সেবা প্রদানকারী অলাভজনক প্রতিষ্ঠানগুলোর (NPISHs) প্রধানদের মধ্যে অধিকাংশই পুরুষ ছিলেন, যেখানে ৯৫.৮% প্রতিষ্ঠানের নেতৃত্ব দিচ্ছিলেন পুরুষ এবং মাত্র ৪.২% প্রতিষ্ঠানের নেতৃত্বে ছিলেন নারী।
- কোনো প্রতিষ্ঠানেই হিজড়া ব্যক্তির নেতৃত্বে ছিল না।

**কর্মসংস্থানের আকার, ২০২২-২৩**

- ২০২২–২৩ অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে NPISHs এর মোট কর্মসংস্থানে সামান্য উঠানামা পরিলক্ষিত হয়। প্রথম

to 84.43% in 2023–24, reflecting a shift toward a more equitable distribution of income between labour and capital.

- In 2022–23, the labour share ranged between 75.98% and 77.70%, indicating a moderately high but stable contribution of labour to value added.
- In 2023–24, the share consistently exceeded 84% each quarter, peaking at 84.72%, suggesting that a larger portion of economic output was allocated to wages and compensation.
- This rise points to a more inclusive growth pattern, where workers are receiving a greater share of the economic value generated, possibly due to wage increases, improved employment terms, or policy interventions. It also suggests a reduced concentration of income in capital or profit, moving towards a more balanced distribution of production benefits.

## 4. Non-Profit Institutions Serving Households (NPISHs)

**Ownership structure**

- The ownership structure of Non-Profit Institutions Serving Households (NPISHs) differs significantly from that of profit-oriented entities. Unlike profit institutions, which are typically privately or corporately owned for financial gain, NPISHs operate under a variety of ownership models rooted in social, community, or philanthropic objectives.
- The majority of NPISHs (70.6%) were owned by non-profit trusts or foundation-based organizations.
- Community-based organizations accounted for 18.5%, while membership-based organizations represented the smallest share at 10.9%.
- This distribution reflects the sector's strong reliance on mission-driven and community-rooted ownership structures, particularly in areas such as religious organizations, professional associations, and care services for vulnerable groups.

**Gender of the head of establishments**

- Head of establishments within Non-Profit Institutions Serving Households (NPISHs) remained predominantly male, with 95.8% of establishments headed by men and only 4.2% by women.
- No establishment reported leadership by a Hijra individual.

**Employment size, 2022-23**

- Total employment in NPISHs showed minor fluctuations across the quarters of 2022–23. Employment slightly declined from Q1 to Q2 (–

ত্রৈমাসিক থেকে দ্বিতীয় ত্রৈমাসিকে কর্মসংস্থানের পরিমাণ সামান্য হ্রাস পায় (–১.০১%), তৃতীয় ত্রৈমাসিকে তা আবার বেড়ে যায় (+২.৪৮%), এবং চতুর্থ ত্রৈমাসিকে আবার সামান্য হ্রাস পায় (–০.৭০%)।

- এই পরিবর্তনসমূহ সত্ত্বেও, বছরজুড়ে মোট কর্মসংস্থানের পরিমাণ তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল, প্রতি ত্রৈমাসিকে গড়ে প্রায় ৭,২২৭ জন কর্মী কর্মরত ছিল।
- জনবলের ধরনে পুরুষদের আধিক্য সবসময়ই বজায় ছিল, যেখানে নারী কর্মসংস্থানের পরিমাণ ১৮–১৯% এর মধ্যে স্থিতিশীল ছিল।

1.01%), rebounded in Q3 (+2.48%), and then dipped marginally again in Q4 (–0.70%).

- Despite these changes, the overall employment level remained relatively stable throughout the year, averaging around 7,227 workers per quarter.
- The workforce composition consistently showed a strong male majority, with female employment holding steady at around 18–19%.

**কর্মসংস্থানের আকার, ২০২৩-২৪**

- ২০২৩–২৪ অর্থবছরে NPISHs-এর মোট কর্মসংস্থানে ক্রমান্বয়ে উর্ধ্বমুখী প্রবণতা লক্ষ্য করা গেছে, যা প্রথম ত্রৈমাসিকের ৭,২৭৮ জন থেকে বৃদ্ধি পেয়ে চতুর্থ ত্রৈমাসিকে ৭,৫৫৮ জন হয়েছে।
- গত বছর (২০২২–২৩) যেখানে কর্মসংস্থানের আকার তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল এবং সামান্য ওঠানামা দেখা গেছে, সেখানে ২০২৩–২৪ অর্থবছরের প্রতিটি ত্রৈমাসিকে ধারাবাহিকভাবে বৃদ্ধির বিষয়টি প্রতীয়মান হয়।
- এ অর্থবছরেও জনবলের ধরনে পুরুষ কর্মীরাই সংখ্যাগরিষ্ঠ (৮১% এর বেশি), তবে নারী কর্মীদের অনুপাত সামান্য কম পরিলক্ষিত হয়, প্রথম ত্রৈমাসিকের ১৮.৮০% থেকে কমে চতুর্থ ত্রৈমাসিকে তা ১৮.০০% হয়।

**Employment size, 2023-24**

- In 2023–24, total employment in NPISHs showed a gradual upward trend, increasing from 7,278 in Q1 to 7,558 in Q4.
- Compared to the previous year (2022–23), which saw relatively stable employment with minor fluctuations, the financial year 2023-24 reflects steady growth across all quarters.
- Male employees continued to dominate the workforce (over 81%), with a slight decline in the share of female employment from 18.80 % in Q1 to 18.00% in Q4.

**কর্মসংস্থান ব্যয়, ২০২২-২৩**

- ২০২২–২৩ সালে খানায় সেবা প্রদানকারী অলাভজনক প্রতিষ্ঠানগুলোর (NPISHs) মোট কর্মসংস্থান ব্যয় প্রায় ১,৩৩০.৭২ মিলিয়ন টাকা। সর্বোচ্চ ব্যয় চতুর্থ ত্রৈমাসিকে ঘটেছিল, যা খরচের মৌসুমি বৃদ্ধিকে প্রতিফলিত করে।
- অন্যান্য বেসরকারি ও অলাভজনক প্রতিষ্ঠানসমূহই কর্মসংস্থান খরচের বেশিরভাগ অংশ বহন করেছে, যা বার্ষিকভাবে ১,০০৪.৫১ মিলিয়ন টাকারও বেশি।
- অন্যান্য উল্লেখযোগ্য অবদানকারী সংস্থার মধ্যে ছিল পেশাজীবী সদস্যভিত্তিক সংগঠন এবং ধর্মীয় সংগঠনসমূহ।
- সার্বিকভাবে, প্রথম তিনটি ত্রৈমাসিকে কর্মসংস্থান ব্যয় তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল, তবে বছরের শেষ ত্রৈমাসিকে উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি লক্ষ্য করা গেছে।

**Employment cost, 2022-23**

- In 2022–23, total employment costs for NPISHs amounted to approximately Tk. 1,330.72 million. The highest expenditure occurred in Q4, reflecting a seasonal rise in costs.
- Other non-government and non-profit organizations accounted for the majority of employment spending, contributing over Tk. 1,004. 51 million annually.
- Other notable contributors included professional membership organizations and religious organizations.
- Overall, employment costs remained relatively stable across the first three quarters, with a significant increase observed in the final quarter of the year.

**কর্মসংস্থান ব্যয়, ২০২৩-২৪**

- ২০২৩-২৪ অর্থবছরে NPISHs-এর কর্মসংস্থান ব্যয় বাবদ মোট ১,৩৮৯.০৩ মিলিয়ন টাকা খরচ হয়, যা পূর্ববর্তী বছরের ১,৩৩০.৭২ মিলিয়ন টাকা থেকে সামান্য বেশি।
- পূর্বের ধারাবাহিকতায় অন্যান্য বেসরকারি এবং অলাভজনক সংস্থাগুলো কর্মসংস্থান সংশ্লিষ্ট ব্যয়ের বড় অংশের জন্য দায়ী, বাৎসরিক ১,০৬১.৩৬ মিলিয়ন টাকারও বেশি।
- চার প্রান্তিকেই কর্মসংস্থান ব্যয়ের ধারাবাহিক বৃদ্ধি পরিলক্ষিত হয়, তবে চতুর্থ প্রান্তিকে সবচেয়ে বেশি ব্যয় হয়।

**Employment cost, 2023-24**

- In 2023–24, total employment costs for NPISHs reached approximately Tk. 1,389.03 million, reflecting a moderate increase from Tk. 1330.72 million in the previous year.
- The largest share of employment expenditure continued to come from other non-government and non-profit organizations, accounting for over Tk. 1,061.36 million.
- Employment costs showed a consistent upward trend across all four quarters, with the highest expenditure in Q4.

### স্থুল মূল্য সংযোজন, ২০২২-২৩

- ২০২২–২৩ অর্থবছরে NPISHS-এর মোট স্থুল মূল্য সংযোজন (জিভিএ) প্রায় ১,৫২৮.২৭ মিলিয়ন টাকা, যার মধ্যে মজুরি ও বেতন ছিল সবচেয়ে বড় উপাদান।
- যেহেতু এই প্রতিষ্ঠানগুলো সাধারণত কোনো পরিচালন উদ্বৃত্ত তৈরি করে না, তাই তাদের মূল্য সংযোজন মূলত কর্মসংস্থান ব্যয়ের ওপর নির্ভরশীল, যার পরিমাণ বছরে ১,৩৩০.৭২ মিলিয়ন টাকা।
- স্থায়ী সম্পদের অবচয়ের পরিমাণ সামগ্রিক মূল্য সংযোজনের তুলনায় অল্প হলেও তা ধারাবাহিকভাবে অবদান রাখছে ।
- এ তথ্যগুলো NPISHs -এর শ্রমনির্ভর প্রকৃতি এবং মুনাফা অর্জনের পরিবর্তে সেবাপ্রদানকেই অগ্রাধিকার দেওয়ার বিষয়টি সুস্পষ্ট করে।

### স্থুল মূল্য সংযোজন, ২০২৩-২৪

- ২০২৩–২৪ অর্থবছরে NPISHs -এর স্থূল মূল্য সংযোজন (জিভিএ) বৃদ্ধি পেয়ে প্রায় ১,৫৬৩.৫৬ মিলিয়ন টাকা হয়েছে, যা আগের বছরের ১,৫২৮.২৭ মিলিয়ন টাকার তুলনায় বেশি।
- এ প্রবৃদ্ধি মূলত কর্মসংস্থান ব্যয় বৃদ্ধির কারণে হয়েছে, যার পরিমাণ ২০২৩–২৪ অর্থবছরে ১,৩৮৯.০৩ মিলিয়ন টাকা। অপরদিকে, স্থির সম্পদের অবচয় সামান্য হ্রাস পেয়ে ১৭৪.৫ মিলিয়ন টাকা হয়েছে।
- নিট করের অনুপস্থিতি এই প্রতিষ্ঠানগুলোর অ-লাভজনক প্রকৃতিকে তুলে ধরে। সামগ্রিকভাবে, মূল্য সংযোজনে এখনও NPISHs-এর শ্রমনির্ভর দৃষ্টিভঙ্গিকেই প্রতিফলিত করে, যেখানে প্রধান অবদানকারী উপাদান হিসেবে রয়েছে মজুরি ও বেতন।

### মূল্য সংযোজনে শ্রম অংশ

- বিশ্লেষণকৃত দুই অর্থবছরে মূল্য সংযোজনের শ্রম অংশে একটি ধারাবাহিক উর্ধ্বমুখী প্রবণতা পরিলক্ষিত হয়েছে। ২০২২–২৩ অর্থবছরে গড় বার্ষিক শ্রম অংশ ছিল ৮৭.০৩%, যা ২০২৩–২৪ অর্থবছরে বেড়ে দাঁড়িয়েছে ৮৮.৮৪%–এ, অর্থাৎ ১.৮১ শতাংশিয় পয়ন্ট বৃদ্ধি হয়েছে।
- এ প্রবৃদ্ধি ইঙ্গিত প্রদান করে যে, মূল্য সংযোজনের একটি ক্রমবর্ধমান অংশ কর্মসংস্থানের ব্যয় বাবদ বরাদ্দ করা হচ্ছে, যা সংশ্লিষ্ট খাতে শ্রমের জন্য আয়ের বণ্টন বৃদ্ধির প্রতিফলন।

## ৫. নির্মাণ খাত

### ৫.১ নির্মাণ প্রতিষ্ঠানের সম্পৃক্ততা ব্যতীত খানা কর্তৃক পাকাভবন নির্মাণ

### সামগ্রিক নির্মাণ ব্যয়

- পাকা ভবনের গড় নির্মাণ ব্যয় প্রতি বর্গফুটে ২,৫২৫ টাকা।
- গ্রামীণ এলাকায় গড় ব্যয় সামান্য বেশি (প্রতি বর্গফুটে ২,৫৫৭ টাকা), যেখানে শহুরে এলাকায় গড় ব্যয় প্রতি বর্গফুটে ২,৫০৯ টাকা।

### Gross Value Added, 2022-23

- In 2022–23, the Gross Value Added (GVA) by NPISHs totaled approximately Tk. 1,528.27 million, with wages and salaries constituting the largest component.
- Given that these establishments typically do not generate operating surplus, the value added is primarily driven by employment costs, which amounted to Tk. 1,330. 72 million for the year.
- Depreciation of fixed assets contributed a smaller, but consistent, portion to the overall value added.
- This highlights the labor-intensive nature of NPISHs and their focus on service delivery rather than profit generation.

### Gross Value Added, 2023-24

- In 2023-24, the Gross Value Added (GVA) of NPISHs increased to approximately Tk.1563.56 million, up from Tk.1528.27 million in the previous year.
- This growth was driven primarily by a rise in employment costs, which reached Tk. 1,389.03 million, while consumption of fixed capital slightly decreased to Tk. 174.5 million.
- The absence of net taxes on production underscores the non-profit nature of these institutions. Overall, the value added continues to reflect the labor-intensive focus of NPISHs, with wages and salaries as the main contributors.

### Labour share of value added

- The labour share of value added showed a consistent upward trend over the two fiscal years analyzed. In 2022–23, the average yearly labour share stood at 87.03%, while in 2023–24, it increased to 88.84%, indicating a 1.81 percentage point rise.
- This growth reflects an increasing proportion of value added being allocated to employment costs, suggesting improved income distribution to labour in the observed sectors.

## 5. Construction sector

### 5.1 Pucca buildings constructed by households without any involvement of construction firms

### Overall construction cost

- The average construction cost of pucca buildings is Tk. 2,525 per square foot.
- Rural areas report a slightly higher average cost (Tk. 2,557 per sq. ft.) compared to urban areas (Tk. 2,509 per sq. ft.).

### উপকরণের ব্যয়ের গঠন

- ইট উপকরণের ব্যয়ের সর্বাধিক অংশ গঠন করে, যা গ্রামীণ এলাকায় ১৭.৪৭ শতাংশ এবং শহুরে এলাকায় ১৬.৪৭ শতাংশ।
- সিমেন্টের ব্যয় স্থানভেদে প্রায় অভিন্ন, যা মোট নির্মাণ ব্যয়ের প্রায় ১৫ শতাংশ।
- লোহা ও ইস্পাত উভয়ই গ্রামীণ ও শহুরে এলাকায় মোট ব্যয়ের প্রায় ১০ শতাংশ গঠন করে, যা একই ধরনের কাঠামোগত প্রয়োজনীয়তা নির্দেশ করে।

### শ্রম ব্যয়

- শ্রমই এককভাবে সর্বাধিক ব্যয়ের অংশ, যা গ্রামীণ এলাকায় মোট ব্যয়ের ২৫.৭৮ শতাংশ এবং শহুরে এলাকায় ২৪.৪২ শতাংশ।
- গ্রামীণ অঞ্চলে তুলনামূলকভাবে সামান্য বেশি শ্রম ব্যয় কম মাত্রার যান্ত্রিকীকরণ এবং শারীরিক শ্রমের ওপর অধিক নির্ভরশীলতার প্রতিফলন হতে পারে।

### ফিক্সচার, ফিটিংস এবং কাঠজাত পণ্য

- শহরাঞ্চলে ফিক্সচার ও ফিটিংসের খরচ বেশি (৬.৫৭ শতাংশ), যেখানে গ্রামীণ এলাকায় তা কম (৫.৫৯ শতাংশ)। এর কারণ হলো শহরে সাধারণত উচ্চমানের বা উন্নত স্পেসিফিকেশনের ব্যবহার হয়ে থাকে।
- কাঠ ও কাঠজাত পণ্য উভয় ক্ষেত্রেই মোট খরচের খুবই সামান্য অংশ (প্রায় ২ শতাংশ) প্রতিনিধিত্ব করে।

### কর ও অন্যান্য খরচ

- কর, যার মধ্যে ভ্যাট অন্তর্ভুক্ত, গ্রামীণ ও শহুরে উভয় এলাকায় মোট নির্মাণ ব্যয়ের একটি নগণ্য অংশ।
- অন্যান্য খরচ মোট ব্যয়ের একটি উল্লেখযোগ্য অংশ গঠন করে যার পরিমাণ গ্রামীণ এলাকায় ২৩.৪৪ শতাংশ এবং শহুরের এলাকায় ২৫.০২ শতাংশ; যা উল্লেখযোগ্য বিবিধ ও ওভারহেড খরচ নির্দেশ করে।

### সামগ্রিক পর্যবেক্ষণ

- গ্রামীণ ও শহুরে এলাকায় পাকা ভবনের ব্যয় কাঠামো মোটামুটি একই রকম, তবে সামান্য পার্থক্য দেখা যায় মূলত শ্রম খরচ, আসবাবপত্র ও ফিটিংস, এবং অন্যান্য আনুষঙ্গিক ব্যয়ের কারণে।

## ৫.২ নির্মাণ প্রতিষ্ঠানগুলোর সম্পৃক্ততা ছাড়া খানা কর্তৃক নির্মিত সেমি-পাকা ভবন নির্মাণ

### সামগ্রিক ব্যয় স্তর

- সেমি-পাকা ভবনের গড় খরচ প্রতি ইউনিটে প্রায় ১০.২৫ লাখ টাকা।
- সেমি-পাকা ভবনের প্রতি বর্গফুটের গড় খরচ ১,৬২০ টাকা, যা পাকা ভবনের গড় খরচের (২,৫২৫ টাকা প্রতি বর্গফুট) তুলনায় প্রায় ৩৬% কম।

### Material cost composition

- Bricks constitute the largest share of material costs, accounting for 17.47 percent in rural areas and 16.47 percent in urban areas.
- Cement costs are almost identical across locations, representing around 15 percent of total construction costs.
- Iron and steel account for approximately 10 percent of total costs in both rural and urban areas, indicating similar structural requirements.

### Labour cost

- Labour is the single largest cost component, comprising 25.78 percent of total costs in rural areas and 24.42 percent in urban areas.
- Slightly higher labour costs in rural areas may reflect lower mechanization and greater reliance on manual labour.

### Fixtures, fittings, and wood products

- Costs of fixtures and fittings are higher in urban areas (6.57 percent) than in rural areas (5.59 percent), reflecting higher quality or specification levels.
- Wood and wood products represent a minimal share of total costs in both areas (around 2 percent).

### Taxes and miscellaneous costs

- Taxes, including VAT, account for a negligible portion of total construction costs in both rural and urban areas.
- Other costs represent a substantial share of total expenditure 23.44 percent in rural areas and 25.02 percent in urban areas indicating significant miscellaneous and overhead expenses.

### Overall observation

- The cost structure of pucca buildings is broadly similar in rural and urban areas, with minor variations primarily driven by labour costs, fixtures and fittings, and other miscellaneous expenditures.

## 5.2 Semi-pucca Buildings constructed by households without any involvement of construction firms

### Overall cost level

- The average cost of semi-pucca buildings is Tk. 10.25 lakh per unit.
- Average cost per square foot for semi-pucca buildings is Tk. 1,620, which is about 36% lower than the average cost of pucca buildings (Tk. 2,525 per sq. ft.).

**উপকরণ ব্যয়ের গঠন**

- আধাপাকা ভবনে উপকরণ ব্যয়ের মধ্যে ইটের অংশ সর্বাধিক, যা মোট খরচের ২৪.৫১%। এটি পাকা ভবনের তুলনায় (১৬.৮২%) উল্লেখযোগ্যভাবে বেশি।
- আধাপাকা ভবনে সিমেন্টের অংশ ১০.৯৭%, যা পাকা ভবনের (১৫.৩২%) তুলনায় কম। এটি রিইনফোর্সড কংক্রিট বা সিমেন্ট-নির্ভর কাঠামোর কম ব্যবহারের প্রতিফলন।
- আধাপাকা ভবনে লোহা ও ইস্পাতের খরচ ৭.৬৩%, যা পাকা ভবনের (১০.২৩%) তুলনায় কম। এটি হালকা কাঠামোগত চাহিদার ইঙ্গিত দেয়।
- আধাপাকা ভবনে কাঠ ও কাঠজাত পণ্যের অংশ ৬.৭০%, যা পাকা ভবনের (১.৯৯%) তুলনায় অনেক বেশি। এটি আধাপাকা ভবন নির্মাণে কাঠের অধিক ব্যবহারের প্রতিফলন।

**শ্রম ও ওভারহেড**

- আধাপাকা ভবনে শ্রম ব্যয় মোট খরচের ১৯.২৩%, যা পাকা ভবনের (২৪.৮৯%) তুলনায় কম। এটি তুলনামূলকভাবে কম শ্রমনির্ভরতা বা সহজতর নির্মাণ প্রক্রিয়ার ইঙ্গিত দেয়।
- আধাপাকা ভবনে "অন্যান্য খরচ" উল্লেখযোগ্য অবস্থানে রয়েছে, যা মোট খরচের ২৩.৬১%। এটি পাকা ভবনের (২৪.৪৭%) তুলনায় সামান্য কম।

**ফিক্সচার ও ফিটিংস**

- আধাপাকা ভবনে ফিক্সচার ও ফিটিংসের অংশ মোট খরচের ৭.৩৫%, যা পাকা ভবনের (৬.২৩%) তুলনায় সামান্য বেশি। এটি তুলনামূলকভাবে কম মোট খরচ থাকা সত্ত্বেও প্রায় সমমানের ফিনিশিং মান নির্দেশ করে।

**শহর-গ্রাম তুলনা**

- সেমি-পাকা ভবনের ব্যয় কাঠামো গ্রামীণ ও শহুরে এলাকায় প্রায় একই রকম।
- শহরে সেমি-পাকা ভবনে লোহা ও ইস্পাতের খরচ (৮.৯০% বনাম ৬.৮৮%) এবং ফিক্সচার ও ফিটিংসের খরচ (৮.১৬% বনাম ৬.৮৬%) সামান্য বেশি, যা অধিক টেকসই বা আধুনিক নির্মাণ মান নির্দেশ করে।
- গ্রামীণ সেমি-পাকা ভবনে কাঠজাত পণ্য ও অন্যান্য খরচের অংশ কিছুটা বেশি, যা স্থানীয়ভাবে পাওয়া উপকরণের উপর নির্ভরতা এবং অনানুষ্ঠানিক ব্যয়ের প্রতিফলন।

## ৫.৩ নির্মাণ প্রতিষ্ঠান কর্তৃক পাকা ভবন নির্মাণ

### প্রতিষ্ঠানের মালিকানা অবস্থা

**একক মালিকানার প্রধান্য**

- সমীক্ষায় দেখা গেছে অধিকাংশ প্রতিষ্ঠান একক মালিকানাধীন, মোট ২১৪টি কোম্পানি (৭৭.২৬%)। এটি নির্দেশ করে যে ব্যক্তিগত মালিকানাই সবচেয়ে বেশি প্রচলিত ও পছন্দনীয় ব্যবসায়িক কাঠামো।

**Material cost composition**

- Bricks dominate material cost in semi-pucca buildings, accounting for 24.51% of total cost, which is significantly higher than pucca buildings (16.82%).
- Cement share is lower in semi-pucca buildings (10.97%) compared to pucca buildings (15.32%), reflecting reduced use of reinforced concrete or cement-intensive structures.
- Iron and steel costs are lower in semi-pucca buildings (7.63%) than in pucca buildings (10.23%), indicating lighter structural requirements.
- Wood and wood products contribute 6.70% in semi-pucca buildings, much higher than pucca buildings (1.99%), reflecting increased use of wood in semi-pucca construction.

**Labour and overhead**

- Labour costs in semi-pucca buildings account for 19.23% of total cost, which is lower than pucca buildings (24.89%). This indicates relatively less labour intensity or simpler construction processes.
- "Other costs" remain significant, at 23.61% in semi-pucca buildings, slightly lower than pucca buildings (24.47%).

**Fixtures and fittings**

- Fixtures and fittings in semi-pucca buildings account for 7.35%**,** which is slightly higher than pucca buildings (6.23%), indicating comparable finishing standards despite lower overall cost.

**Urban–rural comparison**

- The cost structure of semi-pucca buildings is similar across rural and urban areas.
- Urban semi-pucca buildings show slightly higher costs in iron & steel (8.90% vs. 6.88%) and fixtures & fittings (8.16% vs. 6.86%), reflecting more durable or modern building specifications.
- Rural semi-pucca buildings have slightly higher shares of wood products and other costs, indicating reliance on locally available materials and informal expenses.

## 5.3 Pucca buildings constructed by construction firms

### Ownership status of firms

**Dominance of Sole Proprietorship**

- Sole proprietorships constitute the majority of firms in the study, with 214 companies (77.26%)**,** indicating that individual ownership is the most preferred and prevalent business structure.

**সাধারণ অংশীদারিত্বের সীমিত উপস্থিতি**

- সাধারণ অংশীদারিত্বভিত্তিক প্রতিষ্ঠান মাত্র ৩১টি (১১.১৯%), যা যৌথ মালিকানা ও সহযোগিতামূলক ব্যবসায়িক ব্যবস্থার তুলনামূলকভাবে নিম্ন স্তরকে প্রতিফলিত করে।

**প্রাইভেট লিমিটেড কোম্পানির মাঝারি অংশ**

- প্রাইভেট লিমিটেড কোম্পানি ৩২টি প্রতিষ্ঠান (১১.৫৫%)। এটি সীমিত দায়বদ্ধতাসহ নিবন্ধিত ব্যবসায়িক কাঠামোর মাঝারি গ্রহণযোগ্যতা নির্দেশ করে।

**পাবলিক ও অন্যান্য মালিকানা কাঠামোর অনুপস্থিতি**

- সমীক্ষায় কোনো পাবলিক লিমিটেড কোম্পানি বা অন্যান্য অশ্রেণিবদ্ধ মালিকানা কাঠামো পাওয়া যায়নি। এটি বৃহৎ পরিসরের বা জনসাধারণের মালিকানাধীন প্রতিষ্ঠানের অভাবকে তুলে ধরে।

**সামগ্রিক মালিকানা কাঠামোর ধারা**

- সামগ্রিক বণ্টন থেকে বোঝা যায় যে সমীক্ষার আওতাভুক্ত এলাকায় ব্যবসায়িক পরিবেশ মূলত ছোট, মালিক-পরিচালিত প্রতিষ্ঠান দ্বারা নিয়ন্ত্রিত, যেখানে মালিকানা কাঠামোর বৈচিত্র্য সীমিত।

## প্রতিষ্ঠান প্রধানের লিঙ্গ

**পুরুষের আধিপত্য**

- ৯৯.২৮% প্রতিষ্ঠান পুরুষদের নেতৃত্বে পরিচালিত হয়, যা একটি পুরুষ-প্রধান ব্যবসায়িক পরিবেশকে নির্দেশ করে।

**নারীর নেতৃত্বের অত্যন্ত নিম্ন উপস্থিতি**

- মাত্র ০.৭২% প্রতিষ্ঠান নারীদের নেতৃত্বে পরিচালিত হয়, যা জরিপে অন্তর্ভুক্ত নমুনার মধ্যে ব্যবসায়িক নেতৃত্বে নারীর অংশগ্রহণ অত্যন্ত সীমিত থাকার প্রতিফলন।

**হিজড়া সম্প্রদায়ের কোনো প্রতিনিধিত্ব নেই**

- ০% প্রতিষ্ঠান হিজড়া সম্প্রদায়ের নেতৃত্বে পরিচালিত হয়, যা এই লিঙ্গগোষ্ঠীর প্রতিনিধিত্বের অনুপস্থিতি তুলে ধরে।

**লিঙ্গ সমতার প্রভাব**

- তথ্য থেকে বোঝা যায় ব্যবসায়িক নেতৃত্বে উল্লেখযোগ্য লিঙ্গ বৈষম্য বিদ্যমান, যা নারীদের ও লৈঙ্গিক সংখ্যালঘুদের মালিকানা, পুঁজি বা আনুষ্ঠানিক সুযোগের সীমিত প্রবেশাধিকারকে নির্দেশ করে

## কর্মসংস্থানের আকার, ২০২৩-২৪

**সামগ্রিক কর্মসংস্থান**

- জরিপকৃত প্রতিষ্ঠানগুলোতে মোট কর্মসংস্থান ৩,১৩৭ জন। এর মধ্যে পুরুষ ২,৭৬৬ জন (৮৮.২%) এবং নারী ৩৭১ জন (১১.৮%)।

**বৃহৎ প্রতিষ্ঠান**

- সর্বাধিক কর্মী নিয়োজিত: মোট ১,৩৫৭ জন।
- পুরুষ কর্মী ১,২২০ জন (৮৯.৯%), নারী কর্মী ১৩৭ জন (১০.১%)।

**মাঝারি প্রতিষ্ঠান**

- মোট কর্মী সংখ্যা: ১,০৬৮ জন।

**Limited Presence of General Partnerships**

- General partnerships account for 31 firms (11.19%), reflecting a relatively low level of shared ownership and collaborative business arrangements.

**Modest Share of Private Limited Companies**

- Private limited companies represent 32 firms (11.55%), suggesting a moderate adoption of incorporated business structures with limited liability.

**Absence of Public and Other Ownership Forms**

- The study records no public limited companies or other unclassified ownership types, highlighting the lack of large-scale or publicly held enterprises in the sample.

**Overall Ownership Structure Pattern**

- The overall distribution underscores a business environment dominated **by** small, owner-managed firms, with limited diversification in ownership structures across the study area.

## Gender of the head of establishments

**Strong male dominance**

- 99.28% of establishments are headed by male individuals, indicating an overwhelmingly male-led business environment.

**Very low female leadership**

- Only 0.72% of establishments are headed by female individuals, reflecting extremely limited female participation in business leadership within the surveyed sample.

**No representation of Hijra community**

- 0 % of establishments are headed by Hijra, highlighting the absence of representation from this gender group in the surveyed firms.

**Implication on gender equity**

- The data indicates significant gender disparity in business leadership, suggesting limited access to ownership, capital, or formal opportunities for women and gender minorities.

## Employment size, 2023-24

**Overall employment**

- Total employment across surveyed firms is 3,137 employees, with 2,766 males (88.2%) and 371 females (11.8%).

**Large establishments**

- Employ the highest number of workers: 1,357 in total.
- Male employees dominate with 1,220 (89.9%), while females account for 137 (10.1%).

**Medium establishments**

- Total employees: 1,068.

- লিঙ্গভিত্তিক বণ্টন: পুরুষ ৮৬১ জন (৮০.৬%) এবং নারী ২০৭ জন (১৯.৪%)।
- মাঝারি প্রতিষ্ঠানগুলোতে নারীর অংশগ্রহণ সর্বাধিক, যা অন্যান্য আকারের প্রতিষ্ঠানের তুলনায় নারীর ভালো অংশগ্রহণ নির্দেশ করে।

**ক্ষুদ্র প্রতিষ্ঠান**

- মোট কর্মী সংখ্যা: ৭১২ জন।
- পুরুষ কর্মী ৬৮৫ জন (৯৬.২%), নারী কর্মী মাত্র ২৭ জন (৩.৮%)।
- ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোতে নারীর কর্মসংস্থান সর্বনিম্ন, যা ছোট ব্যবসায় নারীর সীমিত অংশগ্রহণকে নির্দেশ করে।

**মূল পর্যবেক্ষণ**

- প্রতিষ্ঠানের আকার যত বড় হয়, নারীর কর্মসংস্থান তত বৃদ্ধি পায়। বৃহৎ ও মাঝারি প্রতিষ্ঠান নারীদের তুলনামূলকভাবে বেশি সুযোগ প্রদান করে, যেখানে ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলো পুরুষ-প্রধান রয়ে গেছে।

## কর্মসংস্থান ব্যয়, ২০২৩-২৪

### মোট কর্মসংস্থান ব্যয়

- সব প্রতিষ্ঠানের নিয়মিত অফিসভিত্তিক কর্মীদের মোট ব্যয় ১,৯৪৮.৯৯ লাখ টাকা।
- পুরুষ কর্মীদের বিপরীতে ব্যয় ১,৬২৪.৮১ লাখ টাকা (৮৩.৪%), আর নারী কর্মীদের বিপরীতে ব্যয় ৩২৪.১৯ লাখ টাকা (১৬.৬%)।

**বৃহৎ প্রতিষ্ঠান**

- সর্বাধিক মোট ব্যয়: ৭৮১.৩৯ লাখ টাকা।
- পুরুষ কর্মীদের ব্যয় ৬৬২.৫০ লাখ টাকা, যা বৃহৎ প্রতিষ্ঠানের মোট ব্যয়ের ৮৪.৮%।
- নারী কর্মীদের ব্যয় ১১৮.৮৯ লাখ টাকা (১৫.২%)।

**মাঝারি প্রতিষ্ঠান**

- মোট কর্মসংস্থান ব্যয় ৭৭১.৬৭ লাখ টাকা, যা বৃহৎ প্রতিষ্ঠানের তুলনায় সামান্য কম।
- নারী কর্মীদের ব্যয় ১৮৯.৭৮ লাখ টাকা (২৪.৬%), যা সব আকারের প্রতিষ্ঠানের মধ্যে সর্বাধিক নারী অংশ নির্দেশ করে।
- পুরুষ কর্মীদের ব্যয় ৫৮১.৮৯ লাখ টাকা (৭৫.৪%)।

**ক্ষুদ্র প্রতিষ্ঠান**

- মোট ব্যয় ৩৯৫.৯৩ লাখ টাকা, যা সব আকারের প্রতিষ্ঠানের মধ্যে সর্বনিম্ন।
- পুরুষ কর্মীদের ব্যয় ৩৮০.৪১ লাখ টাকা (৯৬.১%), আর নারী কর্মীদের ব্যয় মাত্র ১৫.৫২ লাখ টাকা (৩.৯%)।
- ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোতে নারীর কর্মসংস্থান ব্যয় সর্বনিম্ন, যা অফিসভিত্তিক কাজে নারীর সীমিত অংশগ্রহণকে প্রতিফলিত করে।

**মূল পর্যবেক্ষণ**

- প্রতিষ্ঠানের আকার বৃদ্ধির সাথে সাথে নারী কর্মসংস্থানের ব্যয়ও বৃদ্ধি পায়। মাঝারি প্রতিষ্ঠানে নারীর অংশগ্রহণ সর্বাধিক, যা ক্ষুদ্র ও বৃহৎ প্রতিষ্ঠানের তুলনায় মাঝারি প্রতিষ্ঠানে নারীর তুলনামূলকভাবে বেশি অন্তর্ভুক্তি নির্দেশ করে।

- Gender distribution: 861 males (80.6%) and 207 females (19.4%).
- Medium establishments show the highest female share, indicating better female participation compared to other sizes.

**Small establishments**

- Total employees: 712.
- Male employees are 685 (96.2%), while females are only 27 (3.8%).
- Small establishments have the lowest female employment, suggesting limited female participation in smaller businesses.

**Key observation**

- Female employment increases with establishment size, indicating that larger and medium firms offer relatively more opportunities for women, while small firms remain highly male-dominated.

## Employment cost, 2023-24

### Total employment cost

- Total cost for regular office-based staff across all firms is Tk. 1,948.99 lakh.
- Male staff cost Tk. 1,624.81 lakh (83.4%), while female staff cost Tk. 324.19 lakh (16.6%).

**Large firms**

- Incur the highest total cost at Tk. 781.39 lakh.
- Male staff cost Tk. 662.50 lakh, accounting for 84.8% of the total cost in large firms.
- Female staff cost Tk. 118.89 lakh (15.2%).

**Medium firms**

- Total employment cost is Tk. 771.67 lakh, slightly lower than large firms.
- Female staff cost Tk. 189.78 lakh (24.6%), the highest female share among firm **sizes**, indicating better gender inclusion in medium firms.
- Male staff cost Tk. 581.89 lakh (75.4%).

**Small firms**

- Total cost is Tk. 395.93 lakh, the lowest among firm sizes.
- Male staff cost Tk. 380.41 lakh (96.1%), while female staff cost only Tk. 15.52 lakh (3.9%).
- Small firms show the lowest female employment cost, reflecting minimal female participation in office-based roles.

**Key observation**

- Female employment costs rise with firm size, with medium firms having the highest female share, suggesting greater female inclusion in medium-sized firms compared to small and large firms.

## আউটপুট, মধ্যবর্তী ভোগ এবং মূল্য সংযোজন

### সামগ্রিক কার্যসম্পাদন

- প্রতিষ্ঠানগুলোর মোট উৎপাদন ৮১,৭৪৬ লাখ টাকা।
- মোট মধ্যবর্তী ভোগ ৫১,৬২১ লাখ টাকা এবং মোট মূল্য সংযোজন ৩০,১২৫ লাখ টাকা।
- এর মাধ্যমে প্রতীয়মান হয় যে মোট উৎপাদনের প্রায় ৩৬.৮% মূল্য সংযোজন, যা মধ্যবর্তী খরচ মেটানোর পর উৎপাদনের অংশকে প্রতিনিধিত্ব করে।

### বৃহৎ প্রতিষ্ঠান

- উৎপাদন: ৫,৯৯৯ লাখ টাকা
- মধ্যবর্তী ভোগ: ৩,৯৬২ লাখ টাকা
- মূল্য সংযোজন: ২,০৩৭ লাখ টাকা
- মূল্য সংযোজন উৎপাদনের ৩৪.০%, যা ইনপুটকে আউটপুটে রূপান্তরের মাঝারি দক্ষতা নির্দেশ করে।

### মাঝারি প্রতিষ্ঠান

- উৎপাদন: ৩৪,৫৩৭ লাখ টাকা
- মধ্যবর্তী ভোগ: ২১,৭৯০ লাখ টাকা
- মূল্য সংযোজন: ১২,৭৪৭ লাখ টাকা
- মূল্য সংযোজন উৎপাদনের ৩৬.৯%, যা বৃহৎ প্রতিষ্ঠানের তুলনায় সামান্য বেশি।

### ক্ষুদ্র প্রতিষ্ঠান

- উৎপাদন: ৪১,২১০ লাখ টাকা
- মধ্যবর্তী ভোগ: ২৫,৮৬৯ লাখ টাকা
- মূল্য সংযোজন: ১৫,৩৪১ লাখ টাকা
- মূল্য সংযোজন উৎপাদনের ৩৭.২%, যা সব আকারের প্রতিষ্ঠানের মধ্যে সর্বাধিক। এটি তুলনামূলকভাবে উন্নত উৎপাদনশীলতা বা খরচ দক্ষতার প্রতিফলন।

### মূল পর্যবেক্ষণ

- প্রতিষ্ঠানের আকার যত ছোট হয়, মূল্য সংযোজনের অংশ তত বৃদ্ধি পায়। এটি ক্ষুদ্র প্রতিষ্ঠানে তুলনামূলকভাবে বেশি খরচ দক্ষতা বা উচ্চতর মার্জিনের ইঙ্গিত প্রদান করে।

## সার্বিক নির্মাণ ব্যয়

### প্রতি বর্গফুটে গড় ব্যয়

- মাঝারি প্রতিষ্ঠানে প্রতি বর্গফুটে সর্বাধিক ব্যয় হয়েছে ৭,২৭৭.৫৫ টাকা, এর পর ক্ষুদ্র প্রতিষ্ঠান (৬,৯৮০.৩৩ টাকা) এবং বৃহৎ প্রতিষ্ঠান (৫,৭২৫.৭০ টাকা)।
- সামগ্রিকভাবে প্রতি বর্গফুটে গড় ব্যয় দাঁড়িয়েছে ৬,৯৮৩.০৮ টাকা।

### উপকরণ ব্যয়ের কাঠামো

- সিমেন্ট ব্যয় সর্বাধিক মাঝারি প্রতিষ্ঠানে (১৫.৫১%), যা বৃহৎ প্রতিষ্ঠানে সামান্য কম (১৩.৩৫%)।
- ইটের ব্যয় সর্বাধিক মাঝারি প্রতিষ্ঠানে (১২.৮৪%) এবং সর্বনিম্ন বৃহৎ প্রতিষ্ঠানে (১০.৪১%)।
- লোহা ও ইস্পাতের ব্যয় সর্বাধিক বৃহৎ প্রতিষ্ঠানে (১৭.৬৮%), যা অধিক রিইনফোর্সড নির্মাণ বা উচ্চতর কাঠামোগত মান নির্দেশ করে।

## Output, Intermediate Consumption, and Value Added

### Overall performance

- Total output of the firms is Tk. 81,746 lakh.
- Total intermediate consumption is Tk. 51,621 lakh, and total value added is Tk. 30,125 lakh.
- This indicates that value added represents about 36.8% of total output, reflecting the share of output retained after covering intermediate costs.

### Large firms

- Output: Tk. 5,999 lakh
- Intermediate consumption: Tk. 3,962 lakh
- Value added: Tk. 2,037 lakh
- Value added accounts for 34.0% of output, indicating moderate efficiency in converting inputs to output.

### Medium firms

- Output: Tk. 34,537 lakh
- Intermediate consumption: Tk. 21,790 lakh
- Value added: Tk. 12,747 lakh
- Value added represents 36.9% of output, slightly higher than large firms.

### Small firms

- Output: Tk. 41,210 lakh
- Intermediate consumption: Tk. 25,869 lakh
- Value added: Tk. 15,341 lakh
- Value added represents 37.2% of output, the highest among firm sizes, indicating relatively better productivity or cost efficiency.

### Key observation

- Value added share increases as firm size decreases, suggesting greater cost efficiency or higher margins in smaller firms.

## Overall construction cost

### Average cost per square foot

- Medium firms show the highest cost per square foot at Tk. 7,277.55, followed by small firms (Tk. 6,980.33) and large firms (Tk. 5,725.70).
- The overall average cost per sq. ft. is Tk. 6,983.08.

### Material cost structure

- Cement costs are highest in medium firms (15.51%) and slightly lower in large firms (13.35%).
- Brick costs are highest in medium firms (12.84%) and lowest in large firms (10.41%).
- Iron and steel costs are highest in large firms (17.68%), indicating more reinforced construction or higher structural standards.
- Wood and wood product costs are notably higher in small firms (3.40%) than in large and

- কাঠ ও কাঠজাত পণ্যের ব্যয় ক্ষুদ্র প্রতিষ্ঠানে উল্লেখযোগ্যভাবে বেশি (৩.৪০%), যেখানে বৃহৎ ও মাঝারি প্রতিষ্ঠানে তা মাত্র ১.৮৪–১.৮৫%। এটি ক্ষুদ্র প্রকল্পে কাঠ-নির্ভর উপকরণের উপর অধিক নির্ভরতা নির্দেশ করে।

**শ্রম ও ওভারহেড**

- শ্রম ব্যয় সব ধরনের প্রতিষ্ঠানে উচ্চ, যা ২৫.৭৩% থেকে ২৭.০০% এর মধ্যে। ক্ষুদ্র প্রতিষ্ঠানে শ্রম ব্যয়ের অংশ সর্বাধিক (২৭.০০%), যা অধিক শ্রমনির্ভরতার ইঙ্গিত দেয়।
- অন্যান্য ব্যয় সর্বাধিক বৃহৎ প্রতিষ্ঠানে (১০.৩০%) এবং সর্বনিম্ন ক্ষুদ্র প্রতিষ্ঠানে (৭.৭৯%)।

**কর ও মুনাফা**

- কর (ভ্যাটসহ) সর্বাধিক ক্ষুদ্র প্রতিষ্ঠানে (২.৯৩%) এবং সর্বনিম্ন বৃহৎ প্রতিষ্ঠানে (১.৫২%), যা ভিন্নতর কর ভার বা কর-অনুবর্তিতার স্তর নির্দেশ করে।
- মুনাফার হার সব ধরনের প্রতিষ্ঠানে তুলনামূলকভাবে কাছাকাছি, প্রায় ১২–১৩%। এর মধ্যে মাঝারি প্রতিষ্ঠানে সর্বাধিক মুনাফার অংশ (১২.৮৪%)।

**মূল্য সংযোজন**

- মূল্য সংযোজন সর্বাধিক ক্ষুদ্র প্রতিষ্ঠানে (৪২.১৫%), এর পর মাঝারি প্রতিষ্ঠান (৪১.১৪%) এবং বৃহৎ প্রতিষ্ঠান (৩৯.৭৪%)।
- সামগ্রিকভাবে মূল্য সংযোজনের অংশ ৪১.৫৩%, যা মধ্যবর্তী খরচ বাদ দেওয়ার পর প্রতিষ্ঠানগুলোতে উল্লেখযোগ্য অংশ ধরে রাখার প্রতিফলন।

**প্রধান তাৎপর্য**

- মাঝারি প্রতিষ্ঠানগুলোতে প্রতি বর্গফুটে ব্যয় সর্বাধিক, যা উচ্চতর স্পেসিফিকেশন বা মানসম্মত প্রকল্প নির্দেশ করে।
- বৃহৎ প্রতিষ্ঠানগুলোতে লোহা ও ইস্পাতের ব্যবহার বেশি, যা ভারী কাঠামোগত বিনিয়োগ এবং সম্ভাব্য বৃহৎ পরিসরের নির্মাণকে প্রতিফলিত করে।
- ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোতে শ্রম ও কাঠের ব্যয় বেশি, যা অধিক শ্রমনির্ভর ও কাঠ-ভিত্তিক নির্মাণ কৌশলের ইঙ্গিত দেয়।
- ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোতে মূল্য সংযোজনের অংশ সর্বাধিক, যা ইনপুট ব্যয়ের তুলনায় অধিক দক্ষতা বা লাভজনকতা নির্দেশ করে।
- মুনাফার হার সব ধরনের প্রতিষ্ঠানে স্থিতিশীল, যা নির্মাণ খাতে বাজার প্রতিযোগিতার ধারাবাহিকতা নির্দেশ করে।

## ৫.৪ নির্মাণ প্রতিষ্ঠান কর্তৃক সড়ক নির্মাণ

**প্রতিষ্ঠানের মালিকানা অবস্থা**

**একক মালিকানার আধিপত্য**

- মোট ২৮৬ টি প্রতিষ্ঠান নিয়ে একক মালিকানাধীন প্রতিষ্ঠানগুলো মালিকানা কাঠামোয় ব্যাপকভাবে প্রাধান্য বিস্তার করেছে। এটি নির্দেশ করে যে অধিকাংশ ব্যবসা ব্যক্তিগতভাবে মালিকানাধীনে পরিচালিত।

medium firms (1.84–1.85%), suggesting greater reliance on wood-based materials in smaller projects.

**Labour and overhead**

- Labour cost is high across all firm sizes, ranging from 25.73% to 27.00%, with small firms showing the highest labour share (27.00%), indicating higher labour intensity.
- Other costs are highest in large firms (10.30%) and lowest in small firms (7.79%).

**Taxes and profit**

- Tax including VAT is highest in small firms (2.93%) and lowest in large firms (1.52%), suggesting differential tax burden or compliance levels.
- Profit margins are relatively similar across firm sizes, around 12–13%, with medium firms having the highest profit share (12.84%).

**Value addition**

- Value added is highest in small firms (42.15%), followed by medium (41.14%) and large firms (39.74%).
- The overall value-added share is 41.53%, indicating that firms retain a substantial portion of costs as value addition after accounting for intermediate inputs.

**Key Implications**

- Medium firms incur the highest cost per square foot suggesting higher specification or quality standards in their projects.
- Large firms rely more on iron and steel, reflecting heavier structural investment and possibly larger-scale constructions.
- Small firms show higher labour and wood costs, indicating more labour-intensive and wood-based construction techniques.
- Small firms achieve the highest value-added share, suggesting greater efficiency or profitability relative to input costs.
- Profit margins remain stable across firm sizes, indicating consistent market competitiveness across the construction sector.

## 5.4 Roads constructed by construction firms

**Ownership status of firms**

**Predominance of Sole Proprietorship**

- Sole proprietorships overwhelmingly dominate the ownership structure, with 286 firms (84.12%), indicating that most businesses are individually owned and managed.

### সাধারণ অংশীদারিত্বের সীমিত ভূমিকা

- সাধারণ অংশীদারিত্বভিত্তিক প্রতিষ্ঠান মাত্র ৩৯টি (১১.৪৭%), যা যৌথ মালিকানার তুলনামূলকভাবে সীমিত ভূমিকা প্রতিফলিত করে।

### প্রাইভেট লিমিটেড কোম্পানির নিম্ন উপস্থিতি

- প্রাইভেট লিমিটেড কোম্পানিতে মাত্র ১৫টি প্রতিষ্ঠান (৪.৪২%), যা সীমিত দায়বদ্ধতাসহ আনুষ্ঠানিক কর্পোরেট কাঠামোর গ্রহণযোগ্যতা খুবই কম নির্দেশ করে।

### পাবলিক ও অন্যান্য মালিকানা কাঠামোর অনুপস্থিতি

- গবেষণায় কোনো পাবলিক লিমিটেড কোম্পানি বা অন্যান্য মালিকানা কাঠামো পাওয়া যায়নি। এটি বৃহৎ পরিসরের বা বহুমুখী মালিকানা কাঠামোর অভাবকে তুলে ধরে।

### সামগ্রিক ধারণা

- সামগ্রিকভাবে দেখা যায় যে, ছোট এবং মালিক-পরিচালিত প্রতিষ্ঠানগুলোই প্রাধান্য বিস্তার করেছে, যা মূলত অনানুষ্ঠানিক বা আধা-আনুষ্ঠানিক ব্যবসায়িক পরিবেশ এবং সীমিত কর্পোরেট অংশগ্রহণকে নির্দেশ করে।

## প্রতিষ্ঠানের প্রধানের লিঙ্গ

### পুরুষের আধিপত্য

- ৯৮.৫৩% প্রতিষ্ঠান পুরুষদের নেতৃত্বে পরিচালিত হয়, যা একটি পুরুষ-প্রধান নেতৃত্ব কাঠামো নির্দেশ করে।

### নারীর অত্যন্ত সীমিত উপস্থিতি

- মাত্র ১.৪৭% প্রতিষ্ঠান নারীদের নেতৃত্বে পরিচালিত হয়, যা ব্যবসায়িক নেতৃত্বে নারীর অংশগ্রহণ অত্যন্ত সীমিত থাকার প্রতিফলন।

### তৃতীয় লিঙ্গের কোনো প্রতিনিধিত্ব নেই

- জরিপকৃত প্রতিষ্ঠানগুলোতে হিজড়া (তৃতীয় লিঙ্গ) নেতৃত্বের কোনো উপস্থিতি নেই (০%)।

### তাৎপর্য

- তথ্য থেকে বোঝা যায়, ব্যবসায়িক নেতৃত্বে উল্লেখযোগ্য লিঙ্গ বৈষম্য বিদ্যমান। এটি নারীদের উদ্যোক্তা হওয়ার পথে সীমিত অর্থায়ন, সাংস্কৃতিক প্রতিবন্ধকতা এবং প্রাতিষ্ঠানিক সহায়তার অভাবের ইঙ্গিত দেয়।

## কর্মসংস্থানের আকার

### সামগ্রিক কর্মসংস্থান

- সব প্রতিষ্ঠান মিলিয়ে মোট কর্মসংস্থান ৬,৮৭৪ জন।
- পুরুষ কর্মী: ৬,১৪৪ জন (৮৯.৩%)
- নারী কর্মী: ৭৩০ জন (১০.৬%)

### বৃহৎ প্রতিষ্ঠান

- সর্বাধিক কর্মী নিয়োজিত: মোট ৫,২৯১ জন।
- পুরুষ: ৪,৬৪৪ জন (৮৭.৮%)
- নারী: ৬৪৭ জন (১২.২%)
- বৃহৎ প্রতিষ্ঠানগুলো নারীদের সর্বাধিক সংখ্যক কর্মসংস্থান প্রদান করেছে।

### Limited Role of General Partnerships

- General partnerships account for 39 firms (11.47%), showing that shared ownership arrangements play a relatively minor role in the business landscape.

### Low Representation of Private Limited Companies

- Private limited companies comprise only 15 firms (4.42%), reflecting minimal adoption of formal corporate structures with limited liability.

### Absence of Public and Other Ownership Forms

- The study reports no public limited companies or other ownership categories, highlighting the lack of large-scale or diversified ownership structures.

### Overall Ownership Structure Insight

- Overall, the findings reveal a strong concentration of small, owner-managed enterprises, suggesting a predominantly informal or semi-formal business environment with limited corporate participation.

## Gender of the Head of Firm

### Overwhelming male dominance

- 98.53% of firms are headed by male individuals, indicating a strongly male-dominated leadership structure.

### Very low female representation

- Only 1.47% of firms are headed by female individuals, reflecting extremely limited participation of women in firm leadership.

### No representation of third gender

- Hijra (third gender) leadership is absent in the surveyed firms, with **0%** representation.

### Implications

- The data reflects a significant gender gap in business leadership, suggesting barriers such as limited access to finance, cultural constraints, or lack of institutional support for women entrepreneurs.

## Employment Size

### Overall employment

- Total employment across all firms is 6,874 employees.
- Male employees: 6,144 (89.3%)
- Female employees: 730 (10.6%)

### Large firms

- Employ the largest number of workers: 5,291.
- Male: 4,644 (87.8%)
- Female: 647 (12.2%)
- Large firms provide the highest absolute number of female jobs.

**মাঝারি প্রতিষ্ঠান**
- মোট কর্মী সংখ্যা: ৭৫৯ জন।
- পুরুষ: ৭০৩ জন (৯২.৬%)
- নারী: ৫৬ জন (৭.৪%)
- মাঝারি প্রতিষ্ঠানগুলোতে নারীর অংশ বৃহৎ প্রতিষ্ঠানের তুলনায় কম।

**ক্ষুদ্র প্রতিষ্ঠান**
- মোট কর্মী সংখ্যা: ৮২৪ জন।
- পুরুষ: ৭৯৭ জন (৯৬.৭%)
- নারী: ২৭ জন (৩.৩%)
- ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোতে নারীর অংশগ্রহণ সর্বনিম্ন, যা লিঙ্গ অন্তর্ভুক্তির সীমাবদ্ধতা নির্দেশ করে।

**মূল পর্যবেক্ষণ**
- নারীর কর্মসংস্থানের হার প্রতিষ্ঠানের আকারের সঙ্গে সঙ্গে বৃদ্ধি পায়। বৃহৎ প্রতিষ্ঠানগুলো তুলনামূলকভাবে বেশি নারীর কর্মসংস্থান সৃষ্টি করে, যেখানে ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলো পুরুষ-প্রধান রয়ে গেছে।

## কর্মসংস্থান ব্যয়

**সামগ্রিক কর্মসংস্থান ব্যয়**
- সব প্রতিষ্ঠানে মোট কর্মসংস্থান ব্যয় ২৬,৩২৩.৭৬ লাখ টাকা।
- পুরুষ কর্মসংস্থান ব্যয়: ২৩,১১৪.৯৭ লাখ টাকা (৮৭.৮%)
- নারী কর্মসংস্থান ব্যয়: ৩,২০৮.৭৯ লাখ টাকা (১২.২%)

**বৃহৎ প্রতিষ্ঠান**
- মোট কর্মসংস্থান ব্যয়: ২৩,০২৮.৫৫ লাখ টাকা, যা সর্বাধিক অংশ নির্দেশ করে।
- পুরুষ কর্মসংস্থান ব্যয়: ২০,০১১.২৭ লাখ টাকা (৮৬.৯%)
- নারী কর্মসংস্থান ব্যয়: ৩,০১৭.২৮ লাখ টাকা (১৩.১%)

**মাঝারি প্রতিষ্ঠান**
- মোট কর্মসংস্থান ব্যয়: ১,৬৮৯.৪২ লাখ টাকা।
- পুরুষ কর্মসংস্থান ব্যয়: ১,৫৩৩.২০ লাখ টাকা (৯০.৮%)
- নারী কর্মসংস্থান ব্যয়: ১৫৬.২২ লাখ টাকা (৯.২%)

**ক্ষুদ্র প্রতিষ্ঠান**
- মোট কর্মসংস্থান ব্যয়: ১,৬০৫.৭৯ লাখ টাকা।
- পুরুষ কর্মসংস্থান ব্যয়: ১,৫৭০.৫০ লাখ টাকা (৯৭.৮%)
- নারী কর্মসংস্থান ব্যয়: ৩৫.২৯ লাখ টাকা (২.২%)।
- ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোতে নারীর কর্মসংস্থান ব্যয় সর্বনিম্ন, যা নারীর সীমিত অংশগ্রহণকে প্রতিফলিত করে।

**লিঙ্গভিত্তিক ব্যয়ের পার্থক্য**
- মোট কর্মসংস্থানের মধ্যে নারীদের অংশ ১০.৬% এবং কর্মসংস্থান ব্যয়ের মধ্য তাদের অংশ ১২.২%। এই দুইটি হার পরস্পরের সাথে ঘনিষ্টভাবে সামঞ্জস্যপূর্ণ। এটি নির্দেশ করে যে, সামগ্রিকভাবে নারীকর্মীরা তাদের কর্মস্থানে প্রতিনিধিনিধিত্বের তুলনায় প্রায় সমানুপতিক হারে পারিশ্রমিক পাচ্ছেন।

**Medium firms**
- Total employees: 759
- Male: 703 (92.6%)
- Female**:** 56 (7.4%)
- Medium firms show a lower female share compared to large firms.

**Small firms**
- Total employees: 824
- Male**:** 797 (96.7%)
- Female**:** 27 (3.3%)
- Small firms have the lowest female participation, indicating very limited gender inclusion.

**Key observation**
- Female employment share increases with firm size, with large firms offering comparatively more female jobs, while small firms remain highly male-dominated.

## Employment Cost

**Overall employment cost**
- Total employment cost across all firms is Tk. 26,323.76 lakh.
- Male employment cost**:** Tk. 23,114.97 lakh (87.8%)
- Female employment cost**:** Tk. 3,208.79 lakh (12.2%)

**Large firms**
- Total employment cost: Tk. 23,028.55 lakh, representing the largest share of total employment expenditure.
- Male cost**:** Tk. 20,011.27 lakh (86.9%)
- Female cost**:** Tk. 3,017.28 lakh (13.1%)

**Medium firms**
- Total employment cost: Tk. 1,689.42 lakh
- Male cost**:** Tk. 1,533.20 lakh (90.8%)
- Female cost**:** Tk. 156.22 lakh (9.2%)

**Small firms**
- Total employment cost: Tk. 1,605.79 lakh
- Male cost**:** Tk. 1,570.50 lakh (97.8%)
- Female cost**:** Tk. 35.29 lakh (2.2%)
- Small firms have the lowest female employment cost share, reflecting minimal female engagement in paid employment.

**Gender cost gap aligns with employment distribution**
- The 12.2% share of employment cost attributed to female workers is closely aligned with their 10.6% share of total employment. This suggest that, at an aggregate level, female employees receive compensation broadly proportional to their representation in the workforce.

**বৃহৎ প্রতিষ্ঠানের নেতৃত্বে নারীর কর্মসংস্থান বিনিয়োগ**

- বড় প্রতিষ্ঠানগুলো মোট নারী কর্মসংস্থান ব্যয়ের ৯৪% বহন করে, যা নির্দেশ করে যে, এই খাতে বেতনভিত্তিক নারী কর্মস্থানের প্রদান উৎস হলো বড় প্রতিষ্ঠানসমূহ।
- ছোট প্রতিষ্ঠানগুলোতে চরম লিঙ্গ বৈষম্য দেখা যায়।
- কর্মসংস্থান ব্যয়ের মাত্র ২.২% নারী কর্মীদের জন্য বরাদ্দ হওয়ায়, ছোট প্রতিষ্ঠানগুলো এখনো লিঙ্গ অন্তর্ভুক্তির দিক থেকে সবচেয়ে পিছিয়ে আছে।

**স্থুল উৎপাদন, মধ্যবর্তী ভোগ ও মূল্য সংযোজন**

- সড়ক কার্যক্রমে মোট স্থূল উৎপাদন ১,১৯,৬২১ লাখ টাকা।
- মোট মধ্যবর্তী ভোগ ৮২,৩০৭ লাখ টাকা।
- মোট স্থুল মূল্য সংযোজন ৩৭,৩১৫ লাখ টাকা।
- সামগ্রিকভাবে মূল্য সংযোজন স্থূল উৎপাদনের ৩১.২%, যা মধ্যবর্তী খরচ বাদ দেওয়ার পর ধরে রাখা অংশ নির্দেশ করে।
- নতুন সড়ক নির্মাণ উৎপাদন ও মূল্য সংযোজনের প্রধান উৎস, যা মোট GO এর ৭১% এবং মোট GVA এর ৬৮% প্রদান করে।
- রক্ষণাবেক্ষণ ও মেরামত কার্যক্রমে সর্বাধিক মূল্য সংযোজন অনুপাত পাওয়া যায়, যা অধিক খরচ দক্ষতা এবং সম্ভাব্যভাবে প্রতি ইউনিট উৎপাদনে বেশি লাভজনকতা নির্দেশ করে।

**Large firms lead in female employment investment**

- Large firms account for 94% of total female employment cost, reflecting their role as the main source of paid female employment in the sector.
- Small firms show extreme gender imbalance
- With only 2.2% of employment cost allocated to female workers, small firms remain the least gender-inclusive.

**Gross Output, Intermediate Consumption, and Value Added**

- Total Gross Output (GO) across all road activities is Tk. 119,621 lakh.
- Total Intermediate Consumption (IC) is Tk. 82,307 lakh.
- Total Gross Value Added (GVA) is Tk. 37,315 lakh.
- Overall, value added represents 31.2% of gross output, indicating the share of output retained after covering intermediate costs.
- New road construction dominates output and value added, contributing 71% of total GO and 68% of total GVA.
- Maintenance and repair activities generate the highest value-added ratio, implying stronger cost efficiency and potentially higher profitability per unit of output.

## ব্যয়ের কাঠামো

**উপকরণ ব্যয়**

- ইট ও বালু মোট ব্যয়ের ১৫.৪২%। নতুন সড়ক নির্মাণে সর্বাধিক (১৫.৯৫%) এবং রক্ষণাবেক্ষণে প্রায় সমান (১৫.২৩%)।
- লোহা ও ইস্পাত মোট ব্যয়ের ১০.১৯%, যার সর্বাধিক অংশ সড়ক প্রশস্তকরণ প্রকল্পে (১১.৪৪%)।
- সিমেন্ট মোট ব্যয়ের ৫.১৯%, যার সর্বাধিক অংশ প্রশস্তকরণ প্রকল্পে (৮.১৯%)।
- কাঠ ও কাঠজাত পণ্যের ব্যয় নগণ্য (০.৩৪%)।

**শ্রম ব্যয়**

- মজুরি ও বেতন মোট ব্যয়ের ১৩.৬৬%।
- সড়কের ধরনভেদে এই অংশ প্রায় সমান: নতুন সড়কে ১৩.৭৮%, প্রশস্তকরণে ১৩.৬৬% এবং রক্ষণাবেক্ষণ ও মেরামতে ১২.৩৩%।

**ঠিকাদারের মুনাফা**

- মোট মুনাফার অংশ ১০.৮৬%।
- রক্ষণাবেক্ষণ ও মেরামতে সর্বাধিক (১৬.৪২%), যা অধিক লাভজনকতা বা কম ইনপুট ব্যয় নির্দেশ করে।

## Cost structure

**Material costs**

- Bricks and sand account for 15.42% of total costs, being highest in new road construction (15.95%) and similar for maintenance (15.23%).
- Iron and steel contribute 10.19% overall, with the highest share in widening projects (11.44%).
- Cement represents 5.19% of total costs overall, with the highest share in widening projects (8.19%).
- Wood and wood products contribute a negligible share (0.34%) across all road activities

**Labour cost**

- Wages and salaries account for 13.66% of total costs overall.
- This share is similar across road types: 13.78% for new roads, 13.66% for widening, and 12.33% for maintenance & repair.

**Contractor's profit**

- Profit share is 10.86% overall.
- Highest in maintenance & repair (16.42%), indicating better profitability or lower input costs.

- প্রশস্তকরণে মুনাফা ১৩.০৯% এবং নতুন সড়ক নির্মাণে ৯.৮১%।

## ৫.৫ নির্মাণ প্রতিষ্ঠান কর্তৃক ব্রিজ ও কালভার্ট নির্মাণ

### প্রতিষ্ঠানের মালিকানা কাঠামো একক মালিকানার আধিপত্য

- একক মালিকানাধীন প্রতিষ্ঠানগুলো সবচেয়ে বড় অংশ গঠন করেছে, মোট ২২০টি ব্যবসা (৭৯.৪২%)। এটি নির্দেশ করে যে, ব্যক্তিগত মালিকানা এখনো সবচেয়ে প্রচলিত সাংগঠনিক কাঠামো হিসেবে বিদ্যমান।

### সাধারণ অংশীদারত্বের মাঝারি উপস্থিতি

- সাধারণ অংশীদারত্বের আওতায় রয়েছে ৩৪টি প্রতিষ্ঠান (১২.২৭%)। এটি সীমিত হলেও ব্যবসায় যৌথ মালিকানার একটি উল্লেখযোগ্য উপস্থিতি নির্দেশ করে।

### প্রাইভেট লিমিটেড কোম্পানির সীমিত গ্রহণযোগ্যতা

- প্রাইভেট লিমিটেড কোম্পানিতে রয়েছে ২৩টি প্রতিষ্ঠান (৮.৩০%)। এটি সীমিত দায়বদ্ধতা সম্পন্ন আনুষ্ঠানিক কর্পোরেট কাঠামোর তুলনামূলকভাবে কম গ্রহণযোগ্যতা প্রতিফলিত করে।

### পাবলিক ও অন্যান্য মালিকানা কাঠামোর অনুপস্থিতি

- কোনো প্রতিষ্ঠান পাবলিক লিমিটেড কোম্পানি বা অন্যান্য মালিকানা কাঠামোর অধীনে পরিচালিত হয় না। এটি বৃহৎ পরিসরের বা বিকল্প মালিকানা কাঠামোর অনুপস্থিতি নির্দেশ করে।

### সামগ্রিক মালিকানা কাঠামোর ধারা

- সামগ্রিকভাবে মালিকানা বণ্টন এমন একটি ব্যবসায়িক পরিবেশকে তুলে ধরে, যা মূলত ছোট এবং মালিক-পরিচালিত প্রতিষ্ঠান দ্বারা গঠিত, যেখানে কর্পোরেট অংশগ্রহণ ন্যূনতম।

## প্রতিষ্ঠান প্রধানের লিঙ্গ

### পুরুষ নেতৃত্বের আধিপত্য

- প্রতিষ্ঠানগুলো প্রায় সম্পূর্ণভাবে পুরুষদের নেতৃত্বে পরিচালিত হয়, যেখানে ২৭৫টি প্রতিষ্ঠান (৯৯.২৮%)। পুরুষ-নেতৃত্বাধীন-যা ব্যবসায়িক নেতৃত্বে তীব্র লিঙ্গ বৈষম্যের ইঙ্গিত দেয়।

### নারীর সীমিত উপস্থিতি

- মাত্র ২টি প্রতিষ্ঠান (০.৭২%) নারীদের নেতৃত্বে পরিচালিত হয়, যা নেতৃত্বের ভূমিকায় নারীদের অত্যন্ত সীমিত অংশগ্রহণকে প্রতিফলিত করে।

### তৃতীয় লিঙ্গের প্রতিনিধিত্বের অনুপস্থিতি

- কোনো প্রতিষ্ঠান হিজড়া (তৃতীয় লিঙ্গ) নেতৃত্বে পরিচালিত হয় না। এটি এই গোষ্ঠীর সম্পূর্ণ প্রতিনিধিত্বহীনতাকে তুলে ধরে।

### সামগ্রিক লিঙ্গ নেতৃত্বের ধারা

- সামগ্রিকভাবে ফলাফলগুলো একটি অত্যন্ত পুরুষ-প্রধান ব্যবসায়িক পরিবেশকে প্রকাশ করে, যা প্রতিষ্ঠানের মালিকানা ও নেতৃত্বে লিঙ্গ অন্তর্ভুক্তি ও বৈচিত্র্য বৃদ্ধির জন্য লক্ষ্যভিত্তিক নীতি ও উদ্যোগের প্রয়োজনীয়তা নির্দেশ করে।

- Profit is 13.09% in widening and 9.81% in new road construction.

## 5.5 Bridges and culverts constructed by construction firms

### Ownership status of firms Dominance of Sole Proprietorship

- Sole proprietorships form the largest share of firms, with 220 businesses (79.42%), indicating that individual ownership remains the most common organizational structure.

### Moderate Presence of General Partnerships

- General partnerships account for 34 firms (12.27%), suggesting a limited but notable level of shared ownership among businesses.

### Limited Adoption of Private Limited Companies

- Private limited companies represent 23 firms (8.30%), reflecting relatively low uptake of formal corporate structures with limited liability.

### Absence of Public and Other Ownership Forms

- No firms operate as public limited companies or under other ownership categories, underscoring the absence of large-scale or alternative ownership structures.

### Overall Ownership Structure Pattern

- Overall, the ownership distribution highlights a business environment predominantly composed of small, owner-managed enterprises, with minimal corporate participation.

## Gender of head of firms

### Overwhelming Male Leadership

- Firms are almost entirely headed by males, with 275 firms (99.28%), indicating a strong gender imbalance in business leadership.

### Minimal Female Representation

- Only 2 firms (0.72%) are headed by females, reflecting very limited participation of women in leadership roles.

### Absence of Third-Gender Representation

- There are no firms headed by hijra (third gender) in the study, highlighting a complete lack of representation from this group.

### Overall, Gender Leadership Pattern

- Overall, the findings reveal a highly male-dominated business environment, suggesting the need for targeted policies and interventions to promote gender inclusivity and diversity in firm ownership and leadership.

## কর্মসংস্থানের আকার

### ছোট প্রতিষ্ঠানের আধিপত্য

- ছোট প্রতিষ্ঠানগুলো সংখ্যাগরিষ্ঠ, মোট ২২৩টি প্রতিষ্ঠান। এটি নির্দেশ করে যে ব্যবসায়িক পরিবেশ মূলত ছোট আকারের উদ্যোগ দ্বারা গঠিত।

### বড় প্রতিষ্ঠানে কর্মসংস্থানের ঘনত্ব

- যদিও সংখ্যা কম (১১টি প্রতিষ্ঠান), বড় প্রতিষ্ঠানগুলো সর্বাধিক কর্মী নিয়োগ করেছে (২,০২৩ জন কর্মী)। এটি বড় প্রতিষ্ঠানে কর্মসংস্থানের উল্লেখযোগ্য ঘনত্বকে নির্দেশ করে।

### মাঝারি প্রতিষ্ঠানের মধ্যম ভূমিকা

- মাঝারি আকারের প্রতিষ্ঠান (৪৩টি) মোট ১,০০০ জন কর্মীকে কর্মসংস্থান দিয়েছে। এটি সামগ্রিক কর্মসংস্থানে তাদের সহায়ক কিন্তু গৌণ ভূমিকা প্রতিফলিত করে।

### পুরুষ-প্রধান কর্মশক্তি

- সব ধরনের প্রতিষ্ঠান মিলিয়ে পুরুষ কর্মী (৩,১৮৮ জন) নারীদের তুলনায় (৪৯৯ জন) উল্লেখযোগ্যভাবে বেশি। এটি কর্মসংস্থানে একটি সুস্পষ্ট লিঙ্গ বৈষম্যকে নির্দেশ করে।

### ছোট প্রতিষ্ঠানে নারীর সীমিত কর্মসংস্থান

- ছোট প্রতিষ্ঠানে নারীর অংশগ্রহণ বিশেষভাবে কম (মাত্র ১৫ জন নারী কর্মী)। এটি ছোট প্রতিষ্ঠানে নারীদের জন্য সীমিত কর্মসংস্থানের সুযোগকে তুলে ধরে।

### সামগ্রিক কর্মসংস্থান কাঠামো

- মোট ২৭৭টি প্রতিষ্ঠান ৩,৬৮৭ জন কর্মী নিয়োগ করেছে। এটি দেখায় যে সংখ্যাগতভাবে ছোট প্রতিষ্ঠানগুলো আধিপত্য বিস্তার করলেও, কর্মসংস্থান সৃষ্টিতে বড় ও মাঝারি প্রতিষ্ঠানগুলো মূল ভূমিকা পালন করছে।

## কর্মসংস্থানের ব্যয় কাঠামো

### বড় প্রতিষ্ঠানে উচ্চ কর্মসংস্থান ব্যয়

- বড় প্রতিষ্ঠানগুলো সর্বাধিক কর্মসংস্থান ব্যয় বহন করে, যার পরিমাণ ৬,৯৯৮.০০ লাখ টাকা। এটি তাদের বৃহত্তর কর্মশক্তি এবং অন্যান্য প্রতিষ্ঠানের তুলনায় বেশি মজুরি প্রদানের প্রতিফলন।

### মাঝারি প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য অবদান

- মাঝারি আকারের প্রতিষ্ঠানগুলো কর্মসংস্থান ব্যয়ে ৩,২৮৩.৭৬ লাখ টাকা ব্যয় করেছে। এটি সামগ্রিক শ্রম ব্যয়ে তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা নির্দেশ করে।

### ছোট প্রতিষ্ঠানের কম ব্যয় অংশ

- ছোট প্রতিষ্ঠানগুলো সর্বনিম্ন কর্মসংস্থান ব্যয় রিপোর্ট করেছে, যা ১,৩৪৩.১৫ লাখ টাকা। এটি তাদের ছোট আকারের কার্যক্রম এবং সীমিত কর্মশক্তির সাথে সামঞ্জস্যপূর্ণ।

### পুরুষ-প্রধান মজুরি ব্যয়

- সব ধরনের প্রতিষ্ঠান মিলিয়ে পুরুষ কর্মীদের জন্য কর্মসংস্থান ব্যয় (৯,৭৫৩.১৯ লাখ টাকা) যা নারীদের

## Employment size

### Predominance of Small Firms

- Small firms constitute the majority, with 223 firms, highlighting that the business landscape is largely composed of small-scale enterprises.

### Employment Concentration in Large Firms

- Although few in number **(**11 firms**),** large firms employ the highest number of workers **(**2,023 employees), indicating a significant concentration of employment in larger enterprises.

### Moderate Role of Medium Firms

- Medium-sized firms **(**43 firms**)** provide employment to 1,000 workers, reflecting their supportive but secondary role in overall job creation.

### Male-Dominated Workforce

- Across all firm sizes, male employees **(**3,188**)** significantly outnumber female employees **(**499**),** pointing to a pronounced gender gap in employment.

### Limited Female Employment in Small Firms:

- Female participation is especially low in small firms **(**15 female employees), suggesting restricted employment opportunities for women at the lower end of firm size.

### Overall Employment Structure

- In total, 277 firms employ 3,687 workers, demonstrating that while small firms dominate numerically, large and medium firms account for the bulk of employment generation.

## Employment cost

### Higher Employment Cost in Large Firms

- Large firms incur the highest employment cost, amounting to Tk. 6,998.00 lakh, reflecting their larger workforce and higher wage outlays compared to other firm types.

### Significant Contribution of Medium Firms

- Medium-sized firms account for Tk. 3,283.76 lakh in employment costs, indicating their substantial role in overall labor expenditure.

### Lower Cost Share of Small Firms

- Small firms report the lowest employment cost at Tk. 1,343.15 lakh, consistent with their smaller scale of operations and limited workforce.

### Male-Dominated Wage Expenditure

- Across all firm categories, employment costs for male workers **(**Tk. 9,753.19 lakh**)** are significantly higher than for female workers

তুলনায় (১,৮৭১.৭২ লাখ টাকা) উল্লেখযোগ্যভাবে বেশি। এটি কর্মসংস্থানে বিদ্যমান লিঙ্গ বৈষম্যের প্রতিফলন।

**ছোট প্রতিষ্ঠানে নারীর সীমিত কর্মসংস্থান ব্যয়**

- ছোট প্রতিষ্ঠানে নারীদের কর্মসংস্থান ব্যয় বিশেষভাবে কম (৩৮.১২ লাখ টাকা)। এটি ছোট প্রতিষ্ঠানে নারীদের সীমিত অংশগ্রহণ ও পারিশ্রমিককে নির্দেশ করে।

**সামগ্রিক কর্মসংস্থান ব্যয় কাঠামো**

- সব প্রতিষ্ঠানগুলো একত্রে কর্মসংস্থানে ১১,৬২৪.৯১ লাখ টাকা ব্যয় করেছে। বড় ও মাঝারি প্রতিষ্ঠানগুলো একত্রে শ্রম ব্যয়ের বেশিরভাগ অংশ বহন করছে, যা আয় সৃষ্টিতে এবং শ্রমবাজারে তাদের গুরুত্বকে তুলে ধরে।

## ইনপুট খরচের বণ্টন (সেতু ও কালভার্ট নির্মাণে মোট খরচের শতকরা হার অনুযায়ী)

**কাঠামোগত উপকরণের প্রধান অংশ**

- গঠনমূলক উপকরণ মোট খরচের ২৬.৭৪%। এটি সেতু ও কালভার্ট নির্মাণের উপকরণ-নির্ভর প্রকৃতিকে তুলে ধরে।

**শ্রম ব্যয়ের অংশ উল্লেখযোগ্য**

- মজুরি ও বেতন মোট খরচের ২৩.১০%। এটি নির্দেশ করে যে শ্রম সামগ্রিক প্রকল্প ব্যয়ের একটি গুরুত্বপূর্ণ চালিকা শক্তি।

**ভিত্তি ও সাবস্ট্রাকচারে বিনিয়োগ**

- ভিত্তি ও সাবস্ট্রাকচার উপকরণ মোট খরচের ১৬.৩৯%। এটি কাঠামোগত নিরাপত্তা ও স্থায়িত্বের জন্য শক্তিশালী ভিত্তি নির্মাণের গুরুত্বকে প্রতিফলিত করে।

**রিইনফোর্সমেন্ট ও ফাস্টেনারের উল্লেখযোগ্য খরচ**

- রিইনফোর্সমেন্ট ও ফাস্টেনার মোট খরচের ১১.৮০%। এটি শক্তি, স্থিতিশীলতা এবং প্রকৌশল মানদণ্ডের সাথে সামঞ্জস্যের ভূমিকা তুলে ধরে।

**মধ্যম পর্যায়ের অপারেটিং উদ্বৃত্ত**

- অপারেটিং উদ্বৃত্ত মোট খরচের ১০.৬০%। এটি নির্মাণ ব্যয়ে একটি যুক্তিসঙ্গত মুনাফার মার্জিন নির্দেশ করে।

**কম যন্ত্রপাতি ভাড়া ও রাজস্ব ব্যয়**

- যন্ত্রপাতি ভাড়া মোট খরচের ৪.১৬%, আর কর ও ভ্যাট ৩.৪১%। এটি তুলনামূলকভাবে কম যন্ত্রপাতি নির্ভরতা ও রাজস্ব বোঝা নির্দেশ করে।

**ক্ষুদ্র খরচ উপাদানসমূহ**

- ডেকিং ও পেভিং উপকরণ (০.৮৯%), অস্থায়ী নির্মাণ উপকরণ (০.৮০%), পরিবেশ ও ভূ-প্রযুক্তি উপকরণ (১.০৮%), ইউটিলিটি চার্জ (০.৮৫%), এবং অন্যান্য অনির্দিষ্ট ব্যয় (০.১৮%) মোট খরচে সামান্য অবদান রাখে।

**সামগ্রিক খরচ কাঠামোর গুরুত্বপূর্ণ উপলব্ধি**

সামগ্রিকভাবে খরচের বণ্টন দেখায় যে গঠনমূলক উপকরণ, শ্রম এবং ভিত্তি নির্মাণ ব্যয়ের প্রধান অংশ দখল করে। অন্যদিকে

(Tk. 1,871.72 lakh), mirroring the gender imbalance in employment.

**Limited Female Employment Cost in Small Firms**

- Female-related employment costs in small firms are particularly low (Tk. 38.12 lakh), indicating minimal female participation and remuneration in smaller enterprises.

**Overall Employment Cost Structure**

- In total, firms spend Tk. 11,624.91 lakh on employment, with large and medium firms together accounting for the majority of labor costs, underscoring their importance in income generation and labor market contribution.

## Allocation of input cost as percentage of total cost for all types of bridges and culverts

**Major Share of Structural Materials**

- Structural materials constitute the largest cost component at 26.74% of total cost, highlighting the material-intensive nature of bridge and culvert construction.

**Significant Labor Cost Component**

- Wages and salaries account for 23.10%, indicating that labor remains a key driver of overall project expenditure.

**Foundation and Substructure Investment**

- Foundation and substructure materials represent 16.39% of total cost, reflecting the importance of strong base construction for structural safety and durability.

**Notable Reinforcement and Fastener Costs**

- Reinforcement and fasteners make up 11.80%, emphasizing the role of strength, stability, and compliance with engineering standards.

**Moderate Operating Surplus**

- Operating surplus accounts for 10.60%, indicating a reasonable margin embedded in construction costs.

**Lower Equipment Rental and Fiscal Costs**

- Equipment rental constitutes 4.16%, while tax and VAT account for 3.41%, suggesting comparatively lower machinery dependence and fiscal burden.

**Minor Cost Components**

- Decking and paving materials (0.89%), temporary construction materials (0.80%), environmental and geotechnical materials (1.08%), utility charges (0.85%), and other unspecified expenditures (0.18%) contribute marginally to total cost.

**Overall Cost Structure Insight**

- Overall, the cost distribution shows that structural materials, labor, and foundation works dominate expenditure in bridge and

সহায়ক ও অস্থায়ী উপকরণগুলো মোট খরচে সীমিত ভূমিকা পালন করে।

## আউটপুট, মধ্যবর্তী ভোগ এবং মূল্য সংযোজন

**হাইওয়ে ব্রিজের আধিপত্য**

- হাইওয়ে ব্রিজ সবচেয়ে বড় অর্থনৈতিক কার্যক্রমের অংশীদার, যেখানে মোট আউটপুট ৭১,৯৭৩ লাখ টাকা এবং স্থূল মূল্য সংযোজন (GVA) ২৮,৬৪০ লাখ টাকা। এটি এই খাতের কেন্দ্রীয় ভূমিকাকে তুলে ধরে।

**পথচারী সেতুর উল্লেখযোগ্য অবদান**

- পথচারী সেতু স্থূল আউটপুটে ৩৬,৮২৬ লাখ টাকা এবং GVA-তে ১৪,০৮৯ লাখ টাকা উৎপন্ন করেছে। হাইওয়ে ব্রিজের তুলনায় ছোট আকার হলেও এর গুরুত্ব স্পষ্ট।

**রেলওয়ে ব্রিজে উচ্চ মূল্য সংযোজন**

- রেলওয়ে ব্রিজের মোট আউটপুট তুলনামূলকভাবে কম (৫০১ লাখ টাকা), তবে তারা ৩৮৮ লাখ টাকা GVA উৎপন্ন করেছে। এটি ইনপুট ব্যবহারের তুলনায় শক্তিশালী মূল্য সংযোজন নির্দেশ করে।

**বক্স কালভার্টের মধ্যম পারফরম্যান্স**

- বক্স কালভার্ট স্থূল আউটপুটে ৬,৫১৭ লাখ টাকা এবং GVA-তে ৩,১৩৪ লাখ টাকা রেকর্ড করেছে। এটি কাঠামোগত শ্রেণির মধ্যে মধ্যম অর্থনৈতিক অবদানকে প্রতিফলিত করে।

**আর্চ কালভার্ট ও অন্যান্য কাঠামোর সীমিত অবদান**

- আর্চ কালভার্ট ও অন্যান্য কাঠামো সম্মিলিতভাবে মোট আউটপুটে ১,৩০০ লাখ টাকার নিচে অবদান রেখেছে এবং সীমিত GVA উৎপন্ন করেছে। এটি মোট উৎপাদনে তাদের ছোট ভূমিকা নির্দেশ করে।

**মধ্যবর্তী ভোগের ধারা**

- মোট মধ্যবর্তী ভোগ দাঁড়িয়েছে ৭০,২৮০ লাখ টাকা। এটি মোট আউটপুটের একটি বড় অংশ এবং উপকরণ ও ইনপুট-নির্ভর নির্মাণ কার্যক্রমকে প্রতিফলিত করে।

**সামগ্রিক অবদান**

- সামগ্রিকভাবে, সেতু ও সংশ্লিষ্ট কাঠামো মোট আউটপুটে ১,১৭,১১১ লাখ টাকা এবং মোট মূল্য সংযোজনে ৪৬,৮৩১ লাখ টাকা উৎপন্ন করেছে। এটি ২০২৩–২৪ অর্থবছরে অর্থনৈতিক কার্যক্রম ও মূল্য সৃষ্টিতে এই খাতের শক্তিশালী অবদানকে তুলে ধরে।

culvert projects, while auxiliary and temporary inputs play a limited role in total cost composition.

## Output, Intermediate consumption and Value added

**Dominance of Highway Bridges**

- Highway bridges account for the largest share of economic activity; with a gross output of Tk. 71,973 lakh and gross value added (GVA) of Tk. 28,640 lakh**,** highlighting their central role in the sector.

**Significant Contribution of Pedestrian Bridges**

- Pedestrian bridges generate a substantial gross output of Tk. 36,826 lakh and GVA of Tk**.** 14,089 lakh, indicating their importance despite smaller scale compared to highway bridges.

**High Value Addition in Railway Bridges**

- Although railway bridges show a relatively small gross output of Tk. 501 lakh, they generate a high GVA of Tk. 388 lakh, suggesting strong value addition relative to input use.

**Moderate Performance of Box Culverts:**

- Box culverts record a gross output of Tk. 6,517 lakh and GVA of Tk. 3,134 lakh, reflecting moderate economic contribution within the overall structure category.

**Limited Contribution from Arch Culverts and Others:**

- Arch culverts and other structures contribute marginally, with combined gross output below Tk. 1,300 lakh and limited GVA, indicating their smaller role in total production.

**Intermediate Consumption Pattern**

- Total intermediate consumption amounts to Tk. 70,280 lakh, representing a significant portion of gross output and reflecting material- and input-intensive construction activities.

**Overall Contribution**

- Overall, bridge and related structures generate a total gross output of Tk. 117,111 lakh and gross value added of Tk. 46,831 lakh, underscoring the sector's strong contribution to economic activity and value creation during FY 2023–24.

# CHAPTER I: INTRODUCTION
# প্রথম অধ্যায়: ভূমিকা

# CHAPTER I: INTRODUCTION

# প্রথম অধ্যায়: ভূমিকা

## ১.১ প্রেক্ষাপট

১৯৭১ সালে স্বাধীনতা অর্জনের পর থেকে বাংলাদেশ উল্লেখযোগ্য অর্থনৈতিক রূপান্তর ও অগ্রগতি অর্জন করেছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এই অগ্রগতির পর্যবেক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। এটি প্রতিবছর স্থূল দেশজ উৎপাদ (জিডিপি), স্থূল জাতীয় আয় (জিএনআই), এবং মাথাপিছু আয় (পিসিআই)-এর মতো প্রধান অর্থনৈতিক সূচক প্রাক্কলন ও প্রকাশ করে থাকে। এছাড়াও, বিবিএস বিনিয়োগ ও সঞ্চয়ের প্রবণতা সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করে থাকে, যা দেশের সামগ্রিক অর্থনৈতিক অবস্থার একটি পূর্ণাঙ্গ চিত্র উপস্থাপনে সহায়তা করে। অধিকন্তু, বিবিএস সাম্প্রতিক সময়ে ত্রৈমাসিক ভিত্তিতে স্থূল দেশজ উৎপাদ (কিউজিডিপি)-এর হিসাব নিয়মিতভাবে প্রাক্কলন ও প্রকাশ করে আসছে, যা তুলনামূলকভাবে একটি নতুন উদ্যোগ।

জাতীয় হিসাব পরিসংখ্যান (এনএএস) সংকলন একটি জটিল ও ব্যাপক কার্যক্রম, যেখানে দেশের বিভিন্ন অর্থনৈতিক খাত থেকে নিরবচ্ছিন্ন ও নির্ভরযোগ্য তথ্যপ্রবাহের প্রয়োজন হয়। এনএএস-এর তথ্যের যথার্থতা নীতিনির্ধারকদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এটি অর্থনৈতিক কৌশল ও রাজস্ব নীতিমালার বিষয়ে তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে। এ ধরনের তথ্য দেশের অর্থনৈতিক কর্মকান্ডের একটি স্বচ্ছ চিত্র উপস্থাপন করে, যার মাধ্যমে সরকার সম্পদের দক্ষ বণ্টন নিশ্চিত করতে পারে এবং অর্থনৈতিক চ্যালেঞ্জসমূহ কার্যকরভাবে মোকাবিলা করতে পারে। তদুপরি, নির্ভরযোগ্য পরিসংখ্যান ব্যবসায়ী ও বিনিয়োগকারীদের জন্য বাজার পরিস্থিতি মূল্যায়নে এবং কৌশলগত পরিকল্পনা প্রণয়নে সহায়ক ভূমিকা পালন করে।

জাতীয় হিসাব পরিসংখ্যানের তথ্য সংগ্রহের জন্য অনেক সংস্থা এবং প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধনের প্রয়োজন হয়, যাদের প্রত্যেকের তথ্য তৈরির পদ্ধতি ও মানদন্ড ভিন্ন হতে পারে। বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত তথ্যের নির্ভুলতা ও সামঞ্জস্যতা নিশ্চিত করা একটি বড় চ্যালেঞ্জ, বিশেষ করে অসম্পূর্ণ বা পুরাতন তথ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে। পাশাপাশি, অর্থনৈতিক কর্মকান্ডের জটিলতা এবং বৈশ্বিক অর্থনীতির দ্রুত পরিবর্তনশীলতা সময়োপযোগী ও প্রাসঙ্গিক পরিসংখ্যান বজায় রাখার বিষয়টিকে আরও কঠিন করে তোলে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) তথ্য সংগ্রহ পদ্ধতিকে উন্নত করতে এবং দেশের জাতীয় হিসাব পরিসংখ্যানের নির্ভরযোগ্যতা ও মানোন্নয়নের লক্ষ্যে উন্নত পদ্ধতি ব্যবহারে সক্রিয়ভাবে কাজ করে যাচ্ছে।

## 1.1 Background

Since gaining independence in 1971, Bangladesh has embraced notable economic transformation and progress. The Bangladesh Bureau of Statistics (BBS) plays a pivotal role in monitoring this progress by estimating and publishing key financial indicators, such as Gross Domestic Product (GDP), Gross National Income (GNI), and Per Capita Income (PCI) on an annual basis. It also provides important data on investment and savings trends, helping to paint a comprehensive picture of the country's economic health. Moreover, the BBS has been regularly estimating and disseminating Quarterly Gross Domestic Product (QGDP), which is a relatively recent initiative.

Compilation of National Accounts Statistics (NAS) is a complex and comprehensive undertaking that requires a continuous and reliable flow of data from various economic sectors throughout the country. The accuracy of NAS data is essential for policymakers, as it facilitates informed decision-making regarding economic strategies and fiscal policies. Such data provides a clear representation of a country's economic performance, enabling the government to allocate resources efficiently and address economic challenges effectively. Moreover, reliable statistics empower businesses and investors to evaluate market conditions and develop strategic plans.

The process of collecting NAS data necessitates coordination with numerous agencies and organizations, each of which may employ distinct methods and standards for data generation. Ensuring accuracy and consistency across these different source presents significant challenges, particularly in managing incomplete or outdated information. Additionally, the complexity of economic activities and the rapid evolution of the global economy introduce further difficulties in maintaining current and pertinent statistics. The Bangladesh Bureau of Statistics (BBS) has been actively working to enhance data collection practices and adopt improved methodologies to strengthen the reliability and quality of the country's national accounts statistics.

বিভিন্ন খাত ও উপখাতের হালনাগাদ তথ্যপ্রবাহ এবং প্রাপ্যতার সীমাবদ্ধতা দেশের জিডিপি প্রাক্কলনের নির্ভুলতায় সামান্য হলেও প্রভাব ফেলতে পারে। জাতীয় হিসাবের মানসম্পন্ন প্রাক্কলন নির্ভর করে সময়োপযোগী ও পূর্ণাঙ্গ তথ্যের ওপর, এবং তথ্যের যেকোনো ঘাটতির ফলে বিদ্যমান অর্থনৈতিক বাস্তবতার সম্পূর্ণ প্রতিফলন প্রাক্কলনে নাও ঘটতে পারে।

জিডিপি প্রাক্কলনের নির্ভরযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান তথ্যঘাটতি পদ্ধতিগতভাবে নিরসনের পাশাপাশি এমন কার্যকর পদ্ধতি গ্রহণ করা অত্যাবশ্যক, যা অর্থনৈতিক কর্মকাণ্ডের আরও বিস্তৃত, সঠিক ও সময়োপযোগী পরিমাপ নিশ্চিত করে। এর মাধ্যমে শুধু বার্ষিক জিডিপি প্রাক্কলনকে উন্নত করাই নয়, বরং ত্রৈমাসিক জিডিপি হিসাবের পদ্ধতিগত উন্নয়ন ও পরিশোধনকেও অন্তর্ভুক্ত করা যেতে পারে।

বিদ্যমান তথ্যঘাটতি নিরসনের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে, যার আওতায় একাধিক লক্ষ্যভিত্তিক স্টাডি ও জরিপ পরিচালিত হচ্ছে। এসব কার্যক্রমের উদ্দেশ্য হলো দেশের অর্থনীতির বিভিন্ন খাতে পণ্য ও সেবা উৎপাদনে নিয়োজিত নানাবিধ প্রতিষ্ঠানের কাছ থেকে বিশদ তথ্য সংগ্রহ করা। খাত ও প্রতিষ্ঠানভিত্তিক তথ্য সংগ্রহের মাধ্যমে বিবিএস একটি অধিক শক্তিশালী ও ব্যাপক বিশ্লেষণ কাঠামো গড়ে তোলার কাজ হাতে নিয়েছে, যা অর্থনৈতিক কর্মকাণ্ডের যথাযথ মূল্যায়নে সহায়তা করবে। এই উন্নততর তথ্যভিত্তি জাতীয় হিসাবের নির্ভুলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করবে, ফলে বাংলাদেশের স্থূল দেশজ উৎপাদের আরও সুনির্দিষ্ট ও বাস্তবসম্মত প্রাক্কলন সম্ভব হবে। এই উদ্যোগের অংশ হিসেবে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) পাঁচটি স্বতন্ত্র কেস স্টাডি একটি পরিচালনার পরিকল্পনা গ্রহণ করেছে। প্রতিটি কেস স্টাডি নির্দিষ্ট অর্থনৈতিক কর্মকাণ্ডের ওপর কেন্দ্রীভূত, যা বিভিন্ন ধরণের অর্থনৈতিক ইউনিট কর্তৃক পরিচালিত হয়। নির্বাচিত কেস স্টাডির ক্ষেত্রসমূহ নিম্নরূপ:

১. **খানার সেবায় নিয়োজিত অলাভজনক প্রতিষ্ঠানের (এনপিআইএসএইচ)কার্যক্রম**
   এই স্টাডির মাধ্যমে NPISHs-এর অর্থনৈতিক কর্মকান্ড পর্যালোচনা করা হবে, যার মধ্যে সামাজিক কল্যাণে তাদের অবদান ও বৃহৎ অর্থনীতিতে তাদের ভুমিকা অন্তর্ভুক্ত থাকবে।
২. **কুরিয়ার সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কার্যক্রম**
   এই কেস স্টাডিতে কুরিয়ার কোম্পানিসমূহের সেবার প্রকৃতি ও পরিসর বিশ্লেষণ করা হবে, যেখানে তাদের পরিচালন মডেল, বাজারের গতিশীলতা, এবং অর্থনৈতিক প্রভাব মূল্যায়ন করা হবে।

The limited flow and availability of up-to-date data across sectors and subsectors can lead to slight erosion in the precision of our country's GDP estimates. Quality estimate of national accounts rely heavily on timely and comprehensive data, and any gaps may result in estimates that do not fully reflect current economic realities.

To enhance the reliability of GDP estimates, it is essential to systematically address existing data gaps and adopt robust methodologies that allow for a more comprehensive, accurate, and timely measurement of economic activity. This includes not only improving the estimation of annual GDP but also refining the methodologies used for Quarterly GDP calculations.

To address existing data gaps, the Bangladesh Bureau of Statistics (BBS) has launched a comprehensive initiative that includes a series of targeted studies and surveys. These efforts are designed to collect detailed information from a broad spectrum of establishments engaged in the production of goods and services across various sectors of the economy. By gathering sector-specific and establishment-based data, the BBS aims to create a more robust and comprehensive framework for analyzing economic activities. This improved data foundation will enhance the accuracy and reliability of national accounts, leading to more precise estimates of Bangladesh’s Gross Domestic Product (GDP). As part of this initiative, the Bangladesh Bureau of Statistics (BBS) outlined plans to conduct five distinct case studies. Each study had focused on a specific category of economic activity carried out by various types of economic units. The selected areas of focus were as follows:

1. **Activities of Non-Profit Institutions Serving Households (NPISHs)**
   This study will examine the economic activities undertaken by NPISHs, including their contributions to social welfare and the broader economy.
2. **Operations of Courier Service Providers (Establishments)**
   This case study will explore the nature and scope of services provided by courier companies, assessing their operational models, market dynamics, and economic impact.

৩. **মুদ্রা বিনিময়কারী প্রতিষ্ঠানের কার্যক্রম**
এই স্টাডি মুদ্রা বিনিময় ব্যবসার কার্যকারিতা বিশ্লেষণ করবে, বিশেষ করে বৈদেশিক মুদ্রা লেনদেন এবং আর্থিক ব্যবস্থাপনায় তাদের ভূমিকার ওপর আলোকপাত করা হবে।

৪. **শিল্প, বিনোদন ও অবসর কার্যক্রম**
এই স্টাডির মাধ্যমে সাংস্কৃতিক, বিনোদন এবং অবসর কার্যক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানগুলোর অর্থনৈতিক গুরুত্ব এবং সৃজনশীল অর্থনীতিতে তাদের অবদান পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করা হবে।

৫. **নির্বাচিত নির্মাণ কর্মকান্ড**
এতে ভবন, রাস্তা, সেতু এবং কালভার্ট নির্মাণ কার্যক্রম সম্পর্কিত সমস্ত কর্মকান্ড অন্তর্ভুক্ত হয়েছে।

এই কেস স্টাডি ভবিষ্যতের নীতি প্রণয়ন ও বাংলাদেশের বিভিন্ন অর্থনীতির কর্মকান্ডের পরিসংখ্যানগত উপলব্ধি উন্নত করতে সহায়ক তথ্য সরবরাহ করবে।

## ১.২ স্টাডির পরিসর ও উদ্দেশ্য

**(ক) গবেষণার পরিসর**

**সমগ্রকের পরিসর**

এই স্টাডিতে পাঁচটি ভিন্ন অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত সকল প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করা হয়েছে: কুরিয়ার সেবা, মুদ্রা বিনিময়, শিল্প ও বিনোদন, খানার সেবায় নিয়োজিত অলাভজনক প্রতিষ্ঠান (এনপিআইএসএইচ) এবং নির্বাচিত নির্মাণ কার্যক্রম।

**ভৌগোলিক পরিসর**

স্টাডির ভৌগোলিক পরিসর বলতে নির্দিষ্ট অঞ্চলকে বোঝানো হয়েছে, যা এই স্টাডিতে অন্তর্ভুক্ত হয়েছে। এই স্টাডি বাংলাদেশের সমগ্র ভূখণ্ডে পরিচালিত হয়েছে।

**সময়ের পরিসর**

সকল সমীক্ষার রেফারেন্স রেফারেন্স সময়কাল হলো আর্থিক বছর ২০২২-২৩ এবং ২০২৩-২৪, শুধুমাত্র নির্মাণ কার্যক্রম সম্পর্কিত সমীক্ষার ক্ষেত্রে রেফারেন্স সময়কাল ২০২৩-২৪ ।

**(খ) স্টাডির উদ্দেশ্য**

এই কেস স্টাডিগুলোর প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

১. **প্রতিষ্ঠানভিত্তিক কর্মনৈপুণ্য বিশ্লেষণ:**

- ধরন অনুসারে প্রতিষ্ঠানের রাজস্বের প্রবৃদ্ধি, ব্যয় কাঠামো, এবং লাভ্যাংশের অনুপাতের মতো মূল সূচক মূল্যায়ন করা;
- ধরন অনুযায়ী প্রতিষ্ঠানের জন্য গুরুত্বপূর্ণ আর্থিক ও কর্মনৈপুণ্যের সূচক নির্ধারণ করা।

3. **Activities of Money Exchange Establishments**
The study will analyze the functioning of money exchange businesses, focusing on their role in foreign currency transactions and their integration within the financial system.

4. **Activities of Arts, Recreation, and Entertainment**
This study will investigate establishments engaged in cultural, recreational, and entertainment activities, highlighting their economic significance and contributions to the creative economy.

5. **Selected Construction activities**
This includes construction activities related to buildings, roads, bridges and culverts.

These case studies aim to generate detailed insights that will inform future policy development and improve the statistical understanding of diverse economic activities in Bangladesh.

## 1.2 Scope and Objectives of the Study

(A) Scope of the Study

**Population scope**

This study encompassed all establishments engaged in five distinct economic activities: courier services, money exchange, arts and entertainment, and NPISH (Non-Profit Institutions Serving Households) and selected construction activities.

**Geographical scope**

The geographical scope of the study refers to the specific area covered in the study. This study was conducted across the entire territory of Bangladesh.

**Time scope**

All studies use the financial years 2022-23 and 2023-24 as the reference period, except the study on construction activities, which only uses 2023-24 as the reference period.

**(B) Objectives of the Studies**

The primary objectives of these case studies are as follows:

1. **To analyze establishment-specific performance**:

- *Evaluate key metrics such as revenue growth, cost structures, and profitability ratios within each type of establishments;*
- *Determine significant financial and performance indicators specific to each type of establishments.*

২. **অর্থনৈতিক প্রভাব মূল্যায়ন:**

- প্রতি ধরনের প্রতিষ্ঠানের জন্য জাতীয় অর্থনীতিতে এদের অর্থনৈতিক প্রভাব পরিমাপ করা;
- এই ধরনের প্রতিষ্ঠানসমূহ কীভাবে কর্মসংস্থান সৃষ্টি, অবকাঠামো উন্নয়ন, এবং সামাজিক কল্যাণে অবদান রাখে তা অনুসন্ধান করা।

৩. **প্রতিষ্ঠান পর্যায়ে আউটপুট, মধ্যবর্তী ভোগ (আইসি), স্থুল মূল্য সংযোজন (জিভিএ), এবং কর্মসংস্থান মূল্যায়ন:**

- প্রতিষ্ঠান প্রতি গড় আউটপুট;
- প্রতিষ্ঠান প্রতি গড় মধ্যবর্তী ভোগ (আইসি);
- প্রতিষ্ঠান প্রতি গড় স্থুল মূল্য সংযোজন (জিভিএ);
- প্রতিষ্ঠান প্রতি গড় কর্মসংস্থান।

৪. **গুরুত্বপূর্ণ অর্থনৈতিক অনুপাত (কেইআর) হিসাব করা:**

- আউটপুটের সাথে মধ্যবর্তী ব্যয়ের অনুপাত;
- আউটপুটের সাথে স্থুল মূল্য সংযোজনের অনুপাত;
- মূল্য সংযোজনের সাথে মধ্যবর্তী ব্যয়ের অনুপাত।

এই কাঠামোটি নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের অর্থনৈতিক কর্মক্ষমতার ব্যাপক ও পদ্ধতিগত মূল্যায়নের সুযোগ তৈরি করেছে, যা তাদের উৎপাদনশীলতা, ব্যয় কাঠামো এবং মূল্য সংযোজনের স্পষ্ট ধারণা প্রদান করে। এই স্টাডির ফলাফলসমূহ বৃহত্তর পরিসর ও উন্নত পদ্ধতি নিশ্চিত করত: স্থুল দেশজ উৎপাদ (জিডিপি) সংকলনে উল্লেখযোগ্য উন্নয়ন ঘটাতে সক্ষম হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

## ১.৩ প্রতিবেদনের কাঠামো ও বিষয়বস্তু

এই প্রতিবেদনটি সংশ্লিষ্ট সমীক্ষার বাস্তব ফলাফল উপস্থাপন করে, যা পরিচালিত সমীক্ষার গুরূত্বপূর্ণ তথ্যসমূহ সমন্বয়ের মাধ্যমে তুলে ধরে। এটি সংগৃহীত তথ্যের একটি বিস্তৃত পর্যালোচনা প্রদান করে এবং অংশগ্রহণকারীদের উত্তরসমূহের সারাংশ উপস্থাপন করে। এই প্রতিবেদনটি কেবলমাত্র স্টাডি ফলাফলের সারসংক্ষেপ নয়, বরং ভবিষ্যতের কার্যক্রম বা গবেষণার জন্য মূল্যবান দিকনির্দেশনা প্রদানের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের একটি কার্যকর হাতিয়ার হিসেবেও ব্যবহৃত হতে পারে। প্রতিবেদনটি চৌদ্দটি অধ্যায় এবং পরিশিষ্টে সংজোযিত একটি পরিসংখ্যানিক সারণি নিয়ে গঠিত। অধ্যায় ১-এ সমীক্ষার পটভূমি ও উদ্দেশ্যের সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করা হয়েছে। অধ্যায় ২-এ রয়েছে জরিপ পদ্ধতি ও ধারণাগত কাঠামোর বিবরণ। অধ্যায় ৩-এ এই প্রকাশনায় ব্যবহৃত গুরূত্বপূর্ণ পরিভাষাসমূহের ব্যাখ্যা দেওয়া হয়েছে। অধ্যায় ৪-এ কুরিয়ার সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান সংক্রান্ত সমীক্ষার ফলাফল উপস্থাপিত হয়েছে। অধ্যায় ৫-এ মুদ্রা বিনিময় কর্মকান্ডে

2. **To Assess the Economic Impact**:

- *Measure the economic impact of each type of establishments to national economies.*
- *Explore how these types of establishments contribute to job creation, infrastructure development, and social welfare.*

3. **To assess establishment-level Output, Intermediate Consumption (IC), Gross Value Added (GVA), and Employment**

- *Average output per establishment*
- *Average Intermediate Consumption (IC) per establishment*
- *Average Gross Value Added (GVA) per establishment*
- *Average employment per establishment*

4. **To Calculate Key Economic Ratios (KER)**

- *Intermediate Consumption to Output Ratio (IC to Output Ratio)*
- *Gross Value Added to Output Ratio (GVA to Output Ratio)*
- *Intermediate Consumption to Value Added Ratio (IC to VA Ratio)*

This framework enabled a comprehensive and systematic assessment of economic performance across the selected establishments, providing a clear understanding of their productivity, cost structure, and value creation. The findings from these studies are expected to significantly enhance the compilation of Gross Domestic Product (GDP) by ensuring broader coverage and improved methodologies.

## 1.3 Structure and Content of the Report

This report represents the tangible outcome of the study, synthesizing and presenting the key findings derived from the studies conducted. It provides a comprehensive overview of the collected data, and summarize the responses from participants. It serves not only as a summary of the study's findings but also as a tool for decision-making, offering valuable insights that can guide future actions or research. This report consists of fourteen chapters and statistical tables in the appendix. Chapter I provides an overview of the study's background and objectives. Chapter II outlines the survey methodology and conceptual framework. Chapter III explains the key terminologies used in this publication. Chapter IV presents the study findings related to establishments involved in courier services. Chapter V highlights the study findings related to establishments engaged in money

নিয়োজিত প্রতিষ্ঠান সংক্রান্ত সমীক্ষার ফলাফল সন্নিবেশিত হয়েছে। অধ্যায় ৬-এ শিল্পকলা ও বিনোদন সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান সংক্রান্ত ফলাফল উপস্থাপিত হয়েছে। অধ্যায় ৭-এ রয়েছে খানার সেবায় নিয়োজিত অলাভজনক প্রতিষ্ঠান (এনপিআইএসএইচ) সম্পর্কিত ফলাফল। অষ্টম থেকে চতুর্দশ অধ্যায়ে নির্বাচিত নির্মাণ কার্যক্রমের একটি বিস্তারিত ও কাঠামোবদ্ধ বিশ্লেষণ প্রদান করা হয়েছে। অষ্টম অধ্যায়ে এই কার্যক্রমগুলোর একটি সারসংক্ষেপ উপস্থাপন করা হয়েছে, যা গবেষণার বিষয়বস্তু নির্ধারণ করে। নবম অধ্যায় সমীক্ষার পদ্ধতি বর্ণনা করে, যেখানে ব্যবহৃত নমুনা কাঠামো অন্তর্ভুক্ত রয়েছে। দশম অধ্যায় গবেষণার স্বচ্ছতা ও সামঞ্জস্য বজায় রাখতে ব্যবহৃত মূল ধারণা ও পরিভাষার সংজ্ঞা প্রদান করে। একাদশ অধ্যায় গৃহনির্মাণের ব্যয় কাঠামো ও মূল্য সংযোজন বিশ্লেষণ করে, যেখানে নির্মাণ কোম্পানির সম্পৃক্ততা নেই। দ্বাদশ অধ্যায় নির্মাণ কোম্পানির মাধ্যমে পরিচালিত ভবন নির্মাণ কার্যক্রমের উপর আলোকপাত করে। ত্রয়োদশ অধ্যায় সড়ক নির্মাণের গভীর বিশ্লেষণ উপস্থাপন করে, যা নির্মাণ কোম্পানির মাধ্যমে সম্পন্ন হয়। চতুর্দশ অধ্যায় সেতু নির্মাণের বিশ্লেষণ প্রদান করে, যা একইভাবে নির্মাণ কোম্পানির মাধ্যমে সম্পন্ন হয়। অষ্টম থেকে চতুর্দশ অধ্যায়ে উপস্থাপিত এই আলোচনাগুলি একত্রে নির্মাণ প্রক্রিয়া, সংশ্লিষ্ট ব্যয় এবং জাতীয় অর্থনীতিতে তাদের অবদান সম্পর্কে একটি পূর্ণাঙ্গ ধারণা প্রদান করে।

অধিকন্তু, প্রতিবেদনর শেষে একটি পরিশিষ্ট রয়েছে, যেখানে পরিসংখ্যানিক সারণিসমূহ অন্তর্ভুক্ত হয়েছে। এই পরিশিষ্টটি পাঠকদের অতিরিক্ত তথ্য রেফারেন্সের সুযোগ সৃষ্টি করবে, যা প্রাসঙ্গিক কিন্তু মূল রিপোর্টের অংশ হিসেবে অন্তর্ভুক্ত হয়নি।

### ১.৪ সমীক্ষার বিন্যাস

এই সমীক্ষাটি বাংলাদেশ সরকারের পৃষ্ঠপোষকতায় এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) ন্যাশনাল একাউন্টিং উইং এর অধীনে পরিচালিত কিউজিডিপি ও ডিজিডিপি প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত হয়েছে। একটি বিস্তৃত ও কার্যকর পদ্ধতি নিশ্চিত করার জন্য একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) গঠন করা হয়েছে। এই কমিটিতে বিবিএস সহ অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার বিভিন্ন ক্ষেত্রে অভিজ্ঞ বিশেষজ্ঞদের অন্তর্ভুক্ত করা হয়েছে, যারা প্রকল্পটির পুরো সময়জুড়ে বিশেষায়িত প্রযুক্তিগত দক্ষতা এবং তদারকি প্রদান করেছেন। পিআইসি জরিপ পদ্ধতি ডিজাইন এবং প্রশ্নপত্র প্রণয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, যেন তা সমীক্ষার উদ্দেশ্য এবং প্রযুক্তিগত চাহিদার সাথে সঙ্গতিপূর্ণ হয়। পিআইসির পাশাপাশি, বিবিএস এর বিভিন্ন উইং এর প্রতিনিধিদের নিয়ে একটি ইন-হাউস ওয়ার্কিং কমিটি গঠিত হয়েছে। এই ওয়ার্কিং কমিটি সমীক্ষাটির পরিধি ও উদ্দেশ্যগুলি পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করেছে এবং খসড়া প্রশ্নাবলীর খুঁটিনাটি বিশ্লেষণ করে উন্নতির ক্ষেত্রগুলি চিহ্নিত করেছে। পর্যালোচনার সময়, ওয়ার্কিং কমিটি স্টাডি সংশ্লিষ্ট কিছু নতুন বিষয় অন্তর্ভুক্তি এবং কিছু বিষয় বাদ দেওয়ার বিষয়ে বেশ

exchange. Chapter VI details the findings concerning establishments involved in arts, entertainment, and recreation services. Chapter VII presents the findings about non-profit institutions that serve households (NPISHs). Chapter VIII through XIV provide a detailed and structured analysis of selected construction activities. Chapter VIII presents an overview of these activities, establishing the contents of the study. Chapter IX outlines the study methodology, including the sampling framework employed. Chapter X defines the key concepts and terminology used throughout the study to ensure clarity and consistency. Chapter XI examines the cost structure and value addition in household-constructed buildings, excluding the involvement of construction firms, while chapter XII focuses on buildings construction carried out by construction companies. Chapter XIII and XIV provide in-depth analysis of road and bridge construction respectively, undertaken by construction firms. These two chapters together offer a comprehensive understanding of construction practices, associated cost and their contribution to the economy.

Moreover, there is an appendix, which consists of statistical tables, at the end of this report. This appendix will enable readers to refer to any additional information that they may find relevant but not appropriate for the main body of this report.

### 1.4 Organization of the Study

The study was sponsored by the Government of Bangladesh and implemented by the QGDP and DGDP project, the National Accounting Wing of the Bangladesh Bureau of Statistics (BBS). To ensure a comprehensive and effective approach, a Project Implementation Committee (PIC) was established. This committee included a diverse group of experts from the BBS, as well as other relevant organizations, to provide specialized technical expertise and oversight throughout the project. The PIC played a crucial role in providing guidance on the design of the study methodology and the development of the questionnaire, ensuring that both were aligned with the study's objectives and the technical requirements. In parallel with the PIC, an in-house working committee was set up, comprising representatives from various wings within the BBS. This working committee conducted a thorough review of the study's scope and objectives to scrutinize the draft questionnaire

কয়েকটি সুপারিশ প্রদান করেছে, যা বিষয়গুলোর প্রাসঙ্গিকতা ও স্টাডির ফলাফলের উপর সম্ভাব্য প্রভাবের ভিত্তিতে নির্ধারিত হয়েছে। এই সুপারিশগুলো পিআইসি সতর্কভাবে পর্যালোচনা ও বিস্তারিতভাবে আলোচনা করেছে, যাতে চূড়ান্ত নকশাটি সমীক্ষার লক্ষ্যগুলোর সঙ্গে সঠিকভাবে সামঞ্জস্যপূর্ণ হয় এবং উদ্ভূত যেকোনো প্রয়োজনের প্রতিও সাড়া দিতে পারে। প্রশ্নপত্র ও সমীক্ষার নকশা চূড়ান্তকরণের প্রক্রিয়াটি পুনরাবৃত্তিমূলক ছিল, যেখানে একাধিক ধাপে মতামত গ্রহণ ও পরিমার্জন করা হয়েছে। শেষ পর্যন্ত, ওয়ার্কিং কমিটির সুপারিশগুলো চূড়ান্ত সমীক্ষা কাঠামোর মধ্যে একীভূত করা হয়, যা পরে PIC দ্বারা অনুমোদিত হয়। এর ফলে নিশ্চিত হয় যে সমীক্ষাটির সকল দিকসমূহ পূর্ণাঙ্গভাবে বিবেচনা করা হয়েছে এবং ব্যবহৃত পদ্ধতিটি সঠিক, নির্ভরযোগ্য ও কার্যকর ফলাফল প্রদান করে।

to identify areas for improvement. During their review, the working group made several recommendations regarding the inclusion of new study items and the exclusion of others, based on their relevance and potential impact on the study's outcomes. These recommendations were carefully reviewed and discussed in detail by the PIC, ensuring that the final design was well-aligned with the study goals, and responsive to any emerging needs. The process of finalizing the questionnaire and study design was iterative, with multiple rounds of feedback and refinement. Ultimately, the recommendations of the working group were integrated into the final study framework, which was then approved by the PIC, ensuring that all aspects of the study were comprehensively addressed and that the methodology would yield accurate, reliable, and actionable results.

## ১.৫ সমীক্ষার ফলাফল

এই সমীক্ষাটির প্রধান ফলাফল হলো দেশের বিভিন্ন স্থানে পণ্য ও সেবা উৎপাদনে নিয়োজিত পাঁচ ধরনের প্রতিষ্ঠানের আউটপুট, মধ্যবর্তী ব্যয়, মূল্য সংযোজন, এবং কর্মসংস্থান সম্পর্কে ব্যাপক, মানসম্পন্ন এবং যথাযথ পদ্ধতিতে সংগঠিত তথ্য উপস্থাপন করা। এই সমীক্ষাটির একটি মৌলিক প্রত্যাশিত ফল হলো বিদ্যমান তথ্যঘাটতি দূর করা, যা পূর্বে এসকল প্রতিষ্ঠানের কর্মনৈপুণ্যতা এবং অর্থনৈতিক অবদান সম্পর্কে বিস্তারিত বিশ্লেষণ ও মূল্যায়নকে বাধাগ্রস্ত করত। এই ঘাটতিসমূহ পূরণ করে, সমীক্ষাটি খাতভিত্তিক গতিশীলতার ধারণা প্রদান এবং অধিকতর তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ ও নীতি প্রণয়নে সহায়তা করার লক্ষ্য নিয়ে কাজ করেছে । পরিশেষে, এই সমীক্ষাটির উপাত্ত বার্ষিক এবং ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদ (GDP) প্রাক্কলনের যথার্থতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির জন্য একটি মূল্যবান সম্পদ হয়ে উঠবে। এছাড়াও, আশা করা হচ্ছে যে এই সমীক্ষার ফলাফল নীতিনির্ধারণী সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হবে, স্বচ্ছতাবর্ধন করবে এবং মূল্যায়নকৃত প্রতিষ্ঠানে প্রমাণভিত্তিক সংস্কারকে সহায়তা করবে।

## 1.5 Output of the Study

The primary output of this study is the provision of comprehensive, high-quality, and systematically organized data on output, intermediate consumption, value-added, and employment levels across five distinct types of establishments engaged in the production of goods and services nationwide. A key anticipated outcome of this study is the closing of existing data gaps that have previously impeded thorough analysis and assessment of the performance and economic contribution of these establishments. By addressing these gaps, the study aimed to enhance the understanding of sectoral dynamics and support more informed decision-making and policy formulation. Ultimately, the study data will be a valuable resource for improving the accuracy and reliability of both annual and quarterly Gross Domestic Product (GDP) estimates. In addition, it is hoped that this study findings are expected to inform policy decisions, promote transparency, and support evidence-based reforms across the surveyed establishments.

## ১.৬ সমীক্ষা ফলাফলের ব্যবহার

এই সমীক্ষার ফলাফল বিভিন্ন ভাবে উপকারী ও মূল্যবান বিবেচিত হতে পারে:

- এই সমীক্ষার ফলাফল বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) জাতীয় হিসাব সংকলকদেরকে আরও ব্যাপক তথ্যের ভিত্তিতে এবং উন্নত পদ্ধতিতে ত্রৈমাসিক জাতীয় হিসাব (কিউএনএ) এবং বার্ষিক জাতীয় হিসাব (এএনএ) সংকলনে সহায়তা করবে;

## 1.6 Uses of the Study Findings

The study findings can prove to be beneficial and valuable in numerous ways:

- The findings of this study will help the national accounts compilers at the BBS to compile Quarterly National Accounts (QNA) and Annual National Accounts (ANA) with more exhaustive *data* coverage and improved methodology;

- এই সমন্বিত সমীক্ষার ভিত্তিতে পাওয়া তথ্যভিত্তিক বিশ্লেষণ ও অনুসন্ধানসমূহ স্থূল দেশজ উৎপাদ (জিডিপি)-এর আসন্ন সংশোধন ও ভিত্তি বছর পরিবর্তন প্রক্রিয়ায় বিবেচনায় নেওয়া হবে। এই প্রক্রিয়ার লক্ষ্য হলো মৌলিক অর্থনৈতিক সূচক সম্পর্কিত সর্বশেষ তথ্য অন্তর্ভুক্ত করার মাধ্যমে জিডিপি (GDP) এবং ত্রৈ-মাসিক জিডিপি (QGDP)-এর প্রাক্কলন যেন বর্তমান অর্থনৈতিক প্রেক্ষাপটকে সঠিকভাবে প্রতিফলিত করে তা নিশ্চিত করা।
- এই সমীক্ষার ফলাফল পাঁচ ধরনের প্রতিষ্ঠান সম্পর্কিত বিভিন্ন মৌলিক পরামিতি এবং মূল সূচকের পরিবর্তন মূল্যায়নের জন্য একটি গুরুত্বপূর্ণ মানদন্ড নির্ধারণ করবে। এই ভিত্তি তথ্য প্রতিষ্ঠানগুলোর মধ্যে প্রমাণভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ ও কৌশলগত পরিকল্পনার সহায়তায় উন্নয়নের ধারাবাহিক মূল্যায়ন নিশ্চিত করবে।
- সমীক্ষার ফলাফলসমূহ সমীক্ষাধীন প্রতিষ্ঠানের অজানা চলকসমূহের নির্ভরযোগ্য ও সঠিক পরিমাণ নির্ধারণ করবে, যা আমাদের উপলব্ধির মাত্রা বৃদ্ধি করবে এবং এবং ভবিষ্যৎ সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে।
- জরিপের ফলাফল এসএনএ-২০০৮ এবং এসএনএ ২০২৫ এর বিভিন্ন সুপারিশ বাস্তবায়নের জন্য সহায়ক ধারণা প্রদান করবে। এই ফলাফলসমূহ এসএনএ ২০০৮ ও ২০২৫ দলিলে প্রস্তাবিত কৌশল ও কার্যক্রম উন্নয়নের ভিত্তি হিসেবে কাজ করবে।

### ১.৭ সমীক্ষার যৌক্তিকতা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) নিয়মিতভাবে বার্ষিক এবং ত্রৈমাসিক স্থূল দেশজ উৎপাদ (জিডিপি) সংকলন ও প্রকাশের দায়িত্বে নিয়োজিত রয়েছে। জিডিপি এবং কিউজিডিপির সঠিক ও খাতভিত্তিক মানসম্মত মূল্যায়ন নিশ্চিত করতে দেশের বিভিন্ন অর্থনৈতিক কর্মকান্ড সম্পর্কিত বিস্তারিত তথ্য ধারাবাহিকভাবে সংগ্রহ করা অপরিহার্য। এতে মোট আউটপুট, মধ্যবর্তী ভোগ, মজুরি ও বেতনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ উপাদান অন্তর্ভুক্ত থাকে, যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অর্থনৈতিক কর্মক্ষমতাকে প্রভাবিত করে। সঠিকভাবে বার্ষিক ও ত্রৈমাসিক জিডিপি সংকলনের জন্য সময়ানুগ এবং ধারাবাহিক অর্থনৈতিক তথ্যের প্রাপ্যতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। হালনাগাদ তথ্যের ধারাবাহিক প্রবাহ নিশ্চিত করে যে, অর্থনৈতিক সূচকসমূহ বর্তমান প্রবণতা ও পরিবর্তনগুলোকে সঠিকভাবে তুলে ধরে, যার ফলে দেশের অর্থনৈতিক কার্যক্রমের একটি পরিষ্কার ও সমন্বিত চিত্র পাওয়া যায়। ত্রৈমাসিক অর্থনৈতিক তথ্যের সীমিত প্রাপ্যতা ত্রৈমাসিক জিডিপি (কিউজিডিপি) প্রাক্কলনে বড় ধরণের প্রতিবন্ধকতা সৃষ্টি করে। এই তথ্য ঘাটতি স্বল্পমেয়াদি অর্থনৈতিক কর্মক্ষমতার নির্ভরযোগ্য মূল্যায়নকে বাধাগ্রস্ত করে, যা নীতি নির্ধারণ ও

- The upcoming revision and rebasing of the Gross Domestic Product (GDP) will consider the insights and findings available from these comprehensive studies. This process aims to ensure that the GDP and QGDP figures accurately reflect the current economic landscape, incorporating the latest information related to core economic indicators.
- The study findings will establish a critical benchmark for evaluating the changes in various core parameters and key indicators related to the five types of establishments studied. This baseline will systematically assess developments, supporting evidence-based decision-making and strategic planning within these establishments.
- The study's findings will offer us a reliable and precise quantification of previously unknown variables concerning the establishment studied, enhancing our understanding and informing future decision-making.
- The results of the survey will provide valuable insights that could facilitate the implementation of various recommendations outlined in SNA-2008 and 2025. These findings will serve as foundational support for enhancing strategies and actions proposed in the SNA-2008 and SNA-2025 documents.

### 1.7 Rationality of the Study

The Bangladesh Bureau of Statistics (BBS) is tasked with the compilation and dissemination of annual and quarterly Gross Domestic Product (GDP) on regular basis. To ensure a precise and sector-wise quality assessment of GDP as well as QGDP, it is essential to consistently gather detailed data related to various economic activities performed in the country. This includes data on total output, intermediate consumption, wages, salaries, and various other key factors related to the establishment under study that influence its economic performance. The availability of timely and continuous economic data is crucial for the accurate compilation of annual Gross Domestic Product (GDP) and Quarterly Gross Domestic Product (QGDP). A steady flow of up-to-date information ensures that economic indicators capture current trends and fluctuations, offering a clear and comprehensive picture of the nation's economic performance. The limited availability of

কার্যকর অর্থনৈতিক পরিকল্পনার জন্য অত্যাবশ্যক।এই তথ্য ঘাটতি পূরণের লক্ষ্যে বিবিএস একটি ব্যাপক পরিকল্পনা গ্রহণ করেছে, যার আওতায় পণ্য ও সেবা উৎপাদনে নিয়োজিত পাঁচ ধরনের প্রতিষ্ঠানের উপর গভীরতর কেস স্টাডি পরিচালনার উদ্যোগ নেওয়া হয়েছে। এই কেস স্টাডির মাধ্যমে প্রতিষ্ঠান পর্যায়ে পরিচালন, আর্থিক এবং আউটপুট সম্পর্কিত বিস্তারিত তথ্য সংগ্রহ করা হয়েছে, যা খাতভিত্তিক অর্থনৈতিক কর্মকান্ড সম্পর্কে ত্রৈমাসিক-ভিত্তিক মূল্যবান তথ্য সরবরাহ করে। এই উদ্যোগটি স্বল্পমেয়াদি অর্থনৈতিক সূচকগুলোর গুণগত মান উল্লেখযোগ্যভাবে উন্নত করার উদ্দেশ্যে নেওয়া হয়েছে, যাতে অর্থনৈতিক প্রবণতাগুলো আরও নির্ভুল ও তাৎক্ষণিকভাবে বোঝা যায়। উন্নত তথ্য বিশ্লেষণ ও রিয়েল-টাইম পর্যবেক্ষণ ব্যবস্থা একত্রিত করার লক্ষ্য ছিল সামষ্টিক অর্থনৈতিক কার্যক্রম সম্পর্কে আরও সময়োপযোগী ও সঠিক ধারণা প্রদান করা। উপরোক্ত বিবরণ এবং সঠিক ও সময়োপযোগী ত্রৈমাসিক জাতীয় হিসাব (QNA)-এর ক্রমবর্ধমান চাহিদার আলোকে, এটি বলা সম্পূর্ণ যৌক্তিক যে এই সমীক্ষাটি অত্যন্ত প্রাসঙ্গিক এবং সময়োপযোগী।

quarterly economic data poses a significant challenge to accurately estimating quarterly Gross Domestic Product (QGDP). This data scarcity hampers timely and reliable assessments of short-term economic performance, which are crucial for informed policy-making and effective economic planning. To address this data gap, the BBS has initiated a comprehensive plan that involves conducting in-depth case studies of five distinct types of establishments engaged in the production of goods and services. These case studies aimed to gather detailed operational, financial, and output-related data at the establishment level, thereby providing valuable insights into sector-specific economic activities over a quarterly time frame. This initiative was designed to significantly improve the quality of short-term economic indicators, providing a more precise and more immediate understanding of economic trends. Integrating advanced data analytics and real-time monitoring systems aimed to offer more timely and accurate insights into macroeconomic performance. Given the above details and the growing demand for precise and timely quarterly national accounts (QNA), it was justified to say that this study was both highly relevant and well-timed.

# CHAPTER II: STUDY METHODOLOGY
# অধ্যায় ২: সমীক্ষা পদ্ধতি

# CHAPTER II: STUDY METHODOLOGY
# অধ্যায় ২: সমীক্ষা পদ্ধতি

এই অধ্যায়ে অত্র সমীক্ষায় ব্যবহৃত পদ্ধতির একটি বিস্তারিত বিবরণ উপস্থাপন করা হয়েছে। নমুনা চয়ন প্রক্রিয়া, তথ্য সংগ্রহে ব্যবহৃত উপকরণের বর্ণনা, এবং তথ্য প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণের পদ্ধতি এতে ব্যাখ্যা করা হয়েছে। সমীক্ষার ফলাফলের বৈধতা, নির্ভরযোগ্যতা ও যথার্থতা নিশ্চিত করার লক্ষ্যে পদ্ধতিগত প্রতিটি বিষয় সতর্কতার সাথে ডিজাইন করা হয়েছ। নমুনা চয়ন কৌশলের ওপর বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়েছে, কারণ এটি সম্ভাব্য নমুনায়ান ত্রুটি হ্রাস এবং সমীক্ষালব্ধ সমগ্রকের প্রতিনিধিত্ব নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। নির্বাচিত নমুনা পদ্ধতির যৌক্তিকতা এবং প্রতিষ্ঠান নির্বাচনের জন্য নির্ধারিত মানদণ্ডও এই অধ্যায়ে বিস্তারিতভাবে উপস্থাপিত হয়েছে। এছাড়া, সমীক্ষায় ব্যবহৃত সমীক্ষা উপকরণের গঠন, প্রাসঙ্গিকতা এবং সমীক্ষার উদ্দেশ্য পূরণে এর উপযুক্ততা এখানে আলোচনা করা হয়েছে। পরিশেষে, তথ্য সংগ্রহে অনুসৃত পদ্ধতিসমূহ বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে, যা গবেষণার প্রতিটি ধাপে সঙ্গতি ও নির্ভুলতা বজায় রাখার প্রক্রিয়া তুলে ধরে। সার্বিকভাবে, এই অধ্যায়টি গবেষণা কৌশল এবং পদ্ধতি সম্পর্কে একটি ধারণা প্রদান করে, যা ফলাফল বিশ্লেষণ ও তা থেকে যথাযথ সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হবে।

This chapter presents a detailed account of the methodology employed in the current study. It outlines the procedures for sample selection, describes the instruments and tools used for data collection, and explains the methods applied for data processing and analysis. Each methodological component was carefully designed to ensure the validity, reliability, and accuracy of the study findings. Particular emphasis was placesd on the sampling strategy, given its critical role in minimizing potential sampling errors and ensuring the representativeness of the study population. The justification for the chosen sampling method, along with the specific criteria employed to select the establishments, is also detailed herein. The chapter also discusses the development and implementation of the study instruments, including their structure, relevance, and suitability in addressing the study's objectives. Finally, the procedures followed during data collection are described in detail to demonstrate how consistency and accuracy were maintained throughout the study. In summary, this chapter serves as a foundation for understanding the study design and methods, which are vital for interpreting the results and drawing meaningful conclusions.

## ২.১ দলিলাদি পর্যালোচনা

এই সমীক্ষার প্রাথমিক ধাপ হিসাবে বিদ্যমান দলিলাদি, একাডেমিক গবেষণা প্রবন্ধ, পূর্ববর্তী গবেষণা প্রতিবেদন এবং অন্যান্য প্রাসঙ্গিক প্রকাশনার একটি বিস্তৃত পর্যালোচনা সম্পন্ন করা হয়েছে। এই প্রাথমিক পর্যায়টি একটি গুরুত্বপূর্ণ ভিত্তি হিসেবে কাজ করেছে, যাতে সমিক্ষাটি দক্ষতার সঙ্গে এবং একাডেমিক কঠোরতা বজায় রেখে পরিকল্পনা ও বাস্তবায়ন করা যায়। এই পর্যালোচনার প্রধান উদ্দেশ্য ছিল বিষয়বস্তুর সাথে সম্পর্কিত পরিসংখ্যানগত জ্ঞান ও পদ্ধতিগুলোর বর্তমান অবস্থা মূল্যায়ন করা, যার মাধ্যমে বিদ্যমান ঘাটতি ও সর্বোত্তম অনুশীলনগুলো চিহ্নিত করা যায়। পাশাপাশি, ২০০৮ এবং ২০২৫ এর জাতীয় হিসাব পদ্ধতি (২০০৮ এবং ২০২৫ এসএনএ) গভীরভাবে পর্যালোচনা করা হয়েছে, যাতে ম্যাক্রোইকোনমিক সূচক প্রস্তুতের জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত কাঠামো সম্পর্কে একটি পূর্ণাঙ্গ ধারণা গড়ে তোলা যায়। স্থূল মূল্য সংযোজন (জিভিএ) এবং সংশ্লিষ্ট অন্যান্য সামষ্টিক নির্দেশকের হিসাব-পদ্ধতির ওপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করা হয়েছে। এটি মানকৃত জাতীয় হিসাব নীতিমালার সাথে সামঞ্জস্যতা নিশ্চিত

## 2.1 Literature Review

A comprehensive review of existing literature, academic research articles, prior study reports, and other relevant publications was conducted as an initial step for this study. This initial phase served as a critical groundwork to ensure that the study was designed and implemented efficiently and with academic rigor. The primary objective of this review was to assess the current state of statistical knowledge and methodologies relevant to the subject matter, thereby identifying existing gaps and best practices. In parallel, an in-depth examination of the 2008 and 2025 System of National Accounts (2008 and 2025 SNA) was undertaken to develop a thorough understanding of the internationally accepted framework for compiling macroeconomic indicators. Particular attention was given to the methodology for calculating Gross Value Added (GVA) and other

করেছে এবং সমীক্ষার মাধ্যমে সংগৃহীত তথ্যের সঠিকতা ও প্রাসঙ্গিকতা বৃদ্ধি করেছে।

### ২.২ অংশীজনের সাথে পরামর্শ

সমীক্ষার যথার্থতা ও অন্তর্ভুক্তিতা নিশ্চিত করার লক্ষ্যে, প্রস্তুতিমূলক পর্যায়ে বিবিএস ধারাবাহিক পরামর্শমূলক কর্মশালার আয়োজন করেছে। কর্মশালাগুলো বিভিন্ন ক্ষেত্রের অংশীজন এবং বিষয়বস্তু বিশেষজ্ঞদের একত্রিত করেছে, যারা বিভিন্ন সময়ে একত্রিত হয়ে সমীক্ষার প্রশ্নমালা ও পদ্ধতিগত বিষয় নিয়ে বিস্তৃত আলোচনা করেছেন। অংশগ্রহণকারীদেরকে তাঁদের অভিজ্ঞতা, **ধারণা** ও মতামত শেয়ার করার জন্য উৎসাহিত করা হয়, ফলে বহুমাত্রিক দৃষ্টিভঙ্গি আলোচনায় উঠে আসে। এই কর্মশালা থেকে প্রাপ্ত গঠনমূলক মতামত ও সুপারিশসমূহ জরিপের উপকরণ ও পদ্ধতিগুলোর পরিমার্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ফলে, বিবিএস এমন একটি স্টাডি পদ্ধতি উদ্ভাবন করতে সক্ষম হয়েছে, যা মূল্যায়নযোগ্য সমগ্রকের চাহিদা ও বাস্তবতাকে যথাযথভাবে প্রতিফলিত করে এবং শেষ পর্যন্ত সমীক্ষার সফল সমাপ্তি নিশ্চিত করে।

### ২.৩ সমীক্ষা উপকরণ

নিম্নলিখিত সমীক্ষা উপকরণসমূহ সতর্কতারসাথে প্রস্তুতপূর্বক ব্যবহার করা হয়েছে।

- *সমীক্ষার উদ্দেশ্য অনুযায়ী প্রাসঙ্গিক ও বিস্তারিত তথ্য সংগ্রহের লক্ষ্যে আটটি সুসংগঠিত প্রশ্নপত্র প্রস্তুত করা হয়েছে। প্রশ্নপত্রে ক্লোজ-এন্ডেড এবং ওপেন-এন্ডেড উভয় প্রকার প্রশ্ন অন্তর্ভুক্ত ছিল, যা সমীক্ষার বিশ্লেষণকে সহজতর করে।*
- *তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজারগণের জন্য একটি বিস্তারিত প্রশিক্ষণ নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে। এই নির্দেশিকাটি সমীক্ষা পরিচালনার প্রোটোকল, নৈতিক দিকনির্দেশনা, এবং কার্যকর সাক্ষাৎকার গ্রহণের কৌশল স্পষ্টভাবে ব্যাখ্যা করেছে, যাতে তথ্য সংগ্রহে সঙ্গতি ও নির্ভুলতা নিশ্চিত করা যায়।*
- *একটি বিস্তৃত তালিকা কাঠামো প্রণয়ন করা হয়েছিল, যেখানে প্রতিষ্ঠানসমূহের নাম ও ঠিকানার পাশাপাশি কর্মসংস্থানের পরিমাণ এবং যোগাযোগের তথ্যসহ অন্যান্য প্রাসঙ্গিক বিবরণ অন্তর্ভুক্ত ছিল। এই তালিকাটি প্রতিনিধিত্বমূলক নমুনা চয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল।*

related aggregates. This enabled alignment with standardized national accounting principles and enhanced the accuracy and relevance of the data generated through the study.

### 2.2 Consultation with Stakeholders

To ensure both the accuracy and inclusivity of the study, the BBS conducted a series of consultation workshops during the preparatory phase. The workshops brought together stakeholders from diverse fields and subject matter experts, who convoked at different times to engage in comprehensive discussions concerning the study questionnaires and methodologies. Participants were encouraged to share their insights, experiences, and concerns, facilitating a diverse array of perspectives to be considered. The constructive feedback and recommendations gathered during these workshops proved instrumental in refining the survey instruments and methodologies. Consequently, the BBS was able to develop a study methodology that accurately reflects the needs and realities of the population it seeks to assess, ultimately enabling the successful completion of the study.

### 2.3 Study Instrument

The following study instruments were meticulously prepared and utilized for this comprehensive study:

- *Eight structured questionnaires were carefully designed to capture detailed and relevant data pertinent to the objectives of the study. This questionnaire included a mix of closed and open-ended questions to facilitate the study analysis.*
- *A comprehensive training manual was developed for enumerators and supervisors. This manual provided clear guidelines on studies protocols, ethical considerations, and effective interviewing techniques to ensure consistency and accuracy in data collection.*
- *An extensive list frame was prepared, which included not only the names and addresses but also additional pertinent details such as the employment size and contact information. This list was essential for ensuring a representative sample.*

## ২.৪ সমীক্ষার সমগ্রক

এই সমীক্ষায় ইতোপূর্বে উল্লিখিত পাঁচ ধরনের ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত ছিল, যেগুলো পণ্য বা সেবা উৎপাদনের সাথে জড়িত। প্রতিষ্ঠানের শ্রেণিবিন্যাসের জন্য ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন (আইএসআইসি), রিভিশন ৪ অনুসরণ করা হয়েছে। আইএসআইসি, রিভিশন ৪ ব্যবহারের মাধ্যমে অর্থনৈতিক কর্মকান্ডসমূহকে একটি মানসম্মত কাঠামোর আওতায় চিহ্নিত ও শ্রেণিবদ্ধ করা সম্ভব হয়েছে। এই শ্রেণিবিন্যাসই সমীক্ষার সমগ্রক নির্ধারণের ভিত্তি হিসেবে কাজ করেছে, যা সংগতিপূর্ণভাবে প্রতিষ্ঠান নির্বাচন, বিশ্লেষণ এবং শিল্পখাতের তুলনামূলক মূল্যায়নের সুযোগ সৃষ্টি করেছে।

## 2.4 Study Population

This study covered five distinct types of establishments, as mentioned earlier, involved in the production of either goods or services. The types of establishments were classified according to the International Standard Industrial Classification (ISIC), Revision 4. The use of ISIC, Rev. 4, ensured a standardized framework for identifying and categorizing economic activities across sectors. This classification formed the basis for defining the study population (or universe), allowing for consistent selection, analysis, and comparison of establishments within and across the designated industrial groups.

## ২.৫ নমুনায়ন কাঠামো

এই সমীক্ষার জন্য স্যাম্পলিং ফ্রেম গঠনে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক প্রকাশিত দুটি নির্ভরযোগ্য তথ্য উৎস ব্যবহার করা হয়েছে। প্রথমত, অর্থনৈতিক শুমারি ২০১৩, যা ৯ জন পর্যন্ত কর্মরত কর্মচারীসংবলিত প্রতিষ্ঠানের একটি বিস্তৃত তালিকা সরবরাহ করেছে। এটি বাংলাদেশের অর্থনৈতিক ইউনিটসমূহের অন্যতম বৃহৎ শুমারি এবং গবেষণা ও নীতিনির্ধারণে ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে থাকে। দ্বিতীয়ত, বিজনেস ডাইরেক্টরি ২০১৯, যেখানে ১০ জন বা তার বেশি কর্মচারীসংবলিত প্রতিষ্ঠানের একটি হালনাগাদ ও বিস্তারিত তালিকা অন্তর্ভুক্ত রয়েছে। বিবিএস কর্তৃক মাঠপর্যায়ে যাচাইয়ের ভিত্তিতে প্রস্তুতকৃত এই নির্দেশিকা মাঝারি ও বৃহৎ প্রতিষ্ঠানের নির্ভরযোগ্য উৎস হিসেবে বিবেচিত হয় এবং বিভিন্ন অর্থনৈতিক খাতের প্রতিষ্ঠান চিহ্নিত করতে সহায়তা করে। এই দুটি উৎসকে সমন্বয় করে, সমীক্ষায় ক্ষুদ্র থেকে বৃহৎ সব ধরনের প্রতিষ্ঠানের পূর্ণ কাভারেজ নিশ্চিত করা হয়েছে। এই পদ্ধতিটি একটি প্রতিনিধিত্বমূলক এবং স্তরীকৃত নমুনা অর্জনের জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ ছিল, যা কর্মসংস্থানের আকার অনুযায়ী অর্থবহ তুলনা এবং বিশ্লেষণ সম্ভব করেছে।

## 2.5 Sampling Frame

To construct the sampling frame for this study, two authoritative data sources published by the Bangladesh Bureau of Statistics (BBS) were utilized. The first source, the *Economic Census 2013*, provided a comprehensive list of establishments with an employment size of up to 9 persons. This census is one of the most extensive enumerations of economic entities in Bangladesh and is widely used for research and policy formulation. The second source, the *Business Directory 2019*, offered an updated and detailed listing of establishments employing 10 or more persons. This directory is based on field verification conducted by the BBS, and it serves as a reliable frame for identifying medium and larger establishments across various economic sectors. By combining these two sources, the study ensured full coverage of the target population across the entire spectrum of establishment sizes, from micro to larger enterprises. This approach was particularly important for achieving a representative and stratified sample, allowing for meaningful comparisons and analysis by employment size category.

## ২.৬ নমুনায়ন নকশা

নমুনায়ন পরিকল্পনা কোনো জরিপ বা গবেষণার একটি গুরুত্বপূর্ণ দিক, কারণ এটি নমুনা নির্বাচন করার পদ্ধতি নির্ধারণ করে। এতে নমুনা ফ্রেম এবং এর কভারেজ, নির্বাচনের সম্ভাবনা, নমুনা ইউনিট এবং নমুনার আকারের তথ্য অন্তর্ভুক্ত থাকে। প্রতিবেদন ব্যবহারকারীদের জন্য স্যাম্পলিং ডিজাইন বোঝা জরুরি যাতে তারা নিশ্চিত হতে পারেন যে জরিপ/সমীক্ষাটি প্রতিনিধিত্বমূলক এবং যথাযথ। নমুনায়ন নকশা, নমুনা আকার অর্থাৎ গবেষণার জন্য

## 2.6 Sampling Design

The sample design is a crucial aspect of any survey or study, as it outlines the methodology for selecting the samples. It includes information about the sampling frames and their coverage, the probability of selection, the sampling units, and the sample sizes. Understanding the sample design is essential for users of the report to ensure that the survey/study is representative and

ইউনিটের সংখ্যা নির্দিষ্ট করতে পারে। এই অংশে সমীক্ষায় ব্যবহৃত নমুনা ডিজাইনের বিস্তারিত বর্ণনা প্রদান করা হয়েছে, যা চারটি পৃথক অর্থনৈতিক কর্মকান্ডের উপর আলোকপাত করেছে: মুদ্রা বিনিময় সেবা, কুরিয়ার সেবা, খানার সেবায় নিয়োজিত অলাভজনক প্রতিষ্ঠান (এনপিআইএসএইচ), এবং শিল্পকলা ও বিনোদন খাত। নমুনায়ন পদ্ধতি অত্যন্ত সতর্কতার সাথে প্রস্তুত করা হয়েছে, যাতে বিভিন্ন খাতের প্রতিনিধিত্বমূলক কভারেজ, পরিসংখ্যানিক নির্ভরযোগ্যতা এবং তুলনীয়তা নিশ্চিত করা যায়। প্রতিটি কার্যক্রমের বিস্তারিত পদ্ধতি পরবর্তী উপ-অধ্যায়ে উপস্থাপিত হয়েছে, যেখানে নমুনা ফ্রেম, স্তরায়নের মানদণ্ড, নির্বাচন কৌশল এবং পরিসংখ্যানিক প্রাক্কলন পদ্ধতি বর্ণনা করা হয়েছে, যাতে শক্তিশালী ও অর্থবহ বিশ্লেষণ পাওয়া সম্ভব হয়। যে বিষয়টির উপর গুরুত্বারোপ করা জরুরী তা হলো, চারটি গবেষণার উদ্দেশ্য ছিল কাঙ্খিত প্যারামিটারসমূহের গড় মান এবং প্রতিষ্ঠানের সাধারণ বৈশিষ্ট্য নির্ণয় করা। এই বৈশিষ্ট্যসমূহের মধ্যে প্রধান সূচক ছিল স্থূল মূল্য সংযোজন (জিভিএ), মধ্যবর্তী ভোগ (আইসি), এবং কর্মসংস্থানের পরিমাণ। লক্ষ্য রাখা প্রয়োজন যে, সম্পূর্ণ খাতের মোট পরিমাণ প্রাক্কলন করা বা খাত সম্পর্কে কোন সিদ্ধান্ত গ্রহণ করা এই সমীক্ষার উদ্দেশ্য ছিল না। বরং, গুরুত্বপূর্ণ ছিল চারটি ভিন্ন অর্থনৈতিক কর্মকান্ডে নিয়োজিত চারটি পৃথক ধরনের প্রতিষ্ঠানের স্বতন্ত্র অর্থনৈতিক আচরণ ও বৈশিষ্ট্য অনুধাবন করা। তথাপিও, ফলাফলের নির্ভরযোগ্যতা ও প্রাসঙ্গিকতা নিশ্চিত করার জন্য একটি যথাযথ নমুনায়ন পদ্ধতি এ ক্ষেত্রে প্রয়োগ করা হয়েছে।

valid. A sample design may also specify the number of units to be studied i.e., the sample size. This section provides a comprehensive description of the sampling design employed in the study, which focuses on four distinct economic activities: money exchange services, courier services, non-profit institutions serving households (NPISHs), and the arts and entertainment sector. The sampling approach was carefully developed to ensure representative coverage, statistical reliability, and comparability across these diverse sectors. Detailed methodologies for each activity are presented in the subsequent subsections, outlining the sampling frames, stratification criteria, selection techniques, and estimation procedures used to obtain robust and meaningful insights. It is important to emphasize that the four studies were designed to estimate average value of desired parameters and typical characteristics of the establishments. These characteristics included key indicators such as Gross Value Added (GVA), Intermediate Consumption (IC), and employment size. It is to be noted that the objective of the study was not to estimate totals or make any inferences about the entire sector. Instead, the focus was on understanding the distinct economic behaviors and features of the four specific types of establishments engaged in four distinct economic activities. Nevertheless, a rigorous sampling methodology was applied to ensure the reliability and relevance of the findings.

### ২.৭ নমুনার স্তরায়ন

নমুনার স্ট্র্যাটিফিকেশন হলো একটি নমুনায়ন পদ্ধতি, যেখানে উদ্দিষ্ট সমগ্রককে নির্দিষ্ট, প্রাসঙ্গিক বৈশিষ্ট্যের ভিত্তিতে পৃথক এবং পরস্পর বিযুক্ত উপদলে বিভক্ত করা হয়। এই সমীক্ষায় উদ্দিষ্ট সমগ্রক-অর্থাৎ প্রতিষ্ঠানসমূহকে কর্মসংস্থানের আকারের ভিত্তিতে স্তরবিন্যাস করা হয়েছে। প্রতিটি স্ট্র্যাটামের মধ্যে স্বতন্ত্র দৈব চয়নের মাধ্যমে নমুনা নির্বাচন করা হয়েছে যাতে সকল কর্মসংস্থান আকারের শ্রেণীতে যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত করা যায়। এই স্ট্র্যাটিফাইড পদ্ধতি নমুনাগত পার্থক্য হ্রাস করে প্রাক্কলনের নির্ভুলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করে। কুরিয়ার পরিষেবা, মানি চেঞ্জার, শিল্প ও বিনোদন, এবং অলাভজনক প্রতিষ্ঠানের উপর পরিচালিত জরিপের প্রেক্ষাপট বিবেচনায় নিয়ে, আমরা প্রতিষ্ঠানসমূহকে এর কর্মসংস্থানের আকারের ভিত্তিতে স্তরায়িত করেছি যেখানে একটি স্তরে অন্তর্ভুক্ত হয়েছে ১০ জনের কম কর্মচারীসংবলিত প্রতিষ্ঠানসমূহ এবং অপর স্তরে ১০ জন বা ততোধিক কর্মচারীসংবলিত প্রতিষ্ঠানসমূহ। বিভিন্ন কারণে এই পদ্ধতিটি

### 2.7 Stratification of Samples

Stratification of samples is a sampling technique in which the target population is divided into distinct, non-overlapping subgroups, or strata, based on specific, relevant characteristics. In this study, the target population—establishments—was stratified according to employment size. Within each stratum, independent random samples were drawn to ensure adequate representation across all employment size categories. This stratified sampling approach enhances precision and reliability of the estimates by reducing sampling variability within homogeneous subgroups. In the context of our study on courier services, money changers, art and entertainment, and nonprofit institutions, we had chosen to stratify the establishments based on a simple employment size threshold—those

আমাদের কাছে ব্যবহারিক দিক থেকে কার্যকর, তেমনি বিশ্লেষণাত্মক দিক থেকেও যুক্তিসংগত বলে মনে হয়েছে। প্রতিষ্ঠানসমূহকে "ছোট," "মাঝারি," এবং "বড়" এই প্রচলিত স্তরবিন্যাসের মাধ্যমে শ্রেণিবদ্ধ করার বিষয়টি বিবেচনা করা হয়েছিল, তবে নিম্নোক্ত কারণগুলোর জন্য এটিকে শেষ পর্যন্ত অনুপযুক্ত বলে মনে করা হয়েছে। সমীক্ষার উদ্দিষ্ট সমগ্রকে অধিকাংশ প্রতিষ্ঠান তুলনামূলকভাবে ছোট ছিল। যেসব শিল্পখাতে কর্মসংস্থানের পরিসর বিস্তৃত, সেগুলোর তুলনায় এই প্রতিষ্ঠানসমূহে অনেক কর্মচারী নিয়ে পরিচালিত বড় প্রতিষ্ঠান ছিলনা। ফলস্বরূপ, প্রথাগত স্তরবিন্যাস যেমন "ছোট," "মাঝারি," এবং "বড়" এখানে প্রাসঙ্গিক ছিল না এবং এক্ষত্রে প্রায়শই স্ট্র্যাটামগুলো শূন্য নমুনা নিয়ে গঠিত হত। অতএব, কর্মসংস্থানের আকারের ভিত্তিতে দুই স্তরের বিভাজন (১০ এর কম কর্মী বনাম ১০ বা তার বেশি) গ্রহণ করা হয় যাতে নমুনা চয়ন প্রক্রিয়ায় স্পষ্টতা এবং কার্যকারিতা বৃদ্ধি পায়। এই পদ্ধতি নমুনা ডিজাইনকে সরল করেছে, প্রশাসনিক ভার হ্রাস করেছে এবং সম্পদের অধিকতর কার্যকর বন্টন নিশ্চিত করেছে-যা বিশেষ করে বিভিন্ন উপশাখা নিয়ে কাজ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। উপসংহারে বলা যায় যে, সরল কর্মসংস্থান সীমারেখার ব্যবহার সমীক্ষাধীন প্রতিষ্ঠানগুলোর বিশেষ বৈশিষ্ট্যের সঙ্গে খাপ খাওয়ানো একটি পদ্ধতিগতভাবে দৃঢ় ও ব্যবহারিক কাঠামো প্রদান করেছে।

with below 10 employees and those with 10 or more employees. This approach seemed to be both practical and analytically sound for several reasons. A traditional stratification into "small," "medium," and "large" establishments was considered but ultimately deemed unsuitable for the following reasons. Most of the establishments included in the target population for these studies were relatively small. Unlike industries that feature a wide range of employment sizes, these establishments typically lacked large-scale employers with substantial numbers of staff. As a result, traditional stratification categories such as "small," "medium," and "large" were not meaningful in this context and often led to empty strata. As a result, a two-tier stratification based on employment size (fewer than 10 employees vs. 10 or more) was adopted to enhance clarity and efficiency in the sampling process. This approach simplified the sampling design, reduces administrative burden, and enabled more effective resource allocation—particularly important when addressing a diverse range of subsectors. In conclusion, it can be stated that using a straightforward employment threshold offers a methodologically robust and practical framework, effectively tailored to the specific characteristics of the establishments under study.

## ২.৮ নমুনার আকার নির্ধারণ

যেকোনো জরিপ বা সমিক্ষার ডিজাইনে সঠিক নমুনা আকার নির্ধারণ একটি গুরুত্বপূর্ণ ধাপ, কারণ এটি সরাসরি ফলাফলের নির্ভরযোগ্যতা এবং বৈধতাকে প্রভাবিত করে। গবেষকদের সহায়তার জন্য বিভিন্ন কার্যকর পদ্ধতি এবং পরিসংখ্যানিক সূত্র রয়েছে যাতে বিভিন্ন নিয়ামকের ভিত্তিতে যেমন কাঙ্খিত কনফিডেন্স লেভেল, ভুলের মাত্রা এবং সমগ্রকের ভেদাঙ্ক বিবেচনা করে যথাযথ নমুনা আকার নির্ণয় করা সম্ভব। এই ক্ষেত্রে, নিম্নলিখিত সূত্র চার ধরনের প্রতিষ্ঠানের জন্য নমুনা আকার নির্ণয় করত ব্যবহৃত হয়েছে:

$$n = \frac{z^2pqN}{e^2(N-1)+z^2pq}$$

যেখানে,

N = ১৭১৩ (কুরিয়ার সেবা প্রদানকারী প্রতিষ্ঠান)

N = ২৬৮ (মুদ্রা বিনিময়কারী প্রতিষ্ঠান)

N = ১০০১৯ (শিল্প ও বিনোদন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান)

N =২৬৯১৪২ (খানায় সেবা প্রদানকারী অ-লাভজনক প্রতিষ্ঠানসমূহ)

n = নমুনা আকার

z = ৯৫% কনফিডেন্স লেভেলে স্ট্যান্ডার্ড ভ্যারিয়েটের মান = ১.৯৬

## 2.8 Determination of Sample Size

Determining the right sample size is a critical step in the design of any survey or study, as it directly impacts the reliability and validity of the results. Several robust methods and statistical formulas are available to help researchers to calculate the appropriate sample size based on various factors, including the desired confidence level, margin of error, and population variability. In this particular case, the following formula was used to calculate the sample size for each four types of establishments:

$$n = \frac{z^2pqN}{e^2(N-1)+z^2pq}$$

Where,

N = 1713 (courier service providers)

N = 268 (money changers)

N = 10019 (Art and entertainment service providers)

N = 269142 (NPISHs)

n = Sample size

z = Standard normal variate at 95% confidence level = 1.96

e = গ্রহণযোগ্য ত্রুটি = ০.০৮
p = কোনো বৈশিষ্ট্যের উপস্থিতির অনুপাত = ০.৫
q = বৈশিষ্ট্যের অনুপস্থিতির অনুপাত = ০.৫

উপরোক্ত সূত্র ব্যবহার করে, প্রতিটি ক্ষেত্রের প্রাক্কলিত নমুনা আকার নিম্নরূপ ছিল: কুরিয়ার সেবা প্রদানকারী- ১৩৮, মুদ্রা বিনিময়কারী- ৯৬, শিল্পকলা ও বিনোদন খাত-১৪৮, এবং খানার সেবায় নিয়োজিত অলাভজনক প্রতিষ্ঠান (এনপিআইএসএইচ)- ১৫০। এই সমীক্ষায় উপ-গোষ্ঠীর জন্য একটি আনুপাতিক স্তরীভূত নমুনা পদ্ধতি ব্যবহার করা হয়েছে। প্রোপোরশনাল স্ট্র্যাটিফায়েড স্যাম্পলিং সাধারণত এমন একটি ডিজাইন ইফেক্ট প্রদান করে যা একের কাছাকাছি বা তার চেয়েও কম, কারণ এটি সাধারণ র‍্যান্ডম স্যাম্পলিংয়ের তুলনায় ভ্যারিয়েন্স হ্রাসের প্রবনতা দেখায়। প্রতিষ্ঠানের প্রকৃতি ও নমুনা নকশার কাঠামো বিবেচনায় নিয়ে, ডিজাইন ইফেক্টের প্রভাব ন্যূনতম হবে বলে যুক্তিসঙ্গতভাবে অনুমান করা হয় এবং সেই অনুযায়ী, নমুনার আকার নির্ধারণের সময় ডিজাইন ইফেক্ট অন্তর্ভুক্ত করা হয়নি।

e = Acceptable error = 0.08
p = Proportion of presence of an attribute = 0.5
q = Proportion of absence of an attribute = 0.5

Using the aforementioned formula, the estimated sample sizes for each types of establishment were as follows: courier service providers 138, money changers 96, the arts and entertainment service providers 148, and non-profit institutions serving households (NPISHs) 150. This study employed a proportional stratified sampling approach for sub-groups. Proportional stratified sampling generally results in a design effect close to or less than one, as it tends to reduce variance relative to simple random sampling. Considering the nature of the establishments and the structure of the sampling design, it was deemed reasonable to assume a minimal impact of design effect and accordingly, the design effect was not incorporated into the sample size calculations.

## ২.৯ বণ্টন পদ্ধতি

প্রতিটি সমীক্ষার ক্ষেত্রে প্রয়োজনীয় নমুনা আকার নির্ধারণের পর- অর্থাৎ কুরিয়ার সেবা, মুদ্রা বিনিময়কারী, শিল্পকলা ও বিনোদন, এবং এনপিআইএসএইচ-মোট নমুনাকে সংশ্লিষ্ট ক্ষেত্রের উপদলের মধ্যে সমগ্রকের আপেক্ষিক আকার অনুযায়ী অনুপাতিকহারে ভাগ করা হয়েছে। এই স্তরবিন্যাসকৃত বরাদ্দ নিশ্চিত করে যে প্রতিটি উপদল তার প্রকৃত সমগ্রকের অংশ অনুযায়ী প্রতিনিধিত্ব পায়।

যেখানে কোনো উপদলের সমগ্রকের আকার খুব ছোট ছিল, সেখানে একটি পূর্ণগণনা পদ্ধতি প্রয়োগ করা হয়। এই পদ্ধতিতে, উপদলের সকল ইউনিট সমীক্ষায় অন্তর্ভুক্ত করা হয়, যাতে সম্পূর্ণ কভারেজ নিশ্চিত করা যায় এবং কম প্রতিনিধিত্বের ঝুঁকি বিদূরিত হয়। এছাড়াও, কোনো উপদলের জন্য যেখানে হিসাবকৃত নমুনা আকার ৩০ এর কম ছিল, সেখানে নমুনার আকার সর্বনিম্ন ৩০ এ উন্নীত করা হয়। এই সমন্বয় প্রচলিত পরিসংখ্যানিক অনুশীলনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ, কারণ ৩০ বা তার বেশি নমুনা আকার সাধারণত সেন্ট্রাল লিমিট থিওরেম (সিএলটি) আরোপের জন্য পর্যাপ্ত ধরা হয়। পরিসংখ্যানিক বৈধতা অধিকতর শক্তিশালী করতে এবং নির্বাচন পক্ষপাত হ্রাস করতে, প্রতিটি উপদলের মধ্যে চূড়ান্ত নমুনা ইউনিট বাছাই করার জন্য সিম্পল র‍্যান্ডাম স্যাম্পলিং (এসআরএস) প্রয়োগ করা হয়েছে। এই পদ্ধতি নিশ্চিত করে যে নমুনা ফ্রেমের প্রতিটি ইউনিটের নির্বাচনের সম্ভাবনা সমান, ফলে নমুনার প্রতিনিধিত্ব এবং ফলাফলের সার্বজনীনতা বৃদ্ধি পায়।

## 2.9 Allocation Method

Following the determination of the required sample sizes for each study area namely, courier services, money changers, arts and entertainment, and NIPISH—the total sample was proportionally allocated across the respective subgroups within each domain based on the relative population sizes. This stratified allocation ensured that each subgroup was represented in accordance with its actual share of the population.

In cases where the population size of a subgroup was very small, a census approach was employed. Under this method, all units within the subgroup were included in the study to ensure complete coverage and mitigate the risk of underrepresentation. Additionally, for any subgroup where the calculated sample size was less than 30, the sample was adjusted upward to a minimum of 30 observations. This adjustment aligns with conventional statistical practice, as a sample size of 30 or more is generally considered adequate to invoke the Central Limit Theorem (CLT). To further strengthen the statistical validity and minimize selection bias, simple random sampling (SRS) was applied to select the ultimate sampling units (USUs) within each subgroup. This method ensured that every unit in

ছোট উপদলের জন্য পূর্ণগণনা পদ্ধতি এবং বড় উপদলের জন্য এসআরএস এর সম্মিলিত প্রয়োগ এমন একটি নমুনা কাঠামো প্রদান করেছে, যা পরিসংখ্যানগতভাবে দৃঢ় এবং পরিচালনযোগ্য। এই বহুমুখী নমুনা ডিজাইন সকল উপদলে অনুপাতিক প্রতিনিধিত্ব নিশ্চিত করেছে, পরিসংখ্যানিক উপসংহারের নীতি রক্ষা করেছে, এবং সমীক্ষার সামগ্রিক উদ্দেশ্যের সাথে সঙ্গতি রক্ষা করছে।

the sampling frame had an equal probability of selection, thereby enhancing the representativeness of the sample and the generalizability of the results. The combined application of census enumeration for small subgroups and SRS for larger ones provided a sampling framework that was both statistically robust and operationally feasible. This multi-pronged sampling design ensured proportional representation across all subgroups, upheld the principles of statistical inference, and aligned with the overall objectives of the study.

উপরের বর্ণিত মানদন্ড অনুযায়ী মূল নমুনাগুলোর পুনঃবণ্টন সম্পন্ন করার পর, নমুনার আকার যথাক্রমে কুরিয়ার সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের বিপরীতে ১৩৮টি, মানি চেঞ্জার প্রতিষ্ঠানের বিপরীতে ৯৬, শিল্প ও বিনোদন প্রদানকারী প্রতিষ্ঠানের বিপরীতে ৩২৮টি এবং খানায় সেবা প্রদানকারী অ-লাভজনক প্রতিষ্ঠানের (NPISHs) বিপরীতে ৪৮০ টিনির্ধারণ করা হয়েছে।

Following the reallocation of the original samples in accordance with the criteria outlined above, the estimated sample sizes were determined to be 138 for courier service providers, 96 for money changer establishments, 328 for the arts and entertainment service providers and 480 for non-profit institutions serving households (NPISHs).

## Table 2.1: Population and Sample Size

| Category of establishments | ISIC Code | Description | Population size of establishments | | | Original sample size of establishments | | | Reallocation of sample | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | TEP 10 and above | TEP less than 10 | Total | TEP 10 and above | TEP less than 10 | Total | TEP 10 and above | TEP less than 10 | Total |
| Courier service provider | 5320 | Private establishments that deliver packages, documents, goods, etc. quickly and safely to the destination | 75 | 1638 | 1713 | 6.04 | 131.96 | 138.00 | 30 | 108 | 138 |
| Money changer | 6493 | Establishments whose business is the exchange of coins or currency of one country for that of another. | 28 | 240 | 268 | 10.03 | 85.97 | 96 | 28 | 68 | 96 |
| Arts and entertainment | 9000 | Creative, arts and entertainment activities | 16 | 547 | 563 | 0.24 | 8.08 | 8.32 | 16 | 30 | 46 |
| | 9101 | Library and archives activities | 18 | 7133 | 7151 | 0.27 | 105.37 | 105.64 | 18 | 87 | 105 |
| | 9102 | Museums activities and operation of historical sites and buildings | 18 | 27 | 45 | 0.27 | 0.40 | 0.67 | 18 | 27 | 45 |
| | 9103 | Botanical and zoological gardens and nature reserves activities | 3 | 22 | 25 | 0.04 | 0.32 | 0.36 | 3 | 22 | 25 |
| | 9312 | Activities of sports clubs | 127 | 2050 | 2177 | 1.88 | 30.28 | 32.16 | 30 | 30 | 60 |
| | 9321 | Activities of amusement parks and theme parks | 41 | 17 | 58 | 0.61 | 0.25 | 0.86 | 30 | 17 | 47 |
| **Total:** | | | **223** | **9796** | **10019** | **3.29** | **144.7** | **148** | **115** | **213** | **328** |
| NPISH | 8730 | Residential care activities for the elderly and disabled | 9 | 30 | 39 | 0.01 | 0.02 | 0.03 | 9 | 30 | 39 |
| | 9412 | Activities of professional membership organization | 65 | 280 | 345 | 0.04 | 0.16 | 0.2 | 30 | 30 | 60 |

| Category of establishments | ISIC Code | Description | Population size of establishments | | | Original sample size of establishments | | | Reallocation of sample | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | TEP 10 and above | TEP less than 10 | Total | TEP 10 and above | TEP less than 10 | Total | TEP 10 and above | TEP less than 10 | Total |
| | 9420 | Activities of trade union | 128 | 927 | 1055 | 0.07 | 0.52 | 0.59 | 30 | 30 | 60 |
| | 9491 | Activities of religious organization | 120 | 255148 | 255268 | 0.07 | 142.20 | 142.27 | 30 | 102 | 142 |
| | 9492 | Activities of political organization | 29 | 1987 | 2016 | 0.02 | 1.11 | 1.13 | 29 | 30 | 59 |
| | 9493 | Activities of other non-government and non-profit organization | 3462 | 525 | 3987 | 1.93 | 0.29 | 2.22 | 30 | 30 | 60 |
| | 9499 | Activities of other membership organizations, n.e.c | 287 | 6145 | 6432 | 0.16 | 3.42 | 3.58 | 30 | 30 | 60 |
| **Total:** | | | **4100** | **265042** | **269142** | **2.29** | **147.71** | **150** | **188** | **282** | **480** |
| **Grand total:** | | | **4426** | **276716** | **281142** | **21.65** | **510.34** | **532** | **361** | **671** | **1042** |

## ২.১১ প্রশ্নপত্রের নকশায়ন

নির্বাচিত উত্তরদাতার কাছ থেকে তথ্য সংগ্রহের উদ্দেশ্যে একটি কাঠামোবদ্ধ প্রশ্নপত্র মৌলিক সমীক্ষা উপকরণ হিসেবে যথাযথ পদ্ধতিতে প্রস্তুত করা হয়েছে। প্রশ্নপত্রের সঠিকতা, নির্ভরযোগ্যতা এবং সামগ্রিক কার্যকারিতা নিশ্চিত করার জন্য নকশা প্রক্রিয়াটি একাধিক ধাপে সম্পন্ন করা হয়ছে। নিম্নে নকশা ও পরিমার্জনার ধাপসমূহের একটি সারসংক্ষেপ প্রদান করা হলো, যেখানে প্রযুক্তিগত দিকগুলোকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে:

### (ক) প্রশ্নপত্রের প্রাথমিক খসড়া প্রস্তুত এবং উন্নয়ন

প্রশ্নপত্র নকশায়নের পদ্ধতির প্রথম ধাপে অভ্যন্তরীণ ওয়ার্কিং গ্রুপ কর্তৃক একটি প্রাথমিক খসড়া প্রশ্নপত্র প্রস্তুত করা হয়। এই গ্রুপে বিষয় ভিত্তিক বিশেষজ্ঞ, জরিপ পদ্ধতিবিদ, এবং মাঠ পর্যায়ের কর্মীরা অন্তর্ভুক্ত ছিলেন যাতে প্রশ্নপত্রটি সমীক্ষার সকল প্রাসঙ্গিক উদ্দেশ্য পূরণ করে এবং বাস্তবায়নের দিক থেকেও কার্যকর হয়। এই পর্যায়ে নিম্নের মূল বিষয়সমূহ বিবেচনায় নেওয়া হয়:

| | | |
|---|---|---|
| বিষয়বস্তুর বৈধতা | : | সমীক্ষার প্রশ্নপত্রের সকল দিকসমূহ যথাযথভাবে অন্তর্ভুক্ত করার বিষয়টি নিশ্চিত করা |
| স্পষ্টতা ও সরলতা | : | অভিষ্ট সমগ্রকের জন্য ভাষার সরলতা, নির্ভুলতা ও বোধগম্যতা নিশ্চিতকরণ |
| প্রশ্নপত্রের বিন্যাস | : | প্রশ্নের ধরণ ও প্রশ্নপত্রের বিন্যাস নির্ধারণ |

## 2.11 Questionnaire Design

For the purpose of gathering data from selected respondents, a structured questionnaire was methodically developed as the primary study instrument. The design process involved multiple stages to ensure the questionnaire's validity, reliability, and overall effectiveness. Below is an outline of the design and refinement stages with an emphasis on technical inputs:

### (a) Initial Drafting and Development of questionnaire

The first step in the questionnaire design process involved the creation of an initial draft of questionnaires by an internal working group. This group comprised subject matter experts, survey methodologists, and field staff to ensure that the questionnaire would address all relevant study objectives while being feasible for implementation. During this stage, key considerations included:

| | | |
|---|---|---|
| Content Validity | : | Ensuring that all relevant aspects of the study question were covered |
| Clarity and Simplicity | : | Ensuring that the language used was straightforward, precise, and understand-dable for the target population. |
| Questionnaire Format | : | Deciding on the types of questions and the layout of the questionnaire |

**(খ) বিশেষজ্ঞ কর্মশালার মাধ্যমে পর্যালোচনা ও পরিমার্জন**

প্রাথমিক খসড়ার পর, প্রশ্নপত্রটি একটি বিশেষজ্ঞ কর্মশালায় পর্যালোচনার জন্য উপস্থাপন করা হয়। এই যৌথ পর্যালোচনা সভায় অংশগ্রহণকারীদের মতামত অন্তর্ভুক্ত করা হয়। বিশেষজ্ঞদের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত বিষয়ে গুরুত্বপূর্ণ পরিমার্জন করা হয়:

| | | |
|---|---|---|
| পারিভাষাগত পরিমার্জন | : | জটিল পারিভাষাগত শব্দসমূহকে সরল করার এবং উদ্দিষ্ট উত্তরদাতার উপযোগী করার জন্য পরামর্শ প্রদান করা হয়। |
| প্রশ্নপত্রের গঠন | : | প্রশ্নপত্রের স্পষ্টতা বৃদ্ধি, পক্ষপাত হ্রাস এবং প্রশ্নাবলীর যৌক্তিক প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে প্রশ্ন কাঠামোতে পরিমার্জন আনা হয়। |

**(গ) প্রিটেস্ট**

প্রিটেস্ট পর্যায়টি প্রকৃত তথ্য সংগ্রহের সময় উদ্ভব হতে পারে এরূপ সম্ভাব্য সমস্যা চিহ্নিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রিটেস্টের জন্য একটি ছোট দল নির্বাচন করা হয়। এই প্রিটেস্টটি কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় মূল্যায়নের উদ্দেশ্যে পরিচালিত হয়:

| | | |
|---|---|---|
| প্রশ্নের কাঠামো ও পারিভাষাগত উপযোগিতা | : | প্রিটেস্টের লক্ষ্য ছিল প্রশ্নগুলো স্পষ্ট, পক্ষপাতহীন এবং সহজবোধ্য ভাষায় উপস্থাপিত হয়েছে কি না তা মূল্যায়ন করা। এতে অন্তর্ভুক্ত ছিল প্রযুক্তিগত শব্দাবলীর যথোপযুক্ততা যাচাই এবং জটিল ধারণাসমূহ সহজ ভাষায় ব্যাখ্যায়িত হয়েছে কি না তা নিশ্চিত করা। |
| সময় ব্যবহারের দক্ষতা | : | প্রিটেস্টের সময় মূল্যায়ন করা হয় যে, উত্তরদাতারা প্রশ্নপত্রটি সম্পূর্ণ করতে কতটা সময় নিচ্ছেন। সময় দক্ষতা পরিমাপ করা হয় যাতে নিশ্চিত করা যায় যে, প্রশ্নপত্র অত্যধিক বোঝাসরূপ না হয় এবং গড় উত্তর প্রদানের সময় প্রত্যাশিত সময়সীমার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয়। এটি সমীক্ষার আগ্রগতির গতি নির্ধারণে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে সাক্ষাৎকারগ্রহণকারীর দ্বারা সমীক্ষার কার্যপ্রবাহ পরিচালনার সক্ষমতা মূল্যায়নেও সহায়ক ছিল। |

**(b) Review and Refinement through Expert Workshop**

Following the initial draft, the questionnaire was subjected to an expert workshop. This collaborative review session included feedback from stakeholders. Key refinements were made based on expert feedback regarding:

| | | |
|---|---|---|
| Terminology Refinement | : | Suggestions were made to adjust or simplify complex terminology and ensure it was appropriate for the target respondents. |
| Question Structure | : | Adjustments were made to question formatting to improve clarity, reduce bias, and ensure the logical flow of the questionnaire. |

**(c) Pretesting**

The pretest phase was critical for identifying potential issues that could arise during actual data collection. A small group of respondents was chosen for pretesting. The pretest was designed to assess several key features:

| | | |
|---|---|---|
| Suitability of Structure and Terminology | : | The pretest aimed to evaluate whether the questions were phrased in a clear, neutral, and easily understandable manner. This included assessing the appropriateness of technical language and ensuring that complex concepts were explained in simple terms. |
| Time Efficiency | : | During pretesting it was assessed that how much time it took for respondents to complete the questionnaire. Time efficiency was measured to ensure that the questionnaire was not overly burdensome, and that the average completion time aligned with expectations. This also helped determine the pacing of the study and the interviewer's ability to manage the study flow within a given timeframe. |

| | | | | |
|---|---|---|---|---|
| উত্তরদাতার বোধগম্যতা ও সদিচ্ছা | প্রিটেস্টের ফলাফল বিশ্লেষণ করে উত্তরদাতা প্রশ্নপত্র কতটা বুঝতে পেরেছেন এবং সেগুলোর প্রতি তাঁদের সদিচ্ছা কেমন, তা মূল্যায়ন করা হয়। এতে অন্তর্ভুক্ত ছিল প্রতিটি প্রশ্ন কিভাবে উত্তরদাতা ব্যাখ্যা করছেন, সম্ভাব্য বিভ্রান্তি বা ভুল ব্যাখ্যা চিহ্নিতকরণ, এবং অংশগ্রহণ-কারীরা আন্তরিক ও সুচিন্তিত উত্তর দেওয়ার বিষয়ে কতটা আগ্রহী ছিলেন, তা মূল্যায়ন করা।" | Respondent Understanding and Willingness | : | Pretest results were analyzed to evaluate respondents' ability and willingness to comprehend the questions. This included measuring how respondents interpreted each question, identifying any potential confusion or misinterpretation, and assessing the willingness of participants to provide thoughtful and honest answers. |
| পরিমাণগত ব্যাপ্তি এবং পরিমাপের বৈধতা | প্রিটেস্টের সময় পরিমাণগত চলকের জন্য উপযুক্ত পরিসর ও স্কেল নির্ধারণের চেষ্টা করা হয়েছে। | Quantitative Range and Measurement Validity | | During pretesting, efforts were made to identify the appropriate range and scale for quantitative variables. |
| প্রশ্নের যৌক্তিক প্রবাহ ও ক্রমবিন্যাস | প্রিটেস্টের আরেকটি উদ্দেশ্য ছিল প্রশ্নের যৌক্তিক প্রবাহ মূল্যায়ন করা। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ এর মাধ্যমে এমন কোনো সম্ভাব্য বিন্যাসগত সমস্যা চিহ্নিত করা যায় যেখানে প্রশ্নগুলো স্বাভাবিক বা বোধগম্য ক্রম অনুযায়ী উপস্থাপিত না হয়ে থাকতে পারে, অথবা কিছু প্রশ্ন পরবর্তী উত্তরের উপর প্রভাব ফেলতে পারে। এই ধাপটি নিশ্চিত করে যে, প্রশ্নের প্রবাহ যেন দুর্বলভাবে সাজানো প্রশ্নের কারণে বিঘ্নিত না হয়। | Logical Flow and Sequence of Questions | : | The pretest also aimed to evaluate the logical progression of the questionnaire. It was critical to identify any potential sequencing problems where questions may not follow a natural or intuitive order, or where certain questions might bias subsequent responses. This step helped ensure that the flow of the study questionnaire was not disrupted by poorly ordered items. |
| মাঠপর্যায়ের চ্যালেঞ্জ সম্পর্কে পূর্বাভাস ও প্রস্তুতি | প্রকৃত সমীক্ষা পরিচালনার সময় সম্ভাব্য পরিচালন সমস্যাসমূহ চিহ্নিত করতেও প্রিটেস্ট সহায়ক ছিল। এর মধ্যে ছিল ডেটা এন্ট্রি সিস্টেমের (যেমন: সমীক্ষা সফটওয়্যার, ট্যাবলেট) কার্যকারিতা পরীক্ষা, প্রশ্নপত্রের অস্পষ্টতা শনাক্ত করা, এবং এমন সব লজিস্টিক সমস্যা নির্ণয় করা যা তথ্যের গুণগত মানকে প্রভাবিত করতে পারে। এছাড়াও, প্রিটেস্টে অংশগ্রহণকারীদের থেকে তাদের অভিজ্ঞতা লব্ধ জ্ঞান সংগ্রহ করা হয়েছে, যা জরিপ প্রক্রিয়ার সম্ভাব্য সংশোধনের বিষয়ে মূল্যবান তথ্যপ্রদান করেছে। | Anticipation of Fieldwork Challenges | : | The pretest phase also helped to identify potential operational issues that could arise during the actual study. This included testing the functionality of data entry systems (e.g., survey software, tablets), detecting ambiguities in the questionnaire, and pinpointing any logistical problems that could affect data quality. Additionally, feedback from pretest respondents was gathered regarding their experience with the study, which provided insights into potential adjustments to the study process. |

### (ঘ) চূড়ান্ত পরিমার্জন

প্রিটেস্টের পর প্রাপ্ত সকল মতামত সমন্বয় করে প্রশ্নপত্রের প্রয়োজনীয় পরিমার্জন করা হয়েছে। এর মধ্যে ছিল প্রশ্নের ভাষা পরিবর্তন, প্রশ্নের গঠন পুনর্বিন্যাস, উত্তরের বিকল্পসমূহ সংশোধন, এবং সমীক্ষা পরিচালনার সময়সীমা বস্তুনিষ্ঠ রাখার বিষয়টি নিশ্চিত করা। প্রিটেস্টে প্রশ্ন বোঝার ক্ষেত্রে অথবা সমীক্ষার প্রবাহে যে সমস্যা চিহ্নিত হয়, তা দূর করে সর্বোচ্চ স্পষ্টতা এবং পক্ষপাতহীনতা নিশ্চিত করার চেষ্টা করা হয়েছে।

সবশেষে, পুনরাবৃত্তিমূলক প্রক্রিয়ায় প্রশ্নপত্র তৈরি, বিশেষজ্ঞ পর্যালোচনা এবং প্রিটেস্ট নিশ্চিত করে যে, প্রশ্নপত্রটি কেবল পদ্ধতিগতভাবেই উন্নত নয়, বরং মাঠপর্যায়ে তথ্য সংগ্রহের জন্যও যথাযথ। এরপর মূল সমীক্ষা পরিচালনার জন্য প্রশ্নপত্রের চূড়ান্ত সংস্করণ প্রস্তুত করা হয়।

### (d) Final Refinements

After the pretest, all feedback was consolidated, and necessary refinements were made to the questionnaire. This included modifying question wording, adjusting the structure of questions, revising response categories, and ensuring that the survey duration was manageable. Any issues identified during the pretest regarding the understanding of questions or study flow was addressed to maximize clarity and minimize bias.

In conclusion, the iterative process of questionnaire drafting, expert review, and pretesting ensured that the questionnaire was not only methodologically sound but also practical for field data collection. The final version of the questionnaire was then ready for deployment in the actual survey operation.

## ২.১২ তথ্য সংগ্রহকারী প্রশিক্ষণ নির্দেশিকা

সমীক্ষার জন্য একটি ব্যাপক ও কার্যকর প্রশিক্ষণ নির্দেশিকা প্রস্তুত করা হয়েছে, যার মধ্যে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজাগণের জন্য বিস্তারিত তথ্য সংগ্রহের নির্দেশনা অন্তর্ভুক্ত ছিল। নির্দেশিকাটিতে প্রশ্নপত্রে ব্যবহৃত মূল ধারণাসমূহ, কার্যকর সংজ্ঞা এবং শ্রেণিবিন্যাস পদ্ধতি নিয়ে স্পষ্ট ও ধারাবাহিক ব্যাখ্যা প্রদান করা হয়। এতে ধাপে ধাপে তথ্য সংগ্রহের মানসম্পন্নের পদ্ধতি উপস্থাপন করা হয়, যাতে পদ্ধতিগত সামঞ্জস্য বজায় থাকে এবং সাক্ষাৎকার গ্রহণকারীদের পক্ষপাত এড়ানো যায়। উত্তরদাতার সঙ্গে সম্পর্ক স্থাপনের ওপরও নির্দেশিকাটিতে আরও গুরুত্বারোপ করা হয়, যা তথ্যের গুণগত মান ও রিস্পন্স হার বৃদ্ধিতে সহায়ক হয়। এতে বিভিন্ন জনগোষ্ঠীর সাথে কাজ করার জন্য নির্দিষ্ট যোগাযোগ কৌশল এবং নৈতিক দিকনির্দেশনাও অন্তর্ভুক্ত করা হয়। তথ্য সংগ্রহকারী এবং সুপারভাইজারদের দায়িত্ব ও ভূমিকা স্পষ্টভাবে নির্ধারণ করা হয়, যার মধ্যে রয়েছে প্রটোকল মেনে চলা, মান নিয়ন্ত্রণ পদ্ধতি, মাঠ পর্যবেক্ষণ কৌশল এবং সমস্যা সমাধানের প্রক্রিয়া। এই কাঠামোগত পদ্ধতির মাধ্যমে সমীক্ষার উদ্দেশ্য ও পদ্ধতিগত মানের সাথে সামঞ্জস্য রেখে নির্ভরযোগ্য, সঠিক ও উচ্চমানের তথ্য সংগ্রহ নিশ্চিত করা হয়।

## 2.12 Training Manual for Data Collector

A comprehensive and practical training manual, accompanied by detailed data collection guidelines for both enumerators and supervisors, was developed to support the study. The manual provided a clear and systematic explanation of the key concepts, operational definitions, and classification schemes employed in the study questionnaire. It outlined standardized data collection procedures in a step-by-step format, ensuring methodological consistency and minimizing interviewer bias. The manual also emphasized the importance of establishing rapport with respondents to enhance data quality and response rates. It included specific communication strategies and ethical considerations for engaging with diverse populations. Furthermore, the roles and responsibilities of enumerators and supervisors were explicitly defined, covering aspects such as adherence to protocols, quality control mechanisms, field supervision techniques, and troubleshooting procedures. This structured approach ensured the collection of accurate, reliable, and high-quality data aligned with the study’s objectives and methodological standards.

## ২.১৩ মাঠপর্যায়ে তথ্য সংগ্রহ

তথ্য সংগ্রহ হলো বিভিন্ন গুরুত্বপূর্ণ চলকের উপর তথ্য আহরণের একটি প্রক্রিয়া। এটি সমীক্ষার অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ, কারণ সংগৃহীত তথ্যের যথার্থতা ও নির্ভরযোগ্যতা সরাসরি সমীক্ষার ফলাফলের বৈধতাকে প্রভাবিত করে। যদি তথ্য সংগ্রহে ভুল বা অসতর্কতা থাকে, তাহলে তা এই সমীক্ষার বিশ্বাসযোগ্যতাকে ক্ষতিগ্রস্ত করতে পারে এবং বিভ্রান্তিকর সিদ্ধান্তের অবতারণা করতে পারে। সমীক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য পূরণের সাফল্য অনেকাংশেই নির্ভর করে প্রাপ্ত তথ্যের গুণমানের ওপর-বিশেষ করে যখন প্রশ্নপত্রটি মূল উপকরণ হিসেবে ব্যবহৃত হয়। মাঠপর্যায়ে উচ্চমানের তথ্য সংগ্রহ নিশ্চিত করার জন্য নিম্নের পদ্ধতি ও কৌশলসমূহ অনুসরণ করা হয়েছে:

- *বিবিএস-এর অভিজ্ঞ কর্মীদের মাঠপর্যায়ে তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত করা হয়েছে;*
- *তথ্য সংগ্রহকারীদেরকে পূর্ণাঙ্গ ও ব্যাপক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;*
- *প্রশিক্ষণে সমীক্ষার লক্ষ্য, উদ্দেশ্য, পরিসর, পদ্ধতি, কৌশল এবং ব্যবহৃত উপকরণসমূহ বিস্তারিতভাবে উপস্থাপন করা হয়েছে;*
- *বিবিএস-এর জ্যেষ্ঠ কর্মকর্তাগণ মাঠপর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম তদারকি ও পর্যবেক্ষণের জন্য নিযুক্ত ছিলেন;*
- *তথ্য সংগ্রহকারীগণ একটি মানসম্মত ও কাঠামোবদ্ধ প্রশ্নপত্র ব্যবহার করে সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে তথ্য সংগ্রহ করেছেন।*

## ২.১৪ তথ্য প্রক্রিয়াকরণ ও যাচাই

পূরণকৃত সকল প্রশ্নপত্রের তথ্য বিস্তারিতভাবে যাচাই, সম্পাদনা এবং কোডিং করা হয়। এই সম্পূর্ণ প্রক্রিয়াটি একজন দক্ষ প্রোগ্রামারের সরাসরি তত্ত্বাবধানে সম্পন্ন হয়, যিনি উপযুক্ত সফটওয়্যার ব্যবহার করে একটি কার্যকর তথ্য প্রক্রিয়াকরণ কাঠামো তৈরি করেন। প্রাথমিক ডেটাবেস তৈরি হওয়ার পর, তথ্যের নিবিড় যাচাই ও অভ্যন্তরীণ সামঞ্জস্য পরীক্ষা করা হয়। এছাড়াও, সকল পরিসংখ্যানিক সারণি এসপিএসএস এবং অন্যান্য উপযোগী সফটওয়্যার প্রোগ্রামের সাহায্যে প্রস্তুত করা হয়।

## 2.13 Data Collection at Field Level

Data collection is the process of gathering information on various variables of interest. It is a critical component of any study, as the accuracy and reliability of the data collected directly influence the validity of the results. Inaccurate or poorly collected data can compromise the integrity of a study and lead to misleading conclusions. The success of a study's goals and objectives largely depends on the quality of the data obtained—particularly when using questionnaires as a primary tool. To ensure high-quality data collection at the field level, the following methods and techniques were implemented:

- *Experienced staff members of the BBS were engaged in field-level data collection;*
- *Data collectors received thorough and comprehensive training;*
- *The training covered the study's goals, objectives, scope, methodology, approach, and instruments in detail;*
- *Senior BBS personnel were deployed to supervise and monitor data collection activities in the field;*
- *Data collectors conducted in-person interviews using a standardized and structured questionnaire.*

## 2.14 Data Processing and Validation

All completed questionnaires were thoroughly debugged, edited, and coded. The entire process was carried out under the careful supervision of a skilled programmer, who also designed an appropriate data processing framework using suitable software tools. Once the initial database was created, the data underwent rigorous validation and internal consistency checks. Additionally, all statistical tables were generated using SPSS and other relevant software programs.

## ২.১৫ সমীক্ষা ফলাফলের নির্ভরযোগ্যতা

এই সমীক্ষাটি বাংলাদেশের প্রেক্ষাপটে প্রথমবারের মতো পরিচালিত হয়েছে। ফলে, এর ফলাফল পূর্ববর্তী কোনো সমীক্ষা বা জরিপ ফলাফলের সঙ্গে সরাসরি তুলনা করা সম্ভব হয়নি। তবে, সমীক্ষাটিতে পরিসংখ্যানিক পদ্ধতি এবং সতর্কতার সাথে প্রস্তুতকৃত সম্ভাবনাভিত্তিক নমুনা কাঠামো ব্যবহার করা হয়েছে। একটি জ্ঞাত ও অ-শূন্য সম্ভাবনাযুক্ত ডিজাইনের মাধ্যমে উত্তরদাতা নির্বাচন করা হয়েছে, যা নমুনার প্রতিনিধিত্ব ও উদ্দিষ্ট সমগ্রকের জন্য সাধারণীকরণের সক্ষমতা নিশ্চিত করে। সমীক্ষার নকশা ও বাস্তবায়নের প্রতিটি ধাপে প্রয়োগকৃত পদ্ধতিগত কঠোরতার বিবেচনায়, এই সমীক্ষার ফলাফল যথেষ্ট বিশ্বাসযোগ্য, নির্ভরযোগ্য এবং অভ্যন্তরীণভাবে সামঞ্জস্যপূর্ণ বলে প্রতিপন্ন হয়।

## 2.15 Reliability of the Study Findings

This study represents the first of its kind conducted in Bangladesh. As such, its findings could not be directly compared with those from any prior studies or surveys. However, the study employed rigorous statistical methodologies and a carefully constructed probability-based sampling framework. Respondents were selected using a known, non-zero probability design, ensuring the sample's representativeness and generalizability to the target population. Given the methodological rigor applied throughout the study design and implementation, the findings' credibility, reliability, and internal validity are well substantiated.

# CHAPTER III: CONCEPTS AND DEFINITIONS
# অধ্যায় ৩: ধারণা এবং সংজ্ঞা

# CHAPTER III: CONCEPTS AND DEFINITIONS

## অধ্যায় ৩: ধারণা এবং সংজ্ঞা

সমীক্ষার পুরো প্রক্রিয়ার সামঞ্জস্যতা এবং স্বচ্ছতা নিশ্চিত করার জন্য এতে ব্যবহৃত মৌলিক ধারণা, সংজ্ঞা এবং শ্রেণীবিভাগ সম্পর্কে স্বচ্ছ ধারণা থাকা অপরিহার্য। এই অধ্যায়ে প্রতিবেদনে ব্যবহৃত মূল পরিভাষা এবং শ্রেণীবিভাগের একটি বিস্তৃত ব্যাখ্যা প্রদান করা হয়েছে, যাতে পাঠক সহজেই সমীক্ষার মূল উপাদানগুলি উপলব্ধি করতে পারেন। এই মৌলিক ধারণাগুলি তুলে ধরার মাধ্যমে, আমরা পরবর্তী সেকশনসমূহে গৃহীত পদ্ধতি, তথ্যগুলির ব্যাখ্যা এবং সিদ্ধান্তসমূহ সম্পর্কে আরও ভাল ধারণা গড়ে তুলতে পারি।

A clear understanding of the fundamental concepts, definitions, and classifications used is essential to ensure consistency and transparency throughout the study process. This chapter provides a comprehensive clarification of the key terminologies and classifications used in this report, ensuring that the reader can easily grasp the core elements of the study. By laying out these foundational ideas, we can foster a better understanding of the methodologies, data interpretation, and conclusions drawn in subsequent sections.

এই সমীক্ষায় ব্যবহৃত সংজ্ঞাগুলি ২০০৮ এবং ২০২৫ সালের জাতীয় হিসাব পদ্ধতি (SNA)-তে বর্ণিত সংজ্ঞাগুলির সাথে ঘনিষ্ঠভাবে সামঞ্জস্যপূর্ণ, যা জাতীয় অর্থনৈতিক পরিসংখ্যান সংকলনের জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত মান হিসেবে কাজ করে। ২০০৮ সালের SNA বিভিন্ন ডেটাসেটের মধ্যে অভিন্নতা এবং তুলনা নিশ্চিত করার জন্য একটি গুরুত্বপূর্ণ রেফারেন্স। অতএব, এ অধ্যায়টি শুধুমাত্র এই সমীক্ষায় ব্যবহৃত নির্দিষ্ট পরিভাষাগুলোর স্পষ্টতা প্রদান করে না, বরং অর্থনৈতিক তথ্য প্রতিবেদনে বৈশ্বিক মানদণ্ডের সঙ্গে সামঞ্জস্য বজায় রাখার গুরুত্বও তুলে ধরে।

The definitions presented in this survey align closely with those outlined in the 2008 and 2025 System of National Accounts (SNA), which serves as the internationally recognized standard for compiling national economic statistics. The 2008 SNA is a vital reference for ensuring uniformity and comparability across different datasets. Thus, this chapter will not only offer clarity on the specific terminology used in this study but will also highlight the importance of maintaining consistency with global standards in economic data reporting.

প্রতিটি ধারণা, সংজ্ঞা ও শ্রেণিবিন্যাসের সুনির্দিষ্ট অর্থ বিশ্লেষণের মাধ্যমে, আমরা সমীক্ষার ফলাফলের নির্ভুলতা ও কার্যকারিতা বৃদ্ধি করার চেষ্টা করেছি, যা বিশ্লেষণ ও ব্যাখ্যাকে আরও তথ্যভিত্তিক করে তুলেছে। এর ফলে পাঠকরা জরিপ পদ্ধতির ভিত্তি হিসেবে থাকা কারিগরি দিকগুলো সম্পর্কে সুস্পষ্ট ধারণা নিয়ে প্রতিবেদনটি অনুধাবন করতে পারবন।

By delving into the precise meaning of each concept, definition, and classification, we aimed to enhance the accuracy and utility of the study findings, allowing for more informed analysis and interpretation. This ensures that readers can approach the report with a solid understanding of the technical foundations that underpin the survey methodology.

### ৩.১ মূল ধারণা ও সংজ্ঞাসমূহ

**এসএনএ** (SNA): জাতীয় হিসাব পদ্ধতি (System of National Accounts - SNA) হলো একটি বিস্তৃত ও সমন্বিত কাঠামো, যা সামষ্টিক অর্থনৈতিক হিসাব, ব্যালেন্স শিট এবং সারণির সমন্বয়ে গঠিত। এটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত ধারণা, সংজ্ঞা, শ্রেণিবিন্যাস এবং হিসাবের মানদণ্ডের উপর ভিত্তি করে তৈরি, যা বিভিন্ন অর্থনীতির মধ্যে ধারাবাহিকতা ও সামঞ্জস্যতা নিশ্চিত করে।

### 3.1 Key Concepts and Definitions

SNA: The System of National Accounts (SNA) is a comprehensive and integrated framework of macroeconomic accounts, balance sheets, and tables. It is built upon a set of internationally recognized concepts, definitions, classifications, and accounting standards, ensuring consistency and comparability across economies.

**স্থূল দেশজ উৎপাদ** (GDP): স্থূল দেশজ উৎপাদ বা জিডিপি হলো একটি নির্দিষ্ট সময়ের (সাধারণত এক বছর) মধ্যে একটি দেশের ভৌগোলিক সীমার মধ্যে উৎপাদিত সকল চূড়ান্ত পণ্য ও সেবার মোট আর্থিক মূল্য। এটি দেশের সামগ্রিক অর্থনৈতিক কার্যকলাপের একটি পূর্ণাঙ্গ পরিমাপ হিসেবে বিবেচিত হয়, যা সেই দেশের অর্থনৈতিক স্বচ্ছলতা ও কর্মদক্ষতার প্রতিফলন ঘটায়।

**আউটপুট** (Output): আউটপুট বলতে একটি প্রতিষ্ঠানের মধ্যে উৎপাদিত সেই সকল পণ্য ও সেবাকে বোঝানো হয়, যা বাহ্যিক ব্যবহারের জন্য সহজলভ্য হয়, সেইসঙ্গে যেসব পণ্য ও সেবা প্রতিষ্ঠানটি নিজের চূড়ান্ত ব্যবহারের জন্য উৎপাদন করে।

**উৎপাদন** (Production): উৎপাদন বলতে একটি প্রাতিষ্ঠানিক এককের ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণে পরিচালিত সেই প্রক্রিয়াকে বোঝায়, যেখানে শ্রম, মূলধন, এবং পণ্য বা সেবার মতো বিভিন্ন উপাদান ব্যবহার করে পণ্য বা সেবা তৈরি করা হয়। এটি এমন একটি প্রক্রিয়া, যেখানে কাঁচামাল বা বিদ্যমান সম্পদকে রূপান্তরিত করে এমন পণ্য বা সেবা তৈরি করা হয়, যা বিতরণ বা ভোগের জন্য উপযোগী হয়।

**মধ্যবর্তী ভোগ:** মধ্যবর্তী ভোগ বলতে বোঝানো হয় সেই পণ্য ও সেবার মূল্য, যেগুলি ব্যবসা প্রতিষ্ঠানসমূহ অন্যান্য পণ্য ও সেবা উৎপাদনের জন্য ব্যবহার করে। এগুলি এমন ইনপুট যা উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত বা রূপান্তরিত হয় এবং চূড়ান্ত পণ্যের সরাসরি অংশ হয় না যা ভোক্তাদের কাছে বিক্রি করা হয়। মধ্যবর্তী ভোগ বাদ দিলে আমরা জিডিপি (GDP) হিসাবের সময় দ্বৈত গণনা এড়াতে পারি। শুধুমাত্র চূড়ান্ত ভোগই একটি দেশের অর্থনীতির বাজারমূল্যে অবদান রাখে।

**মূল্য সংযোজন:** মূল্য সংযোজন হলো পণ্য ও সেবার উৎপাদনের প্রতিটি ধাপে সৃষ্ট অতিরিক্ত মূল্য। উৎপাদনের মোট মূল্যের থেকে মধ্যবর্তী ভোগ্য সামগ্রীর মূল্য বাদ দিলে যে মূল্য পাওয়া যায়, সেটিই হলো মূল্য সংযোজন।

**ভোগ ব্যয়:** ভোগ ব্যয় বলতে বোঝায় পণ্য ও পরিষেবার চূড়ান্ত ব্যবহার, যা খানা, অ-লাভজনক সংস্থা (NPISH), এবং সাধারণ সরকারের দ্বারা হয়ে থাকে।

**স্থির মূলধন ব্যয়:** স্থির মূলধন ব্যয় বা অবচয় হলো উৎপাদনের সময়কালে ব্যবহৃত স্থায়ী সম্পদের ব্যবহার জনিত মূল্যহ্রাস।

**নিয়োজিত জনবলের আকার:** নিয়োজিত জনবলের আকার বলতে একটি প্রতিষ্ঠান, ব্যবসা বা অর্থনীতিতে কাজ করা কর্মচারীদের সংখ্যাকে বোঝানো হয়। এটি একটি কোম্পানির

**Gross Domestic Product (GDP):** GDP refers to the total monetary value of all final goods and services produced within a country's borders over a specified time period, typically one year. It serves as a comprehensive measure of a nation's overall economic activity, reflecting the economic health and performance of the country.

**Output:** Output refers to the goods and services produced within an establishment that are made available for external use, in addition to any goods and services produced for the establishment's own final use.

**Production:** Production refers to the process conducted under the management and control of an institutional unit, where various inputs—such as labor, capital, and goods or services—are utilized to generate outputs in the form of goods or services. It involves transforming raw materials or existing resources into products or services that can be distributed or consumed.

**Intermediate consumption:** Intermediate consumption refers to the value of goods and services used by businesses in the production of other goods and services. These are inputs that are consumed or transformed during the production process and are not directly part of the final product that is sold to consumers. Excluding intermediate consumption, we avoid double counting in GDP calculations. Only final consumption contributes to the market value of a country's economy.

**Value added:** Value added is the additional value that originates from every stage of production of goods and services. Value of output minus value of intermediate consumption equals value added.

**Consumption:** Consumption means final use of goods and services by household, NPISH and General Government.

**Consumption of fixed capital:** Consumption of fixed capital or depreciation is the cost of fixed assets used up in production in the accounting period.

**Employment size:** Employment size refers to the number of employees working in an organization, business, or economy. It can be used to describe

পরিসর বা একটি দেশের বা খাতের মোট কর্মশক্তির পরিমাণ বর্ণনা করতে ব্যবহৃত হয়ে থাকে।

**অবৈতনিক পারিবারিক কর্মী:** প্রতিষ্ঠানের মালিকের পরিবারের সদস্য যারা প্রতিষ্ঠানে কাজ করেন, কিন্তু কোনো মজুরি বা বেতন পান না। নির্ধারিত পারিশ্রমিক ছাড়া পরিবারের সদস্যরা অন্যান্য নগদ এবং অ-নগদ সুবিধা পেতে পারেন।

**কর্মচারীদের পারিশ্রমিক:** কর্মচারীদের পারিশ্রমিক হলো, কর্মীদের কাজের বিনিময়ে নিয়োগকর্তাগণ কতৃক কর্মচারীদেরকে নগদ বা অ-নগদে প্রদত্ত মোট মজুরি ও বেতন। নিয়োগকর্তাদের পক্ষ থেকে কর্মচারী বা অবসরপ্রাপ্ত কর্মচারী ও তাদের পরিবারের কাছে সরাসরি সামাজিক সহায়তা যেমন: অসুস্থতার জন্য অর্থ প্রদান, শিক্ষাগত অনুদান, পেনশন ইত্যাদি, যা আলাদা কোনো তহবিল গঠনের মাধ্যমে হয় না, সেগুলোও কর্মচারীদের পারিশ্রমিকের অন্তর্ভুক্ত বলে ধরা হয়।

**প্রতিষ্ঠান:** প্রতিষ্ঠান হলো একটি এন্টারপ্রাইজ বা একটি এন্টারপ্রাইজের অংশ যা একক স্থানে অবস্থিত এবং যেখানে শুধুমাত্র একটি (অ-সহায়ক) উৎপাদন কার্যক্রম পরিচালিত হয় বা যেখানে প্রধান উৎপাদন কার্যক্রম অধিকাংশ মূল্য সংযোজনের অংশীদার হয়।

**স্থির সম্পদ:** স্থির সম্পদ হল উৎপাদিত সম্পদ যা বারবার বা ধারাবাহিকভাবে উৎপাদনের প্রক্রিয়ায় এক বছরের বেশি সময় ব্যবহৃত হয়।

**স্থুল স্থির মূলধন গঠন:** একটি প্রতিষ্ঠানের স্থুল স্থির মূলধন গঠন প্রধানত তার নতুন বা বিদ্যমান স্থায়ী সম্পদের অধিগ্রহণের (অর্জনের) মূল্য থেকে বিক্রয়ের (পরিত্যাগের) মূল্য বাদ দিয়ে নির্ধারিত হয়।

**শিল্প, বিনোদনমূলক কার্যকলাপ:** এই কার্যকলাপগুলি এমন একটি বিস্তৃত ক্ষেত্রকে বোঝায় যা ব্যক্তিদেরকে অবসর, সৃজনশীলতা ও বিনোদন সংশ্লিষ্ট কার্যক্রমে নিযুক্ত করে।

**লাইব্রেরি কার্যক্রম:** লাইব্রেরি কার্যক্রম হলো বিভিন্ন প্রকাশিত তথ্যসম্পদ যেমন বই, জার্নাল, সংবাদপত্র, মাল্টিমিডিয়া এবং ডিজিটাল উপকরণের সংরক্ষণ, ব্যবস্থাপনা এবং সেগুলিতে প্রবেশাধিকার প্রদান করা।

**আর্কাইভ কার্যক্রম:** আর্কাইভ কার্যক্রম হলো ঐতিহাসিক, আইনগত বা প্রশাসনিক গুরুত্বপূর্ণ নথিপত্র এবং দলিল সংরক্ষণ এবং সেগুলোর প্রবেশাধিকার নিশ্চিত করার কাজ। সাধারণত এই নথিপত্রগুলি প্রকাশিত হয় না এবং অদ্বিতীয় বা অনন্য হয়। আর্কাইভগুলো দীর্ঘমেয়াদি ব্যবহার এবং গবেষণার উদ্দেশ্যে মূল, প্রায়শই ঐতিহাসিক, নথিপত্র সংরক্ষণ করে।

the scale of a company or the overall workforce of a country or sector.

**Unpaid family workers:** Members of the family of the owners who work in the establishments, but are not paid any wages and salaries. Unpaid family workers may receive other cash and non-cash benefits.

**Compensation of employees:** Compensation of employees is the total remuneration in cash or in-kind payable by employers to employees for the work done. Direct social transfers from employers to their employees or retired employees and their family such as payments for sickness, educational grants, and pensions without setting up an independent fund are also imputed to compensation of employees.

**Establishment:** An establishment is an enterprise or a part of an enterprise that is situated in a single location and in which only a single (non-ancillary) productive activity is carried out or in which the principal productive activity accounts for most of the value added.

**Fixed assets:** Fixed assets are defined as produced assets that are used repeatedly or continuously in the process of production for more than one year.

**Gross Fixed Capital Formation (GFCF):** The gross fixed capital formation of an establishment is measured largely by the value of its acquisition less disposals of new or existing fixed assets.

**Arts, Recreation, and Entertainment Activities:** These activities refer to a broad range of activities and experiences that engage individuals in leisure, creativity, and enjoyment.

**Library Activities:** Library activities involve the preservation, management, and provision of access to a wide range of published information resources such as books, journals, newspapers, multimedia, and digital materials.

**Archive Activities:** Archive activities focus on preserving and providing access to records and documents of historical, legal, or administrative importance, usually unpublished and unique. Archives preserve original, often historical, documents for long-term access and scholarly use.

**জুলজিক্যাল গার্ডেন:** জুলজিক্যাল গার্ডেন, যা সাধারণভাবে চিড়িয়াখানা নামে পরিচিত, একটি প্রতিষ্ঠান যেখানে প্রাণীদের রাখা হয়, যত্ন নেওয়া হয় এবং জনসাধারণের প্রদর্শনের জন্য ব্যবস্থা করা হয়। এই প্রাণীদেরকে প্রায়ই এমন একটি ঘেরের মধ্যে রাখা হয়, যা তাদের প্রাকৃতিক আবাসস্থলের অনুরূপ পরিবেশ তৈরি করে।

**উদ্ভিদ উদ্যান:** উদ্ভিদ উদ্যান একটি বিশেষভাবে নকশা করা এবং রক্ষণাবেক্ষণ করা স্থান, যেখানে বৈজ্ঞানিক গবেষণা, সংরক্ষণ, শিক্ষা এবং জনসাধারণের উপভোগের উদ্দেশ্যে বৈচিত্র্যময় উদ্ভিদের চাষ করা হয়ে থাকে।

**মিউজিয়াম:** মিউজিয়াম হলো একটি প্রতিষ্ঠান যা ঐতিহাসিক, সাংস্কৃতিক, শৈল্পিক অথবা বৈজ্ঞানিক গুরুত্বসম্পন্ন বস্তু সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা এবং প্রদর্শন করে। মিউজিয়াম সাধারণত জনসাধারণের জন্য উন্মুক্ত থাকে এবং এটি শিক্ষামূলক, সাংস্কৃতিক ও বিনোদনমূলক উদ্দেশ্যে ব্যবহৃত হয় । মিউজিয়াম হতে পারে ফিজক্যাল স্পেস, ভার্চুয়াল প্ল্যাটফর্ম, অথবা এই দুয়ের সমন্বয়। মিউজিয়ামের লক্ষ্য হলো মানুষের জ্ঞান ও সৃজনশীলতা সম্পর্কে জনসাধারণের জ্ঞানকে আরও সমৃদ্ধ করা।

**ঐতিহাসিক স্থান:** ঐতিহাসিক স্থানগুলো হলো এমন সব স্থান যা অতীতের গুরুত্বপূর্ণ ঘটনা, সাংস্কৃতিক ঐতিহ্য অথবা স্থাপত্যিক মূল্যবোধের কারণে বিশেষ গুরুত্ব বহন করে। এই স্থানগুলো প্রায়ই কোনো জাতি, সম্প্রদায় বা সভ্যতার ইতিহাস, ঐতিহ্য এবং অর্জনের প্রতিফলন ঘটায়। এসব স্থান সংরক্ষিত ও প্রায়শই সুরক্ষিত রাখা হয়, কারণ এগুলো অতীতকে জানার ধারণা প্রদান করে এবং শিক্ষা, পর্যটন ও জাতীয় পরিচয়ের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**পার্ক:** পার্ক হলো একটি নির্দিষ্ট এলাকা যা জনসাধারণের বিনোদন ও আনন্দ প্রদানের উদ্দেশ্যে সাধারণত সরকার বা কোনো কমুনিটি দ্বারা রক্ষণাবেক্ষণ করা হয়। পার্কে সাধারণত গাছপালা, ঘাস, জলাধার ইত্যাদি প্রাকৃতিক উপাদান থাকে এবং পাশাপাশি খেলাধুলার মাঠ, হাঁটার পথ, পিকনিকের স্থান, শৌচাগার ইত্যাদি মানুষের তৈরি বিভিন্ন সুবিধাও থাকতে পারে। মূলত, পার্ক হলো এমন একটি স্থান যেখানে মানুষ বিশ্রাম নিতে পারে, খেলাধুলা করতে পারে, প্রকৃতির সঙ্গে সংযোগ স্থাপন করতে পারে এবং একটি সমাজ হিসেবে একত্রিত হতে পারে।

**থিম পার্ক:** থিম পার্ক হলো একটি বৃহৎ বিনোদন এলাকা, যেখানে বিভিন্ন আকর্ষণ এবং রাইডগুলো একটি নির্দিষ্ট থিম বা একাধিক থিমের উপর ভিত্তি করে তৈরি করা হয়। এসব পার্কে সাধারণত রোলার কোস্টার, জল-ভিত্তিক রাইড, লাইভ শো, খাবারের দোকান, পণ্য বিক্রির স্টল এবং সিনেমা, সংস্কৃতি, বা কল্পনার জগৎ দ্বারা অনুপ্রাণিত থিমযুক্ত পরিবেশ থাকে। একটি সাধারণ অ্যামিউজমেন্ট পার্কের তুলনায় একটি থিম পার্কের মূল বৈশিষ্ট্য

**Zoological garden:** Zoological Garden commonly known as a zoo is a facility where animals are kept, cared for, and displayed to the public. These animals are often housed in enclosures that simulate their natural habitats.

**Botanical garden:** A botanical garden is a specially designed and maintained space where a wide variety of plants are grown for scientific research, conservation, education, and public enjoyment.

**Museum:** A museum is an institution that collects, preserves, researches, and exhibits objects of historical, cultural, artistic, or scientific importance. Museums are typically open to the public and serve educational, cultural, and recreational purposes. Museums can be physical spaces, virtual platforms, or a combination of both. Their aim is to deepen public appreciation of human knowledge and creativity.

**Historical places:** Historical places are locations that have significant importance due to past events, cultural heritage, or architectural value. These places often reflect the history, traditions, and achievements of a community, nation, or civilization. These sites are preserved and often protected because they offer insight into the past and are valuable for education, tourism, and national identity.

**Park:** A park is a designated area of land, often maintained by a government or community that is set aside for public recreation, and enjoyment. Parks typically feature natural elements such as trees, grass, and water bodies, and may also include man-made facilities like playgrounds, walking trails, picnic areas, and restrooms. In essence, a park is a place where people can relax, play, connect with nature, and gather as a community.

**Theme Park:** A theme park is a large area designed for entertainment, where different attractions and rides are based around a specific theme or set of themes. These parks often include roller coasters, water rides, live shows, food and merchandise outlets, and themed environments inspired by movies, cultures, or fantasy worlds.

হলো—এই পার্কের বিভিন্ন অংশ বা আকর্ষণের মধ্যে একটি সঙ্গাতিপূর্ণ থিম বজায় থাকে।

The key feature that distinguishes a theme park from a regular amusement park is the cohesive theming across areas or attractions.

**খানাসমূকে সেবা প্রদানকারী অলাভজনক প্রতিষ্ঠান (NPISH):** NPISH হল অ-বাজার, অলাভজনক প্রতিষ্ঠান যারা খানাসমুহকে বিনামূল্যে বা অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ নয় এমন দামে পণ্য বা পরিষেবা প্রদান করে এবং সরকার দ্বারা নিয়ন্ত্রিত হয় না।

**Non-profit institutions serving households (NPISHs):** NPISHs are non-market, non-profit entities that provide goods or services to households for free or at prices not economically significant, and are not controlled by government.

**কুরিয়ার সার্ভিস:** কুরিয়ার সার্ভিস হল এমন একটি কোম্পানি বা সংস্থা যা এক স্থান থেকে অন্য স্থানে প্যাকেজ, নথি বা পণ্য দ্রুত এবং নিরাপদ সরবরাহে বিশেষজ্ঞ। কুরিয়ার পরিষেবাগুলি প্রায়শই সময়-সংবেদনশীল চালান, গুরুত্বপূর্ণ নথি বা মূল্যবান জিনিসপত্রের জন্য ব্যবহৃত হয় এবং স্থানীয়ভাবে, জাতীয়ভাবে বা আন্তর্জাতিকভাবে পরিচালিত হতে পারে।

**Courier service:** A courier service is a company or organization that specializes in the fast and secure delivery of packages, documents, or goods from one location to another. Courier services are often used for time-sensitive shipments, important documents, or valuable items and may operate locally, nationally, or internationally.

**মানি এক্সচেঞ্জ:** মানি এক্সচেঞ্জ কোম্পানি, যাকে মুদ্রা বিনিময় কোম্পানিও বলা হয়, এমন একটি ব্যবসা যা ব্যক্তিদের বা প্রতিষ্ঠানের জন্য এক মুদ্রাকে অন্য মুদ্রায় রূপান্তর করার ক্ষেত্রে বিশেষজ্ঞ। এই কোম্পানিগুলো আন্তর্জাতিক ভ্রমণ, বাণিজ্য এবং বিনিয়োগকে সহজ করে তোলে, কারণ সাধারণত একটি নির্দিষ্ট ফি বা ইন্টারব্যাংক রেটের উপরে একটি মার্জিন নিয়ে তারা গ্রাহকদের বাজারভিত্তিক বিনিময় হারে বিদেশি মুদ্রা ক্রয় ও বিক্রয়ের সুবিধা দেয়। মানি এক্সচেঞ্জ কোম্পানিগুলো সাধারণত একটি জাতীয় আর্থিক কর্তৃপক্ষ দ্বারা নিয়ন্ত্রিত হয়, যাতে অর্থপাচার, জালিয়াতি এবং সন্ত্রাসে অর্থায়নের মতো অপরাধ প্রতিরোধ করা যায়।

**Money exchange:** A money exchange company, also known as a currency exchange company, is a business that specializes in converting one currency into another for individuals or organizations. These companies facilitate international travel, trade, and investment by allowing customers to buy and sell foreign currencies at market-based exchange rates, usually for a fee or margin over the interbank rate. Money exchange companies are typically regulated by a national financial authority to prevent money laundering, fraud, and terrorist financing.

# CHAPTER IV: COURIER SERVICE PROVIDERS
# অধ্যায় ৪: কুরিয়ার সেবা প্রদানকারী প্রতিষ্ঠান

# CHAPTER IV: COURIER SERVICE PROVIDERS

## অধ্যায় ৪: কুরিয়ার সেবা প্রদানকারী প্রতিষ্ঠান

এই অধ্যায়ে কুরিয়ার সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের একটি বিস্তৃত বিশ্লেষণ উপস্থাপন করা হয়েছে। এখানে এই কর্মকান্ডের বিভিন্ন মৌলিক দিক নিয়ে আলোচনা করা হয়েছে, যার মধ্যে রয়েছে মালিকানার ধরন, গড় কর্মসংস্থানের পরিমাণ এবং সংশ্লিষ্ট কর্মসংস্থান ব্যয়। এছাড়াও, এই অধ্যায়ে প্রতিষ্ঠান প্রতি গড় উৎপাদন, মধ্যবর্তী ভোগ এবং মূল্য সংযোজনের মতো অর্থনৈতিক সূচক (ইআই) বিশ্লেষণ করা হয়েছে। প্রতিটি প্রতিষ্ঠানের মালিকানাধীন স্থায়ী সম্পদের গড় মূল্যের প্রতিও ধারণা প্রদান করা হয়েছে, যা কুরিয়ার সেবা খাতের পরিচালন ও আর্থিক বৈশিষ্ট্যসমূহের একটি সমন্বিত চিত্র তুলে ধরে।

This chapter presents a comprehensive analysis of establishments engaged in providing courier services. It explores several key dimensions of these businesses, including the nature of their ownership, average employment size, and associated employment costs. Additionally, this chapter examines economic indicators (EI) such as the average output, intermediate consumption, and value added per establishment. It also provides insights into the average value of fixed assets held by each establishment, offering a well-rounded view of the operational and financial characteristics of the courier services sector.

### ৪.১ প্রতিষ্ঠানের মালিকানা

নিম্নের সারণি থেকে দেখা যায় যে, বিদ্যমান প্রতিষ্ঠানের মধ্যে ব্যক্তিগত মালিকানাধীন প্রতিষ্ঠানই সর্বাধিক, যা মোট প্রতিষ্ঠানের ৫৯.৪২%। এই তথ্য থেকে বোঝা যায় যে একক মালিকানাধীন বা ক্ষুদ্র উদ্যোক্তা ভিত্তিক ব্যবসার উপস্থিতি বাংলাদেশে এখনো দৃঢ়। অন্যদিকে, উল্লেখযোগ্য সংখ্যক প্রাইভেট লিমিটেড কোম্পানি রয়েছে (৩১.১৬%) যা অধিকতর প্রাতিষ্ঠানিক ও সংগঠিত ব্যবসা খাতের নির্দেশ করে। এই উচ্চ অনুপাত ইঙ্গিত দেয় যে, ব্যবসা খাতে আনুষ্ঠানিক কাঠামোর দিকে একটি প্রবণতা গড়ে উঠছে, যা অতিরিক্ত মূলধন আহরণ কিংবা বাজার সম্প্রসারণের সুযোগ সৃষ্টি করতে পারে। এছাড়া, পার্টনারশিপভিত্তিক প্রতিষ্ঠান আছে মাত্র ৮.৭০%, যা তুলনামূলকভাবে কম এবং পারিবারিক পার্টনারশিপের সংখ্যাও নগণ্য।

### 4.1 Ownership Status of Establishments

The following table reveals that individual ownership is prominent, accounting for 59.42 %. This information suggests a strong presence of small or sole-proprietor businesses. On the other hand, private limited companies made up a significant portion, at 31.16 %, indicating a notable segment of more formalized businesses. Furthermore, the considerable prevalence of private limited companies indicated a trend toward greater potentially facilitating access to additional capital or market opportunities. At the same time, partnerships form a small portion (8.70%), while family partnerships are almost negligible.

**Table 4.1: Ownership Status of Establishments**

| Ownership Status | Number of establishments | Percentage distribution |
|---|---|---|
| Individual ownership | 82 | 59.42 |
| Family partnership | 1 | 0.72 |
| Partnership | 12 | 8.70 |
| Private Ltd. company | 43 | 31.16 |
| Other (not classified elsewhere) | 0 | - |
| **Total** | **138** | **100.00** |

### ৪.২ প্রতিষ্ঠান প্রধানের লিঙ্গ

নিম্নের সারণি থেকে দেখা যায় যে, জরিপকৃত ১৩৮টি প্রতিষ্ঠানের মধ্যে মোট ১৩৫টি, অর্থাৎ ৯৭.৮৩ শতাংশ, পুরুষদের নেতৃত্বে পরিচালিত হয়। এই পরিসংখ্যান নির্দেশ করে যে, এসকল প্রতিষ্ঠানে নেতৃত্বের ভূমিকায় লৈঙ্গিক ভারসাম্য

### 4.2 Gender of the Head of Establishments

The following table illustrates that out of 138 establishments investigated, a total of 135, or 97.83%, were led by males. This statistic emphasized a significant gender imbalance in

উল্লেখযোগ্যভাবে অনুপস্থিত। অপরদিকে, মাত্র ৩টি প্রতিষ্ঠান (২.১৭ শতাংশ) নারীদের নেতৃত্বাধীন ছিল, যা এ খাতে নারীদের অংশগ্রহণ সীমিত থাকার ইঙ্গিত দেয়। উল্লেখ্য যে কোনো হিজরাকে প্রতিষ্ঠানের নেতৃত্বে পাওয়া যায়নি, যা তৃতীয় লিঙ্গ বা নন-বাইনারি ব্যক্তিদের অন্তর্ভুক্তি ও লৈঙ্গিক বৈচিত্র্যের অভাবকে স্পষ্ট করে। উপরোক্ত তথ্যের ভিত্তিতে বলা যায়, নেতৃত্বের ক্ষেত্রে নারীদের ও নন-বাইনারি ব্যক্তিদের অংশগ্রহণ উৎসাহিত করতে লৈঙ্গিক সমতা-ভিত্তিক উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন হতে পারে।

leadership roles within these establishments. On the other hand, only three establishments (2.17%) had female heads, suggesting limited participation of women in leadership positions within these establishments. It is also important to note that there were no establishments headed by individuals identifying as Hijra, highlighting a Lack of gender diversity and inclusion for non-binary or third-gender individuals. Given the above facts, it is suggestive that gender equity initiatives may be needed to encourage and support female and non-binary individuals in attaining leadership roles.

**Table 4.2: Distribution of Establishments by Gender of Head**

| Type of head of establishment | Number | Percent (%) |
|---|---|---|
| Male | 135 | 97.83 |
| Female | 3 | 2.17 |
| Hijra | 0 | 0.00 |
| **Total** | **138** | **100.0** |

### ৪.৩ কর্মসংস্থানের আকার, ২০২২-২৩

নিম্নের সারণি থেকে দেখা যায় যে, কর্মরত মালিকদের সংখ্যা সামান্য ওঠানামা করেছে-প্রথম ও দ্বিতীয় প্রান্তিকে ছিল ১০৩ জন, তৃতীয় প্রান্তিকে তা কিছুটা বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১১২ জনে, এবং চতুর্থ প্রান্তিকে আবার হ্রাস পেয়ে ১০৪ জন হয়েছে। তবে সার্বিকভাবে কর্মরত মালিকদের সংখ্যা তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল, তৃতীয় প্রান্তিকে কিছুটা বৃদ্ধির পর চতুর্থ প্রান্তিকে সামান্য হ্রাস লক্ষ্য করা গেছে। অবৈতনিক পারিবারিক কর্মীর সংখ্যা চারটি প্রান্তিকেই আটজনে অপরিবর্তিত ছিল, যা নির্দেশ করে যে বছরজুড়ে অবৈতনিক পারিবারিক শ্রমের ওপর একটি স্থির নির্ভরতা ছিল। অন্যদিকে, বছরজুড়ে নিয়মিত কর্মচারীর (বেতনভুক্ত কর্মচারী) সংখ্যায় ধারাবাহিক বৃদ্ধি লক্ষ্য করা যায়, যা এই খাতে কর্মীর চাহিদার প্রবৃদ্ধি নির্দেশ করে। সারণিতে আরও দেখা যায় যে, বিদেশী বেতনভোগী কর্মীদের সংখ্যা হ্রাস পেয়েছে-প্রথম প্রান্তিকে যেখানে সংখ্যা ছিল ৭, তা চতুর্থ প্রান্তিকে হ্রাস পেয়ে দাঁড়িয়েছে ৬-এ। বছরজুড়ে এই শ্রেণিতে সামগ্রিকভাবে একটি হ্রাস পরিলক্ষিত হয়েছে, যা হয়তো পরিবর্তিত ব্যবসায়িক বা আন্তর্জাতিক প্রেক্ষাপটের কারণে হতে পারে। এছাড়াও, এটি স্পষ্ট যে মোট কর্মসংস্থানের সংখ্যা ধীরে ধীরে বৃদ্ধি পেয়েছে, যা সামগ্রিকভাবে একটি ইতিবাচক অর্থনৈতিক প্রবণতা বা কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির ইঙ্গিত দেয়।

### 4.3 Employment Size, 2022-23

The following table shows that the number of working owners fluctuated slightly, with 103 in Q1 and Q2, a slight increase to 112 in Q3, and then a decrease to 104 in Q4. However, the number of working owners was relatively stable, with a slight dip in Q4 after a rise in Q3. The number of unpaid family workers remained constant at eight across all four quarters. No change was found, indicating a steady reliance on unpaid family labor throughout the year. On the other hand, the consistent growth in the number of regular employees (paid employees) throughout the year showed a rising demand for such personnel within the workforce. The table below shows a decline in foreign salaried employees, decreasing from 7 in the first quarter to 6 in the fourth quarter. This category has experienced an overall reduction throughout the year, which may be attributed to evolving business or international conditions. It is also exposed that total employment steadily increased over the year, reflecting an overall positive economic trend or growth in employment opportunities.

**Table 4.3: Employment Size, 2022-23**

(Number)

| Employment type | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 Jan-March | Q4 (Apr-Jun) |
|---|---|---|---|---|---|
| 1. | Working owner | 103 | 103 | 112 | 104 |
| 2. | Unpaid family worker | 8 | 8 | 8 | 8 |
| 3. | Regular employee (paid employee) | 4,664 | 4,931 | 5,309 | 5,514 |
| 4. | Overseas salaried employee | 7 | 7 | 6 | 6 |
| 5. | Employees on contract basis (including day labour) | 191 | 197 | 195 | 195 |
| **Total** | | **4,973** | **5,246** | **5,630** | **5,827** |

### ৪.৪ কর্মসংস্থানের আকার, ২০২৩-২৪

নিম্নের সারণি থেকে প্রকাশ পায় যে, কর্মরত মালিকের সংখ্যা স্থিতিশীল ছিল, যেখানে প্রথম প্রান্তিকে ছিল ১০৩ এবং চতুর্থ প্রান্তিকে ছিল ১০৪। অন্যদিকে, পারিবারিক কর্মীর সংখ্যা প্রথম প্রান্তিকে ৭ জন থেকে দ্বিতীয় প্রান্তিকে হ্রাস পেয়ে ৬ জনে দাঁড়ায় এবং পরবর্তীতে স্থিতিশীল থাকে। নিয়মিত বেতনভুক কর্মচারীর সংখ্যায় প্রতিটি প্রান্তিকে ধারাবাহিক বৃদ্ধি লক্ষ্য করা গেছে এবং ২০২৩-২৪ অর্থবছরে মোট ৭৭৪টি নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে। একই সময়ে, বিদেশি বেতনভোগী কর্মীর সংখ্যা চারটি প্রান্তিকেই একজনে স্থির ছিল এবং চুক্তিভিত্তিক কর্মচারীর ক্ষেত্রে সামান্য ওঠানামা পরিলক্ষিত হয়। উক্ত তথ্য, ২০২৩-২৪ সালে সামগ্রিকভাবে একটি ইতিবাচক কর্মসংস্থান প্রবণতা, ব্যবসার সম্প্রসারণ এবং নিয়মিত বেতনভুক কর্মী নিয়োগের আগ্রহ নির্দেশ করে।

### 4.4 Employment Size, 2023-24

It is revealed from the following table that the number of working owners was stable, with 103 in Q1 and 104 in Q4. On the other hand, the number of family workers experienced a slight decrease from 7 in Q1 and 6 in Q2, and then it was stable. On the other hand, the number of regular employees witnessed consistent growth from one quarter to the next, and 774 jobs were created during the financial year 2023-24. At the same time, the number of foreign salaried workers was constant at one throughout all four quarters of the year, and a slight fluctuation was seen in the case of employees on a contract basis. The data suggests an overall positive employment trend for 2023-24, with businesses expanding and preferring to hire in regular, salaried positions.

**Chart 4.1: Emloyment Size 2022-23 and 2023-24**

(Number)



### Table 4.4: Employment Size, 2023-24

(Number)

| Employment type | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 Jan-March | Q4 (Apr-Jun) |
|---|---|---|---|---|---|
| 1. | Working owner | 103 | 103 | 104 | 104 |
| 2. | Unpaid family worker | 7 | 6 | 6 | 6 |
| 3. | Regular paid employee | 5,484 | 5,719 | 6,145 | 6,258 |
| 4. | Overseas salaried employee | 1 | 1 | 1 | 1 |
| 5. | Employees on contract basis (including day labour) | 206 | 206 | 217 | 211 |
| **Total** | | **5,801** | **6,035** | **6,473** | **6,580** |

### ৪.৫ নিয়মিত কর্মসংস্থানে প্রবৃদ্ধি

এই বিশ্লেষণে একাধিক সময়সীমার মধ্যে কর্মসংস্থানের প্রবৃদ্ধি পর্যবেক্ষণ করা হয়, যার মধ্যে রয়েছে ত্রৈ-মাসিক থেকে ত্রৈ-মাসিক এবং বছর থেকে বছর এর প্রবৃদ্ধি। তথ্যসমূহ ২০২২-২৩ ও ২০২৩-২৪ দুই অর্থবছরজুড়ে বিস্তৃত, প্রতিটি ত্রৈ-মাসিকে কর্মসংস্থান ও প্রবৃদ্ধির হার উল্লেখ করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে, প্রথম ত্রৈ-মাসিকে যেখানে কর্মসংস্থান ছিল ৪,৯৭৩, তা দ্বিতীয় ত্রৈ-মাসিকে বেড়ে দাঁড়ায় ৫,২৪৬, যা ৫.৪৯% প্রবৃদ্ধি নির্দেশ করে। এটি একটি ইতিবাচক পুনরুদ্ধার বা সম্প্রসারণের ইঙ্গিত দেয়। কর্মসংস্থান তৃতীয় প্রান্তিকে আরও ৭.৩২% বৃদ্ধি পেয়েছে, যা দ্বিতীয় প্রান্তিকে ৫,২৪৬ থেকে বেড়ে তৃতীয় প্রান্তিকে ৫,৬৩০ হয়েছে। এটি একটি শক্তিশালী প্রবৃদ্ধির হার, যা বছরের মাঝামাঝি সময়ে কর্মসংস্থানে গতি বৃদ্ধির ইঙ্গিত দেয়। চতুর্থ ত্রৈ-মাসিকে বৃদ্ধি হার ধীর হয়ে ৩.৫০% হয়েছে, যেখানে কর্মসংস্থান তৃতীয় ত্রৈ-মাসিকের ৫,৬৩০ থেকে বেড়ে চতুর্থ ত্রৈ-মাসিকে ৫,৮২৭ হয়েছে। প্রবৃদ্ধি ইতিবাচক হলেও, এই ধীর গতি ঋতুগত প্রভাব বা অন্যান্য কারণ নির্দেশ করতে পারে। ২০২৩-২৪ অর্থবছরে, প্রথম ত্রৈ-মাসিকে কর্মসংস্থানের পরিমান ছিল ৫,৮০১, যা দ্বিতীয় ত্রৈ-মাসিকে ৪.০৩% বৃদ্ধি পেয়ে ৬,০৩৫-এ দাঁড়ায়। এটি মধ্যম মাত্রার প্রবৃদ্ধি নির্দেশ করে, সম্ভবত প্রথম ত্রৈ-মাসিকে সামান্য হ্রাসের পর স্থিতিশীলতা প্রতিফলিত হয়েছে। বৃদ্ধির হার তৃতীয় ত্রৈ-মাসিকে বেড়ে ৭.২৬% হয়েছে, যা দ্বিতীয় ত্রৈ-মাসিকে ৬,০৩৫ থেকে বৃদ্ধি পেয়ে তৃতীয় ত্রৈ-মাসিকে ৬,৪৭৩ হয়েছে। এটি পূর্ববর্তী বছরের প্রবণতার প্রতিফলন করে, যেখানে বছরের মাঝামাঝি সময়ে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি দেখা যায়। চতুর্থ প্রান্তিকে বৃদ্ধির হার হ্রাস পেযে ১.৬৫% হয়েছে, যেখানে কর্মসংস্থান তৃতীয় প্রান্তিকে ৬,৪৭৩ থেকে বেড়ে চতুর্থ প্রান্তিকে ৬,৫৮০ হয়েছে। যদিও বৃদ্ধি ধীর হয়েছে, তা ইতিবাচকই রয়ে গেছে। ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরের কর্মসংস্থান সম্পর্কিত তথ্য সামগ্রিকভাবে একটি ইতিবাচক প্রবৃদ্ধির চিত্র তুলে ধরে, বিশেষকরে বছরভিত্তিক তুলনার ক্ষেত্রে। ত্রৈমাসিক

### 4.5 Employment Growth in Regular Employment

In this analysis, we examine the employment growth over multiple periods, including both quarter-over-quarter (QoQ) and year-over-year (YoY) growth. The data spans two fiscal years, 2022-23 and 2023-24, with employment sizes and growth rates for each quarter provided. For the financial year 2022-23, the employment size grew from 4,973 in Q1 to 5,246 in Q2 which represents a 5.49% increase. This indicates positive recovery or expansion. Employment saw a further increase of 7.32% in Q3, rising from 5,246 in Q2 to 5,630 in Q3. This is a strong growth rate, suggesting acceleration in employment during mid-year. In Q4, the growth rate slowed to 3.50%, with employment rising from 5,630 in Q3 to 5,827 in Q4. Though positive, this deceleration in growth may reflect seasonality or other factors that impacted employment. For the financial year 2023-24, employment rose by 4.03% in Q2 from 5,801 in Q1 to 6,035 in Q2. This suggests moderate growth, likely indicating stability after a slight dip in Q1. The growth rate surged to 7.26% in Q3 from 6,035 in Q2 to 6,473 in Q3. This mirrors the pattern of earlier years, showing substantial growth in the middle quarters. The growth rate moderated to 1.65% in Q4 with employment increasing from 6,473in Q3 to 6,580 in Q4. While the growth slowed, it remained positive. The employment data for 2022-23 and 2023-24 reflects a period of positive growth, especially in the year-over-year comparison. While some slowdown was evident in the quarterly growth rates, the overall trend reflects recovery, stability, and sustained employment growth. The year 2023-24 shows sustained growth,

প্রবৃদ্ধির হারে কিছুটা মন্দা পরিলক্ষিত হলেও, সামগ্রিক প্রবণতা পুনরুদ্ধার, স্থিতিশীলতা এবং টেকসই কর্মসংস্থান বৃদ্ধিকে নির্দেশ করে। ২০২৩-২৪ অর্থবছরে স্থিতিশীল প্রবৃদ্ধি লক্ষ্য করা যায়, বিশেষ করে দ্বিতীয় ও তৃতীয় প্রান্তিকে। আশাব্যঞ্জক বছরভিত্তিক প্রবৃদ্ধির পরিসংখ্যান ইঙ্গিত দেয় যে, মাঝেমধ্যে কিছু পতন দেখা গেলেও শ্রম বাজারটি স্থিতিশীল ও সহনশীল ছিল।

especially in the second and third quarters, with promising year-over-year growth figures suggesting that the labor market was resilient despite occasional dips.

**Table 4.5: Quarter-over-Quarter and Year-over-Year Employment Growth**

| Year | Quarter | Employment size | Quarter-over-quarter growth | Year-over-year (point-to-point ) growth |
|---|---|---|---|---|
| 2022-23 | Q1 (Jan-Mar) | 4,973 | - | |
| | Q2 (Apr-Jun) | 5,246 | 5.49 | |
| | Q3(Jul-Sept.) | 5,630 | 7.32 | |
| | Q4 (Oct-Dec)) | 5,827 | 3.50 | |
| 2023-24 | Q1 (Jan-Mar) | 5,801 | -0.45 | 16.65 |
| | Q2 (Apr-Jun) | 6,035 | 4.03 | 15.04 |
| | Q3(Jul-Sep) | 6,473 | 7.26 | 14.97 |
| | Q4 (Oct-Dec)) | 6,580 | 1.65 | 12.92 |

### ৪.৬ কর্মসংস্থান ব্যয়, ২০২২-২৩

সারণিতে ২০২২-২৩ অর্থবছরের কর্মসংস্থান ব্যয়ের তথ্য উপস্থাপন করা হয়েছে, যা কর্মসংস্থানের ধরন ও ত্রৈ-মাসিক ভিত্তিতে বিভাজিত। সারণির তথ্য অনুযায়ী, কর্মসংস্থান ব্যয়ে ধারাবাহিক উর্ধ্বমুখী প্রবণতা লক্ষ্য করা যায়, যার মধ্যে চতুর্থ প্রান্তিকে সর্বাধিক বৃদ্ধি পরিলক্ষিত হয়। কর্মরত মালিকদের জন্য কর্মসংস্থান ব্যয় মোটামুটি স্থিতিশীল ছিল, তবে চতুর্থ প্রান্তিকে সামান্য বৃদ্ধি দেখা গেছে। অবৈতনিক পারিবারিক কর্মীর জন্য কর্মসংস্থান ব্যয় চারটি প্রান্তিকেই নির্দিষ্টভাবে ২,৪৩.০ হাজার টাকা, যা সম্ভবত এই শ্রেণির বেতনবিহীন প্রকৃতির কারণে ঘটেছে। নিয়মিত বেতনভুক্ত কর্মচারীদের জন্য মোট কর্মসংস্থান ব্যয় ৫৯২.৫৮ মিলিয়ন টাকা, যা মোট ব্যয়ের ৯২.০৫ শতাংশ। নিয়মিত কর্মচারীদের কর্মসংস্থান ব্যয়ে স্থির এবং উল্লেখযোগ্য বৃদ্ধি লক্ষ্য করা যায়, যা বেতন বৃদ্ধির পাশাপাশি নতুন নিয়োগের ইঙ্গিত দেয়। এটি স্পষ্ট যে বিদেশি কর্মীদের জন্য ব্যয় হ্রাস পাচ্ছে, সম্ভবত চাকরির পরিমাণ কমে যাওয়ার কারণে। চুক্তিভিত্তিক ও দৈনিক মজুরিভিত্তিক শ্রমিকদের ক্ষেত্রে বছরের জুড়ে কর্মসংস্থান ব্যয়ের উল্লেখযোগ্য ওঠানামা লক্ষ্য করা যায়, যা সম্ভবত ঋতুভিত্তিক কাজের সাথে সম্পর্কযুক্ত।

### 4.6 Employment Cost, 2022-23

The table presents data on employment costs for the fiscal year 2022–23, broken down by employment type and quarter. The data presented in the table shows a consistent upward trend, with the highest increase in Q4. The employment cost for working owners was pretty stable, with a slight increase in Q4. The employment cost against unpaid family workers was fixed at TK. 243.0 thousand across all four quarters, possibly due to the non-wage nature of this category. The total employment cost of regular employees was estimated at TK. 592.58 million, 92.05 % of total employment costs. The employment cost of regular paid employees showed a steady and substantial increase, indicating the rising wage levels and the hiring of more new employees. It is obvious that foreign workers employment costs are declining, perhaps due to job reductions. Significant fluctuation is shown throughout the year in the case of employment cost of contractual and day labour, likely tied to seasonal work.

### Table 4.6: Employment Cost, 2022-23

(Taka)

| | Employment type | Q1(Jul-Sep) | Q2(Oct-Dec) | Q3(Jan-Mar) | Q4(Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 1 | Working owner/partner | 6,047,540 | 6,035,700 | 6,046,790 | 6,283,040 | 24,501,070 |
| 2 | Unpaid family worker | 243,000 | 243,000 | 243,000 | 243,000 | 972,000 |
| 3 | Regular employee (paid employees) | 141,658,050 | 144,050,627 | 150,352,050 | 157,760,068 | 592,580,820 |
| 4 | Foreign salaried employee | 1,445,449 | 1,419,879 | 1,130,300 | 1,129,900 | 5,125,528 |
| 5 | Employees on a contract basis (including day labour) | 5,323,500 | 4,907,800 | 4,809,369 | 5,535,500 | 20,576,169 |
| **Total** | | **154,717,539** | **156,657,006** | **162,581,509** | **170,951,508** | **643,755,587** |

### ৪.৭ কর্মসংস্থান ব্যয়, ২০২৩-২৪

নিম্নের সারণিতে ২০২৩-২৪ অর্থবছরের কর্মসংস্থানের ধরন এবং ত্রৈ-মাসিক ব্যয়ের চিত্র তুলে ধরা হয়েছে। সারণির তথ্য অনুযায়ী, প্রতিটি বছরের জুড়ে মোট কর্মসংস্থান ব্যয় ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে, যেখানে প্রথম ত্রৈ-মাসিক থেকে চতুর্থ ত্রৈ-মাসিক পর্যন্ত বার্ষিক বৃদ্ধির হার ছিল ১১.৪৩%। এই অর্থবছরে নিয়মিত বেতনভুক্ত কর্মচারীদের জন্য ব্যয় ছিল সর্বোচ্চ, যার মোট পরিমাণ ছিল ৬৮৫.৯৩ মিলিয়ন টাকা এবং মোট কর্মসংস্থান ব্যয়ের ৯৩.০৩ শতাংশ। এরপর ব্যয় ছিল কর্মরত মালিকদের জন্য ২৪.৬২ মিলিয়ন টাকা (৩.৩৪%) এবং চুক্তিভিত্তিক কর্মচারী ও দৈনিক মজুরিভিত্তিক শ্রমিকদের জন্য ২৩.৬৮ মিলিয়ন টাকা (৩.২১%)। এই তথ্য স্পষ্টভাবে নির্দেশ করে যে, কর্মসংস্থান ব্যয়ের সিংহভাগই নিয়মিত বেতনভুক্ত কর্মীর জন্য বরাদ্দ করা হয়, যা একটি প্রাতিষ্ঠানিক ও গঠিত শ্রমবাজারের উপস্থিতি নির্দেশ করে। এছাড়াও, ত্রৈ-মাসিক ভিত্তিক কর্মসংস্থান ব্যয়ে ধারাবাহিক উর্ধ্বগতি লক্ষ্য করা যায়, যা শ্রমশক্তির পরিমাণ ও মজুরি উভয় ক্ষেত্রেই প্রবৃদ্ধির ইঙ্গিত দেয়।

### 4.7 Employment Cost, 2023-24

The following table delineates quarterly employment costs across various employment categories for the financial year 2023-24. The data presented in the table indicate a consistent increase in total employment costs each quarter, with an annual increment of 11.43% observed from the first quarter (Q1) to the fourth quarter (Q4). The annual employment cost was highest for regularly paid employees, totaling TK. 685.93 million, 93.03% of the total employment cost. This was followed by working owners at TK. 24.62 million (3.34 %) and contract employees, including day laborers, at TK. 23.68 million (3.21%). These figures clearly indicate that the overwhelming majority of employment costs were directed toward salaried employees, suggesting a predominantly formal and structured workforce. It is also obvious that there was a consistent upward trend in employment costs quarter-on-quarter suggesting growth in workforce and wages.

**Chart 4.2: Employment Cost, 2022-23 and 2023-24**

(Million Tk.)




**Table 4.7: Employment Cost, 2023-24**

(Taka)

| | Employment type | Q1(Jul-Sep) | Q2(Oct-Dec) | Q3(Jan-Mar) | Q4(Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 1 | Working owner/partner | 6,122,690 | 6,142,790 | 6,061,290 | 6,295,290 | 24,622,061 |
| 2 | Unpaid family worker | 195,000 | 195,000 | 195,000 | 195,000 | 780,000 |
| 3 | Regular paid employee | 162,467,747 | 166,074,415 | 175,015,759 | 182,374,911 | 685,932,832 |
| 4 | Overseas salaried employee | 585,900 | 585,900 | 585,900 | 585,900 | 2,343,600 |
| 6. | Employees on a contract basis (including day labour) | 6,134,548 | 5,621,088 | 5,818,852 | 6,110,304 | 23,684,792 |
| **Total** | | **175,505,885** | **178,619,193** | **187,676,801** | **195,561,405** | **737,363,285** |

### ৪.৮ মজুরি ও বেতন বৃদ্ধির সংক্ষিপ্ত চিত্র

সারণি ৪.৮-এ ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রথম ত্রৈ-মাসিকের (জুলাই-সেপ্টেম্বর) মজুরি-সম্পর্কিত মৌলিক প্যারামিটারসমূহের তুলনামূলক তথ্য উপস্থাপন করা হয়েছে। এতে বার্ষিক শতকরা পরিবর্তনের হারও অন্তর্ভুক্ত হয়েছে। সারণির তথ্য অনুযায়ী, কর্মসংস্থানের আকারে (১৬.৬৫%) এবং কর্মসংস্থান ব্যয়ে (১৩.৪৪%) উল্লেখযোগ্য প্রবৃদ্ধি পরিলক্ষিত হয়। মোট কর্মসংস্থান ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেলেও, কর্মসংস্থানের বৃদ্ধির (১৬.৬৫%) তুলনায় মজুরি বৃদ্ধির হার (১৩.৪৪%) কিছুটা কম, যা ইঙ্গিত করে যে ব্যক্তি প্রতি গড় আয় হ্রাস পেয়েছে। এই তথ্য নির্দেশ করে যে, একদিকে

### 4.8 Wage and Salary Growth Overview

Table 4.8 presents data comparing key wage-related parameters between the first quarters (July–September) of two fiscal years: 2022–23 and 2023–24. It also provides the percentage increase or changes over the year. The data presented in the following table shows a significant increase (16.65%) in employment size and employment cost (13.44 %). Although total employment cost increased substantially, the percentage growth in total wages (13.44 %) was lower than the growth in the number of employees (16.65%), indicating that average wages per person decreased. All these

কর্মসংস্থানের প্রবৃদ্ধি দৃঢ় (১৬.৬৫%) ছিল এবং মোট বেতন ও মজুরি ব্যয় বেড়েছে (১৩.৪৪%), কিন্তু তা জনবলের আকার বৃদ্ধির অনুপাতে বাড়েনি। গড়ে ব্যক্তিগত আয় ২.৭৫ শতাংশ হ্রাস পেয়েছে। নবীন বা কম অভিজ্ঞতাসম্পন্ন কর্মীদের নিয়োগ বৃদ্ধির ফলে সামগ্রিক গড় মজুরি কমে যেতে পারে। কারণ নতুন কর্মীরা সাধারণত কম বেতনের স্তর থেকে শুরু করেন, যা সামগ্রিক নিয়োগ বৃদ্ধি পেলেও গড় পারিশ্রমিকের পরিমাণ হ্রাস করতে পারে।

information suggest that employment growth was strong (16.65%), and total compensation was up (13.44 %), but not proportionate to the growth in workforce. Average individual earnings have dropped by 2.75 %. A surge in hiring, particularly of entry-level or less-experienced workers, may have brought down the overall average wage. New employees typically start at lower salary bands, which can dilute the average compensation even as total employment rises.

**Table 4.8: Wage and Salary Growth Overview**

| Parameters | First quarter (Jul-Sep) of 2022-23 | First quarter (Jul-Sep) of 2023-24 | Percentage change over year |
|---|---|---|---|
| 1.Number of employees | 4,973 | 5,801 | 16.65 |
| 2.Total wages and salaries received by employees (TK.) | 154,717,539 | 175,505,885 | 13.44 |
| 3.Wages and salaries per person /quarter (TK.) | 31,112 | 30,254 | -2.75 |

## ৪.৯ মোট বিক্রয় (টার্নওভার), ২০২২-২৩

নিম্নের সারণিতে, ২০২২-২৩ অর্থবছরে উৎপাদিত সেবার বিক্রয় রাজস্ব (টার্নওভার) ত্রৈ-মাসিক ভিত্তিক (প্রথম থেকে চতুর্থ) উপস্থাপন করা হয়েছে। বার্ষিক মোট টার্নওভার প্রাক্কলন করা হয়েছে ২,১৭৭.০৬ মিলিয়ন টাকা। উল্লেখ্য, দ্বিতীয় ত্রৈ-মাসিকে (অক্টোবর-ডিসেম্বর) সর্বোচ্চ টার্নওভার অর্জিত হয়, যার পরিমাণ ছিল ৬০২.৯৪ মিলিয়ন টাকা। চতুর্থ ত্রৈ-মাসিক (এপ্রিল-জুন) ছিল দ্বিতীয় সর্বোচ্চ, যার পরিমাণ ছিল ৫৩৪.৬০ মিলিয়ন টাকা। এই তথ্য থেকে বোঝা যায় যে, দ্বিতীয় ত্রৈ-মাসিকে একটি মৌসুমি উত্থান বিদ্যমান। একইসঙ্গে, সারণি অনুযায়ী পার্সেল-সম্পর্কিত সেবা প্রতিটি ত্রৈ-মাসিকেই সর্বোচ্চ অর্জন দেখায় (৯১.৬০%), যার শীর্ষ স্থান ছিল দ্বিতীয় ত্রৈ-মাসিকে। ব্যবসাটি প্রধানত ডকুমেন্ট ও পার্সেল লজিস্টিক্সের উপর নির্ভরশীল, যা ধারাবাহিকভাবে ভালো পারফরম্যান্স দেখাচ্ছে। অন্যদিকে, কনসাইনমেন্ট পরিবহন-সংক্রান্ত সেবার অবদান ছিল দ্বিতীয় সর্বাধিক (৪.৭২%)। প্যাকেজিং ও অন্যান্য সেবাসমূহ টার্নওভারে খুবই কম অবদান রেখেছে।

## 4.9 Total Sales (turnover), 2022-23

The table below delineates the sales revenue (turnover) of services rendered during the fiscal year 2022–23, categorized by quarters (Q1 to Q4). The annual turnover was estimated at TK. 2,177.06 million. Notably, the second quarter (Oct-Dec) exhibited the highest turnover, amounting to TK. 602.94 million, while the fourth quarter (April-June) recorded the second-highest turnover at TK. 534.60 million. This data highlights a pronounced seasonal peak in Q2. At the same time, it is revealed from the table that the service related to parcels consistently performed highest (91.60%) across all quarters, peaking in Q2. The business relies heavily on document and parcel logistics, a segment that continues to perform consistently. On the other hand, services related to consignment transportation were the second most significant contributors (4.72 %). Packaging and other services contribute very little to the turnover.

**Table 4.9: Total Sale (turnover), 2022-23**

(Taka)

| | Sale price (turnover) of various services offered | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 1. | Collection, transportation and distribution of various documents, non-documents and parcels | 461,406,586 | 560,326,223 | 482,838,716 | 489,545,824 | 1,994,117,349 |

| Sale price (turnover) of various services offered | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 2. | Collection, transportation and distribution of different types of consignment | 25,385,869 | 25,028,480 | 25,426,489 | 26,993,886 | 102,834,724 |
| 3. | Packaging charge | 7,683,110 | 3,245,453 | 7,624,766 | 3,349,307 | 21,902,636 |
| 4. | Cash on delivery charge (COD) | 13,968,936 | 13,822,190 | 14,043,686 | 14,197,631 | 56,032,443 |
| 5. | Other activities (not elsewhere classified) | 634,260 | 514,736 | 514,971 | 514,971 | 2,178,938 |
| | **Total** | **509,078,761** | **602,937,082** | **530,448,628** | **534,601,619** | **2,177,066,090** |

### ৪.১০ মোট বিক্রয় (টার্নওভার), ২০২৩–২৪

২০২৩-২৪ অর্থবছরের মোট বার্ষিক টার্নওভার ছিল ২,৩৬৬.৯৬ মিলিয়ন টাকা, যেখানে ত্রৈ-মাসিক ভিত্তিক আয় বছরজুড়ে তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল। ত্রৈ-মাসিক ভিত্তিতে পারফরম্যান্স ভারসাম্যপূর্ণ ছিল, কোনো বড় ধরনের ওঠানামা পরিলক্ষিত হয়নি, যা স্থিতিশীল পরিচালন দক্ষতা নির্দেশ করে। সামান্য বৃদ্ধি দেখা যায় চতুর্থ ত্রৈ-মাসিকে (এপ্রিল থেকে জুন)। বিভিন্ন কুরিয়ার সেবা কার্যক্রমের মধ্যে, নথিপত্র, অ-নথিপত্র এবং পার্সেলের সংগ্রহ, পরিবহন ও বিতরণ মোট টার্নওভারে সিংহভাগ (৯৩.৭৬%) অবদান রেখেছে। এটি নির্দেশ করে যে, কর্মকান্ডটি মূলত ডকুমেন্ট ও পার্সেল লজিস্টিক্সের ওপর ব্যাপকভাবে নির্ভরশীল এবং তা ধারাবাহিকভাবে ভালো পারফর্ম করছে। বিশেষভাবে, ক্যাশ অন ডেলিভারি (সিওডি) সেবা স্থিতিশীল প্রবৃদ্ধি দেখায়, যা সম্ভবত ই-কমার্স সেবার অব্যাহত বিস্তারের কারণে হয়েছে।

### 4.10 Total Sales (turnover), 2023-24

The total annual turnover was TK 2366.96 million, with quarterly revenues remaining relatively stable throughout the year. Quarterly performance was balanced, with no significant fluctuations, suggesting stable operational efficiency. A slight increase was observed in the fourth quarter (April to June). Among the various courier service activities, the collection, transportation, and distribution of documents, non-documents, and parcels accounted for the vast majority of the turnover (93.76%) total. This suggests that the business was overwhelmingly dependent on document and parcel logistics, which is performing consistently. Notably, the Cash on Delivery (COD) service demonstrated steady growth, likely driven by the continued expansion of the e-commerce services.

**Chart 4.3: Total Sale (turnover), 2022-23 and 2023-24**

**(Million Tk.)**



**Table 4.10: Total Sale (turnover), 2023-24**

(Taka)

| | Sale price (turnover) of various services offered | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 1. | Collection, transportation and distribution of various documents, non-documents and parcels | 549,970,068 | 547,100,283 | 554,793,440 | 567,347,566 | 2,219,211,357 |
| 2. | Collection, transportation and distribution of different types of consignment | 14,323,357 | 22,701,730 | 13,903,139 | 14,183,114 | 65,111,340 |
| 3. | Packaging charge | 3,099,343 | 5,306,243 | 3,563,560 | 3,336,171 | 15,305,317 |
| 4. | Cash on delivery charge (COD) | 14,684,963 | 20,306,925 | 15,430,194 | 15,870,459 | 66,292,541 |
| 5. | Other activities (not elsewhere classified) | 515,380 | 117,170 | 289,817 | 116,443 | 1,038,810 |
| | **Total** | **582,593,111** | **595,532,351** | **587,980,150** | **600,853,753** | **2,366,959,365** |

## ৪.১১ মধ্যবর্তী ভোগব্যয়, ২০২২-২৩

সারণি থেকে দেখা যায় যে, ২০২২-২৩ অর্থবছরের মোট মধ্যবর্তী ভোগ ব্যয় ছিল ৪৭৭.২৪ মিলিয়ন টাকা। সর্বোচ্চ ত্রৈ-মাসিক ব্যয় ছিল প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর), যার পরিমাণ মোট ১২২.৭৩ মিলিয়ন টাকা। প্রধানত পার্সেল বিতরণের জন্য জ্বালানির উচ্চ মূল্যের কারণে এটি হয়েছে। পার্সেল ও কনসাইনমেন্ট বিতরণের জন্য ব্যবহৃত জ্বালানি ছিল বছরের সবচেয়ে বড় একক ব্যয়, যার পরিমাণ ২১৮.৯৮ মিলিয়ন টাকা, যা মোট মধ্যবর্তী ভোগ ব্যয়ের ৪৫.৮৮%। এর পর ছিল অফিস ভবনের ভাড়া, যা ১১৫.৯৭ মিলিয়ন টাকা (২৪.৩০%) এবং ভাড়াকৃত পরিবহন সরঞ্জাম ও যন্ত্রপাতির ভাড়া, ২৬.০৬ মিলিয়ন টাকা (৫.৪৬%)। তথ্য থেকে বোঝা যায় যে, সকল ত্রৈ-মাসিকেই জ্বালানি ব্যয় ধারাবাহিকভাবে উচ্চ ছিল। এছাড়াও, লাইসেন্স নবায়ন ফি চতুর্থ প্রান্তিকে (এপ্রিল-জুন) উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে, যা সম্ভবত মৌসুমি বা বার্ষিক নবায়ন চক্রের ইঙ্গিত দেয়।

## 4.11 Intermediate Consumption, 2022-23

The table shows that the total intermediate consumption for the financial year 2022–23 was TK. 477.24 million. The highest quarterly expenditure occurred in the first quarter (July–September), totaling TK. 122.73 million—primarily due to high fuel costs for parcel delivery. Fuel used for parcel and consignment delivery was the largest single expense for the year, accounting for TK. 218.98 million, or 45.88% of total intermediate consumption. This was followed by office building rent at TK. 115.97 million (24.30 %) and rent for hired transport equipment and machinery at TK. 26.06 million (5.46 %). The data highlights consistently high fuel expenses across all quarters. Additionally, license renewal fees spiked in the fourth quarter (April–June), indicating a possible seasonal or annual renewal cycle.

**Table 4.11: Intermediate Consumption, 2022-23**

(Taka)

| | Type of intermediate consumption | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 1. | Rent for office building/structure | 28,589,438 | 28,469,537 | 29,260,437 | 29,654,437 | 115,973,849 |
| 2. | Electricity, gas and water bill | 4,300,884 | 4,240,739 | 4,207,239 | 4,284,138 | 17,033,000 |
| 3. | Telephone bill | 1,164,572 | 1,164,835 | 1,245,000 | 1,176,173 | 4,750,580 |
| 4. | Internet bill | 816,026 | 896,126 | 836,726 | 843,326 | 3,392,204 |
| 5. | Rent for hired transport equipment and machineries | 6,486,742 | 6,636,542 | 6,329,002 | 6,611,810 | 26,064,096 |
| 6. | Fuel costs for office workers' transportation | 626,832 | 4,941,861 | 478,988 | 822,420 | 6,870,101 |

| Type of intermediate consumption | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 7. | Minor repair and maintenance for office workers' transportation | 150,400 | 148,530 | 280,349 | 281,908 | 861,187 |
| 8. | Fuel costs of vehicles used for parcel and consignment delivery | 55,107,079 | 54,593,327 | 54,808,382 | 54,468,103 | 218,976,891 |
| 9. | The cost of the equipment used for the delivery of the consignment (including repairs and maintenance) | 4,875,542 | 4,708,475 | 4,929,687 | 4,778,085 | 19,291,789 |
| 10. | Cost for loading and unloading | 1,830,491 | 1,857,461 | 1,796,809 | 1,813,471 | 7,298,232 |
| 11. | Warehouse rent | 664,800 | 1,070,000 | 665,836 | 668,860 | 3,069,496 |
| 12. | Cost for stationery items | 4,359,533 | 2,915,453 | 4,065,504 | 3,308,046 | 14,648,536 |
| 13. | Cost for packaging | 10,099,403 | 5,145,805 | 5,540,473 | 4,910,770 | 25,696,451 |
| 14. | Fee for license renewal | 845,427 | 338,270 | 288,775 | 1,804,157 | 3,276,629 |
| 15. | Website, hosting pay and server bill | 1,312,857 | 860,657 | 872,917 | 946,337 | 3,992,768 |
| 16. | Other intermediate consumption (not elsewhere classified) | 1,504,262 | 1,528,616 | 1,510,060 | 1,497,633 | 6,040,571 |
| **Total** | | **122,734,288** | **119,516,234** | **117,116,184** | **117,869,674** | **477,236,380** |

### ৪.১২ মধ্যবর্তী ভোগব্যয়, ২০২৩-২৪

নিম্নের সারণি ২০২৩-২৪ অর্থবছরে ব্যয়ের ধরন অনুযায়ী ত্রৈমাসিক এবং বার্ষিক মধ্যবর্তী ভোগব্যয়ের পরিমাণ উপস্থাপন করে। উক্ত বছরে মোট মধ্যবর্তী ভোগব্যয় ছিল ৪৮১.৬৪ মিলিয়ন টাকা। সারণি থেকে দেখা যায়, প্রথম ও চতুর্থ ত্রৈমাসিকে ব্যয় সর্বাধিক হয়েছে, প্রায় ১২১.২ মিলিয়ন টাকা। দ্বিতীয় ত্রৈ-মাসিকে ব্যয় সবচেয়ে কম ১১৮.৬১ মিলিয়ন টাকা, যা অন্যান্য ত্রৈমাসিকের তুলনায় সামান্য কম। সামগ্রিকভাবে, ত্রৈমাসিকগুলোর ব্যয়ের মধ্যে একটি আপেক্ষিক স্থিতিশীলতা লক্ষ্য করা যায়, যা ধারাবাহিক পরিচালন কার্যক্রমের ইঙ্গিত দেয়। পার্সেল ও কনসাইনমেন্ট সরবরাহে ব্যবহৃত যানবাহনের জ্বালানি ব্যয় প্রাক্কলন করা হয়েছে ২১৮.১১ মিলিয়ন টাকা (মোট ব্যয়ের ৪৫.২৮%)। ভবন/অফিস ভাড়ার ব্যয় ১৩৯.৫৭ মিলিয়ন টাকা (২৮.৯৮%)। ভাড়াকৃত পরিবহন সরঞ্জাম ও যন্ত্রপাতির ব্যয় ২১.৯৮ মিলিয়ন টাকা (৪.৫৬%)। এই তিনটি শ্রেণিই মোট মধ্যবর্তী ভোগব্যয়ের প্রায় ৭৯.০০% এই তিনটি খাত থেকে এসেছে।

### 4.12 Intermediate Consumption, 2023-24

The table presents quarterly and total annual intermediate consumption costs for a range of expense categories during the fiscal year 2023–24. The total intermediate consumption for the year was Tk. 481.64 million. It is seen from the table that Q1 and Q4 had the highest spending, at around Tk. 121.2 million. Q2 had the lowest spending at Tk. 118.61 million, slightly below other quarters. Overall, there was relative stability across quarters, indicating consistent operational activity. Fuel costs of vehicles for parcel and consignment delivery was estimated at Tk. 218.11 million (45.28 % of total). Rent for buildings/office structures was Tk. 139.57 million (28.98%). Rent for hired transport equipment and machinery was Tk. 21.98 million (4.56 %). These three categories alone accounted for approximately 79.00 % of total intermediate cost.

**Table 4.12: Intermediate Consumption, 2023-24**

**(Taka)**

| Type of intermediate consumption | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 1. | Rent for building/structure office | 34,615,520 | 34,579,820 | 34,943,700 | 35,429,700 | 139,568,740 |
| 2. | Electricity, gas and water bill | 4,792,213 | 4,822,351 | 4,720,296 | 4,839,735 | 19,174,595 |
| 3. | Telephone bill | 1,360,611 | 1,355,530 | 1,411,241 | 1,363,627 | 5,491,009 |
| 4. | Internet bill | 945,713 | 949,813 | 948,513 | 959,013 | 3,803,052 |

| Type of intermediate consumption | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 5. | Rent for hired transport equipment and machineries | 5,432,898 | 5,490,198 | 5,570,911 | 5,483,090 | 21,977,097 |
| 6. | Fuel costs for office workers' transportation | 1,706,990 | 339,278 | 550,919 | 461,552 | 3,058,739 |
| 7. | Minor repair and maintenance for office workers' transportation | 308,289 | 308,828 | 296,547 | 328,743 | 1,242,407 |
| 8. | Fuel costs of vehicles used for parcel and consignment delivery | 54,624,233 | 53,937,294 | 54,710,877 | 54,835,671 | 218,108,075 |
| 9. | The cost of the equipment used for the delivery of the consignment (including repairs and maintenance) | 4,948,896 | 5,003,806 | 4,918,493 | 4,959,813 | 19,831,008 |
| 10. | Cost for loading and unloading | 1,787,898 | 1,678,812 | 1,784,276 | 1,779,252 | 7,030,238 |
| 11. | Warehouse rent | 768,000 | 765,000 | 1,343,055 | 705,310 | 3,581,365 |
| 12. | Cost for stationery items | 2,115,627 | 2,241,235 | 2,310,817 | 2,075,398 | 8,743,077 |
| 13. | Cost for packaging | 4,303,110 | 4,403,031 | 4,366,353 | 4,244,065 | 17,316,559 |
| 14. | Fee for license renewal | 827,669 | 355,842 | 290,325 | 1,226,544 | 2,700,380 |
| 15. | Website, hosting pay and server bill | 1,165,057 | 858,657 | 945,657 | 943,657 | 3,913,028 |
| 16. | Other intermediate consumption (not elsewhere classified) | 1,527,105 | 1,517,188 | 1,520,609 | 1,531,575 | 6,096,477 |
| **Total** | | **121,229,829** | **118,606,683** | **120,632,589** | **121,166,745** | **481,635,846** |

### ৪.১৩ স্থুল মূল্য সংযোজন, ২০২২-২৩

স্থুল উৎপাদন বলতে উৎপাদিত পণ্য ও সেবার মোট মূল্যকে বোঝায়, আর মধ্যবর্তী ভোগব্যয় বলতে উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত ইনপুট বা উপকরণের মূল্য বোঝানো হয়। স্থুল মূল্য সংযোজন (জিভিএ), স্থুল উৎপাদন থেকে মধ্যবর্তী ভোগব্যয় বাদ দিয়ে হিসাব করা হয়। নিম্নের সারণি হতে দেখা যায় যে, ২০২২-২৩ অর্থবছরে স্থুল জিভিএ ছিল ১,৬৯৯.৮৩ মিলিয়ন টাকা। ত্রৈমাসিক ভিত্তিতে জিভিএ এর বিভাজন ছিল নিম্নরূপঃ প্রথম ত্রৈমাসিকে ৩৮৬.৩৪ মিলিয়ন টাকা (২২.৭৩%), দ্বিতীয় ত্রৈমাসিকে ৪৮৩.৪২ মিলিয়ন টাকা (২৮.৪৪%), তৃতীয় ত্রৈমাসিকে ৪১৩.৩৩ মিলিয়ন টাকা (২৪.৩২%) এবং চতুর্থ ত্রৈমাসিকে ৪১৬.৭৩ মিলিয়ন টাকা (২৪.৫২%)। এটি স্পষ্ট যে, দ্বিতীয় ত্রৈমাসিকে সর্বোচ্চ জিভিএ অর্জিত হয়েছে, ৪৮৩.৪২ মিলিয়ন টাকা, যা বাৎসরিক মোট জিভিএ-র সর্বোচ্চ (২৮.৪৪%) অংশ। অন্যদিকে, প্রথম ত্রৈমাসিকে সর্বনিম্ন জিভিএ দেখা যায়, যার প্রধান কারণ ছিল অধিক মধ্যবর্তী ভোগ ব্যয়। কিছু ওঠানামা সত্ত্বেও, তৃতীয় ও চতুর্থ ত্রৈমাসিক তুলনামূলকভাবে স্থিতিশীল নিট উৎপাদন ছিল, যা বছরের দ্বিতীয়ার্ধে সামগ্রিক ধারাবাহিকতা নির্দেশ করে। সারণিতে প্রদর্শিত ত্রৈমাসিক কর্মসম্পাদন সূচক থেকে জানা যায় যে, প্রথম ত্রৈমাসিকে মাঝারি ধরণের আউটপুট এবং সর্বোচ্চ মধ্যবর্তী ভোগব্যয় (২৪.১১%) ছিল , যার ফলে সর্বনিম্ন মূল্য সংযোজন (৭৫.৮৯%) অর্জিত হয়। সামগ্রিকভাবে সেরা পারফরম্যান্স ছিল দ্বিতীয় ত্রৈমাসিকে, যেখানে আউটপুট প্রবৃদ্ধি সর্বোচ্চ (১৮.৪২%) এবং মধ্যবর্তী ভোগব্যয় অনুপাত সর্বনিম্ন (১৯.৮২%), ফলে এক্ষত্রে সর্বোচ্চ জিভিএ-আউটপুট অনুপাত (৮০.১৮%) অর্জিত

### 4.13 Gross Value Added, 2022-23

Gross output refers to the total value of goods and services produced, while intermediate consumption represents the value of inputs used up during production. Gross Value Added (GVA) is calculated by subtracting intermediate consumption from gross output. The table below shows that the total Gross Value Added (GVA) for the financial year 2022–23 was TK. 1,699.83 million. The quarterly breakdown of GVA was as follows: TK. 386.34 million (22.73%) in the first quarter (Q1), TK. 483.42 million (28.44%) in the second quarter (Q2), TK. 413.33 million (24.32%) in the third quarter (Q3), and TK. 416.73 million (24.52%) in the fourth quarter (Q4). It is evident that Q2 recorded the highest GVA at TK. 483.42 million, contributing the most (28.44%) to the annual total. In contrast, Q1 posted the lowest GVA, primarily due to higher intermediate consumption. Despite some fluctuations, Q3 and Q4 maintained a relatively stable net output, indicating overall consistency in the second half of the year. It is also disclosed from the quarterly performance indicators presented in the table that the first quarter (Q1) showed moderate output with the highest intermediate consumption (24.11%), resulting in the lowest value-added efficiency (75.89%). The second quarter (Q2) marked the best performance overall, with the

হয়। তৃতীয় ত্রৈ-মাসিকে আউটপুট হ্রাস পায় (-১২.০২%) এবং মধ্যবর্তী ভোগব্যয় সামান্য বৃদ্ধি পায়, যার ফলে মূল্য সংযোজন হ্রাস পেয়ে ৭৭.৯২%-এ দাঁড়ায়। অর্থবছরের শেষ ত্রৈ-মাসিকে আউটপুটে সামান্য প্রবৃদ্ধি (০.৭৮%) দেখা যায় এবং স্থিতিশীল দক্ষতা (জিভিএ-আউটপুট অনুপাত ৭৭.৯৫%) বজায় থাকে, যা একটি মৃদু পুনরুদ্ধার নির্দেশ করে।

highest output growth (18.42 %) and the lowest intermediate consumption ratio (19. 82%), leading to the highest GVA to output ratio (80.18%). The third quarter (Q3) experienced a decline in output (-12.02%) and a slight increase in intermediate consumption, causing a drop in value-added efficiency to 77.92%. The last quarter (Q4) of the financial year showed a marginal output growth (0.78%) and maintained stable efficiency (GVA to output ratio of 77.95 %), indicating a modest recovery.

**Table 4.13: Gross Value Added, 2022-23**

**(Taka)**

| Parameters | | Q1 | Q2 | Q3 | Q4 | Total |
|---|---|---|---|---|---|---|
| 1. | Gross output | 509,078,761 | 602,937,082 | 530,448,628 | 534,601,619 | 2,177,066,090 |
| 2. | Intermediate consumption | 122,734,288 | 119,516,234 | 117,116,184 | 117,869,674 | 477,236,380 |
| 3. | Gross value added | 386,344,473 | 483,420,848 | 413,332,444 | 416,731,945 | 1,699,829,710 |
| 4. | Intermediate consumption to output ratio | 24.11 | 19.82 | 22.08 | 22.05 | 21.92 |
| 5. | Gross value added to output ratio (Performance indicator) | 75.89 | 80.18 | 77.92 | 77.95 | 78.08 |
| 6. | IC to GVA ratio | 31.77 | 24.72 | 28.33 | 28.28 | 28.08 |

## ৪.১৪ স্থুল মূল্য সংযোজন, ২০২৩-২৪

নিম্নের সারণিতে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য প্রতিষ্ঠানসমূহের ত্রৈমাসিক ও বাৎসরিক অর্থনৈতিক কর্মক্ষমতার বিশ্লেষণ উপস্থাপন করা হয়েছে, যেখানে মূলত স্থুল মূল্য সংযোজন (জিভিএ) এর উপর গুরুত্ব দেওয়া হয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরে মোট জিভিএ ১,৮৮৫.৩২ মিলিয়ন টাকা। ত্রৈ-মাসিক ভিত্তিতে জিভিএ এর বিণ্যাস ছিল নিম্নরূপঃ প্রথম ত্রৈমাসিক: ৪৬১.৩৬ মিলিয়ন টাকা (২৪.৯৫%), দ্বিতীয় ত্রৈমাসিক: ৪৭৬.৯৩ মিলিয়ন টাকা (২৫.৩০%), তৃতীয় ত্রৈমাসিক: ৪৬৭.৩৫ মিলিয়ন টাকা (২৪.৭৯%), চতুর্থ ত্রৈমাসিক: ৪৭৯.৬৯ মিলিয়ন টাকা (২৫.৪৪%)। বিশেষভাবে উল্লেখ্য যে, চতুর্থ ত্রৈ-মাসিকে সর্বোচ্চ জিভিএ অর্জিত হয়েছে যার পরিমাণ ৪৭৯.৬৯ মিলিয়ন টাকা এবং বাৎসরিক মোট জিভিএ-তে এর অবদান ২৫.৪৪%। বাৎসরিক মধ্যবর্তী ভোগব্যয়ের মোট প্রাক্কলিত পরিমাণ ছিল ৪৮১.৬৪ মিলিয়ন টাকা, যা বছরজুড়ে ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে। জিভিএ-আউটপুট অনুপাতও স্থিতিশীল ছিল, যা সামগ্রিকভাবে ভালো অর্থনৈতিক পারফরম্যান্স নির্দেশ করে।

## 4.14 Gross Value Added, 2023-24

The table below provides an analysis of the establishments' quarterly and annual economic performance for the fiscal year 2023-2024, with a focus on Gross Value Added (GVA). The total Gross Value Added (GVA) for the financial year 2023-2024 amounted to TK 1885.32 million. The quarterly distribution of GVA was as follows: TK 461.36 million (24.95%) in the first quarter (Q1), TK.476.93 million (25.30%) in the second quarter (Q2), TK.467.35 million (24.79%) in the third quarter (Q3), and TK.479.69 million (25.44%) in the fourth quarter (Q4). Notably, the fourth quarter recorded the highest GVA at TK. 479.69 million, which contributed significantly (25.44%) to the overall annual total. The annual total of intermediate consumption was estimated at TK.481.64 million, which continuously increased throughout the year. The GVA to output ratio also remained stable, suggesting good overall performance.

### Chart 4.4: Gross Value Added, 2022-23 and 2023-24

(Million Tk.)




### Table 4.14: Gross Value Added, 2023-24

(Taka)

| Parameters | | Q1 | Q2 | Q3 | Q4 | Total/average |
|---|---|---|---|---|---|---|
| 1. | Gross output | 582,593,111 | 595,532,351 | 587,980,150 | 600,853,753 | 2,366,959,365 |
| 2. | Intermediate consumption | 121,229,829 | 118,606,683 | 120,632,589 | 121,166,745 | 481,635,846 |
| 3. | Gross value added | 461,363,282 | 476,925,668 | 467,347,561 | 479,687,008 | 1,885,323,519 |
| 4. | Intermediate consumption to output ratio | 20.81 | 19.92 | 20.52 | 20.17 | 20.35 |
| 6. | Gross value added to output ratio (Performance indicator) | 79.19 | 80.08 | 79.48 | 79.83 | 79.65 |
| 7. | IC to GVA ratio | 26.28 | 24.87 | 25.81 | 25.26 | 25.55 |

### ৪.১৫ ত্রৈমাসিক ভিত্তিতে এবং বার্ষিক ভিত্তিতে মূল্য সংযোজনের প্রবৃদ্ধি

নিম্নের সারণিতে ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরের ত্রৈমাসিক ভিত্তিক তথ্য উপস্থাপন করা হয়েছে, যেখানে ত্রৈমাসিক ভিত্তিক এবং বার্ষিক ভিত্তিক প্রবৃদ্ধির হার দেখান হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের দ্বিতীয় ত্রৈমাসিকে উল্লেখযোগ্য ২৫.১৩% প্রবৃদ্ধি লক্ষ্য করা যায়। অপরদিকে, উভয় অর্থবছরের তৃতীয় ত্রৈমাসিকে সংকোচনের লক্ষণ দেখা গেছে, যা ঋতুভিত্তিক অর্থনৈতিক মন্দার ইঙ্গিত দেয়। ২০২৩-২৪ অর্থবছরের চতুর্থ ত্রৈমাসিকে আগের বছরের তুলনায় অধিক শক্তিশালী পুনরুদ্ধার দেখা যায়। ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিকে বছরভিত্তিক প্রবৃদ্ধি কমে গেছে, সম্ভবত আগের বছরের একই সময়ে অস্বাভাবিকভাবে উচ্চ পারফরমেন্স থাকার কারণে। ২০২৩-২৪ অর্থবছরের প্রথম, তৃতীয় ও চতুর্থ ত্রৈমাসিকে শক্তিশালী দুই

### 4.15 Quarter-over-Quarter (QoQ) and Year-over-Year (YoY) Growth Rate of Value Added

The following table provides quarterly data for two fiscal years, 2022-23 and 2023-24, showing Quarter-over-Quarter (QoQ) and Year-over-Year (YoY) growth. The second quarter (Q2) of 2022-23 showed a massive 25.13% increase. On the other hand, the third quarter of both years faced a contraction, which may point to a seasonal economic slowdown. The fourth quarter of 2023-24 posted a stronger rebound than the previous year. Year-over-year growth declined in Q2 of 2023-24, possibly due to unusually high figures in Q2 of 2022-23. The first (Q1), third (Q3), and fourth (Q4) quarters of 2023-24 showed a strong

ডিজিটের বার্ষিক প্রবৃদ্ধি লক্ষ্য করা যায়, যা সামগ্রিকভাবে অর্থনৈতিক গতি বজায় থাকার ইঙ্গিত বহন করে।

double-digit Year-over-Year growth, suggesting overall economic momentum.

**Table 4.15: Quarter-over-Quarter and Year-over-Year Growth Rate of Value Added**

(Taka)

| Year | Quarter | Gross value added | Quarter-over-Quarter growth | Year-over-Year growth |
|---|---|---|---|---|
| 2022-23 | Q1 ((Jul-Sep) | 386,344,473 | | |
| | Q2 (Oct-Dec) | 483,420,848 | 25.13 | |
| | Q3 (Jan-Mar) | 413,332,444 | -14.50 | |
| | Q4 (Apr-Jun) | 416,731,945 | 0.82 | |
| 2023-24 | Q1 ((Jul-Sep) | 461,363,282 | 10.71 | 19.42 |
| | Q2 (Oct-Dec) | 476,925,668 | 3.37 | -1.34 |
| | Q3 (Jan-Mar) | 467,347,561 | -2.01 | 13.07 |
| | Q4 (Apr-Jun) | 479,687,008 | 2.64 | 15.11 |

### ৪.১৬ মূল্য সংযোজনে শ্রম অংশ

সারণি ৪.১৪-তে, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরের ত্রৈ-মাসিক ভিত্তিক মোট মূল্য সংযোজন (জিভিএ), কর্মীদের বেতন ও মজুরি এবং জিভিএ-তে শ্রমের অংশ সংক্রান্ত তথ্য উপস্থাপন করা হয়েছে। মূল্য সংযোজনে শ্রম অংশ বলতে কোনো ব্যবসা, শিল্প বা অর্থনীতির মাধ্যমে সৃষ্ট মোট মূল্য সংযোজনের সেই অংশ বোঝানো হয়, যা কর্মীদের মজুরি ও অন্যান্য ক্ষতিপূরণ হিসেবে প্রদান করা হয়। এটি নির্দেশ করে যে, স্থূল মূল্যসংযজনর (জিভিএ) কতটুকু শ্রমিকদের ভাগে যায় এবং কতটুকু মূলধনের (মালিক, শেয়ারহোল্ডার) জন্য থাকে। সময়ের সাথে শ্রম অংশ হ্রাস পাওয়া আয় বৈষম্য বৃদ্ধির ইঙ্গিত দেয়। ২০২২-২৩ অর্থবছরে শ্রম অংশে উল্লেখযোগ্য ত্রৈমাসিক ওঠানামা লক্ষ্য করা যায়। তুলনামূলকভাবে উচ্চ শ্রম অংশ নিয়ে (৪০.০৫%) প্রথম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) শুরু হয়, যা শ্রম ও মূলধনের মধ্যে আয়ের একটি ন্যায্য বণ্টনের ইঙ্গিত দেয়। তবে, দ্বিতীয় ত্রৈমাসিকে (অক্টোবর-ডিসেম্বর) এটি হঠাৎ হ্রাস পেয়ে ৩২.৪১%-এ দাঁড়ায় , যা অর্থবছরের সর্বনিম্ন। এই বড় হ্রাস ঋতুভিত্তিক প্রভাব, শ্রমনির্ভর খাতে মন্দা, বা মূলধন বিনিয়োগ ও অটোমেশনের বৃদ্ধির কারণে হতে পারে। তৃতীয় ত্রৈমাসিকে (জানুয়ারি-মার্চ) শ্রম অংশ কিছুটা ঘুরে দাঁড়িয়ে ৩৯.৩৩%-এ পৌঁছায় এবং চতুর্থ ত্রৈমাসিকে (এপ্রিল-জুন) আরও সামান্য বৃদ্ধি পেয়ে ৪১.০২%-এ দাঁড়ায়, যা বছরের সর্বোচ্চ। এই বিলম্বিত পুনরুদ্ধার শ্রম চাহিদা বৃদ্ধি, সরকারি আর্থিক পদক্ষেপ বা চাকরির ঋতুভিত্তিক প্রবৃদ্ধির কারণে হতে পারে। এই ত্রৈ-মাসিক পরিবর্তনসমূহ শ্রমবাজারে সম্ভাব্য অস্থিরতা বা বিভিন্ন খাতে অসমান প্রবৃদ্ধির ইঙ্গিত দেয়। ২০২৩-২৪ অর্থবছরে, কিছুটা কম শ্রম অংশ (৩৮.০৪%) দিয়ে প্রথম ত্রৈমাসিক শুরু হয়, যা আগের ত্রৈমাসিকের (৪১.০২%) থেকে কম। তবে, বছর ভিত্তিক

### 4.16 Labour Share of Value Added

Table 4.16 reports quarter-wise Gross Value Added (GVA), Compensation of Employees, and the labour share of GVA for the financial years 2022–23 and 2023–24. Labour share of value added refers to the proportion of the total value added by a business, industry, or economy that is paid out as compensation to employees. It measures how much Gross Value Added (GVA) goes to workers instead of capital (owners, shareholders). Declining labour shares over time may indicate rising income inequality. The labour share in FY 2022–23 experienced notable quarterly fluctuations. The first quarter (July–September) started with a relatively high labour share at 40.05%, suggesting a reasonably equitable distribution of income between labour and capital. However, this share dropped sharply in the second quarter (October–December) to 32.41%, marking the lowest point of the fiscal year. This significant decline may indicate seasonal effects, a slowdown in labour-intensive industries, or increasing automation or capital accumulation in key sectors. The third quarter (January–March) saw a recovery to 39.33%, and by the fourth quarter (April–June), the labour share increased slightly further to 41.02%, the highest point in the year. This late recovery could be associated with increased labour demand at the end of the fiscal cycle, government fiscal measures, or cyclical boosts in employment.

তুলনায় (২০২২-২৩ বনাম ২০২৩-২৪), শ্রম অংশ ৩৭.৯৪% থেকে বৃদ্ধি পেয়ে ৩৯.১১% হয়, যা শ্রম আয়ের অবস্থানের সামান্য উন্নতির ইঙ্গিত দেয়। দ্বিতীয় ত্রৈমাসিকে (অক্টোবর-ডিসেম্বর) শ্রম অংশ আবার হ্রাস পেয়ে ৩৭.৪৫%-এ দাঁড়ায়, যা আগের বছরের দ্বিতীয় প্রান্তিকে দুর্বলতার ধারাবাহিকতার সাথে সামাঞ্জস্যপূর্ণ। তবে, এই পতনটি ২০২২–২৩ অর্থবছরের মতো তীব্র ছিল না, যা সম্ভবত একটি তুলনামূলকভাবে স্থিতিশীল শ্রমবাজারের ইঙ্গিত দেয়। তৃতীয় ও চতুর্থ ত্রৈমাসিকে শ্রম অংশ আবার বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৪০.১৬%-এ ও ৪০.৭৭%-এ দাঁড়ায়, যা আগের অর্থবছরের দ্বিতীয়ার্ধের উর্ধ্বমুখী প্রবণতার পুনরাবৃত্তি করে। এসব তথ্য নির্দেশ করে যে, শ্রম দেশের মূল্য সংযোজনের একটি স্থিতিশীল অংশ বজায় রাখছে, বিশেষ করে অর্থবছরের শেষের দিকে। দুই বছরের সময়কালে, দেশের মূল্য সংযোজনের মধ্যে শ্রমের অংশে মাঝারি প্রবৃদ্ধি এবং ধীরে ধীরে স্থিতিশীলতার লক্ষণ দেখা গেছে, বিশেষ করে প্রতি বছরের দ্বিতীয়ার্ধে।

The volatility across quarters points to possible instability in the labour market or uneven distribution of growth across sectors. In the following fiscal year, 2023–24, the labour share began slightly lower in the first quarter, at 38.04%, compared to the 41.02% of the previous quarter. However, when compared year-on-year (FY 2022–23 vs. FY 2023–24), there was an increase from 37.94% to 39.11%, suggesting a modest improvement in labor's relative income position despite short-term fluctuations. The second quarter (October–December) again witnessed a small decline to 37.45%, consistent with the previous year's pattern of Q2 weakness. However, this drop was not as sharp as the one observed in FY 2022–23, potentially signaling a more resilient labour market. In the third and fourth quarters, labour share strengthened again, reaching 40.16% and 40.77% respectively. This mirrored the upward trend seen in the second half of the previous fiscal year. All these information suggest that labour is maintaining a stable share of the country's value added, particularly toward the end of the fiscal cycle. Over the two-year period, the labour share of value added showed a sign of moderate growth and gradual stabilization, particularly in the second half of each year.

**Table 4.16: Labour Share of Value Added**

**(Taka)**

| Year | Quarter | Gross value added | Compensation of employees | Quarter-over-Quarter labour share of GVA | Yearly labour share |
|---|---|---|---|---|---|
| 2022-23 | Q1 ((Jul-Sep) | 386,344,473 | 154,717,539 | 40.05 | 37.94 |
| | Q2 (Oct-Dec) | 483,420,848 | 156,657,006 | 32.41 | |
| | Q3 (Jan-Mar) | 413,332,444 | 162,581,509 | 39.33 | |
| | Q4 (Apr-Jun) | 416,731,945 | 170,951,508 | 41.02 | |
| 2023-24 | Q1 ((Jul-Sep) | 461,363,282 | 175,505,885 | 38.04 | 39.11 |
| | Q2 (Oct-Dec) | 476,925,668 | 178,619,193 | 37.45 | |
| | Q3 (Jan-Mar) | 467,347,561 | 187,676,802 | 40.16 | |
| | Q4 (Apr-Jun) | 479,687,008 | 195,561,405 | 40.77 | |

### ৪.১৭ প্রতিষ্ঠান প্রতি আউটপুট, মধ্যবর্তী ভোগব্যয় এবং মূল্য সংযোজন, ২০২২-২৩

এই সারণিতে ২০২২-২৩ অর্থবছরের জন্য তিনটি অর্থনৈতিক সূচক-প্রতিষ্ঠান প্রতি আউটপুট, মধ্যবর্তী ভোগব্যয় এবং স্থূল মূল্য সংযোজন (জিভিএ)-এর ত্রৈমাসিক ও মোট তথ্য উপস্থাপন করা হয়েছে। প্রতিষ্ঠান প্রতি আউটপুট সর্বোচ্চ ছিল দ্বিতীয় ত্রৈমাসিকে (৪,৩৬৯,১০৯.২৯ টাকা)। এরপর তৃতীয় ও চতুর্থ ত্রৈমাসিকে হ্রাস পায়। প্রথম ত্রৈমাসিকে সর্বনিম্ন আউটপুট ছিল যার পরিমাণ ৩,৬৮৮,৯৭৬.৫৩ টাকা। এই তথ্য থেকে বোঝা যায় যে দ্বিতীয় ত্রৈমাসিকে মৌসুমি বা চক্রাকারে উৎপাদন/আউটপুট বৃদ্ধি পায়, সম্ভবত সেই সময়ে চাহিদা বৃদ্ধি বা অর্থনৈতিক কর্মকান্ডের তীব্রতা বৃদ্ধির কারণে। প্রতিষ্ঠান প্রতি মধ্যবর্তী ভোগব্যয় ত্রৈমাসিকভিত্তিতে তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল। এর অর্থ হলো প্রতিষ্ঠানের ইনপুট ব্যয়ে তেমন কোন বড় পার্থক্য দেখা যায়নি, যা স্থিতিশীল উৎপাদন প্রক্রিয়া বা ইনপুট মূল্যের নির্দেশ করে। স্থূল মূল্য সংযোজন (জিভিএ) প্রতিষ্ঠান প্রতি আউটপুটের মতোই একটি প্যাটার্ন অনুসরণ করে-দ্বিতীয় ত্রৈমাসিকে সর্বোচ্চ (৩,৫০৩,০৪৯.২৯ টাকা), এবং তৃতীয় ও চতুর্থ ত্রৈমাসিকে হ্রাস পেয়েছে। প্রতিষ্ঠানপ্রতি মূল্য সংযোজন প্রথম প্রান্তিকে সর্বনিম্ন ছিল, যার পরিমাণ ২,৭৯৯,৫৯৭.৬৩ টাকা; যা সর্বনিম্ন উৎপাদনের সাথেও সামঞ্জস্যপূর্ণ। মধ্যবর্তী ভোগব্যয়ের তুলনায় অধিক জিভিএ নির্দেশ করে যে প্রতিষ্ঠান প্রতি মূল্য সংযোজনের দক্ষতা ভালো ছিল, বিশেষ করে দ্বিতীয় ত্রৈমাসিকে।

### 4.17 Output, Intermediate Consumption and Value Added per Establishment, 2022-23

The table presents quarterly and total data for three economic indicators—Output, Intermediate Consumption, and Gross Value Added (GVA)-per establishment for the fiscal year 2022–23. Output per Establishment peaked in Q2 (TK. 4369109.29), followed by a decline in Q3 and Q4. Q1 recorded the lowest output with TK. 3,688,976.53. The data suggests some seasonal or cyclical increase in production/output during Q2, possibly reflecting higher demand or increased activity during that quarter. Intermediate consumption per establishment remained relatively stable across quarters. This indicates that input costs per establishment did not vary drastically, suggesting stable production processes or input prices. Gross Value Added (GVA) per establishment followed a pattern similar to output, peaking in Q2 (TK. 3,503,049.29) and dropping in Q3 and Q4. GVA per establishment was lowest in Q1 with TK. 2799,597.63, consistent with the lowest output. The relatively high GVA compared to intermediate consumption indicates efficient value addition per establishment, particularly in Q2.

**Table 4.17: Output, Intermediate Consumption and Value Added per Establishment, 2022-23**

(Taka)

| | Indicators | Q1 | Q2 | Q3 | Q4 | Total |
|---|---|---|---|---|---|---|
| 1. | Output per establishment | 3688976.53 | 4369109.29 | 3843830.64 | 3873924.78 | 15775841.23 |
| 2. | Intermediate consumption per establishment | 889,379 | 866,060 | 848,668 | 854,128 | 3,458,235 |
| 3. | Gross value added per establishments | 2799597.53 | 3503049.29 | 2995162.64 | 3019796.78 | 12317606.23 |

### ৪.১৮ প্রতিষ্ঠান প্রতি আউটপুট, মধ্যবর্তী ভোগব্যয় এবং মূল্য সংযোজন, ২০২৩-২৪

নিম্নের সারণিতে ২০২৩-২৪ অর্থবছরের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিষ্ঠান প্রতি আউটপুট, মধ্যবর্তী ভোগব্যয় এবং স্থূল মূল্য সংযোজন (জিভিএ)-এর বণ্টন দেখানো হয়েছে। প্রতিষ্ঠান প্রতি আউটপুট প্রথম ত্রৈমাসিকে ৪.২২ মিলিয়ন টাকা থেকে চতুর্থ ত্রৈমাসিকে ৪.৩৫ মিলিয়ন টাকায় পৌঁছে, যদিও তৃতীয় ত্রৈমাসিকে সামান্য হ্রাস পায় (৪.২৬ মিলিয়ন টাকা)। প্রতিষ্ঠান প্রতি আউটপুট ধারাবাহিক ও উর্ধ্বমুখী প্রবণতা নির্দেশ করে, যা

### 4.18 Output, Intermediate Consumption and Value Added per Establishment, 2023-24

The following table shows the quarterly distribution of output, intermediate consumption, and value-added per establishment for the financial year 2023–24. Output per establishment increased steadily from Q1 (TK. 4.22 million) to Q4 (TK. 4.35 million), with a slight dip in Q3 (TK. 4.26 million). The output per establishment showed a relatively consistent and growing trend, indicating

বছরজুড়ে একটি স্থিতিশীল বা উন্নত উৎপাদন পরিবেশের ইঙ্গিত বহন করে। প্রতিষ্ঠান প্রতি মধ্যবর্তী ভোগব্যয় প্রথম থেকে চতুর্থ ত্রৈমাসিক পর্যন্ত স্থিতিশীল ছিল। প্রতিষ্ঠানপ্রতি স্থূল মূল্য সংযোজন (জিভিএ) তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল, যা প্রথম ত্রৈমাসিকে ৩.৩৪ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে চতুর্থ ত্রৈমাসিকে ৩.৪৮ মিলিয়ন টাকায় দাঁড়িয়েছে। প্রথম ত্রৈমাসিকে সর্বনিম্ন জিভিএ আউটপুট হ্রাসের সাথে সামঞ্জস্যপূর্ণ। উচ্চ ও স্থিতিশীল জিভিএ নির্দেশ করে যে, প্রতিষ্ঠানগুলোতে শক্তিশালী মূল্য সংযোজন সৃষ্টি হয়েছে এবং ইনপুট ব্যয়ের কারণে তেমন ভাঙ্গন সৃষ্টি হয়নি।

a stable or improving production environment throughout the year. Intermediate consumption per establishment was stable from Q1 to Q4. Gross Value Added (GVA) per establishment remained relatively stable, ranging from TK. 3.34 million (Q1) to TK. 3.48 million (Q4). The lowest value added in Q1 aligns with a slight output dip. The high and stable GVA indicates strong value-added creation within establishments, with limited erosion from input costs.

**Table 4.18: Output, Intermediate Consumption and Value Added per Establishment, 2023-24**

**(Taka)**

| | Indicators | Q1 | Q2 | Q3 | Q4 | Total |
|---|---|---|---|---|---|---|
| 1. | Output per establishment | 4221689.21 | 4315451.82 | 4260725.72 | 4354012.70 | 17151879.46 |
| 2. | Intermediate consumption per establishment | 878477.02 | 859468.72 | 874149.20 | 878019.89 | 3490114.83 |
| 3. | Gross value added per establishments | 3,343,212.19 | 3455983.10 | 3386576.53 | 3475992.81 | 13661764.63 |

# CHAPTER V: MONEY CHANGER ESTABLISHMENT
## পঞ্চম অধ্যায়: মানি চেঞ্জার প্রতিষ্ঠান

# CHAPTER V: MONEY CHANGER ESTABLISHMENT

## পঞ্চম অধ্যায়: মানি চেঞ্জার প্রতিষ্ঠান

এ অধ্যায়ে মানি চেঞ্জার প্রতিষ্ঠানের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়াদি সম্পর্কে বিস্তৃত বিশ্লেষণ উপস্থাপন করা হয়েছে। এ বিশ্লেষণে প্রতিষ্ঠানসমূহের জনবলের গড় আকার, জনবলের ধরন এবং তাদের কার্যক্রমের দিকে ধারণাও প্রদান করা হয়েছে। এ অধ্যায়ে কর্মচারীদের মজুরি এবং অন্যান্য সুবিধাবলীসহ তৎসংশ্লিষ্ট কর্মসংস্থান ব্যয় নিয়ে আলোকপাত করা হয়েছে, যা ব্যবসায়ের সার্বিক অর্থনৈতিক অবস্থাকে সামগ্রিকভাবে প্রভাবিত করে থাকে। তাছাড়া, এ অধ্যায়ে অর্থনীতির প্রধান নির্দেশকসমূহ উল্লেখ করা হয়েছে, যা মানি চেঞ্জার প্রতিষ্ঠানের কর্ম দক্ষতাকে প্রতিফলিত করে এবং প্রতিষ্ঠানের গড় উৎপাদন এবং মধ্যবর্তী ভোগ ব্যয়ের প্রবণতাও বিশ্লেষণ করা হয়েছে, যা তাদের কার্যক্রম পরিচালনায় ব্যবহৃত পণ্য এবং পরিষেবার ব্যয়কে বুঝায়। অধিকন্তু, স্থানীয় অর্থনীতিতে এ খাতের অবদান উল্লেখপূর্বক প্রতিটি প্রতিষ্ঠানের মূল্য সংযোজন নিরুপণ করা হয়েছে। আরও পুঙ্খানুপুঙ্খ জানার লক্ষ্যে এ অধ্যায়ে প্রত্যেকটি প্রতিষ্ঠানের নিজস্ব স্থির সম্পদ যেমন: অফিসের কাঠামো এবং সুরক্ষিত ভল্ট ইত্যাদির গড় মূল্য অন্তর্ভুক্ত করা হয়েছে।

This chapter delves into a thorough analysis of money changer establishments, shedding light on various critical aspects of these businesses. The analysis also considers the average employment size of these establishments, providing insights into staffing patterns and workforce dynamics. The chapter also discusses the associated employment costs, including wages and employee benefits, which collectively impact the overall financial health of the businesses. Furthermore, the chapter scrutinizes key economic indicators that reflect the performance of money changers and it analyzes the average output and the trends in intermediate consumption, which refers to the costs of goods and services utilized in conducting their operations. Additionally, it measures the value-added per establishment, illustrating how these businesses contribute to the local economy. To provide a more comprehensive understanding, the chapter includes an assessment of the average value of fixed assets owned by each establishment, such as office infrastructure and secure vaults.

### ৫.১ প্রতিষ্ঠানের মালিকানার ধরন

সারণিতে উপস্থাপিত উপাত্তে দেখা যায় যে, সকল প্রতিষ্ঠানের মধ্যে বেশির ভাগ অর্থাৎ ৬৮.৪২% প্রতিষ্ঠান ব্যক্তিগত মালিকানাধীন। উল্লেখ্য, পারিবারিক অংশীদারত্বের মালিকানার হার শূন্য (০) যা ইঙ্গিত প্রদান করে যে ৯৫ টি প্রতিষ্ঠানের কোনটিতেই মালিকানার এ ধরন পাওয়া যায় নি। অপরদিকে, ১৪ টি প্রতিষ্ঠানের (১৪.৭৪%) মালিকানা পরিবার বহির্ভূত অংশীদারত্বের এবং ১৬ টি (১৬.৮৪%) প্রতিষ্ঠানের মালিকানা হলো বেসরকারি লিমিটেড কোম্পানির। এ প্রবণতা আরো আনুষ্ঠানিক এবং কাঠামোগত ব্যবসায়িক সত্তার অধিকতর গুরুত্বকে প্রতিফলিত করে, যা প্রায়শই বৃহত্তর এবং আরও বেশি মূলধন-বান্ধব কার্যক্রমের সাথে সম্পর্কিত। সামগ্রিকভাবে, এ ফলাফল হতে দেখা যাচ্ছে যে, সমন্বিত বা কর্পোরেট মালিকানাধীন প্রতিষ্ঠানের তুলনায় অনানুষ্ঠানিক বা ব্যক্তিগত মালিকানাধীন প্রতিষ্ঠান অনেক বেশি।

### 5.1 Ownership Status of Establishments

The data presented in the table indicates that individual ownership constitutes the majority, comprising 68.42% of all establishments. Notably, family partnerships accounted for 0% of ownership, indicating that none of the 95 establishments adopted this model. Conversely, 14 establishments (14.74%) were organized as non-family partnerships, while 16 (16.84%) were categorized as private limited companies. This trend reflects a significant preference for more formal and structured business entities, which are often associated with larger and more capital-intensive operations. Overall, the findings indicate that informal or individualized ownership structures predominantly characterize most of these establishments, with a limited prevalence of collaborative or corporate forms.

### Table 5.1: Ownership Status of Establishments

| Ownership Status | | Number of Establishment | Percent |
|---|---|---|---|
| 1. | Individual ownership | 65 | 68.42 |
| 2. | Family partnership | 0 | 0.00 |
| 3. | Partnership | 14 | 14.74 |
| 4. | Private Ltd. company | 16 | 16.84 |
| | **Total** | **95** | **100.00** |

### ৫.২ প্রতিষ্ঠান প্রধানের লিঙ্গ

নিম্নলিখিত সারণিতে উপস্থাপিত উপাত্ত ব্যবসায় নেতৃত্বে একটি সুদৃঢ় নারী-পুরুষ বৈষম্য প্রকাশ করে যেখানে ৯৪.৭৪% প্রতিষ্ঠান পুরুষ দ্বারা পরিচালিত হয়। এই একপেশে সংখ্যাগরিষ্ঠতা উদ্যোক্তা এবং নেতৃত্বের ভূমিকায় নারীদের প্রতিনিধিত্ব না থাকাকে তুলে ধরে। এই ধরনের বৈষম্য নারীদের বিভিন্ন বাধার যেমন: সামাজিক রীতিনীতি, অর্থনৈতিক প্রতিবন্ধকতা এবং সাংস্কৃতিক প্রত্যাশা এর মুখোমুখি হওয়ার ইঙ্গিত করে এবং এটি ব্যবসার মালিকানায় তাদের অংশগ্রহণকে হ্রাস করে। একইভাবে, হিজড়া হিসেবে চিহ্নিত ব্যক্তিদের দ্বারা পরিচালিত কোনও প্রতিষ্ঠান (০%) পাওয়া যায়নি। প্রতিনিধিত্বের এই ঘাটতি প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক খাতে লিঙ্গ-বৈচিত্র্যময় জনগোষ্ঠীকে পদ্ধতিগতভাবে অন্তর্ভূক্ত না করা ও উপেক্ষার তুলে ধরে। এ তথ্যগুলো আরও অন্তর্ভুক্তিমূলক নীতি, লক্ষ্যভিত্তিক সহায়তা ব্যবস্থা এবং ব্যয়কে সামষ্টিক পরিবর্তনে জরুরি প্রয়োজনীয়তার ইঙ্গিত প্রদান করে, যাতে করে সকল লিঙ্গ পরিচয়ের মানুষ উদ্যোক্তা ও নেতৃত্বের ক্ষেত্রে সমানভাবে অংশগ্রহণ করতে পারে।

### 5.2 Gender Distribution of Heads of Establishments

The data presented in the following table reveals a striking gender imbalance in business leadership, with 94.74% of establishments headed by males. This overwhelming majority highlights the persistent underrepresentation of women in entrepreneurship and leadership roles. Such disparity points to enduring barriers women face—rooted in social norms, economic constraints, and cultural expectations—that limit their participation in business ownership. Equally concerning is the complete absence (0%) of establishments led by individuals identifying as Hijra (non-binary or third gender). This Lack of representation underscores the systemic exclusion and marginalization of gender-diverse communities in the formal economic sector. The data signal a pressing need for more inclusive policies, targeted support systems, and broader societal change to ensure equitable access to entrepreneurial and leadership opportunities for all gender identities.

### Table 5.2: Gender Distribution of Heads of Establishments

| Head of Establishments | | Number of Establishments | Percent |
|---|---|---|---|
| 1. | Male | 90 | 94.74 |
| 2. | Female | 5 | 5.26 |
| 3. | Hijra (neither male nor female) | 0 | 0.00 |
| | **Total** | **95** | **100.00** |

### ৫.৩ কর্মসংস্থানের আকার, ২০২২-২৩

সারণি ৫.৩ এ জুলাই ২০২২ হতে জুন ২০২৩ পর্যন্ত ত্রৈমাসিক ভিত্তিতে কর্মসংস্থানের ধরন (আকার) এর তথ্য উপস্থাপন করা হয়েছে। কর্মরত মালিকের সংখ্যা চারটি ত্রৈমাসিক জুড়ে একই ছিল, ইহা স্থিতিশীল মালিকানা এবং পরিচালন কাঠামোকে বুঝায়। বিপরীতে বেতনভুক্ত নিয়মিত কর্মচারীর সংখ্যায় উল্লেখ্যযোগ্য পরিবর্তনশীলতা পরিলক্ষিত হয়। প্রথম ত্রৈমাসিকে ২৩৭ জন, ২য় ত্রৈমাসিকে ২৫৮ জন; ৩য় ত্রৈমাসিকে ২৩৯ জন

### 5.3 Employment Size, 2022-23

Table 5.3 presents data regarding employment types across four quarters, spanning July 2022 to June 2023. The number of working owners remained constant at 135 during all four quarters, indicating stable ownership and management structure. In contrast, the number of regular paid employees exhibited notable variability: 237 in Q1, 258 in Q2, 239 in Q3, and 243 in Q4. This

এবং চতুর্থ ২৪৩ জন। এ ভিন্নতা কার্যক্রমের চাহিদার প্রতি সংবেদনশীলতার নির্দেশ প্রদান করে, যেখানে দ্বিতীয় প্রান্তিকের সর্বোচ্চ অবস্থানটি সম্ভবত ঋতুভিত্তিক কর্মশক্তির চাহিদাকে প্রতিফলিত করে। চুক্তিভিত্তিক কর্মচারীর সংখ্যা ১ম ত্রৈমাসিকের ৩০ জন হতে বৃদ্ধি পেয়ে ৪র্থ ত্রৈমাসিকে ৩২ জন হওয়ায় একটি উর্ধ্বমুখী প্রবণতাকে নির্দেশ করে।

variation suggests sensitivity to operational demands, with the peak in Q2 likely reflecting seasonal workforce requirements. Contract-based employment displayed a modest upward trend, increasing from 30 employees in Q1 to 32 in Q4.

**Table 5.3: Employment Size, 2022-23**

**(Number)**

| | Employment type | 2022-23 | | | |
|---|---|---|---|---|---|
| | | **Q1** | **Q2** | **Q3** | **Q4** |
| 1. | Working owner | 135 | 135 | 135 | 135 |
| 2. | Unpaid family worker | 12 | 11 | 12 | 12 |
| 3. | Regular paid employee | 237 | 258 | 239 | 243 |
| 4. | Employees on contract basis (including day labour) | 30 | 30 | 32 | 32 |
| | **Total** | **414** | **434** | **418** | **422** |

### ৫.৪ কর্মসংস্থানের আকার, ২০২৩-২৪

নিম্নবর্ণিত সারণির মাধ্যমে ২০২৩-২৪ অর্থবছরের কর্মসংস্থানের ক্ষেত্রে বিভিন্ন শ্রেণীর কর্মীদের সংখ্যা ত্রৈমাসিক ভিত্তিতে উপস্থাপন করা হয়েছে। কর্মরত মালিকের সংখ্যা সারা বছর ব্যাপী একই (১৩৫ জন) ছিল। এ থেকে বুঝা যায় যে, নির্ধারিত সময়ের মধ্যে কর্মরত মালিকদের সংখ্যার কোনো পরিবর্তন হয়নি অর্থাৎ কর্মসংস্থানে উল্লেখযোগ্যভাবে প্রবেশ বা প্রস্থান ছাড়াই একটি স্থিতিশীল ব্যবসায়িক মালিকানা কাঠামো প্রতীয়মান হয়েছে। অবৈতনিক পারিবারিক শ্রমিকদের সংখ্যা ১ম ত্রৈমাসিকের ১৫ জন হতে ২য় ত্রৈমাসিকে ১৬ জন হয়েছে অর্থাৎ কিছুটা বৃদ্ধি পেয়েছে, যা পরবর্তী ত্রৈমাসিকগুলোরতে অপরিবর্তিত অবস্থায় রয়েছে। কর্মসংস্থানের মধ্যে নিয়মিত বেতনভুক্ত জনবলের সংখ্যাই সবচেয়ে বেশি। এর আকার ১ম ত্রৈমাসিকের ২৪০ জন হতে সামান্য বৃদ্ধি পেয়ে ৪র্থ ত্রৈমাসিকে ২৪২ জন হয়েছে। এ প্রবণতাটি বছরের শেষের দিকে স্বল্প মাত্রার নিয়োগের ইঙ্গিত দেয়, যা মৌসুমি বা কার্যক্রম সমন্বয়ের কারণে হতে পারে। এটাও স্পষ্ট যে, মোট কর্মসংস্থান ১ম ত্রৈমাসিকের ৪২২ জন থেকে বৃদ্ধি পেয়ে ২য় ও ৩য় ত্রৈমাসিকে ৪২৩ জন হয়েছে এবং পরবর্তীতে ৪র্থ ত্রৈমাসিকে সামান্য বৃদ্ধি পেয়ে ৪২৫ জন হয়েছে। তথ্য উপাত্ত থেকে দেখা যায় যে, মোট জনশক্তির মধ্যে নিয়মিত বেতনভুক্ত কর্মচারীর সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণে বিদ্যমান, যেখানে চুক্তিভিত্তিক এবং অবৈতনিক পারিবারিক কর্মীরা সহায়ক ভূমিকা পালন করছে।

### 5.4 Employment Size, 2023-24

The following table provides quarterly data on the number of workers in different employment categories over the financial year 2023–24. The number of working owners remained constant at 135 throughout the year. This indicates a stable business ownership structure, with no significant entry or exit of proprietors over the observed period. The number of unpaid family workers saw a slight increase, rising from 15 in Q1 to 16 in Q2, which remained unchanged in subsequent quarters. Regular paid employment comprised the largest share of the workforce. The number increased marginally from 240 in Q1 to 242 in Q4. This trend suggests modest recruitment during the end of the year, followed by slight rationalization, potentially due to seasonal or operational adjustments. It is also evident that the total employment increased from 422 in Q1 to 423 in Q2 and Q3, before slightly increase to 425 in Q4. The data underscored the significant presence of regular paid employees within the workforce, while contract and unpaid family workers assume a supporting role.

**Chart 5.1: Employment Size, 2022-23 and 2023-24**

Number




**Table 5.4: Employment Size, 2023-24**

(Number)

| Employment type | | 2023-24 | | | |
|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) |
| 1. | Working owner | 135 | 135 | 135 | 135 |
| 2. | Unpaid family worker | 15 | 16 | 16 | 16 |
| 3. | Regular paid employee | 240 | 240 | 240 | 242 |
| 4. | Employees on a contract basis (including day labour) | 32 | 32 | 32 | 32 |
| **Total** | | **422** | **423** | **423** | **425** |

## ৫.৫ কর্মসংস্থান ব্যয়, ২০২২-২৩

নিম্নের সারণি হতে দেখা যায় যে, ২০২২-২৩ অর্থবছরে মোট কর্মসংস্থান ব্যয় হয়েছে ৫৫.০৭ মিলিয়ন টাকা, যা চার ত্রৈমাসিক জুড়ে বিভিন্ন কর্মসংস্থানের ধরনানুযায়ী সম্মিলিত খরচকে প্রতিফলিত করে। অবৈতনিক পারিবারিক কর্মীদের ত্রৈমাসিকভিত্তিক ব্যয় একই (১৮,০০০ টাকা) ছিল, যা পুরো বছরে মোট ৭২,০০০ টাকা হয়, এর মাধ্যমে উক্ত শ্রেণির সীমিত আর্থিক অংশগ্রহণ পরিলক্ষিত হয়। নিয়মিত বেতনভুক্ত কর্মচারীর জন্য ৮.৫৮ মিলিয়ন টাকা থেকে ৯.২৬ মিলিয়ন টাকা-এর মধ্যে ত্রৈমাসিকভিত্তিক কর্মসংস্থান ব্যয় হয়, যা মোট ব্যয়ের একটি বৃহৎ অংশকে প্রতিনিধিত্ব করে থাকে।

## 5.5 Employment Cost, 2022-23

As can be seen from the following table, the total employment cost for the fiscal year 2022–23 amounted to Taka 55.07 million, reflecting the combined expenditures across various employment types over the four quarters. Unpaid Family workers maintained a fixed quarterly cost of Tk. 18,000, summing up to Tk. 72,000 for the year, indicating limited monetary involvement for this category. Regular paid employees represented the largest portion of

আনুষ্ঠানিক কর্মসংস্থান কাঠামোয় তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা বজায় রেখে এ খাতে বাৎসরিক ব্যয় দাড়াঁয় ৩৪.৩১ মিলিয়ন টাকা। ত্রৈমাসিকভিত্তিক ব্যয় বিভাজন হতে দেখা যায় যে, চতুর্থ ত্রৈমাসিকে (এপ্রিল-জুন) কর্মসংস্থান ব্যয় উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পেয়েছে, যা সর্বোচ্চ ৯.২৬ মিলিয়ন টাকা। ইহা ঐ বছরে সম্ভাব্য মৌসুমী চাহিদা, বছর শেষের লেনদেন, অথবা নিয়োগ বাড়ানোর ধারণা প্রদান করে। এ তথ্য উপাত্ত অর্থবছর জুড়ে বিভিন্ন কর্মসংস্থানের কাঠামো এবং ব্যয়ের ধরনকে প্রতিফলিত করে এবং অর্থনীতির মধ্যে শ্রমিকদের অবদান এবং বেতনভাতার গতিবিধি সম্পর্কে সূক্ষভাবে ধারণা প্রদান করে।

employment costs, with quarterly spending ranging between Taka 8.58 million and 9.26 million. The yearly expenditure reached Taka 34.31 million, highlighting their critical role in the formal employment structure. The quarterly distribution showed a significant increase in employment costs in Q4 (April–June), which recorded the highest expenditure at Taka 9.26 million. This suggests possible seasonal demand, end-of-year settlements, or increased hiring during that period. This data reflected the structure and cost dynamics of employment types over the fiscal year and provided insight into labor contributions and compensation trends within the economy.

**Table 5.5: Employment Cost, 2022-23**

**(Taka)**

| Employment type | | 2022-23 | | | | Total |
|---|---|---|---|---|---|---|
| | | **Q1 (Jul-Sep)** | **Q2 (Oct-Dec)** | **Q3 (Jan-Mar)** | **Q4 (Apr-Jun)** | |
| 1. | Working owner/partner | 4,373,000 | 4,358,000 | 4,387,500 | 4,491,000 | 17,609,500 |
| 2. | Unpaid family worker | 18,000 | 18,000 | 18,000 | 18,000 | 72,000 |
| 3. | Regular paid employee | 8,578,294 | 8,226,158 | 8,238,118 | 9,263,758 | 34,306,328 |
| 4. | Employees on a contract basis (Including day labour) | 828,500 | 748,500 | 748,500 | 753,000 | 3,078,500 |
| **Total** | | **13,797,794** | **13,350,658** | **13,392,118** | **14,525,758** | **55,066,328** |

## ৫.৬ কর্মসংস্থান ব্যয়, ২০২৩-২৪

সারণি ৫.৬ এর মাধ্যমে কর্মসংস্থান সম্পর্কিত বিভিন্ন ব্যয়ের তথ্য-উপাত্ত উপস্থাপন করা হয়েছে। মোট কর্মসংস্থান ব্যয় ১ম ত্রৈমাসিকে ১৫,৫৭৫.৬৫ হাজার টাকা, ২য় ত্রৈমাসিকে ১৪১৮০.৯৬ হাজার টাকা, ৩য় ত্রৈমাসিকে ১৬১৯০.১৩ হাজার টাকা এবং ৪র্থ ত্রৈমাসিকে ১৫৪৬৬.৩৬ হাজার টাকা প্রাক্কলন করা হয়েছে। ত্রৈমাসিক ভিত্তিতে কর্মসংস্থান ব্যয় স্থিতিশীল ছিল, যা তৃতীয় ত্রৈমাসিকে সর্বোচ্চ ১৬১৯০.১৩ হাজার টাকা এবং দ্বিতীয় ত্রৈমাসিকে সর্বনিম্ন ১৪১৮০.৯৬ হাজার টাকা। কর্মরত মালিকদের বেতন-ভাতাদি বাবদ ব্যয় তৃতীয় ত্রৈমাসিকে সর্বোচ্চ ছিল, যা দ্বিতীয় ত্রৈমাসিকের ৪৫৫৭.৮১ হাজার টাকা হতে বৃদ্ধি পেয়ে তৃতীয় ত্রৈমাসিকে ৬৫৬১.১৮ হাজার টাকা হয়েছে। অবৈতনিক পারিবারিক কর্মীদের বেতন-ভাতাদি বাবদ ব্যয় প্রতি ত্রৈমাসিকে ২৭,০০০ টাকা স্থির ছিল। নিয়মিত বেতনভুক্ত জনবলের মধ্যে কর্মসংস্থান বাবদ ব্যয় ১ম

## 5.6 Employment Cost, 2023-24

Table 5.6 presents quarterly data regarding employment-related costs categorized by different types of workers. The total employment costs were estimated to be TK 15,575.65 thousand in the first quarter (Q1), TK 14,180.96 thousand in the second quarter (Q2), TK 16,190.13 thousand in the third quarter (Q3), and TK 15,466.36 thousand in the fourth quarter (Q4). Quarterly employment cost was stable, with the highest in Q3 (TK 16,190.13 thousand) and the lowest in Q2 (Tk.14,180.96 thousand). Working owner compensation costs significantly increased in Q3, jumping from TK. 4,557.81 thousand in Q2 to TK. 6,561.18 thousand in Q3. The employment cost for unpaid family workers was constant at TK. 27,000 in every quarter.

ত্রৈমাসিকে সর্বোচ্চ ছিল (১০,১১০.১৬ হাজার টাকা), পরবর্তীতে ২য় ত্রৈমাসিকে হ্রাস পেয়ে ৮,৭৪৯.১৬ হাজার টাকা হয়, ৩য় ত্রৈমাসিকে ৮,৭৫১.৬৫ হাজার টাকা হয় এবং ৪র্থ ত্রৈমাসিকে ৯,৮১৫.০৬ হাজার টাকা খরচ হয়। মোট কর্মসংস্থান ব্যয়ের মধ্যে বেতনভুক্ত নিয়মিত জনবল বাবদ ব্যয়ের পরিমাণই সর্বোচ্চ, যা অধিকাংশ ত্রৈমাসিকেই মোট ব্যয়ের ৬০.৯৪%।

Regarding the employment cost of regular paid employees, Q1 was the peak (TK. 10,110.16 thousand), then dropped in Q2 (TK.8, 749.16 thousand) and Q3 (Tk. 8,751.65 thousand) and rebounded in Q4 (9,815.06 thousand). The employment cost structure was primarily driven by regular paid employees, comprising 60.94 % of total cost in most quarters.

**Chart 5.2: Employment Cost, 2022-23 and 2023-24**

**Million Taka**




**Table 5.6: Employment Cost, 2023-24**

**(Taka)**

| Number of establishments investigated | | 2022-23 Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 1. | Working owner | 4,581,500 | 4,557,800 | 6,561,180 | 4,765,000 | 20,465,480 |
| 2. | Unpaid family worker | 27,000 | 27,000 | 27,000 | 27,000 | 108,000 |
| 3. | Regular paid employee | 10,110,156 | 8,749,156 | 8,751,656 | 9,815,056 | 37,426,024 |
| 4. | Employees on a contract basis (including day labour) | 857,000 | 847,000 | 850,300 | 859,300 | 3,413,600 |
| **Total** | | **15,575,656** | **14,180,956** | **16,190,136** | **15,466,356** | **61,413,104** |

## ৫.৭ বৈদেশিক মুদ্রার বিনিময়ের পরিমাণ, ২০২২-২৩

এই সারণির মাধ্যমে ২০২২-২৩ অর্থবছরে বিভিন্ন বৈদেশিক মুদ্রার ত্রৈমাসিক এবং বার্ষিক ভিত্তিতে মোট লেনদেনের পরিমাণ উপস্থাপন করা হয়েছে। প্রদত্ত মূল্যমান সংশ্লিষ্ট মুদ্রার ভিত্তিতে উল্লেখ করা হয়েছে। প্রাপ্ত তথ্য-উপাত্তের মাধ্যমে দেশে বৈদেশিক মুদ্রার চাহিদা এবং ব্যবহারের প্রবণতা সম্পর্কে ধারণা লাভ করা যায়। নিম্ন প্রদত্ত সারণিতে ২৪টি স্বতন্ত্র মুদ্রার তথ্য উপস্থাপন করা হয়েছে। ১৪টি মুদ্রার ক্ষেত্রে তথ্য পাওয়া গিয়েছে, কিন্তু অবশিষ্ট ১০টি মুদ্রার জন্য কোনো রেকর্ডকৃত তথ্য পাওয়া যায় নি। সারণি হতে আরও দেখা যায় যে, ভারতীয় রুপির (INR) সর্বাধিক

## 5.7 Amount of Foreign Currencies Transacted, 2022-23

This table presents quarterly and total transaction volumes of various foreign currencies for the fiscal year 2022-23. The values are given in the respective currencies. The data reflects trends in foreign exchange demand and usage in the country. The table presented below delineates 24 distinct currencies. It is seen that data was available for 14 of these currencies, whereas 10 currencies were indicated as lacking any recorded information. It is also seen from the table that the Indian rupee (INR) was the most transacted currency, 54.42 million in

পরিমাণ লেনদেন হয়েছে, মোট ৫৪.৪২ মিলিয়ন রুপি। ভারতীয় রুপির লেনদেনে একটি শক্তিশালী উর্ধ্বমুখী প্রবণতা পরিলক্ষিত হয়, বিশেষ করে ৩য় ত্রৈমাসিকে (১৪.৬৯ মিলিয়ন আইএনআর)। মার্কিন ডলারের পরিমাণ হলো ২য় সর্বোচ্চ, ৩৪.৭৪ মিলিয়ন ইউএস ডলার, যা বাণিজ্য এবং অন্যান্য প্রয়োজনে বিশ্বব্যাপী মার্কিন ডলারের উপর অব্যাহত নির্ভরতাকে প্রকাশ করে। তৃতীয় সর্বোচ্চ লেনদেনের পরিমাণ হলো সৌদি রিয়াল (এসএআর), ৯.৬২ মিলিয়ন। উপসাগরীয় মুদ্রাগুলোর (এসএআর, এইডি এবং কিউএআর) উল্লেখযোগ্য পরিমাণ লেনদেন, শ্রম অভিবাসন এবং রেমিট্যান্সের সুদৃঢ় বন্ধনকে নির্দেশ করে।

total. Transactions of the Indian rupee showed a strong upward trend, especially in Q3 (14.69 million INR). US Dollar (USD) was the second most transacted currency at 34.74 million USD, which reflected continued reliance on USD as the global standard for trade and other requirements. The third highest transaction volume was 9.62 million Saudi Riyal (SAR). Gulf currencies (SAR, AED, and QAR) showed substantial volumes, pointing to strong labour migration and remittance ties.

**Table 5.7: Amount of Foreign Currencies Transacted, 2022-23**

**(Amount in respective currency)**

| Type of currency | | 2022-23 | | | | Total |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | |
| 1. | US dollars | 8,089,231 | 8,866,063 | 9,339,009 | 8,449,515 | 34,743,818 |
| 2. | Malaysian ringgit | 429,677 | 409,026 | 349,278 | 372,647 | 1,560,628 |
| 3. | Saudi Riyal | 2,590,939 | 2,340,827 | 2,436,086 | 2,258,238 | 9,626,090 |
| 4. | UAE dirham | 272,529 | 700,263 | 412,256 | 221,298 | 1,606,346 |
| 5. | Canadian Dollar | 92,012 | 76,039 | 78,204 | 66,399 | 312,654 |
| 6. | Australian Dollar | 9,542 | 11,458 | 15,937 | 14,855 | 51,792 |
| 7. | Singapore dollar | 100,973 | 114,809 | 103,979 | 107,492 | 427,253 |
| 8. | Euro | 1,218,841 | 1,158,786 | 1,179,229 | 1,268,565 | 4,825,421 |
| 9. | Japanese yen | 70,391 | 73,252 | 76,304 | 72,398 | 292,345 |
| 10. | Chinese yen | 4,553 | 259 | 149 | 138 | 5,099 |
| 11. | Swedish corona. | - | - | - | - | - |
| 12. | Indian rupee | 12,691,891 | 12,845,013 | 14,698,277 | 14,185,191 | 54,420,372 |
| 13. | Korean won | - | - | - | - | - |
| 14. | Kuwaiti dinars | 2,087 | 1,696 | 1,159 | 1,183 | 6,125 |
| 15. | Nepalese rupees | - | - | - | - | - |
| 16. | Qatari riyal | 263,321 | 180,729 | 155,777 | 156,073 | 755,900 |
| 17. | Bahraini dinar | 395 | 336 | 237 | 349 | 1,317 |
| 18. | Omani riyal | 838 | 457 | 356 | 203 | 1,854 |
| 19. | Thai baht | 302,500 | 300,300 | 315,800 | 310,050 | 1,228,650 |
| 20. | Russian Ruble | - | - | - | - | - |
| 21. | Swiss franc | - | - | - | - | - |
| 22. | Maldivian rufiyaa | - | - | - | - | - |
| 23. | Bhutanese ngultrum | - | - | - | - | - |
| 24. | Other currency (not elsewhere classified) | 363,690 | 407,960 | 433,880 | 419,060 | 1,624,590 |
| | **Total** | **26,503,410** | **27,487,273** | **29,595,917** | **27,903,654** | **111,490,254** |

## ৫.৮ বৈদেশিক মুদ্রার বিনিময়ের পরিমাণ ২০২৩-২৪

২০২৩-২৪ অর্থবছরে বৈদেশিক মুদ্রার বিনিময়ের পরিমাণ নিম্নের সারণির মাধ্যমে ত্রৈমাসিক ভিত্তিতে উপস্থাপন করা হয়েছে। বৈদেশিক মুদ্রার লেনদেনের মধ্যে ভারতীয় রুপির

## 5.8 Amount of Foreign Currencies Transacted, 2023-24

The following table presents the quarterly data on the value of foreign currencies transacted. The number of foreign currency transactions was

পরিমাণ সর্বোচ্চ (৭৭.০২ মিলিয়ন), মার্কিন ডলারের পরিমাণ হলো ৩৬.৬৯ মিলিয়ন, ১০.০৫ মিলিয়ন হলো সৌদি রিয়াল এবং ৫.৬৯ মিলিয়ন হলো ইউরো মুদ্রা বিনিময়ের পরিমাণ। ইহা সুস্পষ্ট যে, মার্কিন ডলার বিক্রয় কিছুটা উঠানামা করেছে এবং ৪র্থ ত্রৈমাসিক সর্বোচ্চ পরিমাণে পৌঁছে, সামগ্রিকভাবে ইহা স্থিতিশীল পর্যায়ে ছিল। ভারতীয় রুপির বিক্রয়ের পরিমাণ প্রত্যেক ত্রৈমাসিকেই ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে, যা তৃতীয় ত্রৈমাসিকে সর্বোচ্চ হয়। ২য় ত্রৈমাসিকে সৌদি রিয়াল উল্লেখযোগ্যভাবে সর্বোচ্চ ছিল। চীনা ইয়েন ১ম এবং ২য় ত্রৈমাসিকে অপেক্ষাকৃত বেশি থাকার পরে ৩য় এবং ৪র্থ ত্রৈমাসিকে উল্লেখযোগ্যভাবে কমে যায়।

dominated by the Indian Rupee at 77.02 million, US Dollar at 36.69 million, Saudi Riyal at 10.05 million, and Euro at 5.69 million. It is also evident that sales of the US Dollar fluctuated slightly but remained stable overall, peaking in Q4. The sales of the Indian Rupee were consistently high in each quarter, with Q3 being the peak. Saudi Riyal experienced a significant spike in Q2. Chinese Yen experienced a significant drop in Q3 and Q4 after a relatively higher in Q1 and Q2.

**Table 5.8: Amount of Foreign Currencies Transacted, 2023-24**

**(Amount of respective currency)**

| Type of currency | | 2022-23 | | | | Total |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | |
| 1. | US dollars | 9,118,570 | 8,748,946 | 9,299,946 | 9,523,333 | 36,690,795 |
| 2. | Malaysian ringgit | 530,251 | 489,939 | 447,256 | 427,448 | 1,894,894 |
| 3. | Saudi Riyal | 2,315,039 | 2,934,828 | 2,353,897 | 2,451,843 | 10,055,607 |
| 4. | UAE dirham | 475,915 | 271,003 | 209,281 | 247,044 | 1,203,243 |
| 5. | Canadian Dollar | 79,427 | 87,072 | 98,543 | 97,601 | 362,643 |
| 6. | Australian Dollar | 12,614 | 16,700 | 21,839 | 21,378 | 72,531 |
| 7. | Singapore dollar | 113,029 | 124,349 | 126,848 | 129,728 | 493,954 |
| 8. | Euro | 1,294,540 | 1,465,225 | 1,423,892 | 1,513,863 | 5,697,520 |
| 9. | Japanese yen | 73,686 | 77,317 | 80,701 | 76,401 | 308,105 |
| 10. | Chinese yen | 44,185 | 48,904 | 6,623 | 2,239 | 101,951 |
| 11. | Swedish corona. | - | - | - | - | - |
| 12. | Indian rupee | 17,893,316 | 17,077,970 | 25,363,361 | 16,685,848 | 77,020,495 |
| 13. | Korean won | - | - | - | - | - |
| 14. | Kuwaiti dinars | 3,777 | 1,365 | 1,244 | 862 | 7,248 |
| 15. | Nepalese rupees | - | - | - | - | - |
| 16. | Qatari riyal | 127,266 | 133,842 | 124,687 | 130,303 | 516,098 |
| 17. | Bahraini dinar | 148 | 131 | 147 | 160 | 586 |
| 18. | Omani riyal | 186 | 597 | 277 | 201 | 1,261 |
| 19. | Thai baht | 333,800 | 432,550 | 334,500 | 376,600 | 1,477,450 |
| 20. | Russian Ruble | - | - | - | - | - |
| 21. | Swiss franc | - | - | - | - | - |
| 22. | Maldivian rufiyaa | - | - | - | - | - |
| 23. | Bhutanese ngultrum | - | - | - | - | - |
| 24. | Other currency (not elsewhere classified) | 393,685 | 460,490 | 439,485 | 447,110 | 1,740,770 |
| | **Total** | **32,809,434** | **32,371,228** | **40,332,527** | **32,131,962** | **137,645,151** |

## ৫.৯ বৈদেশিক মুদ্রা বিক্রয় করে প্রাপ্ত টাকা এবং বৈদেশিক মুদ্রা ক্রয়ে প্রদেয় টাকা ২০২২-২৩

সারণি ৫.৯ এর মাধ্যমে ২০২২-২৩ অর্থবছরে বিভিন্ন আন্তর্জাতিক মুদ্রার মাধ্যমে বৈদেশিক মুদ্রা বিক্রয় করে প্রাপ্ত টাকা এবং বৈদেশিক মুদ্রা ক্রয় করে প্রদেয় টাকার ত্রৈমাসিক প্রবণতাকে উপস্থাপন করা হয়েছে। বৈদেশিক মুদ্রা বাজারের ক্রমবর্ধমান কার্যক্রমের প্রতিফলনে চারটি ত্রৈমাসিকেই লেনদেনের মোট পরিমাণ ধারাবাহিকভাবে বৃদ্ধি পায়। নিম্নের

## 5.9 Taka Received from Foreign Currency Sales and Taka Paid for Foreign Currency Purchases, 2022-23

The data in Table 5.9 highlights the quarterly trends in Taka received from foreign currency sales and Taka paid for foreign currency purchases across various international currencies during the fiscal year 2022–23. The total volume of transactions grew consistently over the four

সারণি দেখা যায় যে, ২০২২-২৩ অর্থবছরের ১ম ত্রৈমাসিকে বৈদেশিক মুদ্রা বিক্রয় হতে প্রাপ্ত টাকা এবং বৈদেশিক মুদ্রা ক্রয় হতে প্রদেয় টাকার মোট পরিমাণ যথাক্রমে ১১৩৮.১২ মিলিয়ন এবং ১১১৬.০৯ মিলিয়ন ছিল। এ সময়ে ২২.০৩ মিলিয়ন টাকার পরিমিত উদ্বৃত্তের ফলস্বরূপ একটি তুলনামূলকভাবে ভারসাম্যযুক্ত বৈদেশিক মুদ্রার অবস্থান তুলে ধরে। ২য় ত্রৈমাসিকে মোট প্রাপ্তি ১২২২.৭৯ মিলিয়ন টাকা এবং মোট প্রদেয় ১২০০.৭৬ মিলিয়ন টাকা।

তৃতীয় ত্রৈমাসিকে প্রাপ্ত টাকা ছিল ১৩৩৪.৮৩ মিলিয়ন এবং প্রদেয় টাকা ছিল ১৩১২.০২ মিলিয়ন। ইহা স্পষ্টতই বোঝা যাচ্ছে যে, বৈদেশিক মুদ্রার লেনদেন আরও বৃদ্ধি পেয়েছে এবং ২২.৮১ মিলিয়ন টাকা উদ্বৃত্ত ছিল। চতুর্থ ত্রৈমাসিকে প্রাপ্ত টাকা ১২৫৭.৬৬ মিলিয়ন এবং প্রদেয় টাকা ১২৩৪.১৭ মিলিয়ন। ইহা আরও স্পষ্ট যে, বৈদেশিক মুদ্রার লেনদেন প্রাপ্ত এবং প্রদেয় উভয় ক্ষেত্রে মার্কিন ডলারের পরিমাণ সর্বাধিক। ইহা বাংলাদেশের প্রাথমিক রিজার্ভ এবং বাণিজ্যিক মুদ্রা হিসেবে এর অব্যাহত অবস্থানকেই প্রতিফলিত করে। ২০২২-২৩ অর্থবছরের বৈদেশিক মুদ্রা বিনিময় কার্যক্রমে ধারাবাহিকভাবে ঊর্ধ্বগতি পরিলক্ষিত হয়, যা বিশ্বব্যাপী বাণিজ্য এবং রেমিট্যান্স প্রবাহে বাংলাদেশের প্রভাব বজায় থাকার ইঙ্গিত প্রদান করে। চারটি ত্রৈমাসিক জুড়ে প্রাপ্ত টাকার পরিমাণ প্রদেয় টাকার তুলনায় বেশি হওয়া বৈদেশিক মুদ্রা লেনদেনে সামগ্রিকভাবে একটি ইতিবাচক ভারসাম্য নির্দেশ করে। মার্কিন ডলার সর্বোচ্চ অবস্থানে থাকলেও আঞ্চলিক মুদ্রা যেমন: ভারতীয় রুপি এবং অন্যান্য উপসাগরীয় মুদ্রাগুলোর আর্থিক অবস্থানও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

quarters, reflecting increased activity in the foreign exchange market. The following table indicates that the total amount of Taka received from selling and Taka paid for purchasing was approximately 1,138.12 million and 1,116.09 million, respectively, during the first quarter (Q1) of the fiscal year 2022-2023. This period demonstrated a relatively balanced foreign exchange position, resulting in a modest surplus of Tk.22.03 million. In the second quarter (Q2), the total Taka received was 1,222. 79 million, and the Taka paid was 1,200.76 million.

In the third quarter (Q3), the Taka received was 1,334.83 million, and the Taka paid was 1,312.02 million. Evidently, the foreign currency transaction increased further and the surplus margin was TK. 22.81 million. In the fourth quarter (Q4), the Taka received was 1,257.66 million, and the Taka paid was 1,234.17 million. It is also clear that the US Dollar dominated transactions, with the highest amount received and paid. This reflects its continued status as Bangladesh's primary reserve and trade currency. The fiscal year 2022–23 demonstrated a consistent rise in foreign currency exchange activities, indicative of Bangladesh's expanding involvement in global trade and remittance inflows. The surplus of Taka received over Taka disbursed across all four quarters suggests an overall favorable balance in foreign currency transactions. While the US Dollar maintains its dominant position, regional currencies such as the Indian Rupee and various Gulf currencies are increasingly assuming a significant role in the financial landscape.

**Table 5.9: Taka Received from Foreign Currency Sales and Taka Paid for Foreign Currency Purchases, 2022-23**

**(Taka)**

| | Type of currency | 2022-23 | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | | Q2 (Oct-Dec) | | Q3 (Jan-Mar) | | Q4 (Apr-Jun) | |
| | | Taka received from selling | Taka paid for purchasing | Taka received from selling | Taka paid for purchasing | Taka received from selling | Taka paid for purchasing | Taka received from selling | Taka paid for purchasing |
| 1. | US dollars | 819,618,993 | 803,263,045 | 898,591,077 | 882,563,933 | 1,000,711,361 | 983,189,618 | 917,789,797 | 900,102,989 |
| 2. | Malaysian ringgit | 10,343,390 | 9,925,833 | 10,206,500 | 9,740,322 | 9,326,858 | 8,986,772 | 9,965,744 | 9,613,252 |
| 3. | Saudi Riyal | 66,942,296 | 65,537,120 | 61,969,073 | 60,765,515 | 66,891,253 | 65,723,003 | 63,804,300 | 62,637,389 |
| 4. | UAE dirham | 8,619,024 | 8,286,556 | 21,598,991 | 20,994,111 | 12,589,458 | 12,425,021 | 6,932,014 | 6,700,669 |
| 5. | Canadian Dollar | 7,971,140 | 7,886,374 | 6,674,981 | 6,606,962 | 7,058,947 | 6,979,345 | 6,101,861 | 6,043,062 |

| | Type of currency | 2022-23 | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | | Q2 (Oct-Dec) | | Q3 (Jan-Mar) | | Q4 (Apr-Jun) | |
The data presented in Table 5.22 illustrates key economic ratios for the fiscal year 2023-24, segmented by quarters (Q1 to Q4), as well as the yearly average. These ratios provide insight into the relationship between different components of economic output, such as intermediate consumption, gross value added (GVA), and overall output. Intermediate consumption to output ratio measures the proportion of output consumed as intermediate goods in the production process. The intermediate consumption to output ratio in the first quarter (Q1) stands at 19.32, which slightly decreases over the following quarters, reaching 17.70 in Q2. The ratio then increases gradually to 18.17 in Q4, resulting in a yearly average of 18.26. This pattern suggests a modest fluctuation in the use of intermediate goods in relation to output, with a tendency toward lower consumption early in the year before stabilizing by the end. Gross value added to output ratio reflects the value added to the economy after intermediate consumption is accounted for, showing the proportion of output that constitutes gross value added (GVA). The GVA to output ratio was relatively stable throughout the year, with 80.68 in Q1, peaking slightly at 82.30 in Q2, before decreasing to 81.83 in Q4. The yearly average of 81.74 indicates that gross value added represents a substantial and steady portion of total output, without large fluctuations. Intermediate consumption to value added ratio provides insight into the proportion of value added that is absorbed

কমে ২১.৫০ হয় এবং ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ২২.২০ হয়। বাৎসরিক  গড় ২২.৩৩

by intermediate consumption. It reflects the level of dependence on intermediate goods within the value-added process. Starting at 23.95 in Q1, the ratio decreases sharply to 21.50 in Q2, before rising gradually through Q3 and Q4, ending at 22.20. The average for the year stood at 22.33.

**Table 5.22: Selected Economic Ratios, 2023-24**

| Selected ratios | | 2023-24 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Yearly average |
| 1. | Intermediate consumption to output ratio | 19.32 | 17.70 | 17.91 | 18.17 | 18.26 |
| 2. | Gross value added to output ratio | 80.68 | 82.30 | 82.09 | 81.83 | 81.74 |
| 3. | Intermediate consumption to value added ratio | 23.95 | 21.50 | 21.81 | 22.20 | 22.33 |

## ৫.২৩ ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে মূল্য সংযোজনে শ্রমের অংশ বিশ্লেষণ

সারণিটি দুই অর্থবছরের (২০২২-২৩ এবং ২০২৩-২৪) নিম্নবর্ণিত ত্রৈমাসিক তথ্য-উপাত্ত উপস্থাপন করেছে।

- মুল্য সংযোজন (মোট উৎপাদন হতে মধ্যবর্তী ভোগ ব্যয় বাদ)
- কর্মসংস্থান ব্যয় (শ্রমিকের বেতন ও মজুরি)
- ত্রৈমাসিক শ্রম অংশ (মোট মুল্য সংযোজনের কর্মসংস্থান ব্যয়)
- বার্ষিক শ্রম অংশ।

শ্রম অংশ শ্রমিকদের জন্য বরাদ্দকৃত অর্থনৈতিক মূল্যের অনুপাতকে তুলে ধরে। ২০২২-২৩ অর্থবছরে শ্রম অংশ ৬৪.৪৯% এবং ৭০.৬৭% এর মধ্যে উঠানামা করেছে। তবে, ২০২৩-২৪ অর্থবছরে, শ্রম অংশ হ্রাস পেতে শুরু করে, বিশেষ করে ২য় ত্রৈমাসিকে (৫৫.২৪%)। মূল্য সংযোজন সব কোয়ার্টারেই ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে, যা অর্থনৈতিক প্রবৃদ্ধির ইঙ্গিত দেয়। তবে কর্মসংস্থান ব্যয় (যা শ্রমিকদের পারিশ্রমিকের একটি সূচক) একই হারে বড়েনি। এর ফলে মোট মূল্য সংযোজনের মধ্যে শ্রমের অংশ কমে গেছে, বিশেষ করে ২০২৩-২৪ অর্থবছরের দ্বিতীয়। শ্রমের অংশ একই বছরের মধ্যেও ওঠানামা করেছে, যা দেখায় যে অর্থনৈতিক উৎপাদনের পরিবর্তনের সঙ্গে শ্রমিকদের পারিশ্রমিক সবসময় সমভাবে সামঞ্জস্যপূর্ণ থাকে না। ২০২২-২৩ অর্থবছরের প্রথম প্রান্তিকে শ্রমের অংশ বেশি থাকলেও পরে তা কমে যায় এবং আবার পুনরুদ্ধার হয়। এটি ইঙ্গিত করে যে, মৌসুমি ও চক্রাকার কারণগুলোও এই সূচকগুলোর উপর প্রভাব ফেলতে পারে। ২০২২-২৩ থেকে ২০২৩-২৪ সময়কালে মধ্যে মূল্য সংযোজনে শ্রম অংশ কমে ৬৭.৬২% হতে ৬১.৫৮% হয়েছে। এই হ্রাস,

## 5.23 Analysis of Labour Share Trends in Value Added: FY 2022-23 and FY 2023-24

The table presents quarterly data over two fiscal years (2022–23 and 2023–24), showing:

- Value added (total output minus intermediate consumption)
- Employment cost (labour compensation)
- Quarterly labour share (employment cost as % of value added)
- Yearly labour share

The labour share represents the proportion of economic value generated that is allocated to workers. Throughout 2022-23, the labor share fluctuated between 64.49 % and 70.57 %. However, in 2023-24, the labor share began to decline more consistently, especially in Q2 (down to 55.24%). Value added consistently increased across all quarters, suggesting economic growth. However, employment costs (a proxy for labor compensation) did not rise at the same pace, leading to a lower share of the value added being attributed to labor, particularly in the second quarter of 2023-24. The labor share fluctuated even within individual years, highlighting variability in how labor compensation tracks with changes in economic output. The high labor share in Q1 of 2022-23, followed by a drop and then a recovery, indicates that seasonal and cyclical factors can also influence these measures. In the period between 2022-23 and 2023-24, the labour share of value added experienced a decline from 67.62% to 61.58%. This drop indicates a

অর্থনৈতিক আউটপুটের যে অংশটি শ্রমের জন্য বরাদ্দ হয়, তা কমার ইঙ্গিত প্রদান করে। অর্থাৎ, মজুরির তুলনায় মূলধন বা লাভের অংশ বৃদ্ধি পেয়েছে। ২০২২-২৩ অর্থবছরে মূল্য সংযোজনে শ্রমের অংশ ৬৭.৪২% থেকে ২০২৩-২৪ অর্থবছরে ৬১.৫৮%-এ নেমে আসা সম্পদের অসম বণ্টনকে নির্দেশ করে। এর ফলে, অর্থনৈতিক উৎপাদনের একটি ক্রমবর্ধমান অংশ শ্রমের পরিবর্তে পুঁজির দিকে চলে যায়। এই পরিবর্তনটি আয় বৈষম্য বৃদ্ধির ইঙ্গিত দিতে পারে, কারণ সৃষ্ট মূল্য সংযোজনের বৃহত্তম অংশ মুনাফা বা পুঁজির মালিকদের নিকট কেন্দ্রীভূত হচ্ছে, অন্যদিকে শ্রমিকরা তুলনামূলকভাবে কম অংশ পাচ্ছেন। এ ধরনের প্রবণতা সম্পদের বৈষম্যকে আরো বাড়িয়ে তুলতে পারে এবং অসম সম্পদ বন্টনের বৃহৎ সামাজিক ও অর্থনৈতিক প্রভাব সম্পর্কে উদ্বেগ তৈরি করতে পারে।

reduction in the proportion of economic output allocated to labour, suggesting a shift towards higher capital or profits in relation to wages. The decline in the labour share of value added from 67.42% in 2022-23 to 61.58% in 2023-24 highlights an uneven distribution of wealth, with a growing share of economic output going to capital rather than labour. This shift could point to increasing income inequality, as a larger portion of value created is captured by profits or capital owners, while workers receive a smaller share. Such trends may exacerbate wealth disparities and raise concerns about the broader social and economic implications of unequal wealth distribution.

**Table 5.23: Labour Share of Value Added in Taka**

| Year | Quarter | Value added | Employment cost | Quarter to Quarter labour share of gross value added | Based on yearly total |
|---|---|---|---|---|---|
| 2022-23 | Q1 (Jul-Sep) | 19,523,212 | 13,797,794 | 70.67 | 67.62 |
| | Q2 (Oct-Dec) | 19,915,008 | 13,350,658 | 67.04 | |
| | Q3 (Jan-Mar) | 20,766,416 | 13,392,118 | 64.49 | |
| | Q4 (Apr-Jun) | 21,226,258 | 14,525,758 | 68.43 | |
| 2023-24 | Q1 (Jul-Sep) | 23,493,998 | 15,575,656 | 66.30 | 61.58 |
| | Q2 (Oct-Dec) | 25.671,149 | 14,180,964 | 55.24 | |
| | Q3 (Jan-Mar) | 25,420,865 | 16,190,136 | 63.69 | |
| | Q4 (Apr-Jun) | 25,145,305 | 15,466,357 | 61.51 | |

# Chapter VI: Art and Entertainment

## ষষ্ঠ অধ্যায়: শিল্প ও বিনোদন

# CHAPTER VI: ARTS AND ENTERTAINMENT
## ষষ্ঠ অধ্যায়: শিল্প ও বিনোদন

এই অধ্যায়ে শিল্প ও বিনোদন খাতে পরিচালিত প্রতিষ্ঠানগুলির একটি বিস্তৃত বিশ্লেষণ উপস্থাপন করা হয়েছে। এসব প্রতিষ্ঠানের কাঠামোগত বৈশিষ্ট্য, অর্থনৈতিক অবদান, কর্মসংস্থানের ধরণ এবং সেবা প্রদানের বিষয়গুলি বিশ্লেষণ করে। সমীক্ষার তথ্যের উপর ভিত্তি করে এ অধ্যায়টি পারফর্মিং আর্টস, ভিজ্যুয়াল আর্টস, সাংস্কৃতিক ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান এবং বিনোদনমূলক সেবাসহ বিভিন্ন উপখাতের প্রবণতা, চ্যালেঞ্জ এবং প্রবৃদ্ধির সম্ভাবনা সম্পর্কে ধারণা প্রদান করে। বিশ্লেষণটিতে রাজস্ব মডেল এবং দর্শক সম্পৃক্ততার কৌশলগুলিও পর্যালোচনা করা হয়েছে, যা বিস্তৃত সৃজনশীল অর্থনীতির প্রেক্ষাপটে খাতটির গতিশীলতা সম্পর্কে একটি সূক্ষ্ম উপলব্ধি প্রদান করে।

This chapter presents a comprehensive analysis of establishments operating within the art and entertainment sector. It explores the structural characteristics, economic contributions, employment patterns, and service offerings of these entities. The chapter, based on study data, provides insights into trends, challenges, and growth opportunities across a range of subsectors, including performing arts, visual arts, cultural heritage institutions, and recreational services. The analysis also examines revenue models, and audience engagement strategies, offering a nuanced understanding of the sector’s dynamics within the broader creative economy.

### ৬.১ প্রতিষ্ঠানের মালিকানা

সারণি ৬.১-এ মালিকানার ধরণ অনুসারে ৩১৮টি জরিপকৃত প্রতিষ্ঠানের বিণ্যাস দেখানো হয়েছে। সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানের সংখ্যা সর্বাধিক (৮৭টি), যা সরকার পরিচালিত প্রতিষ্ঠানের শক্তিশালী উপস্থিতি বা প্রাধান্য নির্দেশ করে। অন্যান্য মালিকানাধীন (৮০টি) এবং একক মালিকানাধীন প্রতিষ্ঠান (৭৫টি) যথেষ্ট অংশ জুড়ে রয়েছে, যা প্রথাগত শ্রেণিবিন্যাসের বাইরে থাকা প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য উপস্থিতির ইঙ্গিত দেয়। অংশীদারিত্ব মালিকানা (৫০টি) মধ্যম পরিসরের শ্রেণি হিসেবে চিহ্নিত হয়েছে, যা সম্ভবত পারিবারিক ব্যবসার বাইরে সম্মিলিত ব্যবসায়িক উদ্যোগের প্রতিফলন ঘটায়। এর বিপরীতে, পারিবারিক অংশীদারত্বের সংখ্যা তুলনামূলকভাবে কম (২০টি), যা এ ধরনের অংশীদারত্ব সীমিত পরিসরে প্রচলিত হওয়ার ইঙ্গিত দেয়। প্রাইভেট লিমিটেড কোম্পানি সবচেয়ে কম (মাত্র ৬টি), এটি আনুষ্ঠানিকভাবে নিবন্ধিত বেসরকারি প্রতিষ্ঠানের অংশগ্রহণ কম বলেই প্রতীয়মান করে।

### 6.1 Ownership Status of Establishments

Table 6.1 shows the distribution of 318 studied establishments by ownership type. Government ownership accounted for the largest share (87 establishments), indicating a strong presence or dominance of government-run entities in the dataset. Other ownership types (80) and sole proprietorship (75) also represented substantial portions, suggesting a significant number of entities that do not conform to traditional classifications. Partnerships (50) emerged as a moderately prominent category, likely reflecting collaborative business arrangements beyond family-run enterprises. In contrast, family partnerships (20) were less common, indicating that such partnerships are relatively limited. Private Limited Companies (only 6) are the least represented, suggesting minimal participation from formally incorporated private entities.

**Table 6.1: Ownership Status of Establishments**

| Ownership type | Number of establishments studied | Percentage |
|---|---|---|
| 1. Sole Proprietorship | 75 | 23.58 |
| 2. Family partnership | 20 | 6.29 |
| 3. Partnership | 50 | 15.72 |
| 4. Government owned | 87 | 27.36 |
| 5. Private Ltd. Company | 6 | 1.89 |
| 6. Other (not classified elsewhere) | 80 | 25.16 |
| **Total** | **318** | **100.00** |

## ৬.২ প্রতিষ্ঠান প্রধানদের লিঙ্গ বিভাজন

এই সারণিতে প্রতিষ্ঠান প্রধানদের লিঙ্গ পরিচয় সম্পর্কিত তথ্য উপস্থাপন করা হয়েছে, যা তিনটি শ্রেণিতে বিভক্ত; যথা- পুরুষ, নারী এবং হিজড়া। পুরুষরা ছিল সুস্পষ্ট সংখ্যাগরিষ্ঠ, যা মোট প্রতিষ্ঠান প্রধানদের মধ্যে ৯০.২৫%। এটি একটি স্পষ্ট লৈঙ্গিক বৈষম্যকে তুলে ধরে, যেখানে নেতৃত্বের পদগুলোতে পুরুষদের প্রাধান্য বিদ্যমান। অন্যদিকে, নারীদের হিস্যা মাত্র ৯.৭৫%, যা উল্লেখযোগ্য লৈঙ্গিক বৈষম্য নির্দেশ করে এবং পাশাপাশি নেতৃত্বের ভূমিকায় নারীদের প্রবেশাধিকার সীমিত করার কাঠামোগত বা সামাজিক বাধাকে নির্দেশ করে। উল্লেখ্য, নেতৃত্বের পদে হিজড়া হিসেবে চিহ্নিত কোনও ব্যক্তিকে পাওয়া যায়নি। হিজড়াদের এই সম্পূর্ণ অনুপস্থিতি লৈঙ্গিকভাবে বৈচিত্র্যপূর্ণ ব্যক্তিদের অন্তর্ভুক্তির অভাবকে প্রতিফলিত করে, যা প্রতিষ্ঠানের নেতৃত্বে প্রতিনিধিত্ব ও সমতার ব্যাপক সমস্যার ইঙ্গিত দেয়।

## 6.2 Gender Distribution of Establishment Heads

The table presents data on the gender identity of the heads of establishments, categorized into three groups: Male, Female, and Hijra. Males constituted the vast majority, accounting for 90.25% of all heads of establishments. This underscored a pronounced gender imbalance, with men overwhelmingly occupying leadership positions. In contrast, females represented only 9.75% of the total, highlighting a significant gender disparity that may point to structural or societal barriers limiting women's access to leadership roles. Notably, there were no reported individuals identifying as Hijra in leadership positions. This complete absence of Hijra reflected a Lack of inclusion for gender-diverse individuals, indicating broader issues of representation and equity within establishment leadership.

### Table 6.2: Gender of the Head of Establishments

| Gender | Number | Percentage |
|---|---|---|
| 1. Male | 287 | 90.25 |
| 2. Female | 31 | 9.75 |
| 3. Hizra | 0 | 0 |
| **Total** | **318** | **100.00** |

## ৬.৩ কর্মসংস্থানের আকার, ২০২২-২৩

এই সারণিতে ২০২২-২৩ অর্থবছরে বিভিন্ন ধরণের ত্রৈমাসিক এবং বার্ষিক কর্মসংস্থানের তথ্য প্রদান করা হয়েছে। প্রথম, দ্বিতীয়, তৃতীয় এবং চতুর্থ ত্রৈমাসিকে কর্মসংস্থানের আকার যথাক্রমে ৬,১৩৯ জন, ৬,২৫২ জন, ৬,১৭৭ জন এবং ৬,১৯৮ জন প্রাক্কলন করা হয়েছে। কর্মসংস্থানের ত্রৈমাসিক হ্রাস-বৃদ্ধি সামান্য, যা বছরব্যাপি তুলনামূলকভাবে স্থিতিশীল কর্মসংস্থানের পরিবেশ নির্দেশ করে। প্রতি ত্রৈমাসিকে গড়ে ২,৪০০ জন নিয়মিত বেতনভুক্ত কর্মচারী ধারাবাহিকভাবে সর্ববৃহৎ শ্রেণি হিসেবে অবস্থান করেছে। কর্মরত মালিকের সংখ্যা প্রতি ত্রৈমাসিকেই স্থির ছিল ৫৮০ জন। নিয়মিত বেতনভুক ও স্বেচ্ছাসেবী সংশ্লিষ্ট কর্মসংস্থান একত্রে মোট কর্মসংস্থানের ৭০% এরও বেশি। অধিকাংশ শ্রেণিতে মৌসুমভিত্তিক পরিবর্তন ছিল নগণ্য, যা মৌসুমী ওঠানামা বা চক্রাকার শিল্পের প্রভাব না থাকার ফলে স্থিতিশীল কর্মসংস্থান কাঠামোর ইঙ্গিত দেয়। স্বেচ্ছাসেবী

## 6.3 Employment Size, 2022-23

The table provides quarterly and annual employment data for various types of employment during the financial year 2022-23. The quarterly employment size was estimated at 6139, 6,252, and 6,177 6,198 respectively, in Q1, Q2, Q3, and Q4. The quarterly fluctuations were minor, indicating a relatively stable employment environment throughout the year. Regular paid employees were consistently the largest category, averaging 2400 employees per quarter. The number of working owners was constant at 580 in each quarter. Regular paid employment and volunteer dominated the workforce, making up over 70% of total employment. The seasonality was minimal across most categories, suggesting a stable employment

কার্যকলাপ একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ও সামাজিক ভূমিকা পালন করেছিল, যা প্রায় আনুষ্ঠানিক চাকরির সমকক্ষ হয়ে উঠেছিল।

structure with minimal impact from seasonal changes or cyclical industries. Volunteerism played a significant economic and social role, nearly rivaling formal employment.

**Table 6.3: Employment Size, 2022-23**

**(Number)**

| Employment type | | 2022-23 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | **Q1 (Jul-Sep)** | **Q2 (Oct-Dec)** | **Q3 (Jan-Mar)** | **Q4 (Apr-Jun)** | **Quarterly average** |
| 1. | Working owner/partner | 580 | 580 | 580 | 580 | 580 |
| 2. | Unpaid family worker | 45 | 47 | 47 | 44 | 46 |
| 3. | Regular paid employee | 2372 | 2389 | 2413 | 2425 | 2400 |
| 4. | Employees on contract basis (including day labour) | 1126 | 1225 | 1111 | 1131 | 1148 |
| 5. | Volunteers | 2016 | 2011 | 2026 | 2018 | 2018 |
| **Total** | | **6139** | **6252** | **6177** | **6198** | **6192** |

### ৬.৪ কর্মসংস্থানের আকার, ২০২৩-২৪

এই সারণিতে ২০২৩-২৪ সালের বিভিন্ন ধরণের কর্মসংস্থানের ত্রৈমাসিক এবং বার্ষিক গড় তথ্য উপস্থাপন করা হয়েছে। শ্রেণিগুলোর মধ্যে রয়েছে কর্মরত মালিক, অবৈতনিক পারিবারিক কর্মী, নিয়মিত বেতনভুক্ত কর্মচারী, চুক্তিভিত্তিক কর্মচারী এবং স্বেচ্ছাসেবক। কর্মরত মালিকের সংখ্যা চার ত্রৈমাসিকেই ৫৮০ জনে স্থির ছিল। এটি ব্যবসার মালিকদের একটি স্থিতিশীল উপস্থিতি নির্দেশ করে এবং এই ধরনের কর্মসংস্থানে কাঠামোগত স্থিতিশীলতার ইঙ্গিত দেয়। অবৈতনিক পারিবারিক শ্রমিকের সংখ্যা ৩৭ থেকে ৪০-এর মধ্যে সীমাবদ্ধ ছিল, যা সামান্য পরিবর্তন নির্দেশ করে। ত্রৈমাসিক গড় ছিল ৩৯, যা প্রথম (Q1) এবং চতুর্থ (Q4) ত্রৈমাসিকের তুলনায় সামান্য বেশি। নিয়মিত বেতনভুক কর্মচারীর সংখ্যা তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল, যা ২,৩৮২ থেকে ২,৪০৪-এর মধ্যে সীমাবদ্ধ। এটি আনুষ্ঠানিক, বেতনভুক্ত পদে টেকসই কর্মসংস্থান নির্দেশ করে। স্বেচ্ছাসেবকের সংখ্যা ২,০৪৩ থেকে ২,০৭০-এর মধ্যে পরিবর্তিত হয়েছে, যা ত্রৈমাসিক ভিত্তিতে সামান্য ওঠানামা প্রদর্শন করে এবং প্রতি ত্রৈমাসিকে গড়ে প্রায় ২,০৫৫ জন স্বেচ্ছাসেবক রয়েছে। স্বেচ্ছাসেবকদের এই ধারাবাহিক ও শক্তিশালী অংশগ্রহণ উচ্চ মাত্রার সামাজিক সম্পৃক্ততার ইঙ্গিত দিতে পারে অথবা অবৈতনিক শ্রমের ওপর প্রাতিষ্ঠানিক নির্ভরশীলতাকে প্রতিফলিত করতে পারে।

### 6.4 Employment Size, 2023-24

The table presents quarterly and annual average data on different types of employment for the year 2023–24. The categories include working owners, unpaid family workers, regular paid employees, employees on contract basis, and volunteers. The number of working owners remained constant at 580 across all four quarters. This indicates a consistent presence of business owners and suggests structural stability in this employment type. The number of unpaid family workers ranged from 37 to 40, showing a minor variation. The quarterly average was 39, slightly higher than the Q1 and Q4 values. The number of regular paid employees was relatively stable, ranging from 2,382 to 2,404. This indicates sustained employment in formal, salaried positions. The number of volunteers varied between 2,043 and 2,070, exhibiting slight fluctuations on a quarterly basis and resulting in an annual average of approximately 2,055 volunteers per quarter. The consistent and robust participation of volunteers may indicate a high level of community engagement or reflect an institutional reliance on unpaid labor.

**Chart 6.1: Employment Size by Quarter**




**Table 6.4: Employment Size, 2023-24**

(Number)

| Employment type | | 2023-24 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Quarterly average |
| 1. | Working owner | 580 | 580 | 580 | 580 | 580 |
| 2. | Unpaid family worker | 37 | 40 | 40 | 37 | 39 |
| 3. | Regular paid employee | 2391 | 2389 | 2404 | 2382 | 2392 |
| 4. | Employees on contract basis (including day labour) | 1212 | 1250 | 1249 | 1199 | 1228 |
| 5. | Volunteers | 2043 | 2060 | 2046 | 2070 | 2055 |
| **Total** | | 6263 | 6319 | 6319 | 6268 | 6292 |

### ৬.৫ কর্মসংস্থান ব্যয়, ২০২২-২৩

এই সারণিতে ২০২২–২৩ অর্থবছরে বিভিন্ন ধরনের কর্মসংস্থানের ত্রৈমাসিক ব্যয়ের তথ্য উপস্থাপন করা হয়েছে। এতে পাঁচটি শ্রেণীর কর্মসংস্থানের ব্যয় অন্তর্ভুক্ত করা হয়েছে: কর্মরত মালিক, অবৈতনিক পারিবারিক কর্মী, নিয়মিত বেতনভুক্ত কর্মচারী, চুক্তিভিত্তিক কর্মচারী (দিনমজুর সহ), এবং স্বেচ্ছাসেবক। মোট কর্মসংস্থান ব্যয় ত্রৈমাসিকভেদে ওঠানামা করেছে—তৃতীয় ত্রৈমাসিকে (জানুয়ারি–মার্চ) এটি সর্বনিম্ন ছিল (১৮৪.৭৫ মিলিয়ন টাকা) এবং চতুর্থ ত্রৈমাসিকে (এপ্রিল–জুন) সর্বোচ্চ ছিল (২০৩.৪৭ মিলিয়ন টাকা)। মোট কর্মসংস্থান ব্যয় ছিল ৭৬৬.৮০ মিলিয়ন টাকা, যা তুলনামূলকভাবে স্থিতিশীল মোট ব্যয় নির্দেশ করে, তবে ত্রৈমাসিকভাবে কিছুটা মধ্যম মাত্রার তারতম্য লক্ষ্য করা গেছে। নিয়মিত বেতনভুক্ত কর্মচারীদের ব্যয় সব ত্রৈমাসিকে সর্বোচ্চ ছিল, যা চতুর্থ ত্রৈমাসিকে সর্বোচ্চ ১৬৯.৬৫ মিলিয়ন টাকায় পৌঁছায় এবং তৃতীয় ত্রৈমাসিকে সর্বনিম্ন ১৫২.৪৭ মিলিয়ন

### 6.5 Employment Cost, 2022-23

The table presents quarterly employment costs for different types of employment during the fiscal year 2022–23. It included costs for five categories of employment: working owners, unpaid family workers, regular paid employees, contract-based employees (including day laborers), and volunteers. Total employment cost fluctuated across the quarters, with the lowest in Q3 (Jan–Mar) at TK. 184.75 million, the highest in Q4 (Apr-Jun) at TK. 203.47 million. The total employment cost was TK.766.80 million, indicating relatively stable overall expenditure with moderate quarterly variation. Regular paid employees incurred the highest cost across all quarters, peaking in Q4 at TK. 169.65 million and

টাকায় নেমে আসে। কর্মরত মালিকদের ব্যয় কিছুটা অনিয়মিত ছিল, যেখানে দ্বিতীয় প্রান্তিকে (৫.৪ মিলিয়ন টাকা) একটি উল্লেখযোগ্য বৃদ্ধি দেখা যায় এবং তৃতীয় প্রান্তিকে (৪.৩ মিলিয়ন টাকা) তা হ্রাস পায়। অবৈতনিক পারিবারিক কর্মীদের কর্মসংস্থান ব্যয় ধারাবাহিকভাবে সর্বনিম্নে ছিল, যা প্রথম ত্রৈমাসিকে ৫৫৯,২৫০ টাকা থেকে কমে চতুর্থ ত্রৈমাসিকে ৪৮৪,৬৫০ টাকায় নেমে এসেছে। ত্রৈমাসিক গড় ছিল ৫২১,২৩৮ টাকা, যা অর্থবছর জুড়ে ধীরে ধীরে হ্রাস অথবা অবৈতনিক শ্রমের ওপর নির্ভরশীলতা কমে যাওয়ার ইঙ্গিত দেয়। স্বেচ্ছাসেবকদের কর্মসংস্থান ব্যয় তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল, যা তৃতীয় ত্রৈমাসিকে সামান্য বৃদ্ধি পেয়ে সর্বোচ্চ ৭৯০,৬০৫ টাকায় পৌঁছায় এবং ত্রৈমাসিক গড় ছিল ৭৪৬,৮৪৭ টাকা। সামগ্রিক ব্যয়ের তুলনায় এটি একটি ছোট অংশ হলেও, স্থিতিশীল ব্যয়ের এই ধারা বছরব্যাপী স্বেচ্ছাসেবকদের ধারাবাহিক অংশগ্রহণের ইঙ্গিত দেয়। সারণি থেকে দেখা যায় যে, নিয়মিত বেতনভুক্ত কর্মসংস্থান ব্যয় মোট কর্মসংস্থান ব্যয়ের উপর প্রাধান্য বিস্তার করে, যা আনুষ্ঠানিক কর্মসংস্থানের ব্যবস্থা সহ একটি কাঠামোগত কর্মীবাহিনীর ইঙ্গিত দেয়। চতুর্থ ত্রৈমাসিকে বিভিন্ন শ্রেণিতে, বিশেষ করে নিয়মিত কর্মচারী ও চুক্তিভিত্তিক কর্মীদের ক্ষেত্রে ব্যয়ের বৃদ্ধি মৌসুমভিত্তিক কারণ বা অর্থবছরের শেষের সমন্বয়ের সঙ্গে সম্পর্কিত হতে পারে। অবৈতনিক পারিবারিক কর্মী এবং স্বেচ্ছাসেবকদের জন্য ন্যূনতম ব্যয় নির্দেশ করে যে, তাদের ভূমিকার অর্থনৈতিক মূল্যায়ন সীমিত, যদিও তারা অনানুষ্ঠানিক বা অলাভজনক খাতে গুরুত্বপূর্ণ অবদান রাখেন।

hitting a low in Q3 at TK. 152.47 million. Costs of working owners were somewhat erratic, with a notable spike in Q2 (TK. 5.49 million) and a dip in Q3 (TK. 4.30 million). Unpaid family workers consistently had one of the lowest employment costs, decreasing from TK.559,250 in Q1 to TK. 484,650 in Q4. The quarterly average was TK. 521,238, suggesting a gradual decline or reduced reliance on unpaid labour over the fiscal year. Volunteer employment costs remained fairly stable, with a small increase in Q3 (peak at TK.790,605) and a quarterly average of TK. 746,847. Despite being a minor portion of the overall cost, the stable cost pattern suggested consistent volunteer engagement throughout the year. The data in the table revealed that regular paid employment overwhelmingly dominated employment costs, indicating a structured workforce with formal employment arrangements. The spike in Q4 across several categories, particularly regular employees and contract workers, could be associated with seasonal factors or fiscal year-end adjustments. Minimal costs for unpaid family workers and volunteers suggest limited economic valuation for their roles despite their potential contribution to informal or non-profit sectors.

**Table 6.5: Employment Cost, 2022-23**

(Taka)

| Employment type | | 2022-23 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Quarterly average |
| 1. | Working owner | 4,405,883 | 5,498,883 | 4,306,691 | 4,659,453 | 4,717,728 |
| 2. | Unpaid family worker | 559,250 | 501,500 | 539,550 | 484,650 | 521,238 |
| 3. | Regular paid employee | 159,390,091 | 154,615,123 | 152,478,546 | 169,653,094 | 159,034,214 |
| 4. | Employees on contract basis (including day labour) | 26,046,876 | 26,099,117 | 26,640,018 | 27,940,307 | 26,681,580 |
| 5. | Volunteers | 731,445 | 729,011 | 790,605 | 736,326 | 746,847 |
| | **Total** | **191,133,545** | **187,443,634** | **184,755,410** | **203,473,830** | **191,701,605** |

### ৬.৬ কর্মসংস্থান ব্যয়, ২০২৩-২৪

এই সারণিতে ২০২৩-২৪ অর্থবছরের চারটি ত্রৈমাসিকে বিভিন্ন ধরণের কর্মসংস্থান সাথে সম্পর্কিত কর্মসংস্থান ব্যয়ের বিস্তৃত পর্যালোচনা করা হয়েছে। বার্ষিক মোট কর্মসংস্থান ব্যয় হিসাব করা হয়েছে ৮৫১.৭৯ মিলিয়ন টাকা। কর্মরত মালিকদের ত্রৈমাসিক কর্মসংস্থান ব্যয় পরিবর্তনশীল ছিল, যেখানে দ্বিতীয় ত্রৈমাসিকে ৮.৬১ মিলিয়ন টাকার বৃদ্ধি দেখা যায়,, এর পর তৃতীয় ত্রৈমাসিকে

### 6.6 Employment Cost, 2023-24

The table provides a comprehensive overview of quarterly employment costs associated with various employment categories throughout the four quarters of the fiscal year 2023–24. The computed yearly total was estimated at TK. 851.79 million. The expenses related to working

আরও বৃদ্ধি পেয়ে ৮.৭৪ মিলিয়ন টাকায় পৌঁছায়, এবং চতুর্থ ত্রৈমাসিকে আবার হ্রাস পেয়ে ৮.৫২ মিলিয়ন টাকা হয়েছে। তৃতীয় ত্রৈমাসিকে অবৈতনিক পারিবারিক কর্মীদের ব্যয় অস্বাভাবিকভাবে বেশি ছিল (৯২.৫ হাজার টাকা); অন্য সময় তা যথেষ্ঠ কম এবং স্থিতিশীল ছিল। ত্রৈমাসিক গড় ছিল ৫৪.৫ হাজার টাকা। নিয়মিত বেতনভোগী কর্মচারীর ব্যয় তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল। ত্রৈমাসিক গড় ছিল ১৭৫.২৮ মিলিয়ন টাকা। এই শ্রেণিটির অবদান সবচেয়ে বেশী, যা মোট কর্মসংস্থান ব্যয়ের ৮৪.২১%। স্বেচ্ছাসেবকদের কর্মসংস্থান ব্যয়ে সামান্য ওঠানামা লক্ষ্য করা গেছে এবং দ্বিতীয় ত্রৈমাসিকে এটি সর্বোচ্চ (৮০২,২০০ টাকা) ছিল। ত্রৈমাসিক গড় ৭৫৮.৬৮ হাজার টাকা রেকর্ড করা হয়েছে। যদিও এটি মোট ব্যয়ের একটি ছোট অংশ, তবে এই তুলনামূলক স্থিতিশীলতা সামাজিক খাতে স্বেচ্ছাসেবকদের অব্যহত অংশগ্রহণের ওপর নির্ভরতার ইঙ্গিত দেয়।

owners demonstrated quarterly variability, with an increase observed in the second quarter (TK. 8.61 million), followed by subsequent rise in the third quarter (TK. 8.74 million), and a subsequent decline in the fourth quarter (Tk. 8.52 million). The cost of unpaid family workers was unusually high in Q3 (TK. 92.5 thousand); otherwise, it was pretty low and stable. The quarterly average was TK. 54.5 thousand. The cost of regular paid employee was relatively stable. The quarterly average was TK. 175.28 million. This category was the dominant contributor, making up 84.21% of total employment costs. The slight fluctuation was observed in the employment cost associated with volunteers and reached its peak in Q2 (Tk. 802,200). The quarterly average was recorded at TK 758.68 thousand. Although this amount constitutes a minor portion of the overall expenditure, the relative stability suggests a persistent reliance on volunteer contributions within this social sector.

**Chart 6.2: Quarterly Employment Cost (Million Tk.)**




**Table 6.6: Employment Cost, 2023-24**

(Taka)

| Employment type | | 2023-24 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Average |
| 1. | Working owner/partner | 4,750,296 | 5,838,841 | 5,063,561 | 5,168,561 | 5,205,315 |
| 2. | Unpaid family worker | 670,500 | 636,500 | 685,500 | 626,000 | 654,500 |
| 3. | Regular paid employee | 179,564,880 | 173,594,399 | 176,108,438 | 182,687,227 | 177,988,736 |

| Employment type | | 2023-24 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Average |
| 4. | Employees on contract basis (including day labour) | 28,023,113 | 27,977,041 | 28,406,673 | 28,532,965 | 28,234,948 |
| 5. | Volunteers | 838,200 | 912,200 | 859,725 | 844,580 | 863,676 |
| | **Total** | 213,846,989 | 208,958,481 | 211,123,897 | 217,859,333 | 212,947,175 |

### ৬.৭ পরিষেবা বিক্রয়, ২০২২-২৩

সারণি ৬.৭-এ ২০২২-২৩ অর্থবছরে সাংস্কৃতিক, বিনোদনমূলক ও অবসর সেবার বিভিন্ন শ্রেণির ত্রৈমাসিক ও বার্ষিক টার্নওভারের তথ্য প্রদান করা হয়েছে। ২০২২-২৩ সালে সকল ধরণের সেবার মোট বার্ষিক টার্নওভার ছিল ৫৫২.২৮ মিলিয়ন টাকা। টার্নওভার প্রথম ত্রৈমাসিক (১২১.০০ মিলিয়ন টাকা) থেকে চতুর্থ ত্রৈমাসিক পর্যন্ত (১৪৮.৬৮ মিলিয়ন টাকা) ক্রমশ বৃদ্ধি পেয়েছে। চতুর্থ ত্রৈমাসিকে টার্নওভার সর্বাধিক ছিল। প্রতিটি ত্রৈমাসিকে পারফরম্যান্স আকার তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল, তবে তৃতীয় ত্রৈমাসিকে সামান্য বৃদ্ধি দেখা গেছে। জাদুঘর এবং ঐতিহাসিক স্থান সম্পর্কিত কার্যকলাপ সর্বোচ্চ, যার মোট ২১১.৪৩ মিলিয়ন টাকা। সার্কাস, অর্কেস্ট্রা এবং ব্যান্ড সম্পর্কিত কার্যক্রমের মোট টার্নওভার দ্বিতীয় সর্বোচ্চ ছিল, যার পরিমাণ ২১১.২৬ মিলিয়ন টাকা। ত্রৈমাসিকগুলোর মধ্যে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি দেখা গেছে—প্রথম ত্রৈমাসিকে ৩৬.৯৬ মিলিয়ন টাকা থেকে চতুর্থ ত্রৈমাসিকে ৬৫.৫৫ মিলিয়ন টাকায় পৌঁছেছে, যা জনসাধারণের আগ্রহ বৃদ্ধি বা পর্যটন সম্পর্কিত উদ্যোগের উন্নতির ইঙ্গিত দেয়। উদ্ভিদ উদ্যান ও চিড়িয়াখানার সংরক্ষণ কার্যক্রম থেকে ৪৩.৩৮ মিলিয়ন টাকা রাজস্ব আয় হয়েছে। ত্রৈমাসিক টার্নওভার তুলনামূলকভাবে স্থিতিশীলতা প্রদর্শন করেছে, যা দর্শনার্থীদের অংশগ্রহণের ধারাবাহিক সম্পৃক্ততার ইঙ্গিত দেয়। সাংস্কৃতিক ঐতিহ্য ও পারফরম্যান্স-ভিত্তিক খাত (যেমন জাদুঘর, সার্কাস) রাজস্ব আয় সৃষ্টিতে প্রাধান্য পেয়েছে। সম্ভবত ডিজিটাল বিনোদনের প্রবণতার কারণে, ভিডিও গেমিং টার্মিনালের মতো উদীয়মান খাতগুলো ভবিষ্যত প্রবৃদ্ধির সম্ভাবনা দেখিয়েছে। কিছু ঐতিহ্যবাহী খাতে (যেমন: গ্রন্থাগার, নাটক, কনসার্ট, নৃত্য এবং অপেরা ইত্যাদি লাইভ পারফরমেন্স) জনসম্পৃক্ততা ও আয় বৃদ্ধির জন্য নীতিগত বা বিপণনমূলক হস্তক্ষেপের প্রয়োজন হতে পারে, কারণ সাংস্কৃতিক মূল্য থাকা সত্ত্বেও লাইভ পারফরমেন্স খাতের বার্ষিক টার্নওভার ছিল সবচেয়ে কম (৭২৮,০৮০ টাকা)।

### 6.7 Sale of Services, 2022-23

Table 6.7 provides quarterly and annual turnover data across different categories of cultural, recreational, and entertainment services for the fiscal year 2022-23. Annual total turnover across all services in 2022–23 was TK. 552.28 million. The turnover increased steadily from Q1 (Taka 121.00 million) to Q4 (Taka 148.68 million). Q4 had the highest turnover. The volume of performance was pretty consistent in each quarter, with a slight peak in Q3. Activities related to museums and historical places were the highest, totaling TK. 211.43 million. Activities related to circus, orchestra, and band had the second-highest total turnover at TK 211.26 million**.** Significant growth was observed over the quarters from TK. 36.96 million in Q1 to TK. 65.55 million in Q4- suggesting rising public interest or improved tourism-related initiatives. Conservation efforts within botanical and zoological gardens generated revenues amounting to TK 43.38 million. The quarterly turnover has demonstrated relative stability, suggesting consistent levels of visitor engagement. Cultural heritage and performance-based sectors (museums, circuses) dominated revenue generation. Emerging sectors like video gaming terminals showed potential for future growth, possibly due to digital entertainment trends. Some traditional sectors (e.g., libraries, live performances such as theatre, concerts, dance, and opera) may require policy or marketing interventions to increase engagement and revenue because live performances had the lowest annual turnover (TK. 728,080**)** despite their cultural value.

## Table 6.7: Sale of Services (turnover) of Various Services Offered, 2022-23

(Taka)

| Type of services offered | | 2022-23 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
| 1. | Library and archive activities | 1,655,711 | 1,362,654 | 1,490,375 | 1,422,411 | 8,060,451 |
| 2. | Activities related to museum and historical places | 39,093,505 | 50,231,341 | 56,561,423 | 65,545,599 | 209,302,568 |
| 3. | Conservation and related activities in botanical and zoological gardens | 10,492,700 | 11,064,530 | 11,172,300 | 10,648,040 | 43,377,570 |
| 4. | Activities of sport clubs | 3,472,100 | 2,737,880 | 2,568,560 | 2,619,300 | 11,397,840 |
| 5. | Activities related to circus, orchestra and band. | 49,243,870 | 54,251,765 | 54,941,225 | 52,818,880 | 211,255,740 |
| 6. | Amusement parks and theme parks | 1,277,600 | 2,160,100 | 2,935,400 | 1,348,200 | 7,721,300 |
| 7. | Live theatrical performances, concerts and opera or dance performances | 178,380 | 187,200 | 179,700 | 182,800 | 728,080 |
| 8. | Video gaming terminal | 250,000 | 452,365 | 586,523 | 600,000 | 1,888,888 |
| 9. | Other activities (not elsewhere classified) | 15,339,990 | 14,452,556 | 15,262,507 | 13,493,058 | 58,548,111 |
| **Total** | | **121,003,856** | **136,900,391** | **145,698,013** | **148,678,288** | **552,280,548** |

### ৬.৮ পরিষেবা বিক্রয়, ২০২৩-২৪

এই সারণিতে ২০২৩-২৪ অর্থবছরের বিভিন্ন সাংস্কৃতিক, বিনোদনমূলক এবং সংশ্লিষ্ট পরিষেবা কার্যক্রমের ত্রৈমাসিক টার্নওভারের পরিসংখ্যান তুলে ধরা হয়েছে। এটি চারটি ত্রৈমাসিকের (Q1 থেকে Q4) পারফরম্যান্স বিশ্লেষণ করে এবং প্রতিটি সেবার ধরণ অনুসারে মোট বার্ষিক রাজস্ব উপস্থাপন করে। নিম্নের সারণি থেকে দেখা যায় যে, প্রাক্কলিত মোট টার্নওভার ৫৪৩.২৮ মিলিয়ন টাকা । মোট ব্যয় প্রথম ত্রৈমাসিক (১২০.৮৪ মিলিয়ন টাকা) থেকে ধীরে ধীরে বৃদ্ধি পেয়ে তৃতীয় ত্রৈমাসিকে সর্বোচ্চ (১৫২.১৩ মিলিয়ন টাকা) হয়, এরপর চতুর্থ ত্রৈমাসিকে (১২৩.১৮ মিলিয়ন টাকা) হ্রাস পায়। এই ধারা ঋতুভিত্তিক প্রভাবের ইঙ্গিত দেয়, যেখানে শীতকালে (জানুয়ারি থেকে মার্চ মাস) চাহিদা সর্বোচ্চ থাকে। সার্কাস, অর্কেস্ট্রা ও ব্যান্ডসংক্রান্ত কার্যক্রমে সব ত্রৈমাসিকেই সর্বোচ্চ ব্যয় দেখা গেছে। উদ্ভিদ উদ্যান ও চিড়িয়াখানা সংরক্ষণ কার্যক্রম ত্রৈমাসিকজুড়ে স্থিতিশীল ছিল (প্রায় ১০-১১ মিলিয়ন টাকা), যা ধারাবাহিক চাহিদার ইঙ্গিত দেয়। নিম্নের সারণি থেকে দেখা যায় যে, সম্ভবত অনুকূল আবহাওয়া ও পর্যটনের শীর্ষ মৌসুম হওয়ার কারণে প্রায় সব শ্রেণির জন্যই সবচেয়ে সক্রিয় সময়কাল ছিল তৃতীয় ত্রৈমাসিক (জানুয়ারি–মার্চ)। সম্ভবত গরম আবহাওয়া বা ইভেন্টের সংখ্যা কমে যাওয়ার কারণে চতুর্থ ত্রৈমাসিকে (এপ্রিল–জুন) অধিকাংশ শ্রেণিতে উল্লেখযোগ্য পতন দেখায়, যা মৌসুমভিত্তিক হ্রাসের ইঙ্গিত বহন করে।

### 6.8 Sale of Services, 2023-24

The table delineates the quarterly turnover figures for various cultural, recreational, and related service activities during the fiscal year 2023–24. It analyzes performance across four quarters (Q1 to Q4) and presents the total annual revenue for each service category. The following table reveals that the total turnover was estimated to be TK. 539.28 million. Total spending steadily increased from Q1 (Tk. 120.84 million) to a peak in Q3 (Tk. 152.13 million), followed by a decline in Q4 (Tk. 123.18 million). This pattern suggests a seasonal influence, with the highest demand in winter (January–March). Activities related to circus, orchestra and band showed the highest sale across all quarters. Botanical and zoological garden conservation remained stable across the quarters (around Tk. 10–11 million), indicating consistent demand. The following table shows that Q3 (Jan-Mar) was the most active quarter for almost all categories, possibly due to favorable weather, and tourism peaks. Q4 (Apr-Jun) shows a significant drop in most categories, suggesting a seasonal decline, possibly due to hot weather or fewer events.

**Table 6.8: Sale of Services (turnover) of Various Services Offered, 2023-24**

(Taka)

| Type of services offered | | 2023-24 Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 1. | Library and archive activities | 1,559,959 | 1,239,359 | 1,223,772 | 1,213,536 | 5,236,626 |
| 2. | Activities related to museum and historical places | 38,498,403 | 54,559,808 | 58,196,826 | 41,101,456 | 192,356,493 |
| 3. | Conservation and related activities in botanical and zoological gardens | 10,089,720 | 11,348,890 | 11,347,160 | 10,362,140 | 43,147,910 |
| 4. | Activities of sport clubs | 2,707,956 | 2,946,800 | 2,859,350 | 2,806,150 | 11,320,256 |
| 5. | Activities related to circus, orchestra and band. | 52,114,890 | 55,068,886 | 58,076,755 | 51,725,100 | 216,985,631 |
| 6. | Amusement parks and theme parks | 1,318,200 | 2,275,600 | 3,175,950 | 1,298,100 | 8,067,850 |
| 7. | Live theatrical performances, concerts and opera or dance performances | 201,200 | 200,800 | 189,600 | 171,200 | 762,800 |
| 8. | Video gaming terminal | 421,539 | 586,000 | 645,000 | 568,200 | 2,220,739 |
| 9. | Other activities (not elsewhere classified) | 13,925,372 | 14,914,662 | 16,419,771 | 13,929,412 | 59,189,217 |
| **Total** | | **120,837,239** | **143,140,805** | **152,134,184** | **123,175,294** | **539,287,522** |

## ৬.৯ মধ্যবর্তী খরচ, ২০২২-২৩

এই সারণিতে ২০২২-২৩ অর্থবছরের বিভিন্ন ধরণের মধ্যবর্তী ভোগ ব্যয় ত্রৈমাসিক ও বার্ষিক ভিত্তিতে উপস্থাপন করা হয়েছে। এটি ১৯টি শ্রেণিতে বিভক্ত, যেখানে চারটি ত্রৈমাসিক (Q1 থেকে Q4) এবং অর্থবছরের মোট ব্যয় উল্লেখ করা হয়েছে। নিম্নের সারণিটি ইঙ্গিত দেয় যে, মোট মধ্যবর্তী ভোগ ব্যয় (IC) ২৫৯.৭৯ মিলিয়ন টাকা। মধ্যবর্তী ভোগের ত্রৈমাসিক বিভাজন নিম্নরূপ: প্রথম ত্রৈমাসিকে ৫৬.৯০ মিলিয়ন টাকা, দ্বিতীয় ত্রৈমাসিকে ৬৬.৫০ মিলিয়ন টাকা, তৃতীয় ত্রৈমাসিকে ৬৯.৬৪ মিলিয়ন টাকা এবং চতুর্থ ত্রৈমাসিকে ৬৬.৭৩ মিলিয়ন টাকা। ব্যয়ের ধরন দেখায় যে, তৃতীয় ত্রৈমাসিকে সর্বোচ্চ (৬৯.৬৫ মিলিয়ন টাকা) ব্যয় হয়েছে। ইউটিলিটি (বিদ্যুৎ, গ্যাস এবং পানি)-এর বিপরীতে সর্ববৃহৎ একক ব্যয় পরিলক্ষীত হয়েছে, যা উচ্চ পরিচালন ব্যয়ের ইঙ্গিত দেয়। প্রশাসনিক এবং পরিচালন ব্যয় - যেমন ভাড়া, ইন্টারনেট, টেলিফোন, স্টেশনারি এবং পরিষ্কার পরিচ্ছন্নতা সংশ্লিষ্ট ব্যয়- স্থিতিশীল এবং পূর্বানুমেয় ছিল। মধ্যবর্তী ভোগের বিভাজন একটি মিশ্র ব্যয়ের ধরণ দেখিয়েছে, যেখানে স্থিতিশীল কার্যকরী খরচের সঙ্গে অত্যন্ত পরিবর্তনশীল প্রোগ্রাম বা ইভেন্ট-ভিত্তিক খরচ যুক্ত ছিল।

## 6.9 Intermediate Consumption, 2022-23

The table presents quarterly and annual expenditures on various types of intermediate consumption for the financial year 2022-23. It is divided into 19 categories, showing values for four quarters (Q1 to Q4) and their total for the fiscal year. The following table indicates that the total Intermediate Consumption (IC) amounted to TK 259.79 million. The quarterly breakdown of intermediate consumption was as follows: TK 56.90 million in Q1, TK 66.50 million in Q2, TK 69.64 million in Q3, and TK 66.73 million in Q4. The spending pattern demonstrated a peak in Q3 (Tk. 69.65 million). The largest single expense was utilities (electricity, gas, and water), indicating a high operational load. Administrative and operational costs-such as rent, internet, telephone, stationery, and cleaning-remained stable and predictable. The breakdown of intermediate consumptions showed a mixed expenditure pattern, combining steady operational expenses with highly variable programmatic or event-driven costs.

**Table 6.9: Intermediate Consumption, 2022-23**

(Taka)

| Type of intermediate consumption | | 2022-23 Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 1. | Rent for office building/structure | 3,421,544 | 3,483,856 | 3,455,194 | 3,496,044 | 13,856,638 |
| 2. | Electricity, gas and water bill | 16,293,759 | 14,746,354 | 16,989,724 | 18,071,027 | 66,100,864 |
| 3. | Telephone bill | 421,515 | 293,771 | 324,885 | 347,383 | 1,387,554 |
| 4. | Internet bill | 803,221 | 793,470 | 879,652 | 1,033,612 | 3,509,954 |
| 5. | Fuel cost for transportation | 3,742,140 | 3,665,115 | 2,764,660 | 3,811,573 | 16,983,488 |
| 6. | Minor repair and maintenance cost for transport equipment | 959,228 | 871,866 | 987,573 | 969,411 | 3,788,078 |
| 7. | Rental cost for transport equipment | 245,966 | 292,103 | 265,300 | 389,263 | 1,192,632 |
| 8. | Other transportation cost | 702,255 | 688,269 | 671,067 | 761,344 | 2,822,935 |
| 9. | Maintenance and repair costs of various riders | 3,926,234 | 4,729,270 | 3,729,009 | 5,024,280 | 17,408,793 |
| 10. | Minor repair and maintenance of machineries and equipment | 4,643,810 | 4,722,855 | 4,786,845 | 2,351,550 | 16,505,060 |
| 11. | Printing cost of entry tickets | 864,075 | 930,710 | 717,130 | 617,800 | 3,129,715 |
| 12. | Cost of license renewal fee | 246,368 | 84,518 | 575,518 | 73,466 | 979,870 |
| 13. | Cost for advertisement | 875,895 | 1,158,279 | 1,529,990 | 1,255,670 | 4,819,834 |
| 14. | Cleaning expenses | 1,465,025 | 1,452,013 | 1,443,370 | 1,315,427 | 5,675,835 |
| 15. | Cost for stationeries items | 1,328,545 | 1,382,918 | 1,338,539 | 1,524,433 | 5,574,435 |
| 16. | Events and event management expenses | 4,950,498 | 11,682,537 | 18,136,759 | 7,110,352 | 41,880,146 |
| 17. | Training cost | 3,370,808 | 3,636,590 | 3,812,466 | 4,065,130 | 14,884,994 |
| 18. | Honorarium | 3,780,370 | 3,448,538 | 3,214,225 | 3,897,020 | 14,340,153 |
| 19. | Other expenses (not elsewhere classified) | 4,863,570 | 5,440,419 | 4,025,630 | 10,618,061 | 24,947,680 |
| **Total** | | **56,904,826** | **66,503,451** | **69,647,536** | **66,732,846** | **259,788,659** |

## ৬.১০ মধ্যবর্তী খরচ, ২০২৩-২৪

এই সারণিতে ২০২৩-২৪ অর্থবছরের বিভিন্ন পরিচালন ব্যয়ের ত্রৈমাসিক এবং বার্ষিক তথ্য দেওয়া হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের মোট মধ্যবর্তী ভোগ ব্যয় ২৬৮.১৫ মিলিয়ন টাকা। বিভিন্ন ত্রৈমাসিকে উল্লেখযোগ্যভাবে ব্যয়ের পরিবর্তন হয়েছে, যার মধ্যে তৃতীয় ত্রৈমাসিকে (জানুয়ারী-মার্চ) সর্বোচ্চ ব্যয় ৭৫.৬৮ মিলিয়ন টাকা এবং দ্বিতীয় ত্রৈমাসিকে (অক্টোবর-ডিসেম্বর) সর্বনিম্ন ব্যয় ৫৯.৮৯ মিলিয়ন টাকা। বিদ্যুৎ, গ্যাস এবং পানির বিল ছিল বৃহত্তম একক ব্যয়, যার পরিমাণ বছরে মোট ৬৯.১৮ মিলিয়ন টাকা (মোট মধ্যবর্তী খরচের প্রায় ২৫.৪৬%)। দ্বিতীয় স্থানে রয়েছে ইভেন্ট এবং ইভেন্ট ব্যবস্থাপনা সংক্রান্ত ব্যয়, এর বার্ষিক পরিমাণ ৪৬.২১ মিলিয়ন টাকা, যা তৃতীয় ত্রৈমাসিকে সর্বোচ্চ ১৮.৪১ মিলিয়ন টাকায় পৌঁছেছে। সম্মানীর পরিমান মোট ১৯.৭২ মিলিয়ন টাকা, যা তৃতীয় ত্রৈমাসিকে সর্বোচ্চ ৭.১৮ মিলিয়ন টাকা। পরিচালনগত ইউটিলিটি ব্যয়, যার মধ্যে বিদ্যুৎ, ভাড়া ও পানি অন্তর্ভুক্ত, একটি নিয়মিত বার্ষিক ব্যয় হিসেবে গণ্য হয়েছে। বিপরীতে, ইভেন্ট ম্যানেজমেন্ট, লাইসেন্স নবায়ন এবং সম্মানী ভাতার মতো মৌসুমী খরচ মোট ত্রৈমাসিক ব্যয়ে পরিবর্তন এনেছে। সারণির তথ্যগুলি অর্থবছর জুড়ে পরিচালন ব্যয়ের প্রবণতার একটি স্পষ্ট চিত্র উপস্থাপন করে। যেখানে ইউটিলিটি ও ভাড়ার মতো মূল খরচগুলো স্থিতিশীল, সেখানে

## 6.10 Intermediate Consumption, 2023-24

The table provides quarterly and annual data on various operating expenses incurred over the fiscal year 2023-24. The total intermediate consumption for the fiscal year 2023–24 was Tk. 268.15 million. Expenditure varied significantly across quarters, with the highest in Q3 (Jan–Mar) at Tk. 75.68 million and the lowest in Q2 (Oct–Dec) at Tk. 59.89 million. Electricity, gas, and water bills were the largest single item, totaling Tk. 69.18 million over the year (around 25.46 % of total intermediate consumption). Events and event management expenses came second, with a total of Tk. 46.21 million, peaking sharply in Q3 at Tk. 18.41 million. Honorarium was also significant, totaling Tk. 19.72 million, with the highest outlay in Q3 (Tk. 7.18 million). Operational utility expenses, including electricity, rent, and water, constituted a consistent annual cost. In contrast, seasonal expenditures such as event management, license renewals, and honorariums introduced variability to quarterly financial totals. The data in the table presents a clear picture of operational expenditure

অনুষ্ঠান, সম্মানী এবং বিবিধ খাতে ব্যয়ের উল্লেখযোগ্য ঊর্ধ্বগতি দেখা যায়—যা ঋতুভিত্তিক কার্যক্রম বা বছর শেষের কর্মসূচি বা পর্যায়ক্রমিক পরিচালন তীব্রতার ইঙ্গিত দেয়।

trends throughout the fiscal year. While baseline costs like utilities and rent are stable, significant spending spikes in events, honorariums, and miscellaneous expenses suggest periodic operational intensification, seasonal programs, or end-of-year activities.

**Table 6.10: Intermediate Consumption, 2023-24**

(Taka)

| Type of intermediate consumption | | 2023-24 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
| 1. | Rent for office building/structure | 3,533,484 | 3,617,056 | 3,513,844 | 3,832,209 | 14,496,593 |
| 2. | Electricity, gas and water bill | 18,814,094 | 14,162,942 | 17,541,263 | 18,663,667 | 69,181,966 |
| 3. | Telephone bill | 358,408 | 332,639 | 322,131 | 341,192 | 1,354,370 |
| 4. | Internet bill | 911,810 | 890,756 | 816,011 | 976,604 | 3,595,181 |
| 5. | Fuel cost for transportation | 3,841,602 | 2,663,246 | 3,001,907 | 4,376,309 | 13,883,064 |
| 6. | Minor repair and maintenance cost for transport equipment | 497,095 | 558,145 | 681,875 | 849,372 | 2,586,487 |
| 7. | Rental cost for transport equipment | 887,555 | 927,971 | 968,711 | 891,598 | 3,675,835 |
| 8. | Other transportation cost | 2,638,761 | 2,243,091 | 2,055,354 | 2,321,744 | 9,258,950 |
| 9. | Maintenance and repair costs of various riders | 3,817,750 | 2,082,866 | 4,631,266 | 2,522,458 | 13,054,340 |
| 10. | Minor repair and maintenance of machineries and equipment | 1,468,462 | 1,624,965 | 1,818,929 | 2,287,064 | 7,199,420 |
| 11. | Printing cost of entry tickets | 705,380 | 942,325 | 819,280 | 473,207 | 2,940,192 |
| 12. | Cost of license renewal fee | 245,663 | 76,963 | 565,463 | 79,853 | 967,942 |
| 13. | Cost for advertisement | 907,280 | 1,224,222 | 1,216,491 | 1,037,280 | 4,385,273 |
| 14. | Cleaning expenses | 1,390,829 | 1,473,292 | 1,629,840 | 1,378,288 | 5,872,249 |
| 15. | Cost for stationeries items | 2,592,346 | 1,344,799 | 1,884,093 | 1,378,237 | 7,199,475 |
| 16. | Events and event management expenses | 5,922,146 | 12,298,861 | 18,414,410 | 9,573,603 | 46,209,020 |
| 17. | Training cost | 3,764,807 | 4,139,602 | 4,492,836 | 4,421,204 | 16,818,449 |
| 18. | Honorarium | 3,596,042 | 3,401,561 | 7,175,650 | 5,544,065 | 19,717,318 |
| 19. | Other expenses (not elsewhere classified) | 6,664,151 | 5,881,194 | 4,129,491 | 9,083,930 | 25,758,766 |
| **Total** | | **62,557,665** | **59,886,496** | **75,678,845** | **70,031,884** | **268,154,890** |

## ৬.১১ মোট মূল্য সংযোজন, ২০২২-২৩

শিল্প, বিনোদন ও চিত্তবিনোদন উপখাতের একটি উল্লেখযোগ্য দিক ছিল যে কর্মচারীদের পারিশ্রমিক (বেতন ও মজুরি) সেবা বিক্রির মাধ্যমে অর্জিত রাজস্বের তুলনায় বেশি ছিল। প্রথম দর্শনে, এই পরিস্থিতি অস্বাভাবিক মনে হতে পারে। তবে, আরও নিবিড়ভাবে পরীক্ষা করলে এই ঘটনার বেশ কয়েকটি মৌলিক কারণ উন্মোচিত হয়। এই খাতের অসংখ্য প্রতিষ্ঠান, বিশেষ করে যেগুলো সরকারি তহবিল পায় - যেমন জাদুঘর, পার্ক, সাংস্কৃতিক প্রতিষ্ঠান, পাবলিক লাইব্রেরি এবং শিল্পকলা একাডেমির মতো সংস্থা- প্রায়শই উল্লেখযোগ্য সরকারি অনুদান এবং ভর্তুকি পেয়ে থাকে। তাদের কার্যক্রম টিকিয়ে রাখার জন্য এই আর্থিক অবদান

## 6.11 Gross Value Added, 2022-23

In the arts, recreation, and entertainment subsector, it was remarkable that employee compensation (wages and salaries) exceeded the revenue generated from service sales. At first glance, this dynamic may appear to be unusual. However, a closer examination revealed several fundamental reasons for this phenomenon. Numerous Organizations within this sector, especially those that receive government funding—such as museums, parks, cultural institutions, public libraries and entities like Shilpakala Academy-

অত্যন্ত গুরুত্বপূর্ণ। যদিও সেবা থেকে আয়, যেমন: টিকিট বিক্রি, সদস্যপদ ফি বা প্রবেশমূল্য তুলনামূলকভাবে কম, তবুও এই প্রতিষ্ঠানগুলো সরকারি অর্থায়নের মাধ্যমে কর্মচারীদের প্রতিযোগিতামূলক পারিশ্রমিক প্রদান করতে সক্ষম। সরকারি তহবিলের উপর নির্ভরশীলতা এই সংস্থাগুলোকে নিবেদিতপ্রাণ জনবল ধরে রাখতে সহায়তা করে এবং এমন একটি পরিবেশ তৈরি করে যেখানে বাণিজ্যিক আয়ের উৎস দুর্বল হলেও সাংস্কৃতিক ও বিনোদনমূলক কার্যক্রম বিকশিত হতে পারে। ফলস্বরূপ, এই উপ-খাতের কর্মীরা, যারা সমাজ সেবা এবং সংস্কৃতির প্রচারের জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন, তারা এমন পারিশ্রমিক পান যা কেবল তাদের অবদানের গুরুত্বকেই প্রতিফলিত করে না বরং সমাজকে সমৃদ্ধ এবং সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের লক্ষ্যে সরকারি অর্থায়নের ধারাবাহিক সহায়তাকেও প্রতিফলিত করে। যেহেতু, এই ক্ষেত্রে আউটপুট (অর্থাৎ সেবা বিক্রি) কর্মচারীদেরকে প্রদত্ত পারিশ্রমিকের চেয়ে কম, তাই প্রচলিত উৎপাদন পদ্ধতিতে অর্থাৎ আউটপুট থেকে মধ্যবর্তী ভোগ বাদ দিয়ে স্থূল মূল্য সংযোজন (GVA) প্রাক্কলন করা সম্ভব ছিল না, কারণ এতে নেতিবাচক বা অবাস্তব স্থূল মূল্য সংযোজন পাওয়া যেত। তাই, আয় পদ্ধতি ব্যবহার করে স্থূল মূল্য সংযোজন প্রাক্কলন করা হয়েছে, যা ফ্যাক্টর আয়ের উপাদানগুলো যোগ করে প্রাক্কলিত। এই পদ্ধতিতে স্থূল মূল্য সংযোজন (GVA) হিসাব করা হয় নিম্নোক্ত উপাদানগুলোর যোগফল হিসেবে:

- কর্মচারীদের বেতন ও মজুরি
- অবচয় (CFC), এবং
- উৎপাদনের উপর নিট কর (অর্থাৎ, কর থেকে ভর্তুকি বাদ)।

এই বিকল্প পদ্ধতিটি, উৎপাদন পদ্ধতির মাধ্যমে সৃষ্ট আউটপুট শ্রম ব্যয় মেটাতে যথেষ্ট না হলেও, প্রাপ্ত স্থূল মূল্য সংযোজন (জিভিএ) উৎপাদন কার্যক্রম থেকে অর্জিত আয় সঠিকভাবে প্রতিফলিত করার বিষয়টি নিশ্চিত করে। উল্লেখযোগ্য যে, ত্রৈমাসিক CFC-এর তথ্য পাওয়া যায়নি, তাই বার্ষিক CFC সমানভাবে বছরের চারটি ত্রৈমাসিকে সমভাবে বণ্টন করা হয়েছে। সারণি ৬.১১-এ ২০২২–২৩ অর্থবছরের ত্রৈমাসিক ও বার্ষিক তথ্য-উপাত্ত উপস্থাপন করা হয়েছে, যা মূল্য সংযোজন হিসাবের উপাদানগুলোর আর্থিক মূল্য প্রদর্শন করে। তথ্যগুলো চারটি ত্রৈমাসিকে (প্রথম থেকে চতুর্থ ত্রৈমাসিক) ভাগ করা হয়েছে এবং বার্ষিক মোট হিসাবও প্রদান করা হয়েছে। মূল্য সংযোজনের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান কর্মসংস্থান ব্যয়, যার মধ্যে বেতন, মজুরি এবং অন্যান্য কর্মসংস্থান-সংক্রান্ত ব্যয় অন্তর্ভুক্ত।

often benefit from substantial government grants and subsidies. These financial contributions are critical in sustaining their operations. Although income derived from services, such as ticket sales, membership fees, or admission charges, tends to be relatively low, these institutions can still afford to offer their employees competitive compensation packages with the government funding. The reliance on government funding enables these entities to maintain a dedicated workforce and fosters an environment in which cultural and recreational offerings can flourish, even in the presence of fragile commercial revenue streams. Consequently, employees in this sub-sector, who occupy roles vital for community engagement and the promotion of culture, receive compensation that reflects not only the significance of their contributions but also the ongoing support from public funding aimed at enriching the community and preserving cultural heritage. Since, in this case, the output (i.e., sales of services) was lower than the compensation of employees; it was not feasible to derive Gross Value Added (GVA) using the standard production approach-i.e., by subtracting intermediate consumption from output-because this would have resulted in a negative or implausible GVA. Therefore, GVA was estimated using the income approach, which sums up the components of factor income. Under this method, Gross Value Added (GVA) was calculated as the sum of:

- Compensation of Employees,
- Consumption of Fixed Capital (CFC), and
- Net Taxes on Production (i.e., taxes less subsidies on production).

This alternative method ensures that the derived GVA reflects the income generated from production activities, even when output is insufficient to cover labor costs under the production approach. It is to be noted that the quarterly CFC was not available, so the annual CFC was evenly distributed over four quarters of the year. Table 6.11 presents quarterly and annual data for the fiscal year 2022–23 on components that contribute to the calculation of value added in monetary terms. The data is broken down into four

ত্রৈমাসিক মানগুলো প্রথম ত্রৈমাসিক (Q1) থেকে চতুর্থ ত্রৈমাসিক (Q3) পর্যন্ত স্থিতিশীল ছিল, যার পরিমাণ আনুমানিক ২৪৩.১৬ মিলিয়ন টাকা থেকে ২৬১.৮৭ মিলিয়ন টাকার মধ্যে ছিল। চতুর্থ ত্রৈমাসিকে উল্লেখযোগ্য বৃদ্ধি লক্ষ্য করা গেছে, যা ২৬১.৮৭ মিলিয়ন টাকায় পৌঁছেছে। বছরে মোট কর্মসংস্থান ব্যয় ছিল ৭৬৬.৮০ মিলিয়ন টাকা। বছরে মোট স্থির মূলধনের অবচয় ছিল ২৩৩.৬০ মিলিয়ন টাকা। সারণি থেকে এটি স্পষ্ট যে, মোট জিভিএ ছিল ১,০০০.৪১ মিলিয়ন টাকা। সারণি থেকে বোঝা যায় যে এটি একটি শ্রমনির্ভর মূল্য সংযোজন কাঠামো, যেখানে কর্মসংস্থান ব্যয় মোট মূল্য সংযোজনের একটি উল্লেখযোগ্য অংশের প্রতিনিধিত্ব করে।

34.00 % of the total, indicating their substantial role in service delivery and community support activities. Professional membership organizations followed, with Tk. 135.64 million, demonstrating consistent expenditures across all quarters. Residential care activities for the elderly and disabled also reported significant consumption, totaling Tk. 74.08 million, reflecting the continuous operational demands of care services. Religious organizations exhibited notable seasonality, with a peak in the first quarter and a marked decline thereafter, resulting in an annual total of Tk. 68.28 million. In contrast, activities such as libraries, archives, and sports clubs accounted for minimal shares of intermediate consumption, highlighting their relatively limited operational scale within the sector. Overall, the data illustrates both the diversity and the seasonal variability of intermediate consumption patterns across different types of establishments, underscoring the varying resource requirements associated with their respective service mandates.

### Table 7.7: Intermediate Consumption, 2022-23

(Taka)

| Type of establishments investigated | | 2022-23 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
| 1. | Residential care activities for the elderly and disabled | 20,627,813 | 17,666,226 | 17,512,733 | 18,275,318 | 74,082,090 |
| 2. | Library and archives activities | 144,570 | 149,570 | 159,750 | 136,500 | 590,390 |
| 3. | Activities of sports clubs | 106,285 | 86,755 | 150,892 | 128,248 | 472,180 |
| 4. | Activities of professional membership organizations | 31,280,625 | 33,302,512 | 36,853,676 | 34,205,927 | 135,642,740 |
| 5. | Activities of trade unions | 1,820,028 | 1,571,951 | 1,753,599 | 1,600,791 | 6,746,369 |
| 6. | Activities of other membership organizations n.e.c. | 2,169,338 | 2,007,996 | 2,237,454 | 1,923,906 | 8,338,694 |
| 7. | Activities of religious organizations | 45,450,078 | 8,368,547 | 7,124,913 | 7,339,981 | 68,283,519 |
| 8. | Activities of political organizations | 2,518,878 | 2,660,911 | 2,397,789 | 2,737,124 | 10,314,702 |
| 9. | Activities of other non-government and non-profit organizations | 24,503,717 | 52,234,090 | 37,099,354 | 45,650,876 | 159,488,037 |
| **Total** | | **128,621,332** | **118,048,558** | **105,290,160** | **111,998,671** | **463,958,721** |

## ৭.৮ মধ্যবর্তী ভোগ, ২০২৩–২৪

সারণি ৭.৮-এ, ২০২৩-২৪ অর্থবছরে বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানের ত্রৈমাসিক ও বার্ষিক মধ্যবর্তী ভোগ ব্যয়ের তথ্য উপস্থাপন করা

## 7.8 Intermediate Consumption, 2023-24

The data presented in Table 7.8 illustrates the quarterly and annual intermediate consumption expenditures for various types of establishments during the fiscal year 2023-24. The aggregate

হয়েছে। সব খাত মিলিয়ে মোট মধ্যবর্তী ভোগের পরিমাণ দাঁড়িয়েছে ৪৯০.৪২ মিলিয়ন টাকা, যেখানে দ্বিতীয় ত্রৈমাসিকের পর থেকে মধ্যবর্তী ভোগ ব্যয় ধীরে ধীরে হ্রাস পেয়েছে। বিভিন্ন শ্রেণির মধ্যে অন্যান্য বেসরকারি ও অলাভজনক সংস্থার কার্যক্রম উপখাতে সর্বোচ্চ ভোগব্যয় ২০৭.০৫ মিলিয়ন টাকা রেকর্ড হয়েছে, যা এই খাতের উচ্চ পরিচালন ব্যয়ের প্রমাণ বহন করে। পরবর্তী স্থানে রয়েছে পেশাগত সদস্যপদভিত্তিক সংস্থার কার্যক্রম, যার মোট ভোগব্যয় ছিল ১৫০.৯৯ মিলিয়ন টাকা, যা পেশাগত নেটওয়ার্ক ও সেবা বজায় রাখতে উল্লেখযোগ্য সম্পদের প্রয়োজনীয়তা নির্দেশ করে। অপরদিকে, তুলনামূলকভাবে ছোট খাত যেমন গ্রন্থাগার ও আর্কাইভ কার্যক্রম এবং ক্রীড়া ক্লাবের কার্যক্রম-এ ব্যয় যথাক্রমে ০.৬১ মিলিয়ন টাকা ও ০.৪২ মিলিয়ন টাকা, যা তাদের কার্যক্রমের সীমিত পরিসরকে প্রতিফলিত করে। উল্লেখ, বয়স্ক ও প্রতিবন্ধীদের জন্য আবাসিক যত্ন কার্যক্রম ধারাবাহিকভাবে স্থিতিশীল ত্রৈমাসিক ব্যয় বজায় রেখেছে, যার ফলে বার্ষিক মোট ব্যয় ৭৩.৬৫ মিলিয়ন টাকা হয়েছে, যা এই সেবা খাতের ধারাবাহিক সম্পদ চাহিদার প্রমাণ দেয়। সামগ্রিকভাবে, উপাত্তগুলো বিভিন্ন শ্রেণীর প্রতিষ্ঠানের ভোগব্যয়ের ধরনে যথেষ্ট বৈচিত্র্য প্রদর্শন করে, যা প্রতিটি শ্রেণির কার্যক্রমের ব্যাপ্তি ও সেবা প্রদানের ভিন্ন চাহিদার সাথে সম্পর্কিত।

intermediate consumption across all sectors amounted to Taka 490.42 million, with a gradual decline observed from Q2 onwards. Among the categories, Activities of other Non-Government and Non-Profit Organizations reported the highest total consumption, accounting for approximately Tk. 207.05 million, highlighting the substantial operational spending within this segment. This was followed by Activities of Professional Membership Organizations, which incurred a total of Taka 150.99 million, indicating the significant resource requirements associated with maintaining professional networks and services. In contrast, smaller sectors such as Library and Archives Activities *and* Activities of Sports Clubs reported relatively modest expenditures of Tk. 0.61 million and Tk. 0.42 million respectively, reflecting their comparatively limited scale of operations. Notably, Residential Care Activities for the Elderly and Disabled consistently maintained a stable quarterly expenditure, culminating in a sizable annual total of Tk. 73.65 million, which underscores the continuous resource demands of the care sector. Overall, the data demonstrated considerable variability in spending patterns across different organizational types, which can be attributed to the diverse operational scopes and service demands inherent to each category.

**Table 7.8: Intermediate Consumption, 2023-24**

**(Taka)**

| Type of establishments investigated | | 2023-24 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
| 1. | Residential care activities for the elderly and disabled | 18,830,743 | 18,431,354 | 18,210,632 | 18,176,507 | 73,649,236 |
| 2. | Library and archives activities | 128,490 | 159,500 | 176,760 | 144,868 | 609,618 |
| 3. | Activities of sports clubs | 84,852 | 89,423 | 153,507 | 94,418 | 422,200 |
| 4. | Activities of professional membership organizations | 35,021,311 | 35,990,948 | 42,123,818 | 37,856,971 | 150,993,048 |
| 5. | Activities of trade unions | 1,904,193 | 1,785,497 | 1,661,772 | 1,681,142 | 7,032,604 |
| 6. | Activities of other membership organizations n.e.c. | 1,979,347 | 2,092,088 | 2,295,173 | 1,982,847 | 8,349,455 |
| 7. | Activities of religious organizations | 7,881,316 | 8,572,743 | 7,677,196 | 7,906,958 | 32,038,213 |
| 8. | Activities of political organizations | 2,542,621 | 2,692,807 | 2,495,898 | 2,548,865 | 10,280,191 |

| Type of establishments investigated | | 2023-24 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
| 9. | Activities of other non-government and non-profit organizations | 62,190,670 | 67,912,501 | 45,300,185 | 31,642,638 | 207,045,994 |
| | **Total** | **130,563,543** | **137,726,861** | **120,094,941** | **102,035,214** | **490,420,559** |

### ৭.৯ স্থূল মূল্য সংযোজন, ২০২২–২৩

২০২২-২৩ অর্থবছরের মূল্য সংযোজনের বিশ্লেষণে দেখা যায় যে, মোট স্থূল মূল্য সংযোজন (GVA) ১,৫২৮.২৭ মিলিয়ন টাকা, যা মূলত কর্মসংস্থান ব্যয় এবং স্থায়ী মূলধনের ভোগ (Consumption of Fixed Capital) থেকে এসেছে। এর মধ্যে কর্মসংস্থান ব্যয়ের (১,৩৩০.৭২ মিলিয়ন টাকা) অবদান ছিল প্রধান। কর্মসংস্থান ব্যয় প্রথম ত্রৈমাসিকে ৩১৮.২৮ মিলিয়ন টাকা থেকে চতুর্থ ত্রৈমাসিকে ৩৫৬.২১ মিলিয়ন টাকায় বৃদ্ধি পেয়েছে, যা ঐ সময়ে টেকসই কর্মীসংখ্যা বৃদ্ধি বা মজুরি সমন্বয়কে প্রতিফলিত করে। স্থায়ী মূলধনের ভোগ ৪৯.৩৮ মিলিয়ন টাকায় ত্রৈমাসিক ভিত্তিতে স্থিতিশীল ছিল, এবং বার্ষিক মোট পরিমাণ ১৯৭.৫৫ মিলিয়ন টাকা, যা সম্পদের অবচয়ের স্থিতিশীল ধারা নির্দেশ করে। উল্লেখ করার মতো বিষয় হলো, এখানে প্রচলিত পদ্ধতিতে অর্থাৎ মোট আউটপুট থেকে মধ্যবর্তী ভোগ বাদ দিয়ে মূল্য সংযোজন প্রাক্কলন করা হয়নি। কারণ, এই জরিপে অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানগুলো লাভের উদ্দেশ্যে পরিচালিত হয়না; বরং তারা বিনামূল্যে অথবা খুবই সামান্য মূল্যে পণ্য বা সেবা সরবরাহ করেছে। অতএব, এই অলাভজনক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রকৃতি এবং উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে, খরচের উপাদানগুলিকে সরাসরি যোগ করে মূল্য সংযোজন পরিমাপ করা হয়েছে।

### 7.9 Gross Value Added, 2022-23

The analysis of value added for the fiscal year 2022–23 shows a total gross value added (GVA) of Tk. 1,528.27 million, derived primarily from employment costs and consumption of fixed capital. Employment cost was the major contributor, accounting for TK. 1,330.72 million, with a steady quarterly increase from Q1 (Tk. 318.28 million) to Q4 (Tk. 356.21 million), reflecting sustained workforce engagement or wage adjustments over the period. Consumption of fixed capital remained constant across quarters at Tk. 49.38 million, totaling Tk. 197. 55 million for the year, indicating stable depreciation of assets. It is worth noting that the traditional approach, which calculates value added as output minus intermediate consumption, was not applied in this case. This is because the establishments under assessment did not operate for profit but instead provided goods or services either free of charge or at an insignificant cost. Therefore, the value added was measured by summing the cost components directly, aligning with the nature and purpose of these non-profit service providers.

**Table 7.9: Value Added 2022-23**

(Taka)

| Parameters | | 2022-23 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
| 1. | Employment cost | 318,280,177 | 332,477,988 | 323,750,675 | 356,213,308 | 1,330,722,148 |
| 2. | Consumption of fixed capital | 49,387,501 | 49,387,501 | 49,387,501 | 49,387,501 | 197,550,005 |
| 3. | **Gross Value Added (GVA)** | 367,667,678 | 381,865,489 | 373,138,176 | 405,600,809 | 1,528,272,153 |

### ৭.১০ স্থূল মূল্য সংযোজন, ২০২৩–২৪

সারণি ৭.১০-এ, ২০২৩-২৪ অর্থবছরের ত্রৈমাসিক ও বার্ষিক মূল্য সংযোজনের তথ্য উপস্থাপন করা হয়েছে। বছরের মোট

### 7.10 Gross Value Added, 2023-24

Table 7.10 presents the quarterly and annual breakdown of value added for the fiscal year 2023-

কর্মসংস্থান ব্যয় ছিল ১,৩৮৯.০৩ মিলিয়ন টাকা, যেখানে ত্রৈমাসিকভিত্তিক ব্যয় প্রথম ত্রৈমাসিকে ৩৩৮.৪১ মিলিয়ন টাকা থেকে চতুর্থ ত্রৈমাসিকে ৩৬৩.৮৮ মিলিয়ন টাকায় পরিবর্তিত হয়েছে। স্থায়ী মূলধনের ভোগ (Consumption of Fixed Capital) সব ত্রৈমাসিকেই স্থিতিশীল ছিল, যা ৪৩.৬৩ মিলিয়ন টাকা এবং বছরের মোট মূলধন ভোগের পরিমাণ ১৭৪.৫৩ মিলিয়ন টাকা। বছরের মোট স্থুল মূল্য সংযোজন দাঁড়িয়েছে ১,৫৬৩.৫৬ মিলিয়ন টাকা, যেখানে ত্রৈমাসিকভিত্তিক অবদান প্রথম ত্রৈমাসিকে ৩৮২.০৪ মিলিয়ন টাকা থেকে চতুর্থ ত্রৈমাসিকে ৪০৭.৫১ মিলিয়ন টাকার মধ্যে ওঠানামা করেছে। তথ্য থেকে প্রতীয়মান হয় যে, স্থায়ী মূলধনের ভোগ পুরো বছর জুড়ে স্থিতিশীল ছিল, তবে কর্মসংস্থান ব্যয় ও স্থুল মূল্য সংযোজন ত্রৈমাসিকভেদে কিছুটা ওঠানামা করেছে।

24. The total employment cost for the year amounted to Tk. 1,389.03 million, with quarterly figures ranging from Tk. 338.41 million in Q1 to Tk. 363. 88 million in Q4. The consumption of fixed capital remained consistent across all quarters at Tk. 43.63 million, resulting in an annual total of Tk. 174. 53 million. The Gross Value Added (GVA) stood at Tk. 1,563. 56 million for the year, with quarterly contributions varying between Tk. 382. 04 in Q1 and Tk. 407.51 million in Q4. This data highlights the overall stability in fixed capital consumption, reflecting fluctuations in employment costs and gross value added across quarters.

**Table 7.10: Value Added 2023-24**

(Taka)

| Parameters | | 2022-23 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
| 1. | Employment cost | 338,410,345 | 340,033,095 | 346,702,352 | 363,879,380 | 1,389,025,172 |
| 2. | Consumption of fixed capital | 43,633,238 | 43,633,238 | 43,633,238 | 43,633,238 | 174,532,953 |
| 3. | Net Taxes on production | - | - | - | - | - |
| | **Gross Value Added (GVA)** | 382,043,583 | 383,666,333 | 390,335,590 | 407,512,618 | 1,563,558,125 |

**Chart 7.3: Gross Value Added (Million TK.)**



## ৭.১১ আউটপুট, ২০২২-২৩

সারণি ৭.১১-তে, ২০২২-২৩ অর্থবছরের স্থূল মূল্য সংযোজন, মধ্যবর্তী ভোগ এবং আউটপুটের ত্রৈমাসিক ও বার্ষিক পরিসংখ্যান উপস্থাপন করা হয়েছে। এ সময়ে মোট উৎপাদন দাঁড়িয়েছে ১,৯৯২.২৩ মিলিয়ন টাকা, যেখানে ত্রৈমাসিক অবদান ৪৭৮.৪৩ মিলিয়ন টাকা (তৃতীয় ত্রৈমাসিক) থেকে ৫১৭.৫৯ মিলিয়ন টাকার (চতুর্থ ত্রৈমাসিক) মধ্যে পরিবর্তিত হয়েছে। বার্ষিক মধ্যবর্তী ভোগব্যয় ছিল ৪৬৩.৯৬ মিলিয়ন টাকা। উল্লেখ্য যে, উৎপাদন সংক্রান্ত পরিসংখ্যানসমূহ পণ্য ও সেবার বিক্রয়মূল্যের ভিত্তিতে নির্ধারণ করা হয়নি, কারণ এই সমীক্ষায় অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানসমূহ ছিল খানায় সেবা প্রদানকারী অলাভজনক প্রতিষ্ঠান (NPISH)। ফলস্বরূপ, আউটপুট নির্ধারণ করা হয়েছে উপযুক্ত অ-বাজার মূল্যায়ন পদ্ধতি (non-market valuation methods) ব্যবহার করে, যাতে এই দাতব্য প্রতিষ্ঠানের অর্থনৈতিক অবদান সঠিকভাবে প্রতিফলিত হয়।

## 7.11 Output 2022–23

Table 7.11 presents the quarterly and total figures for Gross Value Added (GVA), Intermediate Consumption, and Output for the fiscal year 2022–23. During this period, the total output amounted to Tk.1992.23 million with quarterly contributions ranging from Tk. 478.43 million in Q3 to Tk. 517.59 million in Q4. Intermediate Consumption totaled Tk. 463.96 million for the year. It is important to note that the output figures were not derived based on the sale value of goods and services, as the establishments under study were Non-Profit Institutions Serving Households (NPISHs). Consequently, the output was estimated using appropriate non-market valuation methods to reflect the economic contribution of these charitable organizations accurately.

**Table 7.11: Output 2022–23**

**(Taka)**

| Parameter | | 2022-23 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
| 1. | Gross Value Added (GVA) | 367,667,678 | 381,865,489 | 373,138,176 | 405,600,809 | 1,528,272,153 |
| 2. | Intermediate consumption | 128,621,332 | 118,048,558 | 105,290,160 | 111,998,671 | 463,958,721 |
| 3. | Output | 496,289,010 | 499,914,047 | 478,428,336 | 517,599,480 | 1,992,230,874 |

## ৭.১২ আউটপুট, ২০২৩–২৪

সারণি ৭.১২-এ, ২০২৩–২৪ অর্থবছরের স্থূল মূল্য সংযোজন, মধ্যবর্তী ভোগ এবং আউটপুটের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাব উপস্থাপন করা হয়েছে। বছরের মোট স্থূল মূল্য সংযোজন দাঁড়িয়েছে ১,৫৬৩.৫৬ মিলিয়ন টাকা, মূল্য সংযোজনের পরিমাণ প্রথম ত্রৈমাসিকে ৩৮২.০৪ মিলিয়ন টাক থেকে চতুর্থ ত্রৈমাসিকে ৪০৭.৫১ মিলিয়ন টাকা পর্যন্ত পরিবর্তিত হয়েছে। মধ্যবর্তী ভোগের পরিমাণ বছরে দাঁড়িয়েছে ৪৯০.৪২ মিলিয়ন টাকা, যা ত্রৈমাসিক ভিত্তিতে মাঝারি মাত্রায় ওঠানামা করেছে। বছরের মোট আউটপুট ২,০৫৩.৯৮ মিলিয়ন টাকা, যেখানে আউটপুটের পরিমাণ তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল এবং দ্বিতীয় ত্রৈমাসিকে সর্বোচ্চ ৫২১.৩৯ মিলিয়ন টাকা এবং চতুর্থ ত্রৈমাসিকে সর্বনিম্ন ৫০৯.৫৫ মিলিয়ন টাকার মধ্যে সীমাবদ্ধ ছিল। তথ্য থেকে বোঝা যায়, প্রতিবেদনের সময়কালে উৎপাদন কার্যক্রম স্থিতিশীল ছিল, যেখানে মধ্যবর্তী ভোগের ওঠানামা সত্ত্বেও উৎপাদন এবং মূল্য সংযোজন স্থিতিশীলতা প্রদর্শন করেছে।

## 7.12 Output 2023–24

Table 7.12 presents the quarterly and total estimates of Gross Value Added (GVA), Intermediate Consumption (IC), and output for the fiscal year 2023–24. The total GVA for the year stood at Tk. 1,563.56 million, with quarterly figures ranging from Tk. 382.04 million in Q1 to Tk. 407.51 million in Q4. Intermediate consumption totaled Tk. 490.42 million for the year, reflecting moderate fluctuations across the quarters. Consequently, the total output reached Tk. 2053.98 million, with output values remaining relatively stable, peaking at Tk. 521.39 million in Q2 and lowest at Tk. 509.55 million in Q4. These figures indicated steady production activity over the reporting period, with output and GVA trends showing resilience despite variations in intermediate consumption.

**Table 7.12: Output, 2023–24**

(Taka)

| Parameter | | 2023-24 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
| 1. | Gross Value Added (GVA) | 382,043,583 | 383,666,333 | 390,335,590 | 407,512,618 | 1,563,558,125 |
| 2. | Intermediate Consumption | 130,563,543 | 137,726,861 | 120,094,941 | 102,035,214 | 490,420,559 |
| 3. | Output | 512,607,126 | 521,393,194 | 510,430,531 | 509,547,832 | 2,053,978,684 |

### ৭.১৩ নির্বাচিত অর্থনৈতিক সূচকসমূহ, ২০২২–২৩

সারণি ৭.১৩-এ ২০২২–২৩ অর্থবছরের প্রধান অর্থনৈতিক সূচকগুলো উপস্থাপন করা হয়েছে, যেখানে আউটপুট, মধ্যবর্তী ভোগ এবং মূল্য সংযোজনের ত্রৈমাসিক ও বার্ষিক প্রবণতা তুলে ধরা হয়েছে। এই অর্থবছরের মোট আউটপুট ১,৯৯২.২৩ মিলিয়ন টাকা এবং মধ্যবর্তী ভোগের পরিমাণ ৪৬৩.৯৬ মিলিয়ন টাকা, যার ফলে স্থুল মূল্য সংযোজন দাঁড়িয়েছে ১,৫২৮.২৭ মিলিয়ন টাকা। উল্লেখ্য, ত্রৈমাসিকজুড়ে আউটপুটের তুলনায় মধ্যবর্তী ভোগের হার প্রায় স্থিতিশীল ছিল, বার্ষিক গড় ২৩.২৯% যা ইনপুটের দক্ষ ব্যবহারের ইঙ্গিত দেয়। এছাড়া, মধ্যবর্তী ভোগ ও মূল্য সংযোজনের অনুপাতিক বার্ষিক গড় ছিল ৩০.৩৬%, যা পরিমিত ইনপুট খরচে উল্লেখযোগ্য মূল্য সংযোজনের সক্ষমতা নির্দেশ করে। স্থুল মূল্য সংযোজনের হার (আউটপুটের শতকরা হিসেবে) সব সময়ই ৭৪% এর উপরে ছিল এবং বার্ষিক গড়ে দাঁড়িয়েছে ৭৬.৭১%। এটি সামগ্রিক অর্থনৈতিক কর্মক্ষমতায় শক্তিশালী উৎপাদনশীল দক্ষতা এবং মূল্য সংযোজনের গুরুত্বপূর্ণ অবদানকে প্রতিফলিত করে। এই সূচকগুলি সম্মিলিতভাবে উৎপাদন খাতের স্থিতিস্থাপকতা ও দক্ষতা প্রদর্শন করে, যা নীতিনির্ধারক ও সংশ্লিষ্ট অংশীজনের জন্য টেকসই প্রবৃদ্ধি জোরদার করা এবং সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ধারণা প্রদান করে।

### 7.13 Selected Economic Indicators, 2022-23

Table 7.13 presents key economic indicators for the fiscal year 2022-23, highlighting the quarterly and annual trends in output, intermediate consumption, and value added. The total output for the year stood at Tk. 1,992.23 million, while intermediate consumption amounted to Tk. 463.96 million, resulting in a gross value added of Tk. 1,528.27 million. Notably, intermediate consumption as a percentage of output remained relatively stable across quarters, averaging 23.29 % for the year, indicating efficient utilization of inputs. Furthermore, the ratio of intermediate consumption to value added averaged 30.36 %, reflecting the sector's capacity to generate substantial value with moderate input costs. The gross value added as a percentage of output consistently hovered above 74.00%, reaching an annual average of 76.71%, which underscored the robust productive efficiency and contribution of value addition to overall economic performance. These indicators collectively demonstrate the resilience and efficiency of the production sectors, providing critical insights for policymakers and stakeholders to strengthen sustainable growth and resource optimization.

**Table 7.13: Selected Economic Indicators, 2022-23**

(Taka)

| Parameters | | 2022-23 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total /average |
| 1. | Output | 496,289,010 | 499,914,047 | 478,428,336 | 517,599,480 | 1,992,230,874 |
| 2. | Intermediate consumption (IC) | 128,621,332 | 118,048,558 | 105,290,160 | 111,998,671 | 463,958,721 |
| 3. | Value added | 367,667,678 | 381,865,489 | 373,138,176 | 405,600,809 | 1,528,272,153 |
| 4. | Intermediate consumption as a % of output | 25.92 | 23.61 | 22.01 | 21.64 | 23.29 |
| 5. | Intermediate consumption as a % of gross value added | 34.98 | 30.91 | 28.22 | 27.61 | 30.36 |
| 6. | Gross value added as a % of output | 74.08 | 76.39 | 77.99 | 78.36 | 76.71 |

## ৭.১৪ নির্বাচিত অর্থনৈতিক সূচকসমূহ, ২০২৩–২৪

নিচের সারণিতে ২০২৩-২৪ অর্থবছরের নির্বাচিত অর্থনৈতিক সূচকের ত্রৈমাসিক বিশ্লেষণ উপস্থাপন করা হয়েছে। সারণিতে মোট আউটপুট, মধ্যবর্তী ভোগ এবং স্থূল মূল্য সংযোজন এর পাশাপাশি সংশ্লিষ্ট অনুপাতগুলো দেখানো হয়েছে, যা ত্রৈমাসিক ভিত্তিতে উৎপাদন কাঠামো ও দক্ষতা সম্পর্কে ধারণা প্রদান করে। তথ্য-উপাত্ত থেকে দেখা যায় যে, পুরো অর্থবছরে উৎপাদন কার্যক্রম স্থিতিশীল ছিল। বছরের মোট আউটপুট ২,০৫৩.৯৮ মিলিয়ন টাকা, মোট মধ্যবর্তী ভোগ ৪৯০.৪২ মিলিয়ন টাকা, যার ফলে স্থূল মূল্য সংযোজন দাঁড়িয়েছে ১,৫৬৩.৫৬ মিলিয়ন টাকা। উৎপাদনের সাথে মধ্যবর্তী ভোগের অনুপাত ত্রৈমাসিক ভিত্তিতে ২০.০২% থেকে ২৬.৪২% এর মধ্যে পরিবর্তিত হয়েছে, এবং বছরের জন্য গড় ছিল ২৩.৮৮%। এটি ইঙ্গিত করে যে, মোট আউটপুটের প্রায় এক-পঞ্চমাংশ মধ্যবর্তী ইনপুট হিসেবে ব্যবহৃত হয়েছে, যা মাঝারি মাত্রার ইনপুট নির্ভরতার ইঙ্গিত দেয়। বিশেষভাবে, চতুর্থ ত্রৈমাসিকে মধ্যবর্তী ভোগের অনুপাত সবচেয়ে কম ছিল, যা ইনপুট ব্যবহারের দক্ষতা বৃদ্ধি বা মৌসুমী কারণে ইনপুট চাহিদা হ্রাসের সম্ভাবনা নির্দেশ করে। মধ্যবর্তী ভোগ ও স্থূল মূল্য সংযোজনের অনুপাতেও একই প্রবণতা লক্ষ্য করা যায়, বছরের গড় অনুপাত ছিল ৩১.৩৭%, যা ত্রৈমাসিক ভিত্তেতে ২৫.০৪% থেকে ৩৫.৯০% পর্যন্ত ওঠানামা করেছে। স্থূল মূল্য সংযোজনের সাথে মধ্যবর্তী ভোগের নিম্ন অনুপাত প্রতি ইউনিট ইনপুট খরচে উচ্চতর নিট মূল্য সংযোজন নির্দেশ করে, যা সম্পদের আরও কার্যকর ব্যবহার নির্দেশ করে। অপরদিকে, উৎপাদনের শতাংশ হিসাবে মোট মূল্য সংযোজনের অনুপাত তুলনামূলকভাবে স্থিতিশীল ছিল, এটি সকল প্রান্তিকে ৭৩% এর উপর এবং চতুর্থ প্রান্তিকে সর্বোচ্চ ৭৯.৯৮%-এ পৌঁছেছে। এই উচ্চ মূল্য সংযোজন অনুপাত থেকে বোঝা যায় যে, সংশ্লিষ্ট খাতটি উৎপাদন সক্ষমতা বজায় রেখেছে এবং সামগ্রিক অর্থনৈতিক আউটপুটে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। এই সূচকগুলো একত্রে বিবচনায় নিলে দেখা যায় যে, উৎপাদন ক্ষমতা স্থিতিশীল, ইনপুট নির্ভরতা মাঝারি এবং মূল্য সংযোজনের দক্ষতা তুলনামূলকভাবে ভালো।

## 7.14 Selected Economic Indicators, 2023-24

The following table presents a quarterly breakdown of selected economic indicators for the fiscal year 2023–24. The table encapsulates key aggregates, namely total output, Intermediate Consumption (IC), and Gross Value Added (GVA), along with relevant percentage ratios, which together provided insights into the production structure and efficiency across quarters. The data revealed stable production performance throughout the fiscal year. Total output for the year amounted to Tk. 2,053.98 million, while total intermediate consumption stood at Tk. 490.42 million, resulting in an annual Gross Value Added (GVA) of Tk. 1,563.56 million. The ratio of intermediate consumption to output fluctuated between 20.02 % and 26.42 % across the quarters, averaging 23.88 % for the year. This indicates that, on average, roughly one-fifth of total output was used as intermediate inputs, reflecting moderate input intensity. Notably, Q4 showed the lowest intermediate consumption share, which suggests improved input efficiency or seasonal factors reducing production input requirements. The ratio of intermediate consumption to gross value added further confirmed this trend, with a quarterly range of 25.04 %–35.90 % and an annual average of 31.37 %. A lower IC-to-GVA ratio indicates higher net value addition per unit of input cost, implying better resource utilization. Meanwhile, the share of gross value added as a percentage of output remained relatively stable, exceeding 73 % in all quarters and peaking at 79.98 % in Q4. This consistently high value-added ratio demonstrates that the sector under review maintained robust production efficiency, contributing significantly to the overall economic output. These indicators, taken together, suggest stable production capacity with moderate input dependence and relatively efficient value generation.

**Table 7.14: Selected Economic Indicators, 2023-24**

(Taka)

| | Parameters | Q1 (Jul-Sep) 2023-24 | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Total |
|---|---|---|---|---|---|---|
| 1. | Output | 512,607,126 | 521,393,194 | 510,430,531 | 509,547,832 | 2,053,978,684 |
| 2. | Intermediate consumption (IC) | 130,563,543 | 137,726,861 | 120,094,941 | 102,035,214 | 490,420,559 |
| 3. | Gross value added | 382,043,583 | 383,666,333 | 390,335,590 | 407,512,618 | 1,563,558,125 |
| 4. | Intermediate consumption as a % of output | 25.47 | 26.42 | 23.53 | 20.02 | 23.88 |
| 5. | Intermediate consumption as a % of value added | 34.18 | 35.90 | 30.77 | 25.04 | 31.37 |
| 6. | Gross value added as a % of output | 74.53 | 73.58 | 76.47 | 79.98 | 76.12 |

## ৭.১৫ প্রতিষ্ঠান প্রতি আউটপুট, মধ্যবর্তী ভোগ, এবং মূল্য সংযোজন, ২০২২–২৩

সারণি ৭.১৫-এ ২০২২–২৩ অর্থবছরে প্রতিষ্ঠান প্রতি আউটপুট, মধ্যবর্তী ভোগ এবং মূল্য সংযোজনের তথ্য উপস্থাপন করা হয়েছে। এই সময়ে, প্রতি প্রতিষ্ঠানের ত্রৈমাসিক ভিত্তিক আউটপুট দ্বিতীয় ত্রৈমাসিকে ১,০৫০,২৪০ টাকা থেকে চতুর্থ ত্রৈমাসিকে ১,০৮৭,৩৯৪ টাকা পর্যন্ত পরিবর্তিত হয়েছে, এবং ত্রৈমাসিক ভিত্তিক গড় ১,০৪৬,৩৪০ টাকা। প্রতিষ্ঠান প্রতি সর্বনিম্ন মধ্যবর্তী ভোগ ছিল তৃতীয় ত্রৈমাসিকে (২২১,১৯৮ টাকা), যা সর্বোচ্চ ছিল প্রথম ত্রৈমাসিকে (২৭০,২১৩ টাকা) এবং ত্রৈমাসিক গড় ছিল ২৪৩,৬৭৬ টাকা। প্রতিষ্ঠান প্রতি মূল্য সংযোজন সারা বছর জুড়ে ধারাবাহিকভাবে শক্তিশালী ছিল, যা প্রথম ত্রৈমাসিকে ৭,৭২,৪১১ টাকা থেকে চতুর্থ ত্রৈমাসিকে ৮,৫২,১০৩ টাকার মধ্যে পরিবর্তিত হয়েছে, এবং সামগ্রিক ত্রৈমাসিক গড় দাঁড়িয়েছে ৮,০২,৬৬৪ টাকা। এই পরিসংখ্যানগুলো ইঙ্গিত করে যে, সারা বছর জুড়ে প্রতিষ্ঠানগুলোতে উৎপাদন ও মূল্য সংযোজন স্থিতিশীল ছিল, পাশাপাশি মধ্যবর্তী ভোগের দক্ষ ব্যবস্থাপনারও ইঙ্গিত করে।

## 7.15 Output, Intermediate Consumption, and Value Added per Establishment, 2022–23

Table 7.15 presents the output, intermediate consumption, and value added per establishment for the fiscal year 2022–23. During this period, the output per establishment ranged from Tk. 1,050,240 in the second quarter to Tk. 1,087,394 in the fourth quarter, with a quarterly average of Tk. 1,046,340. Intermediate consumption per establishment was recorded lowest in the third quarter at Tk. 221,198 and highest in the first quarter at Tk. 270,213, averaging Tk. 243,676 across the quarters. Value added per establishment remained consistently strong throughout the year, varying from Tk. 772,411 in the first quarter to Tk. 852,103 in the fourth quarter, with an overall quarterly average of Tk. 8,02,664. These figures indicate stable growth in output and value addition, alongside efficient management of intermediate consumption across establishments during the year.

**Table 7.15: Output, Intermediate Consumption and Value Added per Establishment, 2022–23**

(Taka)

| | Parameter | Q1 (Jul-Sep) 2022-23 | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Quarterly average |
|---|---|---|---|---|---|---|
| 1. | Output per establishment | 1,042,624 | 1,050,240 | 1,005,102 | 1,087,394 | 1046340 |
| 2. | Intermediate consumption per establishment | 270,213 | 248,001 | 221,198 | 235,291 | 243676 |
| 3. | Value added per establishment | 772,411 | 802,238 | 783,904 | 852,103 | 802664 |

## ৭.১৬ প্রতিষ্ঠান প্রতি আউটপুট, মধ্যবর্তী ভোগ, এবং মূল্য সংযোজন, ২০২৩–২৪

সারণি ৭.১৬-এ উপস্থাপিত তথ্য ২০২৩–২৪ অর্থবছরে প্রতিষ্ঠানগুলোর ত্রৈমাসিক কর্মক্ষমতা সম্পর্কে ধারণা প্রদান করে, যেখানে আউটপুট, মধ্যবর্তী ভোগ এবং মূল্য সংযোজনের বিবরণ অন্তর্ভুক্ত রয়েছে। এই সময়ে প্রতি প্রতিষ্ঠানের আউটপুট ত্রৈমাসিক ভিত্তিতে সর্বোচ্চ ছিল দ্বিতীয় ত্রৈমাসিকে (১,০৯৫,৩৬৪ টাকা), সর্বনিম্ন ছিল চতুর্থ ত্রৈমাসিকে

## 7.16 Output, Intermediate Consumption, and Value Added per Establishment, 2023–24

The data presented in Table 7.16 provides insights into the quarterly performance of establishments during the fiscal year 2023-24 in terms of output, intermediate consumption, and value added. Output per establishment exhibited moderate fluctuations across the quarters, ranging from Tk. 1,070,479 in

(১,০৭০,৪৭৯ টাকা) এবং ত্রৈমাসিক গড় ছিল ১,০৭৮,৭৭১ টাকা। প্রতিষ্ঠান প্রতি মধ্যবর্তী ভোগ বছর জুড়েই হ্রাস পেয়েছে; দ্বিতীয় ত্রৈমাসিকে সর্বোচ্চ ২৮৯,৩৪২ টাকা থেকে চতুর্থ ত্রৈমাসিকে কমে ২১৪,৩৬০ টাকা হয়েছে, ত্রৈমাসিক গড় ২৫৭,৫৭৪ টাকা। ফলস্বরূপ, প্রতি প্রতিষ্ঠানভিত্তিক মূল্য সংযোজন সারা বছর জুড়ে ধারাবাহিকভাবে উচ্চ ছিল, যার বার্ষিক গড় দাঁড়িয়েছে ৮২১,১৯৭ টাকা। চতুর্থ ত্রৈমাসিকে মূল্য সংযোজন সর্বোচ্চ (৮৫৬,১১৯ টাকা) এবং প্রথম ত্রৈমাসিকে সর্বনিম্ন (৮০২,৬১৩ টাকা) । সামগ্রিকভাবে, তথ্যসমূহ ইঙ্গিত দেয় যে, উৎপাদন এবং মধ্যবর্তী ভোগের সামান্য মৌসুম ভিত্তক ওঠানামা থাকা সত্ত্বেও প্রতিষ্ঠানগুলি শক্তিশালী মূল্য সংযোজন বজায় রেখেছে, যা পুরো বছর ধরে স্থিতিশীল উৎপাদনশীলতা এবং সম্পদের দক্ষ ব্যবহার প্রতিফলিত করে।

Q4 to Tk. 1,095,364 in Q2, resulting in a quarterly average output of Tk. 1078771. Intermediate consumption per establishment showed a decline over the year, peaking at Tk. 289,342 in Q2 and falling to Tk. 214,360 in Q4, with a quarterly average of Tk. 257574. Consequently, value added per establishment remained consistently high, averaging Tk. 821197 for the year. The highest value added was recorded in Q4 at Tk. 856,119, while the lowest was in Q1 at Tk. 802,613. Overall, the data indicates that establishments maintained robust value addition despite slight seasonal variations in output and intermediate consumption, reflecting stable productivity and efficient resource utilization throughout the year.

**Chart 7.4: Gross Output, Intermediate Consumption and Gross Value Added**




**Table 7.16: Output, Intermediate Consumption and Value Added per Establishment, 2023–24**

(Taka)

| Parameter | | 2022-23 | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | Q1 (Jul-Sep) | Q2 (Oct-Dec) | Q3 (Jan-Mar) | Q4 (Apr-Jun) | Quarterly average |
| 1. | Output per establishment | 1,076,906 | 1,095,364 | 1,072,333 | 1,070,479 | 1078771 |
| 2. | Intermediate consumption per establishment | 274,293 | 289,342 | 252,300 | 214,360 | 257574 |
| 3. | Value added per establishment | 802,613 | 806,022 | 820,033 | 856,119 | 821197 |

## ৭.১৭ মূল্য সংযোজনের শ্রম অংশ

নিম্নের সারণি থেকে স্পষ্ট হয় যে, পর্যবেক্ষণকালে ত্রৈমাসিক ভিত্তিতে মূল্য সংযোজনে শ্রমের অংশ ধারাবাহিকভাবে বেশি ছিল, যা প্রায় ৮৬.৫৭% থেকে ৮৯.২৯% মধ্যে ছিল। শ্রম অংশের এই উচ্চহারের মূল কারণ এই যে, সকল প্রতিষ্ঠানই ছিল খানায় সেবা প্রদানকারী অলাভজনক প্রতিষ্ঠান, যা কোনো

## 7.17 Labour Share of Value Added

It is evident from the following table that the quarterly labour share of value added remained consistently high, ranging from approximately 86.57% to 89.29 % over the observed periods. The high labour share of value added was mainly attributable to the fact that all the establishments

পরিচালন উদ্বৃত্ত তৈরি করে না। যেহেতু, এই প্রতিষ্ঠানগুলি মূলত অ-বাজারমূলক কার্যকলাপে জড়িত, তাই প্রায় পুরো মূল্য সংযোজনই কর্মসংস্থানের ব্যয় দ্বারা নিরূপিত হয়েছে, যার ফলে শ্রমের অংশ প্রায় মোট মূল্য সংযোজনের সমান হয়েছে। বার্ষিক শ্রমের অংশ ২০২২-২৩ অর্থবছরে ৮৭.০৩% থেকে বৃদ্ধি পেয়ে ২০২৩-২৪ অর্থবছরে ৮৮.৮৪% এ উন্নীত হয়েছে, যা একটি স্থিতিশীল ঊর্ধ্বগামী প্রবণতা নির্দেশ করে। পূর্ববর্তী বছরের তুলনায় শ্রম অংশের সামান্য বৃদ্ধি, অর্থনৈতিক উৎপাদনের একটি উল্লেখযোগ্য অংশ সরাসরি শ্রমিকদের কল্যাণে আসে সেটি নিশ্চিত করার অব্যাহত প্রতিশ্রুতি প্রতিফলিত করে। এই প্রবণতাটি ইঙ্গিত দেয় যে, খাতটি কর্মসংস্থান সৃষ্টির এবং ন্যায্য মজুরি প্রদানের ওপর ধারাবাহিকভাবে গুরুত্ব দিচ্ছে, বিশেষ করে এমন অ-লাভজনক কার্যক্রমে যেখানে মুনাফা অর্জন প্রধান লক্ষ্য নয়।

were Non-Profit Institutions Serving Households (NPISHs), which do not generate operating surpluses. As these institutions primarily engage in non-market activities, almost the entire value added was absorbed by employment costs, resulting in a labour share close to total value added. The yearly labour share increased from 87.03% in 2022-23 to 88.84% in 2023-24, indicating a sustained upward trend. The slight increase in the labour share compared to the previous year reflects a continued commitment to ensuring that a significant portion of economic output directly benefits workers. This trend demonstrated the sector sustained focus on employment generation and fair compensation, particularly in non-profit activities where operating surpluses are not the primary objective.

**Table 7.17: Labour Share of Value Added**

(Taka)

| Year | Quarter | Value added | Employment cost | Quarterly labour share | Yearly labour share |
|---|---|---|---|---|---|
| 2022-23 | Q1 (Jul-Sep) | 367,667,678 | 318,280,177 | 86.57 | 87.03 |
| | Q2 (Oct-Dec) | 381,865,489 | 332,477,988 | 87.07 | |
| | Q3 (Jan-Mar) | 373,138,176 | 323,750,675 | 86.76 | |
| | Q4 (Apr-Jun) | 405,600,809 | 356,213,308 | 87.82 | |
| 2023-24 | Q1 (Jul-Sep) | 382,043,583 | 338,410,345 | 88.58 | 88.84 |
| | Q2 (Oct-Dec) | 383,666,333 | 340,033,095 | 88.63 | |
| | Q3 (Jan-Mar) | 390,335,590 | 346,702,352 | 88.82 | |
| | Q4 (Apr-Jun) | 407,512,618 | 363,879,380 | 89.29 | |

**Chart 7.5: Labour Share**



# CASE STUDY ON CONSTRUCTION SECTOR

# Chapter VIII: Introduction

## অষ্টম অধ্যায়: ভূমিকা

# CHAPTER VIII: INTRODUCTION

## অষ্টম অধ্যায়: ভূমিকা

### প্রেক্ষাপট

বাংলাদেশের অর্থনীতিতে নির্মাণ খাত একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ হিসেবে বিবেচিত, যা কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অবকাঠামো উন্নয়ন এবং সামগ্রিক অর্থনৈতিক প্রবৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখে। এটি একটি বিস্তৃত কর্মকান্ডকে অন্তর্ভুক্ত করে। এই খাতের আওতায় আবাসিক ও অনাবাসিক ভবন নির্মাণ এবং সড়ক, সেতু ও কালভার্টের মতো বিভিন্ন অবকাঠামোগত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। গত কয়েক দশকে দ্রুত নগরায়ন, অবকাঠামো খাতে সরকারি বিনিয়োগ বৃদ্ধি এবং বেসরকারি খাতে নির্মাণ কার্যক্রম সম্প্রসারণের ফলে এই খাত উল্লেখযোগ্য হারে বিকশিত হয়েছে। তবে, এর গুরুত্ব সত্ত্বেও, নির্মাণ কার্যক্রম সম্পর্কিত বিস্তৃত ও বিভাজিত উপাত্ত এখনও সীমিত। বিদ্যমান জাতীয় হিসাবসমূহ মূলত প্রশাসনিক নথি, প্রতীকী সূচক (প্রক্সি ইন্ডিকেটর) এবং বিভিন্ন সময়ে পরিচালিত জরিপের ওপর নির্ভরশীল। এসব উৎস থেকে উপযোগী তথ্য পাওয়া গেলেও, এগুলো বিভিন্ন ধরনের নির্মাণ কার্যক্রমে মূল্য সংযোজনের উপাদানসমূহের বিস্তারিত চিত্র উপস্থাপন করে না, একইসঙ্গে শ্রম, কাঁচামাল ও যন্ত্রপাতির মতো উপকরণ ব্যবহারের সুনির্দিষ্ট তথ্যও এতে প্রতিফলিত হয় না। এটি নীতিনির্ধারক এবং পরিকল্পনাবিদদের জন্য খাতের কর্মক্ষমতা মূল্যায়ন এবং অবকাঠামো উন্নয়নের প্রমাণভিত্তিক কৌশল প্রণয়নে চ্যালেঞ্জ তৈরি করে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এই ঘাটতিগুলো পূরণ করার লক্ষ্যে নির্বাচিত নির্মাণ প্রতিষ্ঠান ও খানার ওপর একটি বিশেষায়িত সমীক্ষা পরিচালনা করেছে। সমীক্ষার উদ্দেশ্য ছিল বিভিন্ন নির্মাণ কার্যক্রমের বৈশিষ্ট্য, উপকরণ কাঠামো এবং উৎপাদন মূল্যের বিষয়ে বিস্তারিত তথ্য সংগ্রহ করা। বিশেষভাবে, সমীক্ষাটিতে নিম্নের বিষয়গুলো অন্তর্ভুক্ত ছিল-

- নির্বাচিত নির্মাণ প্রতিষ্ঠানের মাধ্যমে আবাসিক ও অনাবাসিক ভবন নির্মাণ কার্যক্রম;
- পেশাদার নির্মাণ প্রতিষ্ঠানের সম্পৃক্ততা ব্যতীত খানার ব্যবস্থাপনায় পরিচালিত ভবন নির্মাণ কার্যক্রম;

### Background

The construction sector represents a critical pillar of Bangladesh's economy, contributing significantly to employment generation, infrastructure development, and overall economic growth. It encompasses a broad spectrum of activities, including residential and non-residential building construction, as well as infrastructure projects such as roads, bridges, and culverts. Over the past few decades, the sector has experienced substantial growth, driven by rapid urbanization, increasing public investment in infrastructure, and the expansion of private sector construction activities. Despite its significance, comprehensive and disaggregated data on construction activities remain limited. Existing national estimates predominantly rely on administrative records, proxy indicators, and periodic surveys. While these sources provide useful information, they do not capture detailed value-added components across different construction types, nor do they provide precise information on input utilization, such as labor, raw materials, and machinery. This creates challenges for policymakers and planners in evaluating sector performance and developing evidence-based strategies for infrastructure development. In order to address some of these gaps, the Bangladesh Bureau of Statistics (BBS) conducted a focused study on selected construction firms and households. The study aimed to collect detailed information on the characteristics, input structure, and output value of different construction activities. Specifically, the study covered:

- Building construction by selected construction firms, including both residential and non-residential buildings;
- Household-managed building construction, undertaken without professional construction company involvement;

- সড়ক, সেতু ও কালভার্ট নির্মাণ কার্যক্রম, যা সাধারণত সরকারি অবকাঠামো প্রকল্প হিসেবে বাস্তবায়িত হয়।

উল্লেখ্য, সমীক্ষাটি নির্বাচিত নমুনার ওপর ভিত্তি করে পরিচালিত হয়েছে। ফলে, প্রাপ্ত ফলাফলসমূহ কেবল সমীক্ষায় অন্তর্ভুক্ত নমুনাভুক্ত এককগুলোর পরিস্থিতিই প্রতিফলিত করে এবং বাংলাদেশের সমগ্র নির্মাণ খাতের কোনো সামষ্টিক হিসাব নিরূপণের চেষ্টা করা হয়নি। অতএব, এই ফলাফলগুলো পুরো নির্মাণ খাতের সার্বিক চিত্র উপস্থাপন না করে বরং শুধুমাত্র নমুনাভুক্ত এককগুলোর জন্য প্রাসঙ্গিক ধারণা প্রদান করে।

## ৮.১ সমীক্ষার উদ্দেশ্যসমূহ

এই সমীক্ষার প্রধান উদ্দেশ্য ছিল নমুনাভুক্ত এককগুলোর নির্মাণ কার্যক্রমের অর্থনৈতিক বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ করা, যেখানে স্থুল মূল্য সংযোজন (Gross Value Added – GVA) এবং প্রধান উপকরণসমূহের গঠনকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। সমীক্ষার নির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

**১. নমুনাভুক্ত এককগুলোর জন্য স্থুল মূল্য সংযোজন (GVA) নিরূপণ**

নমুনাভুক্ত নির্মাণ কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট উৎপাদন এবং মধ্যবর্তী ভোগের (intermediate consumption) পরিমাপ করা।

নিম্নোক্ত ক্ষেত্রসমূহের জন্য স্থুল মূল্য সংযোজন (GVA) নিরূপণ করা—

- নির্বাচিত নির্মাণ প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পাদিত ভবন নির্মাণ কার্যক্রম;
- নির্বাচিত খানাসমূহের দ্বারা স্বতন্ত্রভাবে সম্পাদিত ভবন নির্মাণ কার্যক্রম;
- নমুনাভুক্ত প্রকল্পসমূহের আওতায় সড়ক, সেতু ও কালভার্ট নির্মাণ কার্যক্রম।

**২. প্রধান উপকরণসমূহের গঠন বিশ্লেষণ**

নমুনাভুক্ত এককগুলোর মোট নির্মাণ ব্যয়ের মধ্যে শ্রেণিভিত্তিক প্রধান উপকরণসমূহের অনুপাতিক অংশ নির্ধারণ করা, যার মধ্যে অন্তর্ভুক্ত—

- Construction of roads, bridges, and culverts, typically executed as public infrastructure projects.

It is important to note that the study was conducted on selected samples. Consequently, findings reflect only the sampled units included in the study, and no attempt has been made to estimate aggregate values for the entire construction sector in Bangladesh. The results therefore provide insights specific to the sampled units rather than the sector as a whole.

## 8.1. Objectives of the Study

The primary objective of the study was to examine the economic characteristics of construction activities for the sampled units, with particular emphasis on gross value added (GVA) and the composition of major inputs. The specific objectives were:

**1. Estimation of Gross Value Added (GVA) for Sampled Units**

To quantify the value of output and intermediate consumption associated with the sampled construction activities.

To estimate the GVA for:

- Building construction carried out by selected construction firms;
- Building construction undertaken independently by selected households;
- Construction of roads, bridges, and culverts within the sampled projects.

**2. Analysis of Major Input Composition**

To determine the proportionate share of key input categories in the total cost of construction for the sampled units, including:

- Raw materials (e.g., cement, bricks, iron, steel, and other construction materials);

- কাঁচামাল (যেমন: সিমেন্ট, ইট, লোহা, স্টিল এবং অন্যান্য নির্মাণ সামগ্রী);
- শ্রম ব্যয়, দক্ষ ও অদক্ষ উভয় প্রকার শ্রমিকসহ;
- যন্ত্রপাতি ও সরঞ্জামের ব্যয়, যার মধ্যে নির্মাণ যন্ত্রপাতির ভাড়া বা ব্যবহারের ব্যয় অন্তর্ভুক্ত;
- ইউটিলিটি ব্যয়, প্রশাসনিক ব্যয় এবং অন্যান্য ওভারহেড ব্যয়।

এই সমীক্ষার ফলাফল নমুনাভুক্ত এককগুলোর নির্মাণ কার্যক্রমের কাঠামো সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করার উদ্দেশ্যে প্রস্তুত করা হয়েছে, যা ভবিষ্যৎ গবেষণা, পরিকল্পনা প্রণয়ন এবং নীতিনির্ধারণ প্রক্রিয়ায় সহায়ক তথ্য হিসেবে ব্যবহৃত হতে পারে।

## ৮.২ জরিপের পরিসর ও আওতা

**পর্যবেক্ষণের এককসমূহ:**

- নির্মাণ প্রতিষ্ঠান/কোম্পানি
- রেফারেন্স সময়কালে নিজস্ব ভবন নির্মাণে নিয়োজিত খানা
- সড়ক, সেতু ও কালভার্ট নির্মাণে সম্পৃক্ত ঠিকাদারগণ

**রেফারেন্স সময়কাল:**

- ১২ মাস (অর্থবছর ২০২৩–২৪)

**ভৌগোলিক আওতা:**

- সারাদেশব্যাপী (সমস্ত ভৌগোলিক অঞ্চলের শহর ও গ্রামীণ এলাকা অন্তর্ভুক্ত)

**অন্তর্ভুক্ত নির্মাণের ধরন:**

- নতুন ভবন নির্মাণ
- গণঅবকাঠামো নির্মাণ (সড়ক, সেতু ও কালভার্ট)

## ৮.৩ সমীক্ষার ফলাফল

এই সমীক্ষার ফলাফল নির্মাণ সংশ্লিষ্ট উৎপাদন প্রক্রিয়ার একটি বিস্তারিত বিশ্লেষণ উপস্থাপন করে, যা নির্বাচিত নির্মাণ কার্যক্রমের উৎপাদন, মধ্যবর্তী ভোগ (intermediate consumption) এবং স্থূল মূল্য সংযোজন (GVA)-এর প্রায়োগিক অনুমান উপস্থাপন করে। মধ্যবর্তী উপকরণসমূহকে উপকরণগত ইনপুট, শ্রমসেবা, যন্ত্রপাতি ও সরঞ্জাম সেবা, জ্বালানি ও শক্তি, পরিবহন এবং প্রশাসনিক ওভারহেড ব্যয় এই

- Labor cost, both skilled and unskilled;
- Machinery and equipment costs, including rental or usage of construction machinery;
- Utilities, administrative, and overhead expenses.

The findings are intended to provide detailed insights into the structure of construction activities within the sampled units, informing future research, planning, and policy considerations.

## 8.2 Survey Scope and Coverage

**Units of observation:**

- Construction firms/companies
- Households engaged in own-building construction during the reference period
- Contractors involved in road, bridge, and culvert construction

**Reference Period:**

- 12 months (fiscal year 2023–24)

**Geographic Coverage:**

- Nationwide (including urban and rural areas from all geographical areas)

**Type of Construction Covered:**

- New construction of buildings
- Construction of public infrastructure (roads, bridges, culverts)

## 8.3 Output of the Study

The findings provide a detailed breakdown of construction production processes, offering empirically grounded estimates of output, intermediate consumption, and GVA for selected construction activities. Intermediate inputs are disaggregated into material inputs, labor services, machinery and equipment services, energy and fuel, transport, and administrative overheads, thereby

পৃথক শ্রেণিতে বিভাজন করা হয়েছে, যা প্রযুক্তিগতভাবে সঙ্গতিপূর্ণ ইনপুট সহগ নির্ধারণে সহায়তা করে।

বিভিন্ন নির্মাণ পদ্ধতির মধ্যে ইনপুট কাঠামোতে স্পষ্ট পার্থক্য পরিলক্ষিত হয়, যা প্রযুক্তি, আকার (scale) এবং প্রাতিষ্ঠানিক ব্যবস্থার বৈচিত্র্যকে প্রতিফলিত করে। এই পার্থক্যসমূহ সরবরাহ–ব্যবহার (supply–use) এবং ইনপুট–আউটপুট সারণি প্রণয়নের ক্ষেত্রে বিশেষভাবে গুরুত্বপূর্ণ, কারণ এগুলো একটি একক সমষ্টিগত নির্মাণ কার্যক্রমের পরিবর্তে পৃথক উৎপাদন ফাংশনের প্রয়োজনীয়তা নির্দেশ করে।

যদিও এই ফলাফলসমূহ কেবলমাত্র নমুনাভুক্ত এককগুলোর জন্য প্রযোজ্য, তথাপি নিরূপিত ব্যয় অনুপাত এবং প্রযুক্তিগত গুণাঙ্কগুলো সরবরাহ-ব্যবহার সারণির নির্মাণ-সংক্রান্ত সারি ও কলাম সার্বিকভাবে সমন্বয় করার মত একটি শক্তিশালী প্রায়োগিক ভিত্তি প্রদান করে, আন্ত:শিল্প সংযোগ উন্নত করে এবং গুণক (multiplier) ও প্রভাব বিশ্লেষণকে আরও পরিশীলিত ও নির্ভুল করতে সহায়ক হয়।

### ৮.৪ সমীক্ষার উপযোগিতা

এই সমীক্ষার প্রধান ব্যবহারকারী হলো বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS)-এর জাতীয় হিসাব সংকলনকারীগণ। সমীক্ষার প্রামাণ্যভিত্তিক ফলাফলগুলো জাতীয় হিসাবের নির্মাণ কার্যক্রম পরিমাপ উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ ভিত্তি তথ্য প্রদান করে, বিশেষত ২০০৮ সালের জাতীয় হিসাব পদ্ধতি (System of National Accounts – SNA) অনুসারে উৎপাদন, মধ্যবর্তী ভোগ এবং স্থূল মূল্য সংযোজন (GVA) নিরূপণের ক্ষেত্রে। এই ফলাফলসমূহ বিশেষভাবে নিজস্ব উদ্যোগে পরিচালিত নির্মাণ, খানা-পরিচালিত ভবন নির্মাণ কার্যক্রম এবং সরকার কর্তৃক বাস্তবায়িত অবকাঠামো প্রকল্পের হিসাব শক্তিশালী করতে প্রাসঙ্গিক, যেসব ক্ষেত্রে প্রায়শই তথ্যের সীমাবদ্ধতা এবং পরোক্ষ অনুমান পদ্ধতির ওপর নির্ভরতা লক্ষ্য করা যায়।

সমীক্ষার মাধ্যমে প্রাপ্ত ব্যয় ও ইনপুট কাঠামো সংক্রান্ত বিস্তারিত তথ্য যার মধ্যে নির্মাণ সামগ্রী, শ্রম ইনপুট, যন্ত্রপাতি ও সরঞ্জাম সেবা, এবং প্রশাসনিক ও ওভারহেড ব্যয় অন্তর্ভুক্ত ইনপুট–আউটপুট অনুপাত পরিমার্জন, বিদ্যমান সংকলনগত অনুমান যাচাইসহ উৎপাদন, ব্যয় ও সরবরাহ–ব্যবহার পদ্ধতির মধ্যে

supporting the derivation of technically consistent input coefficients.

Distinct input structures are observed across construction modalities, reflecting heterogeneity in technology, scale, and institutional arrangements. These differences are particularly relevant for the construction of supply–use and input–output tables, as they underscore the need for differentiated production functions rather than a single aggregated construction activity.

Although the results pertain only to the sampled units, the estimated cost shares and technical coefficients provide a robust empirical basis for calibrating construction-related rows and columns in supply–use tables, improving inter-industry linkages, and refining multiplier and impact analyses.

### 8.4 Usefulness of the Study

The primary users of this study are national accounts compilers at the Bangladesh Bureau of Statistics (BBS). The empirical findings provide important benchmark information to support improvements in the measurement of construction activities in the national accounts, particularly in estimating output, intermediate consumption, and gross value added (GVA) in line with the 2008 System of National Accounts (SNA). The results are especially relevant for strengthening estimates of own-account construction, household-managed building activities, and government-executed infrastructure works, which are often subject to data limitations and reliance on indirect estimation methods.

The detailed cost and input structure information generated by the study—covering construction materials, labor inputs, machinery and equipment services, and administrative and overhead costs—can be used to refine input–output ratios, validate existing compilation assumptions, and improve

সামঞ্জস্য বৃদ্ধি করতে ব্যবহার করা যেতে পারে। এসব তথ্য সরবরাহ–ব্যবহার সারণি (SUT) এবং ইনপুট–আউটপুট (IO) সারণিতে ব্যবহৃত প্রযুক্তিগত গুণাঙ্কগুলো হালনাগাদ করার ক্ষেত্রেও সহায়ক, যার ফলে জাতীয় হিসাবে নির্মাণ খাতের প্রাক্কলনের সামগ্রিক মান ও সামঞ্জস্যতা উন্নত হয়।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক জিডিপি পুনঃভিত্তিকরণ (GDP rebasing) কার্যক্রমের প্রেক্ষাপটে এই সমীক্ষাটি প্রাসঙ্গিক। নির্মাণ কার্যক্রমের জন্য প্রাপ্ত উৎপাদন ও ব্যয় কাঠামো হালনাগাদ ভিত্তি অনুপাত প্রদান করে, যা ভিত্তিবর্ষের প্রাক্কলন সংশোধন, পুরোনো গুণাঙ্কগুলো প্রতিস্থাপন এবং চলতি ও স্থির মূল্যে নির্মাণ খাতের মূল্য সংযোজন নিরূপণ উন্নত করতে ব্যবহার করা যেতে পারে। ইনপুটের গঠন ও উৎপাদন প্রযুক্তি সম্পর্কিত বিস্তারিত তথ্য রিবেসড জিডিপি সিরিজে ব্যবহৃত ডিফ্লেটর, ভলিউম সূচক এবং সম্প্রসারণ (extrapolation) পদ্ধতি ঠিক করতে সাহায্য করতে পারে। এর ফলে জাতীয় হিসাব নির্মাণ খাতের কার্যকারিতা আরও সঠিক এবং সঙ্গতিপূর্ণভাবে পরিমাপ করা সম্ভব হয়।

সরকারি পরিসংখ্যানের কাজে ব্যবহারের পাশাপাশি, এই সমীক্ষাটি নির্মাণ খাতের কার্যকারিতা ও দক্ষতা নিয়ে কাজ করা নিতীনির্ধারক, পরিকল্পনাবিদ ও উন্নয়ন সংশ্লিষ্ট পেশাজীবীদের জন্যও গুরুত্বপূর্ণ বিশ্লেষণধর্মী অর্ন্তদৃষ্টি প্রদান করে। প্রতিষ্ঠান-পরিচালিত নির্মাণ, খানা-পরিচালিত ভবন নির্মাণ কার্যক্রম এবং সরকারি অবকাঠামো প্রকল্পের তুলনামূলক বিশ্লেষণ উৎপাদন প্রযুক্তি, উপাদান ব্যবহারের তীব্রতা এবং ব্যয়ের প্রধান চালকসমূহের পার্থক্য সম্পর্কে আলোকপাত করে। এ ধরনের প্রমাণভিত্তিক তথ্য সরকারি বিনিয়োগ পরিকল্পনা, অবকাঠামো ব্যয় নিরূপণ, উৎপাদনশীলতা বিশ্লেষণ এবং ব্যয় নিয়ন্ত্রণ, দক্ষতা উন্নয়ন ও সম্পদ বণ্টন উন্নত করার জন্য নীতি প্রণয়নে প্রাসঙ্গিক।

যদিও এই ফলাফলসমূহ কেবলমাত্র সমীক্ষাভুক্ত এককগুলোর জন্য প্রযোজ্য এবং নির্মাণ খাতের সামগ্রিক প্রতিনিধিত্বের উদ্দেশ্যে নয়, তথাপি এগুলো বিশ্লেষণগতভাবে কার্যকর রেফারেন্স হিসেবে বিবেচিত হতে পারে। অন্যান্য প্রশাসনিক ও

consistency between production, expenditure, and supply–use approaches. These data also provide a useful basis for updating technical coefficients used in supply–use tables (SUTs) and input–output (IO) tables, thereby enhancing the overall quality and coherence of construction sector estimates in the national accounts.

The study is particularly relevant in the context of GDP rebasing exercises undertaken by BBS. The empirically derived output and cost structures for construction activities provide updated benchmark ratios that can be used to revise base-year estimates, replace outdated coefficients, and improve the estimation of construction value added at current and constant prices. The disaggregated information on input composition and production technologies can support the recalibration of deflators, volume indicators, and extrapolation methods used in rebased GDP series, thereby contributing to more accurate and internally consistent measurement of construction sector performance in the national accounts.

In addition to its application in official statistics, the study offers valuable analytical insights for policymakers, planners, and development practitioners concerned with the performance and efficiency of the construction sector. The comparative analysis of firm-managed construction, household-managed building activities, and public infrastructure projects sheds light on differences in production technologies, factor intensity, and cost drivers. Such evidence is relevant for public investment planning, infrastructure costing, productivity analysis, and the formulation of policies aimed at cost containment, skills development, and improved resource allocation.

While the results are specific to the studied units and are not intended to represent the construction sector as a whole, they nonetheless serve as analytically robust reference points. When integrated with other administrative and survey

জরিপ তথ্যের সঙ্গে একীভূত করা হলে, এই সমীক্ষার ফলাফলগুলো প্রমাণভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ, পদ্ধতিগত উন্নয়ন এবং ভবিষ্যৎ সমীক্ষায় অবদান রাখতে সক্ষম, যা বাংলাদেশে নির্মাণ খাতের পরিসংখ্যান ও নীতি বিশ্লেষণকে আরও সুদৃঢ় করবে।

data, the findings can contribute to evidence-based decision-making, methodological enhancements, and future research aimed at strengthening construction sector statistics and policy analysis in Bangladesh.

## ৮.৫ সমীক্ষার যৌক্তিকতা

বাংলাদেশে নির্মাণ কার্যক্রমের পরিমাপ ও বিশ্লেষণে বিদ্যমান গুরুত্বপূর্ণ তথ্যঘাটতি পূরণের উদ্দেশ্যে এই সমীক্ষাটি পরিচালিত হয়েছে। বিশেষত উৎপাদন প্রক্রিয়া ও ব্যয় কাঠামো সম্পর্কিত বিস্তারিত, বিভাজিত (disaggregated) এবং প্রামাণ্যভিত্তিক তথ্যের অভাব নিরসরণ করাই মূল কারণ। নির্মাণ খাতের বিদ্যমান পরিসংখ্যানিক উৎসসমূহ প্রধানত প্রশাসনিক নথি, বাজেট সংক্রান্ত তথ্য এবং পরোক্ষ সূচকের ওপর নির্ভরশীল, যা প্রায়শই নির্মাণ কার্যক্রমের বৈচিত্র বিশেষ করে মধ্যবর্তী খরচ, উৎপাদন ব্যবহার এবং বিভিন্ন উৎপাদন পদ্ধতির স্থূল মূল্য সংযোজন (GVA) ঠিকভাবে বোঝার জন্য প্রায়শই যথেষ্ট নয়। সমন্বিত ও ব্যাপক প্রতিষ্ঠানভিত্তিক জরিপের অভাবে, নির্মাণ উৎপাদন ও মূল্য সংযোজন প্রাক্কলনে জাতীয় হিসাবসমূহ প্রায়ই স্থির অনুপাত, অতীতের মানদন্ড বা এক্সট্রাপোলেশন পদ্ধতির ওপর নির্ভর করে, যা বর্তমান প্রযুক্তি, ইনপুট মূল্য অথবা প্রাতিষ্ঠানিক ব্যবস্থার বাস্তব চিত্র যথাযথভাবে উপস্থাপন নাও করতে পারে। এই সীমাবদ্ধতা বিশেষভাবে খানা-পরিচালিত নিজস্ব নির্মাণ কার্যক্রম এবং কিছু ধরনের সরকারি অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে প্রকট, যেখানে ইনপুট ব্যবহার ও ব্যয়ের সরাসরি পর্যবেক্ষণ সীমিত।

## 8.5 Rationality of the Study

The study was undertaken to address critical data gaps in the measurement and analysis of construction activities in Bangladesh, particularly the Lack of detailed, disaggregated, and empirically grounded information on production processes and cost structures. Existing statistical sources for the construction sector rely heavily on administrative records, budgetary data, and indirect proxy indicators, which are often insufficient to capture the heterogeneity of construction activities, especially with respect to intermediate consumption, factor intensity, and gross value added (GVA) across different modes of production.

In the absence of comprehensive enterprise-level surveys, national accounts estimate of construction output and value added are frequently based on fixed ratios, historical benchmarks, or extrapolation methods that may not adequately reflect current technologies, input prices, or institutional arrangements. This limitation is particularly pronounced for household-managed own-account construction and certain categories of public infrastructure works, where direct observation of input use and costs is limited.

এই সীমাবদ্ধতাসমূহ মোকাবিলার লক্ষ্যে, সমীক্ষাটি নির্বাচিত নির্মাণ প্রতিষ্ঠান, খানা-পরিচালিত ভবন নির্মাণ প্রকল্প এবং সড়ক, সেতু ও কালভার্টের মতো সরকার কর্তৃক বাস্তবায়িত অবকাঠামো প্রকল্পের ওপর গুরুত্ব আরোপ করেছে। উৎপাদন, মধ্যবর্তী ইনপুট, শ্রম ব্যবহারের মাত্রা, যন্ত্রপাতি ও সরঞ্জাম সেবা এবং প্রশাসনিক ও ওভারহেড ব্যয় সংক্রান্ত প্রাথমিক তথ্য সংগ্রহের মাধ্যমে সমীক্ষাটি নির্মাণ উৎপাদন কাঠামো সম্পর্কিত বিস্তৃত ও সূক্ষ তথ্য প্রদান করে। এই বিশ্লেষণাত্মক বিভাজন অধিক বাস্তবসম্মত ইনপুট–আউটপুট অনুপাত, উৎপাদনের সঙ্গে GVA-এর সম্পর্ক এবং ব্যয়ের অংশ নিরূপণে সহায়তা করে, যা পরিসংখ্যান সংকলন ও বিশ্লেষণমূলক কাজে সরাসরি প্রাসঙ্গিক।

যদিও ফলাফলসমূহ কেবলমাত্র সমীক্ষাভুক্ত এককগুলোর জন্য প্রযোজ্য এবং সম্পূর্ণ নির্মাণ খাতের প্রতিনিধিত্ব করার উদ্দেশ্যে নয়, তথাপি এগুলো বিশ্লেষণগতভাবে শক্তিশালী ভিত্তি হিসেবে কাজ করে। এসব ফলাফল ২০০৮ সালের জাতীয় হিসাব পদ্ধতি (System of National Accounts – SNA) অনুযায়ী জিডিপি নিরূপণ, সরবরাহ–ব্যবহার সারণি প্রণয়ন এবং জিডিপি পুনঃভিত্তিকরণ কার্যক্রমসহ জাতীয় হিসাব সংকলন প্রক্রিয়ার উন্নয়নে দিকনির্দেশনা প্রদান করতে পারে। সরকারি পরিসংখ্যানের বাইরে, এই সমীক্ষা প্রমাণভিত্তিক নীতি প্রণয়ন, খাতভিত্তিক বিশ্লেষণ এবং বাংলাদেশে নির্মাণ খাতের গতিশীলতা সম্পর্কে গভীরতর উপলব্ধি অর্জনে নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক এবং শিল্প সংশ্লিষ্ট অংশীজনদের জন্যও সহায়ক হবে।

To address these shortcomings, the study focuses on selected construction firms, household-managed building projects, and publicly executed infrastructure works such as roads, bridges, and culverts. By collecting primary data on output, intermediate inputs, labor utilization, machinery and equipment services, and administrative and overhead costs, the study generates high-resolution micro-level evidence on construction production structures. This disaggregation enables the derivation of more realistic input–output ratios, GVA-to-output relationships, and cost shares that are directly relevant for statistical compilation and analytical purposes.

Although the findings are specific to the studied units and are not intended to represent the construction sector in its entirety, they provide analytically robust benchmarks that can inform improvements in national accounts compilation, including GDP estimation, supply–use table construction, and GDP rebasing exercises in line with the 2008 System of National Accounts (SNA). Beyond official statistics, the study also supports evidence-based policy formulation, sector diagnostics, and informed decision-making by policymakers, planners, researchers, and industry stakeholders seeking a deeper understanding of construction sector dynamics in Bangladesh.

# Chapter IX: Study Methodology

## নবম অধ্যায়: সমীক্ষা পদ্ধতি

# CHAPTER IX: STUDY METHODOLOGY

## নবম অধ্যায়: সমীক্ষা পদ্ধতি

### ভূমিকা

এই অধ্যায়ে নির্মাণ কার্যক্রম বিষয়ক সমীক্ষা পরিচালনার জন্য গৃহীত নমুনা নির্বাচন পদ্ধতি উপস্থাপন করা হয়েছে। সমীক্ষাটিতে পেশাদার নির্মাণ প্রতিষ্ঠানের সম্পৃক্ততা ছাড়াই সরাসরি খানা পর্যায়ে পরিচালিত ভবন নির্মাণ কার্যক্রমের পাশাপাশি নির্বাচিত নির্মাণ প্রতিষ্ঠান কর্তৃক নির্মিত ভবন, সড়ক ও সেতু নির্মাণ কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে। খানা ও নির্মাণ প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে নিরপেক্ষতা, স্বচ্ছতা এবং সামঞ্জস্যতা নিশ্চিত করার জন্য সম্ভাব্যতাভিত্তিক নমুনা নকশা প্রয়োগ করা হয়েছে। তবে, সম্ভাব্যতাভিত্তিক একটি নমুনা পদ্ধতি ব্যবহার করা হলেও এই সমীক্ষাটি সমগ্রকের মোট পরিমাণ নির্ধারণ বা জাতীয় বা উপজাতীয় পর্যায়ের সূচক প্রণয়নের উদ্দেশ্যে পরিচালিত হয় নাই। ফলে বিশ্লেষণের পরিধি শুধু নির্বাচিত খানা ও নির্মাণ প্রতিষ্ঠানের নমুনার মধ্যেই সীমাবদ্ধ। সে অনুযায়ী, সমীক্ষালব্ধ ফলাফল শুধু নমুনাভুক্ত এককগুলোর বৈশিষ্ট্য, কার্যক্রম পরিচালনা পদ্ধতি এবং পর্যবেক্ষিত গতিশীলতাকে প্রতিফলিত করে। এ সমীক্ষায় সমগ্রকের কোনো পরামিতি বা সামগ্রিক আনুমানিক হিসাব নির্ণয় করা হয়নি; অতএব, ফলাফলসমূহ নিশ্চিতভাবে কেবল নমুনার প্রেক্ষাপটেই ব্যাখ্যা করতে হবে।

### Introduction

This chapter outlines the sampling methodology adopted for the study of construction activities. The study covers both household-based building construction undertaken directly by households without the involvement of construction firms, and construction works—such as buildings, roads, and bridges—carried out by selected construction firms. A probability-based sampling design was adopted to ensure objectivity, transparency, and consistency in the selection of households and construction firms. Although a probability-based sampling method was employed, the study was not designed to estimate total population or to generate national or subnational indicators. The scope of the analysis is therefore confined to the selected samples of households and construction firms. Accordingly, the findings reflect only the characteristics, operational practices, and observed dynamics of the sampled units. No population-level parameters or aggregate estimates were produced, and the results should be interpreted strictly within the context of the sample.

### ক. নির্মাণ প্রতিষ্ঠানের সম্পৃক্ততা ব্যতীত খানা কর্তৃক পরিচালিত ভবন নির্মাণ কার্যক্রমের জন্য নমুনা নির্বাচন পদ্ধতি

#### ৯.১ নমুনা নকশা

এই সমীক্ষায় সম্ভাব্যতাভিত্তিক বহুস্তরভিত্তিক (Multi-stage) নমুনা নির্বাচন পদ্ধতি অনুসরণ করা হয়েছে। এতে প্রাথমিক নমুনা একক (Primary Sampling Unit-PSU) নির্বাচনের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রণীত ইন্টিগ্রেটেড মাল্টি-পারপাস স্যাম্পল (Integrated Multi-purpose Sample-IMPS) নকশাকে নমুনা কাঠামো হিসেবে ব্যবহার করা হয়েছে। IMPS নকশায় মোট ২,৭৬৬টি

### A. Sampling methodology for building construction activities by households without involvement of construction firms

#### 9.1 Sampling Design

The study adopted a probabilistic, multi-stage sampling approach, using the Integrated Multi-purpose Sample (IMPS) design of the Bangladesh Bureau of Statistics (BBS) as the sampling frame for the selection of Primary Sampling Units (PSUs). The IMPS design comprises a total of 2,766 stratified PSUs,

স্তরভিত্তিক PSU অন্তর্ভুক্ত রয়েছে, যার মধ্যে ৮০৯টি শহরাঞ্চল এবং ১,৯৫৭টি গ্রামাঞ্চলের PSU অন্তর্ভুক্ত। সমীক্ষার সীমিত পরিসর ও উদ্দেশ্য বিবেচনায় সম্পূর্ণ IMPS কাঠামো অন্তর্ভুক্ত করার বাধ্যবাধকতা ছিল না। তদুপরি, এ সমীক্ষাটি সমগ্রকের মোট হিসাব বা জাতীয় ও উপ-জাতীয় পর্যায়ের কোনো সূচক প্রণয়নের লক্ষ্যে পরিচালিত হয়নি। বাজেট ও সময়ের সীমাবদ্ধতা বিবেচনায় রেখে এবং কার্যকর বাস্তবায়ন সহজ রাখার পাশাপাশি নমুনায় পর্যাপ্ত বৈচিত্র্য বজায় রাখার উদ্দেশ্যে IMPS কাঠামো থেকে মোট ৪০০টি PSU (এর মধ্যে ২২০টি গ্রামাঞ্চল এবং ১৮০টি শহরাঞ্চলের PSU) নির্বাচন করা হয়েছে। নির্বাচিত PSU-সমূহ সমীক্ষার উদ্দেশ্যের সঙ্গে সংশ্লিষ্ট মূল বৈশিষ্ট্য ও গতিশীলতা ধারণের জন্য যথেষ্ট বলে বিবেচিত হয়েছে।

### ৯.২ PSU উপ-নমুনা নির্বাচনের যৌক্তিকতা

যদিও এ সমীক্ষার লক্ষ্য জাতীয় বা উপ-জাতীয় পর্যায়ে কোনো পরিসংখ্যানগত হিসাব প্রস্তুত করা নয়, তথাপি IMPS কাঠামো থেকে সীমিত সংখ্যক PSU নির্বাচন পদ্ধতিগতভাবে একাধিক সুবিধা প্রদান করে। উপ-নমুনা নির্বাচন (Subsampling) নিশ্চিত করে যে সমীক্ষাটি নিম্নোক্ত বিষয়সমূহ বজায় রাখতে সক্ষম।

- **নমুনা এককসমূহের প্রতিনিধিত্বশীলতা:** তুলনামূলকভাবে কম সংখ্যক PSU অন্তর্ভুক্ত করা হলেও সম্ভাব্যতাভিত্তিক নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে নমুনাটি খানা ও নির্মাণ প্রতিষ্ঠানভিত্তিক বিভিন্ন ধরনের ভবন নির্মাণ কার্যক্রমকে যথাযথভাবে প্রতিফলিত করে।
- **ভৌগোলিক ও সামাজিক-অর্থনৈতিক বৈচিত্র্যের অন্তর্ভুক্তি:** IMPS নকশা অনুযায়ী নির্ধারিত বিভিন্ন স্তর থেকে শহর ও গ্রামাঞ্চলের PSU অন্তর্ভুক্ত করার ফলে নির্মাণ কার্যপ্রণালি, খানা বৈশিষ্ট্য এবং প্রতিষ্ঠানের কার্যক্রমে বিদ্যমান বৈচিত্র্য যথাযথভাবে ধারণ করা সম্ভব হয়।
- **নির্বাচন প্রক্রিয়ায় স্বচ্ছতা:** কাঠামোবদ্ধ ও সম্ভাব্যতাভিত্তিক উপ-নমুনা নির্বাচন পদ্ধতি PSU নির্বাচনের একটি স্পষ্ট, যাচাইযোগ্য এবং পুনরুৎপাদনযোগ্য প্রক্রিয়া নিশ্চিত করে, যা সমীক্ষার বিশ্বাসযোগ্যতা বৃদ্ধি করে।

including 809 urban PSUs and 1,957 rural PSUs. Due to the limited scope and objectives of the study, it was not necessary to cover the entire IMPS framework. Moreover, the study was not designed to produce population estimates or national or subnational indicators. In consideration of budgetary and time constraints, and to ensure operational feasibility while maintaining adequate diversity in the sample, a subset of 400 PSUs (220 rural PSUs and 180 urban PSUs) was selected from the IMPS frame. The selected PSUs were considered sufficient to capture the key characteristics and dynamics relevant to the study objectives.

### 9.2 Rationale for PSU Subsampling

Although the study does not aim to produce national- or subnational-level estimates, selecting a subset of PSUs from the IMPS framework offers several methodological advantages. Subsampling ensures that the study maintains

- **Representativeness of the sample units:** Even with a smaller number of PSUs, the probabilistic selection process ensures that the sample reflects a broad range of building construction activities across households and construction firms.
- **Coverage of diverse geographic and socio-economic areas:** By including PSUs from both urban and rural areas, and from different strata defined by the IMPS design, the sample captures variability in construction practices, household characteristics, and firm operations.
- **Transparency in selection procedures:** Using a structured, probability-based subsampling approach provides a clear, auditable, and replicable method for selecting PSUs, enhancing the credibility of the study.

- **নমুনা নির্বাচনে পক্ষপাত হ্রাস:** স্তরভিত্তিকভাবে PSU-এর দৈবচয়ন (Randomized selection) বিষয়ভিত্তিক বা সুবিধাভিত্তিক নমুনায়নের ঝুঁকি হ্রাস করে এবং নিশ্চিত করে যে ফলাফলসমূহ একটি পক্ষপাতহীনভাবে নির্বাচিত সমীক্ষা এককের ওপর ভিত্তি করে প্রণীত।
- **পরিচালন বাস্তবায়নযোগ্যতা:** সীমিত ও ব্যবস্থাপনাযোগ্য সংখ্যক PSU উপ-নমুনা নির্বাচন, নির্ধারিত সময়, বাজেট এবং সম্পদের মধ্যে গবেষণা পরিচালনা করা যায় এবং এতদসত্ত্বেও অসম্পূর্ণ তথ্য পাওয়া যায়।

সমগ্রকের সাধারণীকরণের চেষ্টা ছাড়া পদ্ধতিগত দৃঢ়তা ও ব্যবহারিক বাস্তবতার মধ্যে ভারসাম্য রক্ষা করার মাধ্যমে PSU উপ-নমুনা নির্বাচন নির্মাণ কার্যক্রম সম্পর্কে নির্ভরযোগ্য, নমুনাভিত্তিক তথ্য সংগ্রহের সুযোগ প্রদান করে।

## ৯.৩ সমীক্ষা সমগ্রক (ইউনিভার্স)

সমীক্ষা সমগ্রক বলতে ২০২৩-২৪ অর্থবছরে নির্মাণ প্রতিষ্ঠানের সম্পৃক্ততা ব্যতীত সরাসরি খানা কর্তৃক পরিচালিত পাকা বা আধা-পাকা ভবন নির্মাণ কার্যক্রম সম্পন্নকারী সকল খানাকে বোঝানো হয়েছে। খানা-পরিচালিত নির্মাণ কার্যক্রমের ওপর বিশেষভাবে গুরুত্বারোপ করার লক্ষ্যে এ সংজ্ঞা গ্রহণ করা হয়েছে, কারণ এ ধরনের কার্যক্রম প্রায়শই সরকারি নির্মাণ পরিসংখ্যানে যথাযথভাবে প্রতিফলিত হয় না। এই মানদন্ড পূরণকারী খানাসমূহকে প্রতিটি নির্বাচিত PSU-তে পরিচালিত একটি বাছাই প্রক্রিয়ার মাধ্যমে শনাক্ত করা হয়। শুধু উল্লিখিত মানদণ্ডের শর্ত পূরণকারী খানাসমূহকেই চূড়ান্ত সমীক্ষার নমুনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রতিষ্ঠান সমগ্রক সুস্পষ্টভাবে সংজ্ঞায়িত করার মাধ্যমে এ সমীক্ষা নিশ্চিত করে যে প্রাপ্ত ফলাফলসমূহ শুধু সরাসরি খানা কর্তৃক পরিচালিত ভবন নির্মাণ কার্যক্রমের বৈশিষ্ট্য, কার্যপ্রণালি এবং গতিশীলতাকে যথাযথভাবে প্রতিফলিত করে এবং বৃহত্তর সমগ্রকের ওপর কোনো প্রকার সম্প্রসারণ বা সাধারণীকরণ করে না।

- **Reduced selection bias:** Randomized selection of PSUs within strata minimizes the risk of subjective or convenience-based sampling, ensuring that the findings are based on an unbiased selection of study units.
- **Operational feasibility:** Subsampling a manageable number of PSUs allows the study to be conducted within the constraints of available time, budget, and resources, while still providing meaningful insights from the sample.

By balancing methodological rigor with practical considerations, PSU subsampling enables the study to generate reliable, sample-based insights into construction activities without attempting population-level generalizations.

## 9.3 Study Population (Universe)

The study population comprises all households in Bangladesh that completed the construction of pucca or semi-pucca buildings during the reference period 2023–24, carried out directly by the households themselves without engaging any construction firms. This definition was adopted to focus specifically on household-managed construction activities, which are often underrepresented in official construction statistics. Households meeting this criterion were identified through a screening process conducted within each selected PSU. Only households that satisfied these eligibility conditions were included in the final survey sample. By clearly defining the study population, the survey ensures that the findings accurately reflect the characteristics, practices, and dynamics of household directly managing building construction, without extrapolating to the broader population.

### ৯.৪ নমুনা কাঠামো

নমুনা কাঠামোতে IMS নকশার আওতাভুক্ত মোট ২,৭৬৬টি PSU অন্তর্ভুক্ত রয়েছে। এসব PSU জাতীয় পর্যায়ে খানার বিন্যাস প্রতিফলিত করার লক্ষ্যে নকশা করা হয়েছে। এই সমীক্ষার ক্ষেত্রে কার্যকর নমুনা কাঠামো বলতে সেই সকল PSU-কে বোঝানো হয়েছে, যেখানে অন্তত একটি নিজস্ব নির্মিত খানা বিদ্যমান রয়েছে।

### ৯.৫ পিএসইউ (প্রাথমিক নমুনা একক) বণ্টন

কার্যকর নমুনা কাঠামো থেকে সরল দৈবচয়ন পদ্ধতি (Simple Random Sampling) ব্যবহার করে মোট ৪০০টি প্রাথমিক নমুনা একক (Primary Sampling Unit-PSU) নির্বাচন করা হয়েছে। নমুনা কাঠামোর অন্তর্ভুক্ত সকল PSU-কে প্রতিস্থাপন ব্যতীত (without replacement) সমান নির্বাচনী সম্ভাবনা প্রদান করা হয়। পরবর্তীতে নির্বাচিত PSU-সমূহকে IMS নকশায় তাদের অন্তর্ভুক্তির ভিত্তিতে বিভাগভিত্তিক এবং শহর-গ্রামীণ আবাসস্থল অনুযায়ী বণ্টন করা হয়েছে। বিভাগ ও আবাসস্থল অনুযায়ী নির্বাচিত PSU-সমূহের বণ্টন সারণী ৯.১-এ উপস্থাপন করা হয়েছে।

### 9.4 Sampling Frame

The sampling frame includes the 2,766 PSUs from the IMS design. These PSUs were designed to reflect the national household distribution. For this study, the effective frame consists of PSUs containing at least one self-constructing household.

### 9.5 PSU Allocation

From the effective sampling frame, a total of 400 primary sampling units (PSUs) were selected using simple random sampling. All PSUs in the frame had an equal probability of selection, without replacement. The selected PSUs were subsequently distributed across divisions and by urban–rural residence based on their presence in the IMS design. The resulting allocation of selected PSUs by division and place of residence is presented in Table 9.1.

**Table 9.1: Division of allocation of primary sampling units (PSUs)**

| Division | | PSUs in IMS design | | | Selected PSUs | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | Urban | Rural | Total | Urban | Rural | Total |
| 1. | Barisal | 52 | 158 | 210 | 12 | 18 | 30 |
| 2. | Chattogram | 179 | 346 | 525 | 40 | 39 | 79 |
| 3. | Dhaka | 270 | 392 | 662 | 60 | 44 | 104 |
| 4. | Mymensing | 88 | 275 | 363 | 20 | 31 | 51 |
| 5. | Khulna | 41 | 145 | 186 | 9 | 16 | 25 |
| 6. | Rajshahi | 80 | 254 | 334 | 18 | 29 | 47 |
| 7. | Rampur | 68 | 246 | 314 | 15 | 28 | 43 |
| 8 | Sylhet | 31 | 141 | 172 | 7 | 16 | 23 |
| **Total** | | 809 | 1957 | 2766 | 180 | 220 | 400 |

### ৯.৬ শহর-গ্রামীণ বণ্টনের যৌক্তিকতা

যদিও এ সমীক্ষার লক্ষ্য স্তরভিত্তিক বা সমগ্রক পর্যায়ে কোনো অনুমান প্রস্তুত করা নয়, তথাপি শহরাঞ্চলে তুলনামূলকভাবে কিছুটা বেশি সংখ্যক নমুনা অন্তর্ভুক্ত করা হয়েছে যাতে:

- শহরাঞ্চলে অধিক ঘনত্বসম্পন্ন নির্মাণ কার্যক্রমের যথাযথ প্রতিনিধিত্ব নিশ্চিত হয়;
- বিভিন্ন ধরনের বসতি কাঠামোর মধ্যে বৈচিত্র্যময় নির্মাণ অন্তর্ভুক্ত করা;

### 9.6 Rationale for Urban–Rural Allocation

Although the study does not aim to produce stratum- or population-level estimates, urban areas were slightly oversampled to ensure:

- Adequate representation of higher-density construction activity in urban areas;
- Inclusion of diverse construction patterns across different settlement types;

- বিবিএস-এর বিদ্যমান নমুনা কাঠামোর সঙ্গে প্রক্রিয়াগত তুলনীয়তা নিশ্চিত করা।

শহরাঞ্চলের এই অতিরিক্ত নমুনার অন্তর্ভুক্তি ফলাফল ব্যাখ্যার ক্ষেত্রে কোনো প্রভাব ফেলবে না, কারণ এ সমীক্ষা সম্পূর্ণরূপে বর্ণনামূলক এবং শুধু নমুনাভুক্ত খানা ও ভবনসমূহের ওপর কেন্দ্রীভূত। এ সমীক্ষায় সমগ্রক পর্যায়ে কোনো সিদ্ধান্ত গ্রহণ বা জাতীয় পর্যায়ে এস্টিমেট প্রদানের উদ্দেশ্য নেই এবং বৃহৎ সমগ্রকের সম্প্রসারণ বা ওজনকরণ প্রয়োগ করা হয়নি। ফলস্বরূপ, শহর ও গ্রামাঞ্চলের PSU-এর অসম বণ্টন নির্বাচিত নমুনার আওতায় প্রাপ্ত ফলাফলের বৈধতার ওপর কোনো প্রভাব ফেলে না।

### ৯.৭ নির্বাচিত PSU-এর আওতায় খানা যাচাই

প্রতিটি নির্বাচিত PSU-এ নির্মাণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোনো প্রকার সম্পৃক্ততা ব্যতীত নিজস্ব তত্ত্বাবধানে ২০২৩-২৪ সময়কালে পাকা বা আধা-পাকা ভবন নির্মাণ সম্পন্নকারী খানাসমূহ শনাক্ত করার লক্ষ্যে সকল খানাকে স্ক্রিনিং করা হয়েছে। সকল যোগ্য খানাকে পূর্ণাঙ্গভাবে শনাক্ত করার উদ্দেশ্যে একটি সম্পূর্ণ খানা তালিকা (Household Listing) প্রস্তুত করা হয়েছিল।

এই প্রক্রিয়ার মাধ্যমে নিম্নোক্ত বিষয়সমূহ নিশ্চিত করা হয়েছে—

- কোনো যোগ্য একক বাদ না পড়ে;
- কার্যকর নমুনা উৎস সঠিকভাবে শনাক্তকরণ;
- PSU-এর আওতায় বিদ্যমান নির্মাণ কার্যক্রমের যথাযথ প্রতিনিধিত্ব।

### ৯.৮ চূড়ান্ত নমুনা একক (USU) নির্বাচন

চূড়ান্ত নমুনা একক (Ultimate Sampling Unit- USU) হিসেবে নিজস্ব নির্মাণে নিয়োজিত খানাসমূহকে বিবেচনা করা হয়েছে। চূড়ান্ত নমুনা একক নির্বাচন (USU) নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করে সম্পন্ন করা হয়েছে—

১. যদি কোনো PSU-এ যোগ্য খানা সংখ্যা ১০ বা তার কম হয়:

➢ সকল যোগ্য খানাকে সমীক্ষায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

২. যদি কোনো PSU-এ যোগ্য খানা সংখ্যা ১০-এর বেশি হয়:

- Operational comparability with existing BBS sampling frameworks.

This oversampling does not affect the interpretation of the results, as the study is strictly descriptive and focuses only on the sampled households and buildings. No population-level inferences or national estimates are intended, and no weighting or expansion to the broader population is applied. Consequently, the disproportional allocation of urban and rural PSUs has no impact on the validity of the findings within the selected sample.

### 9.7 Household Screening within Selected PSUs

In each selected PSU, all households were screened to identify those that had completed the construction of pucca or semi-pucca buildings in 2023–24 through self-management, without any involvement of construction firms. A complete household listing was carried out to ensure comprehensive identification of all eligible households.

- No eligible unit is missed
- Accurate identification of the effective sample pool
- Proper representation of construction activities within PSUs

### 9.8 Selection of Ultimate Sampling Units (USUs)

The USUs were households engaged in self-construction.

Selection follows these rules:

1. If a PSU contains 10 or fewer eligible households:

➢ Include all eligible households in the study.

2. If a PSU contains more than 10 eligible households:

➢ সরল দৈবচয়ন পদ্ধতি (Simple Random Sampling- SRS) অনুসরণ করে ১০টি খানা নির্বাচন করা হয়েছে।

এই পদ্ধতির মাধ্যমে নিম্নোক্ত বিষয়সমূহ নিশ্চিত করা হয়েছে—

- ব্যবস্থাপনাযোগ্য কর্মভার;
- PSU-এর অভ্যন্তরে খানা নির্বাচনে সমান সম্ভাবনা;
- PSU সমূহের মধ্যে বিভিন্ন ধরনের ভবনের পর্যাপ্ত বৈচিত্র্য।

প্রতিটি নির্বাচিত খানা থেকে একটি পাকা বা আধা-পাকা ভবন সম্পর্কিত বিস্তারিত তথ্য সংগ্রহ করা হয়েছে। কোনো খানা যদি ২০২৩-২৪ সময়কালে একাধিক পাকা বা আধা-পাকা ভবন নির্মাণ সম্পন্ন করে থাকে, তবে পক্ষপাতহীন নির্বাচন নিশ্চিত করার লক্ষ্যে সরল দৈবচয়ন পদ্ধতির মাধ্যমে একটি মাত্র ভবন নির্বাচন করা হয়েছে।

### ৯.৯ সমীক্ষার প্রকৃতি ও পরিসর

সমগ্রকের মোট বা জাতীয় পর্যায়ে কোনো অনুমান প্রস্তুত করা এই সমীক্ষার লক্ষ্য ছিল না। সমীক্ষার ফলাফলসমূহ বর্ণনামূলক প্রকৃতির এবং শুধুমাত্র নমুনাভুক্ত খানা ও নমুনাভুক্ত ভবনসমূহের ক্ষেত্রেই প্রযোজ্য। এসব ফলাফলে নির্মাণ কার্যক্রমের বিভিন্ন দিক অন্তর্ভুক্ত থাকবে, যেমন:

- নির্মাণের বৈশিষ্ট্য;
- নির্মাণ সামগ্রীর ব্যবহার;
- ব্যয় সংক্রান্ত তথ্য;
- শ্রমের অবদান;
- নির্মাণের সময়কাল ও ধাপসমূহ;
- নির্মাণ ব্যবস্থাপনায় খানা কর্তৃক গৃহীত ভূমিকা।

যেহেতু সম্ভাব্যতাভিত্তিক নমুনা পদ্ধতি অনুসরণ করা হয়েছে, তাই নমুনাটি একটি সুসংগঠিত ও পক্ষপাতহীন তথ্যাদি সরবরাহ করে, যা বিশ্লেষণমূলক ও বর্ণনামূলক ধারণা অর্জনে সহায়ক।

## খ. নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য নমুনা নির্বাচন পদ্ধতি (ভবন, সড়ক ও সেতু)

### ৯.১০ নমুনা কাঠামো

নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য নমুনা কাঠামো ২০১৩ সালের অর্থনৈতিক শুমারির প্রতিষ্ঠানের তালিকার ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। যেহেতু উক্ত তালিকাটি পূর্ণরূপে হালনাগাদ ছিল না, সেহেতু প্রতিটি প্রতিষ্ঠানের অস্তিত্ব ও কার্যকর অবস্থান

➢ Select 10 households using simple random sampling (SRS).

This approach ensures:

- Manageable workload
- Equal probability of household selection within PSUs
- Sufficient variety in building types across PSUs

For each selected household, detailed information was collected on one pucca or semi-pucca building. If a household had completed more than one such building during 2023–24, a single building was selected using simple random sampling to ensure unbiased selection.

### 9.9 Nature and Scope of the Study

This study did not aim to produce population-level totals or national estimates. Results is descriptive and pertain only to sampled households and sampled buildings, covering aspects such as:

- Construction characteristics
- Material usage
- Expenditures
- Labor contributions
- Duration and stages of construction
- Household roles in construction management

Because probability sampling was still used, the sample provides a structured, unbiased data set suitable for analytical and descriptive insights.

## B. Sampling methodology for construction firms (buildings, roads and bridges)

### 9.10 Sampling Frame

The sampling frame for construction companies was developed using the list of establishments from the 2013 Economic Census. As this list was not fully up to date, a field verification exercise was conducted to confirm the existence and

নিশ্চিত করার লক্ষ্যে মাঠ পর্যায়ে একটি যাচাই কার্যক্রম পরিচালনা করা হয়। এই যাচাইকরণ প্রক্রিয়ায় কয়েকটি ক্ষুদ্র প্রতিষ্ঠানকে অস্তীত্বহীন হিসেবে শনাক্ত করা হয় এবং সে কারণে সেগুলোকে নমুনা কাঠামো থেকে বাদ দেওয়া হয়েছে। মাঠ পর্যায়ে যাচাইকৃত কার্যকর নির্মাণ প্রতিষ্ঠানসমূহের তালিকাই সমীক্ষার জন্য চূড়ান্ত নমুনা কাঠামো হিসেবে ব্যবহৃত হয়েছে। উল্লেখ্য যে, ২০১৩ সালের অর্থনৈতিক শুমারির পর প্রতিষ্ঠিত নির্মাণ প্রতিষ্ঠানসমূহ এ সমীক্ষার আওতাভুক্ত হয়নি। তবে এই বর্জন সমীক্ষার উদ্দেশ্যকে তেমন প্রভাবিত করে না, কারণ এ সমীক্ষা জাতীয় পর্যায়ে মোট উৎপাদন, মধ্যবর্তী ভোগ বা মূল্য সংযোজনের মতো কোনো সামষ্টিক ফলাফল প্রণয়নের লক্ষ্যে পরিচালিত হয়নি। বরং, এ সমীক্ষার মূল লক্ষ্য ছিল নির্বাচিত কার্যকর নির্মাণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম, কাঠামো ও কার্যকারিতা পর্যবেক্ষণ করা এবং নির্বাচিত ভবন, সড়ক ও সেতু নির্মাণের ক্ষেত্রে ব্যবহৃত উপকরণ, উৎপাদন, মধ্যবর্তী ভোগ ও মূল্য সংযোজন বিশ্লেষণ করা।

operational status of each firm. During this process, several small firms were found to be inactive and were therefore excluded from the frame. The resulting verified list of active construction companies constituted the final sampling frame for the survey. It is to be noted that the construction companies established after the 2013 Economic Census were not included in the study. This exclusion does not affect the objectives of the survey, as the study did not aim to produce national-level estimates such as total output, intermediate consumption, or value added. Instead, the focus was on examining the operational, structural, and functional characteristics of selected active firms and on analyzing inputs used, output, intermediate consumption, and value added for selected buildings, roads, and bridges in the study.

### ৯.১১ প্রতিষ্ঠানের আকার ও স্তরবিন্যাস

যাচাইকৃত নির্মাণ প্রতিষ্ঠানসমূহের সমগ্রককে নির্মাণ কার্যক্রমের ধরন এবং প্রতিষ্ঠানের আকার (বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র) অনুযায়ী স্তরিতায়ন করা হয়েছে। সমগ্রকের বণ্টন সারণী ৯.২-এ উপস্থাপন করা হয়েছে।

### 9.11 Population Size and Stratification

The validated population of construction firms was stratified by type of construction activity and firm size (large, medium, and small). The population distribution is presented in Table 9.2.

**Table 9.2: Population Size of Construction Companies**

| Type of construction | Population size | Large | Medium | Small |
|---|---|---|---|---|
| Building construction companies | 5018 | 18 | 732 | 4268 |
| Road construction companies | 5179 | 25 | 789 | 4365 |
| Bridge and culvert construction companies | 2373 | 17 | 342 | 2014 |
| | 12570 | 60 | 1863 | 10647 |

### ৯.১২ স্তরবিন্যাস পদ্ধতি এবং আনুষ্ঠানিক শ্রেণিবিন্যাস থেকে বিচ্যুতি

এ সমীক্ষার প্রয়োজনে, নির্মাণ প্রতিষ্ঠানসমূহকে নিয়মিত কর্মসংস্থানের আকারের ভিত্তিতে বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র এই তিনটি শ্রেণিতে স্তরিতায়ন করা হয়েছে। উল্লেখ্য যে, এ স্তরবিন্যাসে শিল্প মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত সরকারি স্তরবিন্যাস পদ্ধতি অনুসরণ করে করা হয়নি। শিল্প মন্ত্রণালয়ের শ্রেণিবিন্যাস মূলত প্রশাসনিক, নিয়ন্ত্রণমূলক ও নীতিনির্ধারণের উদ্দেশ্যে তৈরি, যেমন লাইসেন্স প্রদান, প্রণোদনা নির্ধারণ এবং শিল্প সমর্থন কার্যক্রম। যদিও উক্ত শ্রেণিবিন্যাস এসব

### 9.12 Stratification Approach and Deviation from Official Classification

For the purpose of this study, construction firms were stratified into large, medium, and small categories based on regular employment size. It should be noted that this stratification did not follow the official firm-size classification prescribed by the Ministry of Industry. The Ministry of Industry classification is primarily designed for administrative, regulatory, and

উদ্দেশ্যের জন্য উপযুক্ত, তবে এ সমীক্ষার পরিসংখ্যানগত ও বিশ্লেষণমূলক প্রয়োজনের সঙ্গে এটি পুরোপুরি উপযুক্ত ছিল না। এর পরিবর্তে, নমুনা কাঠামোতে অন্তর্ভুক্ত নির্মাণ প্রতিষ্ঠানসমূহের পর্যবেক্ষিত জনসংখ্যাগত বৈশিষ্ট্যের আলোকে প্রতিষ্ঠানের আকারের সীমা নির্ধারণ করা হয়েছে। এ সমীক্ষায় স্তরিতায়নের প্রধান উদ্দেশ্য ছিল অভ্যন্তরীণভাবে সমজাতীয় (internally homogeneous) এবং বহিঃস্থভাবে বৈচিত্র্যময় (externally heterogeneous) গ্রুপ গঠন করা, যার মাধ্যমে নমুনা নকশার সঠিকতা ও দক্ষতা বৃদ্ধি পায়। নির্মাণ প্রতিষ্ঠানসমূহ অত্যন্ত অসমভাবে বণ্টিত হওয়ায়, যেখানে ক্ষুদ্র প্রতিষ্ঠানের সংখ্যা অধিক এবং বৃহৎ প্রতিষ্ঠানের সংখ্যা তুলনামূলকভাবে খুবই কম, এই সমীক্ষায় গৃহীত কর্মসংস্থানভিত্তিক সীমাগুলো অধিক ভারসাম্যপূর্ণ ও বিশ্লেষণগতভাবে অর্থবহ স্তরবিন্যাস নিশ্চিত করেছে। এর ফলে প্রতিটি আকারের প্রতিষ্ঠানের মধ্যে কার্যকরী কাঠামো, সম্পদ ব্যবহারে ধরন এবং ব্যয়ের বৈশিষ্ট্যে সামগ্রিক সাদৃশ্য বজায় রাখা সম্ভব হয়েছে।

সে অনুযায়ী, শুধুমাত্র নিয়মিত কর্মসংস্থানের সংখ্যার ভিত্তিতে নির্মাণ প্রতিষ্ঠানসমূহকে নিম্নরূপ শ্রেণিবিন্যাস করা হয়েছে:

- **বৃহৎ প্রতিষ্ঠান:** ৫০ জনের অধিক নিয়মিত কর্মচারী।
- **মাঝারি প্রতিষ্ঠান:** ১০ থেকে ৫০ জন নিয়মিত কর্মচারী।
- **ক্ষুদ্র প্রতিষ্ঠান:** ১০ জনের কম নিয়মিত কর্মচারী।

দৈনিক মজুরিভিত্তিক শ্রমিক এবং স্বল্পমেয়াদি চুক্তিভিত্তিক কর্মীদের এ শ্রেণিবিন্যাসে অন্তর্ভুক্ত করা হয়নি, কারণ প্রকল্প ও মৌসুমভেদে তাদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে পরিবর্তিত হয় তাই এটি প্রতিষ্ঠানের আকার নির্ধারণের ক্ষেত্রে একটি স্থিতিশীল সূচক প্রদান করে না। এই স্বনির্ধারিত স্তরিতায়ন পদ্ধতি গ্রহণের মাধ্যমে, সমীক্ষাটির স্তরের অভ্যন্তরীণ তারতম্য হ্রাস করতে, নেইম্যান বন্টন (Neyman allocation) কার্যকরভাবে প্রয়োগ করতে এবং নির্মাণ প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম ও ব্যয় সংক্রান্ত বৈশিষ্ট্য সম্পর্কে অধিক নির্ভরযোগ্য অনুমান প্রদান করতে সক্ষম হয়েছে। এ পদ্ধতি মানক পরিসংখ্যানগত সমীক্ষা অনুশীলনের সঙ্গেও সামঞ্জস্যপূর্ণ, যেখানে স্তরিতায়নের মানদন্ড নির্ধারণ করা হয় সমীক্ষার উদ্দেশ্য ও সমগ্রকের কাঠামোর ভিত্তিতে, শুধুমাত্র প্রশাসনিক শ্রেণিবিন্যাসের ওপর নির্ভর করে নয়।

### ৯.১৩ নমুনা আকার নির্ধারণ

নির্মাণ কার্যক্রমে উল্লেখযোগ্য অবদান এবং সংখ্যায় তুলনামূলক কম হওয়ার কারণে সকল বৃহৎ নির্মাণ প্রতিষ্ঠানকে সম্পূর্ণ গণনার মাধ্যমে (complete enumeration) অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে নমুনার আকার নির্ধারণে শুধুমাত্র মাঝারি ও ক্ষুদ্র নির্মাণ প্রতিষ্ঠানের জন্য  করা হয়েছে। প্রতিটি নির্মাণ কার্যক্রম শ্রেণির জন্য মোট নমুনার আকার সসীম প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য প্রচলিত নমুনা আকার নির্ধারণ সূত্র ব্যবহার করে নির্ধারণ করা হয়েছে এবং তা design effect দ্বারা সমন্বয় করা হয়েছে (deff = 1.5)।

### ৯.১৪ ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহ

policy purposes, such as licensing, incentives, and industrial support programs. While appropriate for those objectives, it was not fully suitable for the statistical and analytical requirements of this study. Instead, firm-size thresholds were defined based on the observed population characteristics of construction companies included in the sampling frame. The primary objective of stratification in this survey was to create internally homogeneous strata and externally heterogeneous groups, thereby improving the precision and efficiency of the sample design. Given the highly skewed distribution of construction firms—characterized by a very large number of small firms and a small number of large firms—the employment-based thresholds adopted in this study allowed for a more balanced and analytically meaningful stratification. This approach ensured that firms within each size category exhibited broadly similar operational structures, resource use patterns, and cost characteristics.

Accordingly, firms were classified as follows based on regular employment only:

- **Large firms:** More than 50 regular employees.
- **Medium firms:** 10 to 50 regular employees.
- **Small firms:** Fewer than 10 regular employees.

Day laborers and short-term contractual workers were excluded from this classification, as their numbers vary substantially across projects and seasons and therefore do not provide a stable measure of firm size. By adopting this customized stratification scheme, the study was able to reduce within-stratum variability, apply Neyman allocation effectively, and generate more reliable estimates for the operational and cost-related characteristics of construction firms. This approach is consistent with standard statistical survey practice, where stratification criteria are selected based on study objectives and population structure, rather than solely on administrative classifications.

### 9.13 Sample Size Determination

All large construction companies were included in the study through complete enumeration, given their small number and their substantial contribution to construction activities. Sample size calculations were therefore carried out only for medium and small firms. The overall sample size for each construction category was determined using the standard sample size formula for finite populations and adjusted by a design effect (deff = 1.5).

### 9.14 Building Construction Firms

ভবন নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহ (মাঝারি ও ক্ষুদ্র) এর জন্য মোট নমুনার আকার প্রচলিত সূত্র ব্যবহার করে নির্ধারণ করা হয়েছে, যা নকশা প্রভাব দ্বারা সমন্বয়িত হয়েছে:

$$n = \frac{Z^2pqN}{e^2(N-1)+Z^2pq} * deff$$

$n = 188.643 \times 1.5$

$n = 283$

যেখানে,

n = মাঝারি ও ক্ষুদ্র ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য প্রয়োজনীয় নমুনার আকার

N = মাঝারি ও ক্ষুদ্র ভবন নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহের মোট প্রতিষ্ঠান = 5000

Z = কাঙ্ক্ষিত আত্মবিশ্বাস স্তরের জন্য স্ট্যান্ডার্ড নর্মাল ডিভিয়েট = 1.96

p = ভবন নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে আগ্রহী বৈশিষ্ট্য প্রদর্শনকারী প্রতিষ্ঠানের আনুমানিক অনুপাত = 0.5

q = আনুমানিক অনুপাতের পরিপূরক = 1 - p = 0.5

e = নমুনা ত্রুটি (প্রসঙ্গ স্তর) = 0.07

deff = নকশা প্রভাব, জটিল নমুনা নকশার জন্য = 1.5

## ৯.১৫ মাঝারি ও ক্ষুদ্র প্রতিষ্ঠানের মধ্যে নমুনা বণ্টন

**মাঝারি প্রতিষ্ঠানসমূহ**

$$n_1 = \frac{nN_1\sigma_1}{N_1\sigma_1 + N_2\sigma_2}$$

$n_1 = \frac{2651597}{9369.6 + 43149.48}$

$n_1 = \frac{2651597}{52519.08}$

$n_1 = 50$

যেখানে,

$n_1$ = স্তর I (মাঝারি ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহ) এর জন্য বরাদ্দ নমুনার আকার

n = ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের মোট নমুনার আকার (মাঝারি ও ক্ষুদ্র) = 283

$N_1$ = মাঝারি ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = 732

$N_2$ = ক্ষুদ্র ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = 4268

$\sigma_1$ = মাঝারি ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য গবেষণার চলকের মান বিচ্যুতি = 12.8

$\sigma_2$ = ক্ষুদ্র ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য গবেষণার চলকের মান বিচ্যুতি = 10.11

**ক্ষুদ্র প্রতিষ্ঠান**

$$n_2 = \frac{nN_2\sigma_2}{N_1\sigma_1 + N_2\sigma_2}$$

$n_2 = \frac{12211303}{9369.6 + 43149.48}$

$n_2 = \frac{12211303}{52519.08}$

$n_2 = 233$

যেখানে,

$n_2$ = স্তর II (ক্ষুদ্র ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহ) এর জন্য

The overall sample size for building construction firms (medium and small) was determined using the standard formula, adjusted by a design effect:

$$n = \frac{Z^2pqN}{e^2(N-1)+Z^2pq} * deff$$

$n = 188.643 \times 1.5$

$n = 283$

Where,

*n* = Required sample size for medium and small building construction firms

*N* = Total population of medium and small building construction firms=5000

*Z* = Standard normal deviate corresponding to the desired confidence level= 1.96

*p* = Estimated population proportion of building construction firms exhibiting the attribute of interest=0.5

*q* = Complement of the estimated proportion= *1-p=0.5*

*e* = Desired margin of sampling error (precision level) = *0.07*

*deff* = Design effect to account for complex sampling design= 1.5

## 9.15 Allocation between Medium and Small Firms

**Medium firms**

$$n_1 = \frac{nN_1\sigma_1}{N_1\sigma_1 + N_2\sigma_2}$$

$n_1 = \frac{2651597}{9369.6 + 43149.48}$

$n_1 = \frac{2651597}{52519.08}$

$n_1 = 50$

Where,

$n_1$ = Sample size allocated to stratum I (medium building construction firms)

n = Total sample size for building construction firms (medium and small) =283

$N_1$ = Population size of medium building construction companies = 732

$N_2$ = Population size of small building construction companies = 4268

$\sigma_1$ = Standard deviation of the study variables for medium building construction firms = 12.8

$\sigma_2$ = Standard deviation of the study variables for small building construction companies = 10.11

**Small firms**

$$n_2 = \frac{nN_2\sigma_2}{N_1\sigma_1 + N_2\sigma_2}$$

$n_2 = \frac{12211303}{9369.6 + 43149.48}$

$n_2 = \frac{12211303}{52519.08}$

$n_2 = 233$

Where,

বরাদ্দ নমুনার আকার
n = ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের মোট নমুনার আকার (মাঝারি ও ক্ষুদ্র) = ২৮৩
$N_1$ = মাঝারি ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = ৭৩২
$N_2$ = ক্ষুদ্র ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = ৪২৬৮
$\sigma_1$ = মাঝারি ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য গবেষণার চলকের মান বিচ্যুতি = ১২.৮
$\sigma_2$ = ক্ষুদ্র ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য গবেষণার চলকের মান বিচ্যুতি = ১০.১১

মোট নমুনা (মাঝারি ও ক্ষুদ্র ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহ)

= ৫০ + ২৩৩ = ২৮৩

### ৯.১৬ মান বিচ্যুতি ($\sigma_1$ ও $\sigma_2$) নির্ধারণ

মাঝারি ও ক্ষুদ্র নির্মাণ প্রতিষ্ঠানের মধ্যে নমুনা বণ্টনের জন্য ব্যবহৃত বিচ্যুতির মান ($\sigma_1$ এবং $\sigma_2$) নির্ধারণ করা হয়েছে মজুরি ও বেতন সংক্রান্ত তথ্যের তারতম্যের ভিত্তিতে, যা কার্যক্রমের পরিসর, শ্রমনিবিড়তা এবং অর্থনৈতিক সক্ষমতার একটি গুরুত্বপূর্ণ সূচক হিসেবে বিবেচিত হয়। এসব মান বিচ্যুতির প্রাথমিক অনুমান প্রাপ্তির লক্ষ্যে সীমিত সংখ্যক মাঝারি ও ক্ষুদ্র নির্মাণ প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্ত করে একটি স্বল্প পরিসরে পরীক্ষামূলক সমীক্ষা পরিচালনা করা হয়। উক্ত পাইলট সমীক্ষা থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মাঝারি প্রতিষ্ঠানের জন্য $\sigma_1$ এবং ক্ষুদ্র প্রতিষ্ঠানের জন্য $\sigma_2$-এর প্রাথমিক মান নির্ধারণ করা হয়। পরবর্তীতে এসব স্তরভিত্তিক মান বিচ্যুতি নেইম্যানের সর্বোত্তম বন্টন সূত্রে (Neyman's optimum allocation formula) প্রয়োগ করা হয়, যার ফলে অধিক বৈচিত্র্যসম্পন্ন স্তরসমূহে তুলনামূলকভাবে অধিক নমুনা বরাদ্দ নিশ্চিত হয় এবং এর মাধ্যমে সমীক্ষার নকশার নির্ভুলতা ও দক্ষতা বৃদ্ধি পায়।

### ৯.১৭ সড়ক নির্মাণ প্রতিষ্ঠানসমূহ

সড়ক নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য নমুনা আকারও একই পদ্ধতিতে গণনা করা হয়েছে।

$$n = \frac{Z^2pqN}{e^2(N-1)+Z^2pq} * deff$$
$$n = 253.69 \times 1.5$$
$$n = 380$$

যেখানে,
n = মাঝারি ও ক্ষুদ্র সড়ক নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য প্রয়োজনীয় নমুনার আকার
N = মাঝারি ও ক্ষুদ্র সড়ক নির্মাণ প্রতিষ্ঠানসমূহের মোট প্রতিষ্ঠান
Z = কাঙ্ক্ষিত আত্মবিশ্বাস স্তরের জন্য স্ট্যান্ডার্ড নর্মাল ডিভিয়েট = 1.96
p = সড়ক নির্মাণ প্রতিষ্ঠানসমূহের মধ্যে আগ্রহী বৈশিষ্ট্য প্রদর্শনকারী প্রতিষ্ঠানের আনুমানিক অনুপাত = 0.5
q = আনুমানিক অনুপাতের পরিপূরক = 1 - p = 0.5

$n_2$ = Sample size allocated to stratum II (medium building construction companies)
n = Total sample size for building construction firms (medium and small) =283
$N_1$ = Population size of medium building construction companies = 732
$N_2$ = Population size of small building construction companies = 4268
$\sigma_1$ = Standard deviation of study variables for medium building construction companies = 12.8
$\sigma_2$ = Standard deviation of study variables for small building construction companies = 10.11

Total Sample for medium and small building Construction Companies = 50+233=283

### 9.16 Determination of Standard Deviations ($\sigma_1$ and $\sigma_2$)

The standard deviations ($\sigma_1$ and $\sigma_2$) used to allocate the sample between medium and small construction firms were based on the variability of wages and salaries, a key indicator of operational scale, labor intensity, and economic capacity. To obtain preliminary estimates of these standard deviations, a small pilot study was conducted involving a limited number of medium and small firms. The data from this pilot provided initial values of $\sigma_1$ for medium firms and $\sigma_2$ for small firms. These stratum-specific standard deviations were subsequently applied in Nyman's optimum allocation formula, ensuring that strata with higher variability were assigned proportionately larger sample sizes, thereby improving the precision and efficiency of the survey design.

### 9.17 Road Construction Firms

The sample size for road construction companies was calculated using the same methodology

$$n = \frac{Z^2pqN}{e^2(N-1)+Z^2pq} * deff$$
$$n = 253.69 \times 1.5$$
$$n = 380$$

where,
$n$ = Required sample size for medium and small road construction firms
$N$ = Total population of medium and small road construction firms
$Z$ = Standard normal deviate corresponding to the desired confidence level= 1.96
$p$ = Estimated population proportion of road construction firms exhibiting the attribute of interest=0.5

e = নমুনা ত্রুটি (প্রসঙ্গ স্তর) = 0.07
deff = নকশা প্রভাব, জটিল নমুনা নকশার জন্য = 1.5

## ৯.১৮ মাঝারি ও ক্ষুদ্র প্রতিষ্ঠানের মধ্যে নমুনা বন্টন

**মাঝারি প্রতিষ্ঠানের জন্য:**

$$n_1 = \frac{nN_1\sigma_1}{N_1\sigma_1 + N_2\sigma_2}$$

$$n_1 = \frac{3864680}{10170.21+46967.4}$$

$$n_1 = \frac{3864680}{57137.6}$$

$$n_1 = 68$$

যেখানে,

$n_1$ = স্তর I (মাঝারি সড়ক নির্মাণ প্রতিষ্ঠানসমূহ) এর জন্য বরাদ্দ নমুনার আকার

n = সড়ক নির্মাণ প্রতিষ্ঠানসমূহের মোট নমুনার আকার (মাঝারি ও ক্ষুদ্র) = ৩৮০

$N_1$ = মাঝারি সড়ক নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = ৭৮৯

$N_2$ = ক্ষুদ্র সড়ক নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = ৪৩৬৫

$\sigma_1$ = মাঝারি সড়ক নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য গবেষণার চলকের মান বিচ্যুতি = ১২.৮৯

$\sigma_2$ = ক্ষুদ্র সড়ক নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য গবেষণার চলকের মান বিচ্যুতি = ১০.৭৬

**ক্ষুদ্র সড়ক নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহের জন্য:**

$$n_2 = \frac{nN_2\sigma_2}{N_1\sigma_1 + N_2\sigma_2}$$

$$n_2 = \frac{17847612}{10170.21+46967.4}$$

$$n_2 = \frac{17847612}{57137.61}$$

$$n_2 = 312$$

যেখানে,

$n_2$ = ক্ষুদ্র সড়ক নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহের জন্য নমুনার আকার

n = সড়ক নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহের মোট নমুনার আকার = ৩৮০

$N_1$ = মাঝারি সড়ক নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = 789

*q* = Complement of the estimated proportion= *1-p=0.5*
*e* = Desired margin of sampling error (precision level) = *0.06*
deff = Design effect to account for complex sampling design= 1.5

## 9.18 Allocation between Medium and Small Firms

**For medium firms**:

$$n_1 = \frac{nN_1\sigma_1}{N_1\sigma_1 + N_2\sigma_2}$$

$$n_1 = \frac{3864680}{10170.21+46967.4}$$

$$n_1 = \frac{3864680}{57137.6}$$

$$n_1 = 68$$

where,

$n_1$ = Sample size allocated to stratum I (medium road construction companies)

*n* = Total sample size for road construction firms (medium and small) =380

$N_1$ = Population size of medium road construction Companies = 789

$N_2$ = Population size of small road construction Companies = 4365

$\sigma_1$ = Standard deviation of study variables for medium road construction Companies = 12.89

$\sigma_2$ = Standard deviation of study variables for small road construction Companies = 10.76

**For Small Road construction Companies**

$$n_2 = \frac{nN_2\sigma_2}{N_1\sigma_1 + N_2\sigma_2}$$

$$n_2 = \frac{17847612}{10170.21+46967.4}$$

$$n_2 = \frac{17847612}{57137.61}$$

$$n_2 = 312$$

where,

$n_2$ = Sample size for small road construction Companies

n = Number of total samples for road construction Companies = 380

$N_1$ = Population size of medium road construction Companies = 789

$N_2$ = ক্ষুদ্র সড়ক নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = 4365

$\sigma_1$ = মাঝারি সড়ক নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহের জন্য গবেষণার চলকের মান বিচ্যুতি = 12.89

$\sigma_2$ = ক্ষুদ্র সড়ক নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহের জন্য গবেষণার চলকের মান বিচ্যুতি = 10.76

সড়ক নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহের মোট নমুনা (মাঝারি ও ক্ষুদ্র) = 68+312=380

### ৯.১৯ সেতু ও কালভার্ট নির্মাণ প্রতিষ্ঠানসমূহ

সেতু ও কালভার্ট নির্মাণের জন্য মোট নমুনার আকার হিসাব করা হয়েছে:

$$n = \frac{Z^2pqN}{e^2(N-1)+Z^2pq} * deff$$

$n$ = 181 × 1.5

$n$ = 271

যেখানে,

n = সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য মোট নমুনার আকার

N = সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = 2356

Z = সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য স্ট্যান্ডার্ড নর্মাল মান = 1.96

p = সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আনুমানিক অনুপাত = 0.5

q = আনুমানিক অনুপাতের পরিপূরক = ১ - p = 0.5

e = নমুনা ত্রুটি (প্রসজ্ঞা স্তর) = 0.07

deff = নকশা প্রভাব, জটিল নমুনা নকশার জন্য = 1.5

**মাঝারি প্রতিষ্ঠানের জন্য নমুনা বণ্টন:**

$$n_1 = \frac{nN_1\sigma_1}{N_1\sigma_1+N_2\sigma_2}$$

$$n_1 = \frac{1038038.4}{3830.4+18931.6}$$

$$n_1 = \frac{1038038.4}{22762}$$

$n_1$ = 46

যেখানে,

$N_2$ = Population size of small road construction Companies = 4365

$\sigma_1$ = Standard deviation of study variables medium road construction Companies = 12.89

$\sigma_2$ = Standard deviation of study variables for small road construction Companies = 10.76

Total sample of road construction companies (medium and small) = 68+312=380

### 9.19 Bridge and Culvert Construction Companies

The total sample size for bridge and culvert construction was calculated as:

$$n = \frac{Z^2pqN}{e^2(N-1)+Z^2pq} * deff$$

$n$ = 181 × 1.5

$n$ = 271

where,

*n = Desired number of total samples for bridge construction Companies*

*N = The population size for bridge construction Companies = 2356*

*Z = Standard normal value for bridge construction companies = 1.96*

*p = Estimated proportion of the population for bridge construction Companies = 0.5*

*q* = Complement of the estimated proportion= *1-p=0.5*

*e* = Desired margin of sampling error (precision level) = *0.07*

*deff* = Design effect to account for complex sampling design= 1.5

**Allocation between Medium and Small Firms**

**Medium firms**

$$n_1 = \frac{nN_1\sigma_1}{N_1\sigma_1+N_2\sigma_2}$$

$$n_1 = \frac{1038038.4}{3830.4+18931.6}$$

$$n_1 = \frac{1038038.4}{22762}$$

$n_1$ = 46

Where,

$n_1$ = মাঝারি সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য কাঙ্ক্ষিত নমুনার আকার

n = সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য মোট নমুনার আকার = 271

$N_1$ = মাঝারি সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = 342

$N_2$ = ক্ষুদ্র সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = 2014

$\sigma_1$ = সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য গবেষণার চলকের মান বিচ্যুতি = 11.20

$\sigma_2$ = সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য গবেষণার চলকের মান বিচ্যুতি = 9.40

**ক্ষুদ্র প্রতিষ্ঠানসমূহের জন্য নমুনা বণ্টন**

$$n_2 = \frac{nN_2\sigma_2}{N_1\sigma_1 + N_2\sigma_2}$$

$$n_2 = \frac{5130463.6}{3830.4 + 18931.6}$$

$$n_2 = \frac{5130463.6}{22762}$$

$$n_2 = 225$$

যেখানে,

$n_2$ = ক্ষুদ্র সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য কাঙ্ক্ষিত নমুনার আকার

n = সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য মোট নমুনার আকার = 271

$N_1$ = মাঝারি সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = 342

$N_2$ = ক্ষুদ্র সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকার = 2014

$\sigma_1$ = মাঝারি সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য গবেষণার চলকের মান বিচ্যুতি = 11.20

$\sigma_2$ = ক্ষুদ্র সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য গবেষণার চলকের মান বিচ্যুতি = 9.40

মাঝারি ও ক্ষুদ্র সেতু নির্মাণ প্রতিষ্ঠানসমূহের জন্য মোট নমুনার আকার = 46+225=271

## ৯.২০ নেইম্যান বরাদ্দ পদ্ধতি ব্যবহারের যৌক্তিকতা

সমগ্র নমুনাকে মাঝারি ও ক্ষুদ্র নির্মাণ প্রতিষ্ঠানের মধ্যে বণ্টনের ক্ষেত্রে নেইম্যান বণ্টন (Neyman allocation)

$n_1$ = Desired sample size for medium bridge construction companies

n = Number of total samples for bridge construction companies = 271

$N_1$ = Population size of medium bridge construction companies = 342

$N_2$ = Population size of small bridge construction companies = 2014

$\sigma_1$ = Standard deviation of study variables for bridge construction Companies = 11.20

$\sigma_2$ = Standard deviation of study variables for bridge construction Companies = 9.40

**Small firms**

$$n_2 = \frac{nN_2\sigma_2}{N_1\sigma_1 + N_2\sigma_2}$$

$$n_2 = \frac{5130463.6}{3830.4 + 18931.6}$$

$$n_2 = \frac{5130463.6}{22762}$$

$$n_2 = 225$$

where,

$n_2$ = Desired sample size for small bridge construction Companies

n = Number of total samples for bridge construction Companies = 271

$N_1$ = Population size of medium bridge construction Companies = 342

$N_2$ = Population size of small bridge construction Companies = 2014

$\sigma_1$ = Standard deviation of study variables for medium bridge construction Companies = 11.*20*

$\sigma_2$ = Standard deviation of study variables small bridge construction Companies = 9.40

Total Sample for medium and small bridge construction firms = 46+225=271

## 9.20 Rationale for Using Nyman Allocation

Neyman allocation was used to distribute the total sample between medium and small firms because

পদ্ধতি প্রয়োগ করা হয়েছে, কারণ এ পদ্ধতিতে প্রতিটি স্তরের সমগ্রকের আকার এবং অভ্যন্তরীণ ভিন্নতা- উভয় বিষয় বিবেচনায় নিয়ে নমুনা বিভব (sampling variance) সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনা হয়। এর ফলে যেসব স্তরে সমগ্রকের মধ্যে ভিন্নতা তুলনামূলকভাবে বেশি, সেসব স্তরে তুলনামূলকভাবে বেশি সংখ্যক নমুনা বরাদ্দ করা হয়, যা সমীক্ষার দক্ষতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি করে। মাঝারি ও ক্ষুদ্র নির্মাণ প্রতিষ্ঠানের কার্যক্রমগত বৈশিষ্ট্যের মধ্যে পার্থক্য বিবেচনায় নিয়ে নমুনা বণ্টনের জন্য নেইম্যান বণ্টন পদ্ধতিকে সবচেয়ে উপযুক্ত পদ্ধতি হিসেবে বিবেচনা করা হয়েছে।

it minimizes sampling variance by taking into account both the population size and the variability within each stratum. This approach ensures that strata with greater heterogeneity receive relatively larger samples, thereby improving the efficiency and reliability of survey estimates. Given the observed differences in operational characteristics between medium and small construction firms, Neyman allocation was considered the most appropriate method for sample distribution.

## ৯.২১ চূড়ান্ত প্রতিষ্ঠান ও নমুনার আকার

## 9.21 Final Population and Sample Size

**Table 9.3: Population and Sample Size of Construction Companies by Type and Firm Size**

| Type of construction of firms | Population size | | | Sample size | | |
|---|---|---|---|---|---|---|
| | Large | Medium | Small | Large | Medium | Small |
| Building construction companies | 18 | 732 | 4,268 | 18 (full count) | 50 | 233 |
| Road construction companies | 25 | 789 | 4,365 | 25 (full count) | 68 | 312 |
| Bridge and culvert construction companies | 17 | 342 | 2,014 | 17 (full count) | 45 | 225 |
| **Total** | 60 | 1,863 | 10,647 | 60 (full count) | 163 | 770 |

## ৯.২২ নমুনা নকশার সীমাবদ্ধতা

যদিও সমীক্ষার উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে নমুনা নকশা প্রণয়ন করা হয়েছে, তথাপি নিম্নোক্ত সীমাবদ্ধতাসমূহ উল্লেখযোগ্য—

- ✓ প্রথমত, নমুনা কাঠামো ২০১৩ সালের অর্থনৈতিক শুমারির ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে এবং মাঠ পর্যায়ে যাচাইকরণের মাধ্যমে নিষ্ক্রিয় প্রতিষ্ঠানসমূহ বাদ দেওয়া হলেও, ২০১৩ সালের পর প্রতিষ্ঠিত নির্মাণ প্রতিষ্ঠানসমূহ এ সমীক্ষায় অন্তর্ভুক্ত হয়নি। এর ফলে সমীক্ষার ফলাফল অপেক্ষাকৃত নতুন প্রতিষ্ঠানের বৈশিষ্ট্যসমূহ সম্পূর্ণরূপে প্রতিফলিত নাও করতে পারে।
- ✓ দ্বিতীয়ত, এ সমীক্ষায় সম্পূর্ণ নির্মাণ খাতের পরিবর্তে নির্বাচিত নির্মাণ প্রতিষ্ঠান এবং নির্বাচিত ভবন, সড়ক ও সেতুকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে, এই ফলাফল থেকে

## 9.22 Limitations of the Sampling Design

While the sampling design was appropriate for the objectives of the study, following limitations should be noted.

- ✓ First, the sampling frame was based on the 2013 Economic Census, and although field verification was conducted to remove inactive firms, construction firms established after 2013 were not included. As a result, the findings may not fully reflect the characteristics of newer firms.
- ✓ Second, the study focused on selected construction firms and selected buildings, roads, and bridges, rather than on the entire construction sector; therefore the result do not support the generation of national level

জাতীয় পর্যায়ে উৎপাদন, মধ্যবর্তী ভোগ ব্যয় বা মূল্য সংযোজনের হিসাব নির্ণয় করা সম্ভব নয়।

- ✓ তৃতীয়ত, প্রতিষ্ঠানের আকার নির্ধারণ করা হয়েছে শুধুমাত্র নিয়মিত কর্মসংস্থানের ভিত্তিতে, যেখানে দৈনিক মজুরিভিত্তিক শ্রমিক ও স্বল্পমেয়াদি চুক্তিভিত্তিক কর্মীদের অন্তর্ভুক্ত করা হয়নি। যদিও এ পদ্ধতি নমুনা নির্বাচনের ক্ষেত্রে স্তরসমূহের অভ্যন্তরীণ সামঞ্জস্যতা বৃদ্ধি করেছে, তবুও যেসব প্রতিষ্ঠান অস্থায়ী শ্রমিকের ওপর ব্যাপকভাবে নির্ভরশীল, তাগের মোট শ্রম সম্পৃক্ততা কম করে প্রতিফলিত হতে পারে।
- ✓ সর্বশেষ, কিছু নির্মাণ প্রতিষ্ঠান একাধিক ধরনের নির্মাণ কার্যক্রমে জড়িত থাকায় তারা একাধিক শ্রেণিতে অন্তর্ভুক্ত হয়েছে। যদিও বিশ্লেষণের সময় এ বিষয়টি বিবেচনায় নেওয়া হয়েছে, তথাপি নির্মাণ কার্যক্রমের ধরনভেদে সরাসরি তুলনাযোগ্যতার ক্ষেত্রে এটি আংশিক সীমাবদ্ধতা তৈরি করতে পারে।

উপর্যুক্ত সীমাবদ্ধতা সত্ত্বেও, নির্মাণ কার্যক্রমের কার্যক্রমগত বৈশিষ্ট্য বিশ্লেষণের ক্ষেত্রে এটি যথেষ্ট উপযোগী ছিল, যা এই সমীক্ষার প্রধান উদ্দেশ্য।

estimates of output, intermediate consumption, or value added.

- ✓ Third, firm size classification was based on regular employment only, excluding day labourers and short-term contractual workers. While this approach improved homogeneity for sampling purposes, it may understate the total labor engagement of firms that rely heavily on temporary workers.
- ✓ Finally, some firms were involved in multiple types of construction activities and therefore appeared in more than one category. Although this was addressed during analysis, it may limit direct comparability across construction types.

Despite these limitations, the sampling design was adequate for analyzing operational characteristics of construction activities, which were the primary objectives of the study.

# Chapter X: Key Concepts and Definitions

## দশম অধ্যায়: মূল ধারণা ও সংজ্ঞাসমূহ

# CHAPTER X: KEY CONCEPTS AND DEFINITIONS

## দশম অধ্যায়: মূল ধারণা ও সংজ্ঞাসমূহ

এই সমীক্ষায় ব্যবহৃত মৌলিক ধারণা, সংজ্ঞা ও শ্রেণিবিন্যাস সম্পর্কে সুস্পষ্ট ধারণা অর্জন করা পুরো প্রক্রিয়াতে সামঞ্জস্য ও স্বচ্ছতা নিশ্চিত করার জন্য অত্যাবশ্যক। এই অধ্যায়ে প্রতিবেদনে ব্যবহৃত মূল পরিভাষা ও শ্রেণিবিন্যাস পদ্ধতিসমূহের বিস্তারিত ব্যাখ্যা প্রদান করা হয়েছে, যার মাধ্যমে পাঠকগণ সমীক্ষার মূল উপাদানসমূহ সহজে অনুধাবন করতে পারবেন। এসব ভিত্তিগত ধারণা নির্ধারণ করা পরবর্তী অধ্যায়সমূহে উপস্থাপিত পদ্ধতি, উপাত্ত বিশ্লেষণ এবং উপসংহার সম্পর্কে আরও স্পষ্ট ধারণা নিশ্চিত করতে সহায়ক। এই জরিপে ব্যবহৃত সংজ্ঞাসমূহ আন্তর্জাতিকভাবে স্বীকৃত জাতীয় অর্থনৈতিক পরিসংখ্যান সংকলনের কাঠামো সিস্টেম অব ন্যাশনাল অ্যাকাউন্টস (SNA) ২০০৮ ও ২০২৫-এর সঙ্গে ঘনিষ্টভাবে সামঞ্জস্যপূর্ণ। বিশেষত, SNA ২০০৮ বিভিন্ন উপাত্তের মধ্যে সঙ্গতি ও তুলনাযোগ্যতা নিশ্চিত করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ রেফারেন্স হিসেবে ব্যবহৃত হয়েছে। প্রতিটি ধারণা, সংজ্ঞা ও শ্রেণিবিন্যাস স্পষ্টভাবে ব্যাখ্যা করার মাধ্যমে, এই অধ্যায়ের লক্ষ হলো সমীক্ষার ফলাফলের যথার্থতা ও প্রয়োগ যোগ্যতা বৃদ্ধি করা। একই সঙ্গে এটি অর্থনৈতিক উপাত্ত প্রতিবেদন প্রণয়নে বৈশ্বিক মানদণ্ড অনুসরণের গুরুত্বও তুলে ধরে। এই ধারণাগত ভিত্তির ওপর প্রতিষ্ঠিত হয়ে, পাঠকগণ প্রতিবেদনটির বিষয়বস্তু আরও কার্যকরভাবে অনুধাবন করতে পারবেন এবং জরিপের পদ্ধতির প্রযুক্তিগত ভিত্তি সম্পর্কে গভীরতর ধারণা লাভ করবেন।

### ১০.১ মূল ধারণা ও সংজ্ঞাসমূহ

**নির্মাণ খাত:** ISIC রিভিশন-৪ অনুযায়ী নির্মাণ খাতের অন্তর্ভুক্ত অর্থনৈতিক কার্যক্রম হলো ভবন ও সিভিল ইঞ্জিনিয়ারিং কাঠামোর নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ। এতে আবাসিক ও অনাবাসিক ভবনের উন্নয়ন, সড়ক, সেতু ও ইউটিলিটি ব্যবস্থার মতো অবকাঠামো প্রকল্প এবং

A clear understanding of the fundamental concepts, definitions, and classifications used in this study is essential for ensuring consistency and transparency throughout the process. This chapter offers a detailed explanation of the key terminology and classification systems applied in the report, enabling readers to easily comprehend the core elements of the study. Establishing these foundational concepts supports a clearer understanding of the methodology, data interpretation, and conclusions presented in later sections. The definitions used in this survey are closely aligned with those of the System of National Accounts (SNA) 2008 and 2025, the internationally accepted framework for compiling national economic statistics. The 2008 SNA, in particular, serves as a crucial reference for promoting uniformity and comparability across datasets. By clarifying each concept, definition, and classification, this chapter aims to strengthen the accuracy and usefulness of the study's findings. It also underscores the importance of adhering to global standards in economic data reporting. With this conceptual foundation, readers can engage with the report more effectively and gain a deeper understanding of the technical underpinnings of the survey methodology.

### 10.1 Key Concepts and Definitions

**Construction Sector:** The construction sector, as defined under ISIC Revision 4, encompasses economic activities involved in the construction, repair, and maintenance of buildings and civil engineering works. It includes the development of residential and non-residential buildings,

বৈদ্যুতিক ইনস্টলেশন, প্লাম্বিং, রং করা ও ফিনিশিংয়ের মতো বিশেষায়িত নির্মাণ কার্যক্রম অন্তর্ভুক্ত। এ খাতের মধ্যে নির্মাণস্থল প্রস্তুতকরণ, ধ্বংসস্তূপ অপসারণ কার্যক্রম এবং সংশ্লিষ্ট কাঠামোগত পরিবর্তনসমূহও অন্তর্ভুক্ত। ISIC রিভিশন–৪ অনুসারে এসব কার্যক্রম সেকশন F (নির্মাণ)-এর অন্তর্গত, যা নির্মাণ কাজের ধরন অনুসারে শ্রেণিবদ্ধ করে, তা নিজের উদ্যোগে হোক, বিক্রয়ের জন্য হোক কিংবা চুক্তিভিত্তিক হোক।

**পাকা ভবন:** পাকা ভবন বলতে এমন একটি স্থায়ী ও টেকসই কাঠামোকে বোঝায়, যা পোড়ানো ইট, সিমেন্ট কংক্রিট, পাথর, ইস্পাত অথবা উচ্চমানের কাঠের মতো শক্ত ও দীর্ঘস্থায়ী নির্মাণসামগ্রী ব্যবহার করে নির্মিত হয়। এ ধরনের ভবন দীর্ঘকাল ধরে স্থায়িত্ব বজায় রাখা এবং বিভিন্ন আবহাওয়াজনিত প্রতিকূলতায়ও টিকিয়ে রাখার লক্ষ্যে নকশায়ন করা হয়। পাকা ভবনে সাধারণত মজবুত ভিত্তি, শক্তিশালী বা রিইনফোর্সড দেয়াল এবং আরসিসি স্ল্যাব, টাইলস অথবা করুগেটেড শিটের মতো টেকসই ছাদ ব্যবহৃত হয়। ব্যবহৃত নির্মাণসামগ্রী ও নির্মাণ কৌশলের মানের কারণে পাকা ভবনকে স্থায়ী আবাসন হিসেবে গণ্য করা হয় এবং এগুলো আধা-পাকা বা কাঁচা কাঠামো থেকে স্বতন্ত্র।

**আধা-পাকা ভবন:** আধা-পাকা ভবন হলো আংশিক-স্থায়ী কাঠামো, যেখানে আংশিক টেকসই বা অস্থায়ী উপকরণ ব্যবহৃত হয়। সাধারণত এ ধরনের ভবনের মেঝে ও দেয়াল ইট, সিমেন্ট, কংক্রিট বা অনুরূপ মেসনারি উপকরণ দিয়ে নির্মিত হয়, যা কাঠামোর স্থায়িত্ব নিশ্চিত করে। তবে ছাদ সাধারণত রিইনফোর্সড কংক্রিটের পরিবর্তে ঢেউতোলা লোহার শিট, টিন অথবা অ্যাসবেস্টস শিটের মতো হালকা বা কম স্থায়ী উপকরণ দিয়ে নির্মিত হয়। এই উপকরণসমূহের মিশ্রণের ফলে আধা-পাকা ভবন কাঁচা কাঠামোর তুলনায় অধিক টেকসই ও সুরক্ষিত হলেও পাকা ভবনের মতো পূর্ণ স্থায়ীত্বের মান পূরণ করে না।

**পাকা সড়ক:** পাকা সড়ক বলতে বিটুমিন (অ্যাসফল্ট), কংক্রিট অথবা পাথরের মতো টেকসই উপকরণ দিয়ে নির্মিত একটি স্থায়ী ও সুপরিকল্পিত সড়ককে বোঝায়। এ

infrastructure projects such as roads, bridges, utility systems, and specialized construction activities like electrical installation, plumbing, painting, and finishing works. The sector also covers the preparation of construction sites, demolition, and related structural alterations. In ISIC Rev.4, these activities fall under Section F (Construction), which classifies construction work regardless of whether it is carried out on own account, for sale, or on a contractual basis.

**Pucca Buildings:** A pucca building refers to a permanent and durable structure constructed with strong, long-lasting materials such as burnt bricks, cement concrete, stone, steel, or timber of high quality. These buildings are designed to provide stability and withstand weather conditions for many years. Pucca structures typically include solid foundations, reinforced walls, and durable roofing materials such as RCC slabs, tiles, or corrugated sheets. Because of the quality of materials and construction techniques used, pucca buildings are considered permanent dwellings and are distinct from semi-pucca or kutcha structures, which use partially durable or temporary materials.

**Semi-pucca Building:** A semi-pucca building is a semi-permanent structure constructed with a combination of durable and less-durable materials. Typically, the floor and walls are made from strong, long-lasting materials such as brick, cement, concrete, or similar masonry products, ensuring structural stability. However, the roof is built using lighter or less permanent materials such as corrugated iron sheets, tin, or asbestos sheets rather than reinforced concrete. Because of this mix of materials, semi-pucca buildings offer greater durability and protection compared to kutcha structures but do not meet the full standards of permanence associated with pucca buildings.

**Pucca Road:** A pucca road is a permanent, well-constructed roadway built using durable materials such as bitumen (asphalt), concrete, or stone. These

ধরনের সড়কের পৃষ্ঠ শক্ত ও স্থিতিশীল হয়, যাতে এটি ভারী যানবাহনের চাপ, বিভিন্ন আবহাওয়াজনিত প্রভাব এবং দীর্ঘমেয়াদি ব্যবহারের চাপ সহ্য করার উপযোগী হয়। পাকা সড়কে সাধারণত যথাযথ ভিত্তি, নিষ্কাশন ব্যবস্থা এবং পৃষ্ঠ প্রলেপ ব্যবস্থা থাকে, যা যান চলাচলকে সহজ করে এবং রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়তা হ্রাস করে। নির্মাণগত দৃঢ়তার কারণে পাকা সড়ক নির্ভরযোগ্য যোগাযোগ ব্যবস্থা হিসেবে কাজ করে এবং মাটি, বালি বা কাঁকরসহ অস্থায়ী বা প্রকৌশলগতভাবে অপরিকল্পিত উপকরণে নির্মিত কাঁচা সড়ক থেকে স্বতন্ত্র।

**মহাসড়ক সেতু :** মহাসড়ক সেতু হলো একটি স্থায়ী কাঠামো, যা নদী, খাল, রেলপথ, অন্যান্য সড়ক অথবা নিম্নভূমির মতো ভৌত প্রতিবন্ধকতা অতিক্রম করে সড়ক চলাচলের সুবিধা দেয়। এটি মহাসড়ক নেটওয়ার্কে যানবাহনের নিরবচ্ছিন্ন, নিরাপদ ও কার্যকর চলাচল নিশ্চিত করার উদ্দেশ্যে নকশায়ন করা হয়। মহাসড়ক সেতু সাধারণত কংক্রিট, ইস্পাত অথবা যৌগিক কাঠামোর মতো টেকসই উপকরণ দিয়ে নির্মিত হয় এবং এতে ভিত্তি, পিলার, অ্যাবাটমেন্ট, ডেক ও নিরাপত্তা প্রতিবন্ধকসহ প্রয়োজনীয় উপাদানসমূহ অন্তর্ভুক্ত থাকে। যানবাহনের প্রত্যাশিত চাপ, গতি এবং পরিবেশগত প্রকৃতির সঙ্গে সামঞ্জস্য রেখে এসব সেতুর নকশা ও ধারণক্ষমতা নির্ধারণ করা হয়, যাতে দীর্ঘমেয়াদে স্থায়িত্ব ও পরিবহন ব্যবস্থার নির্ভরযোগ্য সংযোগ বজায় থাকে।

**রেলওয়ে সেতু:** রেলওয়ে সেতু হলো একটি বিশেষায়িত কাঠামো যা, নদী, সড়ক, উপত্যকা বা অন্যান্য ভৌগোলিক প্রতিবন্ধকতার ওপর দিয়ে রেলপথ নেওয়ার জন্য নির্মিত হয়, যেখানে ভূমিভাগে অতিক্রম সম্ভব নয়। ট্রেনের নিরাপদ ও নিরবচ্ছিন্ন চলাচল নিশ্চিত করার লক্ষ্যে রেলওয়ে সেতু উল্লেখযোগ্য গতিশীল চাপ, কম্পন এবং লোকোমোটিভ ও রোলিং স্টকের কেন্দ্রীভূত ওজন সহ্য করার সক্ষমতা বিবেচনায় নকশা করা হয়। এ ধরনের সেতু সাধারণত ইস্পাত, রিইনফোর্সড কংক্রিট অথবা যৌগিক কাঠামোর মতো টেকসই উপকরণ দিয়ে নির্মিত হয় এবং এতে ভিত্তি, পিলার, গার্ডার ও ডেকের মতো রেল পরিচালনার উপযোগী

roads have a solid and stable surface designed to withstand heavy traffic, weather conditions, and long-term use. Pucca roads typically include proper foundations, drainage systems, and surfacing treatments that ensure smoother travel and reduced maintenance needs. Because of their durable construction, pucca roads serve as reliable transport links and are distinct from kutcha roads, which are made from temporary or non-engineered materials like earth, sand, or gravel.

**Highway Bridge:** A highway bridge is a permanent structure built to carry a roadway over physical obstacles such as rivers, canals, railways, other roads, or low-lying terrain. It is designed to provide uninterrupted, safe, and efficient movement of vehicular traffic along a highway network. Highway bridges are engineered with durable materials such as concrete, steel, or composite structures and include essential components like foundations, piers, abutments, decks, and safety barriers. Their design and capacity are aligned with the expected traffic load, speed, and environmental conditions, ensuring long-term stability and reliable connectivity within the transportation system.

**Railway Bridge:** A railway bridge is a specialized structure constructed to support and carry railway tracks over obstacles such as rivers, roads, valleys, or other terrain features that cannot be crossed at ground level. Designed to ensure the safe and continuous movement of trains, railway bridges are engineered to withstand significant dynamic loads, vibrations, and the concentrated weight of locomotives and rolling stock. They are typically built using durable materials such as steel, reinforced concrete, or composite structures and incorporate components like foundations, piers,

উপাদানসমূহ অন্তর্ভুক্ত থাকে। নকশায় স্থায়িত্ব, সঠিক অ্যালাইনমেন্ট এবং দীর্ঘমেয়াদি টেকসইত্বের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়, যাতে রেল নেটওয়ার্কে নির্ভরযোগ্য সংযোগ বজায় থাকে।

**পথচারী সেতু:** পথচারী সেতু হলো একটি বিশেষায়িত কাঠামো, যা কেবলমাত্র মানুষের হেঁটে চলাচলের জন্য নির্মিত এবং সড়ক, রেলপথ, জলাশয় অথবা অসম ভূখণ্ডের মতো প্রতিবন্ধকতার ওপর দিয়ে পারাপারের সুবিধা প্রদান করে। এর প্রধান উদ্দেশ্য হলো যানবাহন চলাচল ও অন্যান্য ঝুঁকি থেকে পথচারীদের দূরে রেখে তাদের নিরাপদ ও নিরবচ্ছিন্ন চলাচল নিশ্চিত করা। পথচারী সেতু সাধারণত সড়ক বা রেলসেতুর তুলনায় হালকা কাঠামোর হয়ে থাকে এবং ইস্পাত, কংক্রিট, কাঠ অথবা যৌগিক উপকরণ ব্যবহার করে নির্মিত হতে পারে। এসব সেতুতে প্রবেশযোগ্যতা ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য র‍্যাম্প, সিঁড়ি, হাতল ও সুরক্ষা ব্যারিয়ারের মতো উপাদান অন্তর্ভুক্ত থাকে। এ ধরনের কাঠামো সংযোগ বৃদ্ধি করে, হাঁটাচলার সুযোগ সম্প্রসারণ করে এবং শহর ও গ্রামীণ উভয় এলাকায় যানবাহনের সামগ্রিক নিরাপত্তা বৃদ্ধি করে।

**বক্স কালভার্ট:** বক্স কালভার্ট হলো একটি রিইনফোর্সড কংক্রিট কাঠামো, যা আয়তাকার বা বাক্স-আকৃতির হয়ে থাকে এবং সড়ক, রেলপথ, বাঁধ বা সড়কের নিচ দিয়ে পানি প্রবাহের জন্য নির্মিত হয়। এটি বৃষ্টির পানি, নিষ্কাশন প্রবাহ বা ছোট জলধারার সুশৃঙ্খল প্রবাহ নিশ্চিত করার পাশাপাশি ওপরের কাঠামোর স্থায়িত্ব ও ধারাবাহিকতা বজায় রাখে। বক্স কালভার্ট সাধারণত প্রিকাস্ট বা সাইটে ঢালাই করা কংক্রিট দিয়ে নির্মিত হয় এবং এতে তলদেশ, পার্শ্ব দেয়াল ও উপরের স্ল্যাব অন্তর্ভুক্ত থাকে, যা একত্রে একটি শক্ত ও আবদ্ধ নালারূপ কাঠামো গঠন করে। এর মজবুত নির্মাণ মাটির চাপ, যানবাহনের ভার এবং পরিবর্তনশীল পানিপ্রবাহ সহ্য করতে সক্ষম। কার্যকর নিষ্কাশন ও নির্ভরযোগ্য ভার বহনক্ষমতা প্রয়োজন এমন এলাকায় বক্স কালভার্ট ব্যাপকভাবে ব্যবহৃত হয়।

**আর্চ কালভার্ট:** আর্চ কালভার্ট হলো একটি নিষ্কাশন কাঠামো, যার উপরের অংশ বাঁকানো বা খিলান-আকৃতির এবং যা সড়ক, রেলপথ বা বাঁধের নিচ দিয়ে পানি প্রবাহের

girders, and decks specifically suited to railway operations. The design emphasizes stability, alignment, and long-term durability to maintain reliable connectivity within the rail network.

**Pedestrian Bridge:** A pedestrian bridge is a dedicated structure designed exclusively for people to walk across obstacles such as roads, railways, waterways, or uneven terrain. Its primary purpose is to ensure the safe and uninterrupted movement of pedestrians by separating them from vehicular traffic and other hazards. Pedestrian bridges are generally lighter than road or railway bridges and may be constructed using materials such as steel, concrete, wood, or composite elements. They include features like ramps, stairs, handrails, and protective barriers to ensure accessibility and safety. These structures enhance connectivity, promote walkability, and improve overall traffic safety in both urban and rural environments.

**Box Culvert:** A box culvert is a reinforced concrete structure with a rectangular, box-like shape designed to allow water to flow beneath roads, railways, embankments, or pathways. It facilitates the smooth passage of storm water, drainage flows, or small streams while maintaining the stability and continuity of the surface above. Box culverts are typically made of precast or cast-in-situ concrete and consist of a floor, walls, and a top slab that together form a strong, enclosed conduit. Their robust construction enables them to withstand soil pressure, traffic loads, and varying water conditions. Box culverts are commonly used in areas requiring efficient drainage and reliable load-bearing capacity.

**Arch Culvert:** An arch culvert is a drainage structure characterized by its curved, arch-shaped top that allows water to pass beneath roads,

সুযোগ করে দেয়। আয়তাকার বক্স কালভার্টের বিপরীতে, আর্চ কালভার্টে সাধারণত অর্ধবৃত্তাকার বা খণ্ডিত খিলান আকৃতি থাকে, যা পার্শ্ব দেয়াল বা অ্যাবাটমেন্ট দ্বারা টিকে থাকে। এ ধরনের কালভার্ট সাধারণত রিইনফোর্সড কংক্রিট, মেসনারি বা পাথর দিয়ে নির্মিত হয় এবং এর খিলান আকৃতি ভার সুষমভাবে ভিত্তির দিকে বন্টন করার মাধ্যমে উচ্চ কাঠামোগত দৃঢ়তা প্রদান করে। আর্চ কালভার্ট বৃষ্টির পানি, ক্ষুদ্র জলধারা বা রানঅফ ব্যবস্থাপনায় ব্যবহৃত হয় এবং বিশেষত যেখানে মাটির অবস্থা খিলানভিত্তিক নকশার জন্য উপযোগী, সেখানে এটি টেকসই, নান্দনিক ও অধিক ভার বহন সমস্যার সমাধান দেয়।

**অন্যান্য:** অন্যান্য সেতু বলতে মহাসড়ক সেতু, রেলওয়ে সেতু বা পথচারী সেতুর শ্রেণিভুক্ত নয় এমন সেতু কাঠামোকে বোঝায়, তারপরও যেগুলো পারাপারের সুবিধা প্রদান করে। এ শ্রেণির অন্তর্ভুক্ত হতে পারে বেইলি সেতু, কাঠের সেতু, নিম্নস্তরের সেতু অথবা স্থানীয়ভাবে নির্মিত অন্যান্য কাঠামো, যা জলাশয়, সড়ক বা নিম্নভূমি অতিক্রমের জন্য ব্যবহৃত হয়। এসব সেতুর নকশা, নির্মাণসামগ্রী ও ব্যবহারিক উদ্দেশ্য ভিন্নতর হয়ে থাকে এবং প্রধান সেতু শ্রেণিতে না পড়ার কারণে এগুলোকে একত্রে এই শ্রেণিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

**উৎপাদন:** সিস্টেম অব ন্যাশনাল অ্যাকাউন্টস (SNA) অনুযায়ী, উৎপাদন বলতে একটি নির্দিষ্ট হিসাবকালীন সময়ে কোনো প্রতিষ্ঠান, শিল্প বা অর্থনীতিতে উৎপাদিত পণ্য ও সেবার মোট মূল্যকে বোঝায়, যেখানে মধ্যবর্তী উপকরণের ব্যয় বাদ দেওয়া হয় না। এতে উৎপাদন প্রক্রিয়া থেকে উদ্ভূত সকল পণ্য অন্তর্ভুক্ত থাকে—যেগুলো বিক্রি করা হয়, নিজস্ব ভোগে ব্যবহৃত হয়, অন্য ইউনিটে সরবরাহ করা হয় বা মজুদে যুক্ত হয়। উৎপাদন সাধারণত ভিত্তি মূল্যে (basic prices) পরিমাপ করা হয় এবং উৎপাদকদের মাধ্যমে সৃষ্ট অর্থনৈতিক কার্যক্রমকে প্রতিফলিত করে। এটি মূল্য সংযোজন, জিডিপি এবং অন্যান্য সামষ্টিক অর্থনৈতিক সূচক নির্ণয়ের একটি গুরুত্বপূর্ণ উপাদান।

railways, or embankments. Unlike box culverts, which have a rectangular form, arch culverts feature a semi-circular or segmental arch supported by sidewalls or abutments. They are typically constructed using reinforced concrete, masonry, or stone, and their arched shape provides excellent structural strength by efficiently distributing loads to the foundations. Arch culverts are used to manage storm water, small streams, or runoff while offering durability, aesthetic appeal, and strong load-bearing capacity, especially in locations where soil conditions favor arch-based designs.

**Others:** Other bridges refer to bridge structures that do not fall under the categories of highway bridges, railway bridges, or pedestrian bridges but still serve as crossing facilities. This group may Bailey bridges, timber or low-level bridges, or other locally constructed structures used to cross waterways, roads, or low-lying areas. These bridges vary in design, materials, and purpose, and are generally classified together because they do not fit into the main standard bridge types.

**Output:** In the System of National Accounts (SNA), output refers to the total value of goods and services produced by an establishment, industry, or economy during an accounting period, before deducting the costs of intermediate inputs. It includes all products that result from production processes-whether sold, used for own consumption, supplied to other units, or added to inventories. Output is generally measured at basic prices and reflects the economic activity generated by producers. It serves as a key component in calculating value added, GDP, and other macroeconomic indicators.

**মধ্যবর্তী ভোগ:** সিস্টেম অব ন্যাশনাল অ্যাকাউন্টস (SNA)-এ মধ্যবর্তী ভোগ বলতে কোনো হিসাবকালীন সময়ে উৎপাদন প্রক্রিয়ায় ইনপুট হিসেবে ব্যবহৃত বা ভোগকৃত পণ্য ও সেবার মূল্যকে বোঝায়। এসব উপকরণ চূড়ান্ত উৎপাদনের অংশ নয়; বরং অন্য পণ্য ও সেবা উৎপাদনের জন্য রূপান্তরিত, প্রক্রিয়াজাত বা সম্পূর্ণরূপে ব্যবহৃত হয়। মধ্যবর্তী ভোগের মধ্যে কাঁচামাল, জ্বালানি, রক্ষণাবেক্ষণ সেবা, ব্যবসায়িক সেবা এবং অন্যান্য পরিচালন ব্যয় অন্তর্ভুক্ত থাকে; তবে শ্রম ব্যয় ও স্থায়ী সম্পদের ব্যয় (অবচয়) এতে অন্তর্ভুক্ত থাকে না। উৎপাদন থেকে মধ্যবর্তী ভোগ বাদ দিয়ে মোট মূল্য সংযোজন নির্ণয় করা হয়, যা অর্থনৈতিক কার্যক্রমের একটি মৌলিক সূচক।

**Intermediate consumption:** Intermediate consumption, in the System of National Accounts (SNA), refers to the value of goods and services used up or consumed as inputs in the production process during an accounting period. These items are not part of final output; instead, they are transformed, processed, or completely used in producing other goods and services. Intermediate consumption includes raw materials, energy, maintenance services, business services, and other operational inputs, but excludes labor costs and the consumption of fixed assets (depreciation). It is deducted from output to derive gross value added, a core measure of economic activity.

**স্থূল মূল্য সংযোজন:** স্থূল মূল্য সংযোজন (GVA) হলো সিস্টেম অব ন্যাশনাল অ্যাকাউন্টস (SNA)-এর একটি গুরুত্বপূর্ণ পরিমাপক, যা কোনো অর্থনীতিতে উৎপাদকদের দ্বারা সৃষ্ট মূল্যকে বুঝায়। এটি উৎপাদন ও মধ্যবর্তী ভোগের পার্থক্য হিসেবে নির্ণয় করা হয় এবং পণ্যের ওপর কর ও ভর্তুকি বিবেচনার পূর্বেই কোনো শিল্প বা খাতের নিট অবদানকে প্রকাশ করে। GVA উৎপাদন প্রক্রিয়ায় শ্রম ও পুঁজি থেকে সৃষ্ট আয়কে প্রতিফলিত করে এবং মোট দেশজ উৎপাদন (GDP) নির্ণয়ের একটি মৌলিক ভিত্তি হিসেবে কাজ করে। এটি শিল্পসমূহ ও সামগ্রিক অর্থনীতির কর্মক্ষমতা ও উৎপাদনশীলতা মূল্যায়নে সহায়ক।

**Gross Value Added (GVA):** Gross Value Added (GVA) is a key measure in the System of National Accounts (SNA) that represents the value generated by producers within an economy. It is calculated as the difference between output and intermediate consumption, showing the net contribution of an industry or sector to overall economic production before accounting for taxes and subsidies on products. GVA reflects the income generated through labor and capital in the production process and serves as a fundamental building block for calculating Gross Domestic Product (GDP). It helps assess the economic performance and productivity of industries and the economy as a whole.

**নতুন পাকা সড়ক নির্মাণ:** নতুন পাকা সড়ক নির্মাণের অর্থ হলো এমন একটি স্থানে সম্পূর্ণ নতুন এবং স্থায়ী (পাকা) রাস্তা নির্মাণ যেখানে আগে কোনো পাকা রাস্তা ছিল না (অর্থাৎ পুরোনো রাস্তার মেরামত, সংস্কার বা প্রশস্তকরণ নয়)।

**Construction of New Road:** Construction of a new pucca road means the building of a completely new, permanent road at a location where no pucca road previously existed (not repair, renovation or widening of an old road).

**সড়ক মেরামত ও রক্ষণাবেক্ষণ:** সড়ক মেরামত ও রক্ষণাবেক্ষণ বলতে বিদ্যমান সড়ককে নিরাপদ, কার্যকর ও ব্যবহারযোগ্য রাখার জন্য নিয়মিতভাবে গৃহীত সংস্কার, মেরামত ও সংরক্ষণ কার্যক্রমকে বোঝায়। এসব কার্যক্রমে নতুন সড়ক নির্মাণ করা হয় না; বরং বিদ্যমান সড়কের

**Road Repair and Maintenance:** Road repair and maintenance refers to the regular activities carried out to restore, fix, and preserve an existing road, ensuring it remains safe, functional, and usable.

কার্যকারিতা বজায় রাখা ও উন্নত করার ওপর গুরুত্ব দেওয়া হয়।

**সড়ক প্রশস্তকরণ:** সড়ক প্রশস্তকরণ বলতে যান চলাচলের সক্ষমতা বৃদ্ধি, নিরাপত্তা উন্নয়ন অথবা নতুন সুবিধা সংযোজনের উদ্দেশ্যে বিদ্যমান সড়কের প্রস্থ বাড়ানোর কার্যক্রমকে বোঝায়। এতে নতুন সড়ক নির্মাণ করা হয় না; বরং বর্তমান সড়ক চওড়া করা হয়।

**নিজস্ব নির্মাণ:** নিজস্ব নির্মাণ বা স্ব-নির্মাণ বলতে এমন কার্যক্রমকে বোঝায়, যেখানে কোনো ব্যক্তি, পরিবার বা প্রতিষ্ঠান নিজস্ব সম্পদ ব্যবহার করে কাঠামো নির্মাণ করে এবং সম্পূর্ণ কাজের দায়িত্ব নেওয়ার জন্য কোনো নির্মাণ প্রতিষ্ঠান বা ঠিকাদার নিয়োগ করে না। এর অর্থ হলো—

- মালিক নিজেই নির্মাণ কার্যক্রম পরিচালনা ও তত্ত্বাবধান করেন;
- শ্রমিক নিয়োগ করা হতে পারে, তবে কোনো পেশাদার নির্মাণ কোম্পানি যুক্ত থাকে না;
- নির্মাণসামগ্রী ক্রয়, কাজের তদারকি ও সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব মালিক নিজেই পালন করেন।

**নির্মাণ প্রতিষ্ঠান:** নির্মাণ প্রতিষ্ঠান হলো নিবন্ধিত কোম্পানি, যেগুলো পেশাগতভাবে ভবন ও সিভিল ইঞ্জিনিয়ারিং কাজ সম্পাদন করে। চুক্তিভিত্তিক নির্মাণ কাজের পাশাপাশি অনেক প্রতিষ্ঠান নিজ উদ্যোগে ভবন নির্মাণ করে এবং পরবর্তীতে তা বিক্রি বা ভাড়া দেওয়াকে তাদের ব্যবসায়িক কার্যক্রমের অংশ হিসেবে গ্রহণ করে।

**ফ্লোর এরিয়া (প্লিন্থ এরিয়া):** ফ্লোর এরিয়া বা প্লিন্থ এরিয়া বলতে কোনো ভবনের তলায় আচ্ছাদিত মোট আয়তনকে বোঝায়, যা দেয়ালের বাইরের প্রান্ত থেকে পরিমাপ করা হয়।

**স্টোরি (তলা):** স্টোরি (তলা) বলতে ভবনের দুটি পরপর তলার মধ্যবর্তী অংশ অথবা কোনো তলা ও ছাদের মধ্যবর্তী অংশে অবস্থিত ভবনের একটি সম্পূর্ণ স্তরকে বোঝায়।

These activities do not create a new road but focus on keeping the current road in good condition.

**Road Widen:** Road widening refers to the expansion of the existing width of a road to accommodate more traffic, improve safety, or add new features. It does not create a new road; instead, it increases the width of the current one.

**Own-Construction (Self-Construction):** Own-construction, also called self-construction, refers to the process where an individual, household, or institution builds a structure using their own resources, without hiring a construction firm or contractor to take full responsibility for the work.
It means:

- The owner manages the construction directly.
- Labor may be hired, but no formal construction company is engaged.
- The owner purchases materials, supervises work, and makes all decisions

**Construction Firms:** Construction firms are registered companies that professionally carry out building and civil engineering works. In addition to constructing structures on contract, many firms also develop buildings on their own and then sell or rent them as part of their business.

**Floor Area (Plinth Area):** Floor Area, also known as plinth area, refers to the total covered area of a building at the floor level, measured from the outer edges of the walls.

**Storey (Floor):** A storey (floor) is one complete level of a building between two successive floors or between a floor and the roof.

# Chapter XI: Cost Structures and Value Addition in Household -Constructed Buildings

# একাদশ অধ্যায়: খানা কর্তৃক নির্মিত ভবনে ব্যয় কাঠামো ও মূল্য সংযোজন

# CHAPTER XI: COST STRUCTURES AND VALUE ADDITION IN HOUSEHOLD -CONSTRUCTED BUILDINGS

# একাদশ অধ্যায়: খানা কর্তৃক নির্মিত ভবনে ব্যয় কাঠামো ও মূল্য সংযোজন

এই অধ্যায়ে ১,৮৫৯টি খানার নমুনার ভিত্তিতে গৃহনির্মাণ সংক্রান্ত একটি বিশদ বিশ্লেষণের ফলাফল উপস্থাপন করা হয়েছে। জাতীয় পর্যায়ে এস্টিমেট প্রদান করা এই সমীক্ষার উদ্দেশ্য নয়, বরং নমুনাভুক্ত পরিবারের মধ্যে পাকা ও আধা-পাকা ভবন নির্মাণের ব্যয় কাঠামো নিরুপণ করাই এই সমীক্ষার উদ্দেশ্য। বিশ্লেষণে মোট নির্মাণ ব্যয়, প্রতি ভবনের গড় ব্যয় এবং নির্মাণ প্রক্রিয়ায় ব্যবহৃত উপকরণের গঠন অন্তর্ভুক্ত করা হয়েছে। বিশেষভাবে গুরুত্ব প্রদান করা হয়েছে প্রধান উপকরণ শ্রেণিগুলোর মধ্যে ব্যয়ের বণ্টনে, যাতে সামগ্রিক ব্যয়ে উপকরণ, শ্রম এবং অন্যান্য উপাদানের আপেক্ষিক অবদান মূল্যায়ন করা যায়। এছাড়াও, নির্মাণ কার্যক্রমের মাধ্যমে সৃষ্ট অর্থনৈতিক অবদান বোঝার জন্য মূল্য সংযোজনের হিসাব করা হয়েছে। অধ্যায়টিতে দুটি প্রধান ধরনের কাঠামো পাকা ও আধা-পাকা ভবন এর মধ্যেও পার্থক্য করা হয়েছে, যা ব্যয় কাঠামো ও উপকরণ ব্যবহারের তুলনা করার সুযোগ সৃষ্টি করে। এখানে উপস্থাপিত ফলাফলগুলো জরিপে অন্তর্ভুক্ত পরিবারের নির্মাণ প্রক্রিয়া ও ব্যয়ের একটি প্রমাণভিত্তিক চিত্র প্রদান করে এবং পরবর্তী বিশ্লেষণমূলক আলোচনার ভিত্তি তৈরি করে। এই সমীক্ষার মাধ্যমে সতর্কভাবে নির্বাচিত নমুনার ওপর ভিত্তি করে নির্মাণ প্রবণতা সম্পর্কে ধারণা প্রদান করা হয়েছে। যদিও ফলাফলগুলো জাতীয়, গ্রামীণ বা শহরের প্রকৃত অবস্থাকে প্রতিফলিত করে না, তবুও জরিপের আওতাভুক্ত এলাকার বিশ্লেষণ, আলোচনা এবং সিদ্ধান্ত গ্রহণের জন্য তা মূল্যবান দিক নির্দেশনা প্রদান করে।

## ক. পাকা দালান

### ১১.১ ২০২৩-২৪ সালে সম্পন্ন হওয়া পাকা ভবনের সংখ্যা ও ধরন

সারণিটি ২০২৩-২৪ অর্থবছরে সম্পন্ন হওয়া পাকা ভবনের সংখ্যা ও ধরন সম্পর্কে তথ্য উপস্থাপন করে, যা নমুনা খানার

This chapter presents the findings from a detailed analysis of building construction undertaken across a sample of 1,859 households. The objective of the study is to examine the cost structure associated with building (pucca and semi-pucca buildings) construction within the surveyed sample, rather than to generate national-level estimates. The analysis covers total construction costs, average cost per building, and the composition of inputs used in the construction process. Particular attention is given to the distribution of costs across major input categories, enabling an assessment of the relative contribution of materials, labour, and other components to overall expenditure. In addition, estimates of value added are derived to understand the economic contribution generated through construction activities within the sample. The chapter further distinguishes between two broad types of structures—pucca and semi-pucca buildings—allowing for comparisons in cost patterns and input use across construction typologies. The results presented here provide an evidence-based profile of construction practices and expenditures within the surveyed households and form the basis for subsequent analytical discussions. This study provides insights into construction trends within the context of the study, based on a carefully selected sample. While the findings are not representative of national, rural, or urban patterns, they offer valuable guidance for analysis, discussion, and decision-making within the surveyed areas.

## A. Pucca buildings

### 11.1 Number and Types of Pucca Buildings Completed in 2023-24

The table provides information on the number and types of pucca buildings completed during 2023–24,

ওপর পরিচালিত সমীক্ষার ভিত্তিতে সংগ্রহ করা হয়েছে। উল্লিখিত পরিসংখ্যানসমূহ জাতীয়, গ্রামীণ বা শহর পর্যায়ের মোট সংখ্যা নির্দেশ করে না। তথ্যসমূহ IMPS ডিজাইনের আওতায় নির্বাচিত প্রাথমিক নমুনা একক (Primary Sampling Units-PSUs) এর অন্তর্গত খানাসমূহ যাচাই-বাছাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে। যেসব যোগ্য খানা রেফারেন্স বছরে ভবন নির্মাণ সম্পন্ন করার তথ্য প্রদান করেছে, সেসব ক্ষেত্রে একাধিক ভবন নির্মিত হলে প্রতিটি খানা থেকে দৈবচয়নের মাধ্যমে একটি ভবন নির্বাচন করা হয়েছে। মোট ৬০৭টি খানা ২০২৩-২৪ সালে নির্মাণকাজ সম্পন্ন করেছে এবং কেবলমাত্র ৬০৭টি ভবনের জন্যই বিশদ তথ্য সংগ্রহ করা হয়েছে। অতএব, ফলাফলসমূহকে শুধুমাত্র নমুনাভিত্তিক (sample-level) বৈশিষ্ট্য হিসেবে ব্যাখ্যা করতে হবে; এগুলোকেই কোনোভাবেই সমগ্রকের আনুমানিক হিসাবে (population estimate) বিবেচনা করা যাবে না।

এই নমুনার মধ্যে সম্পন্ন হওয়া নির্মাণসমূহের অধিকাংশই একক পরিবারের আবাসিক ভবন, মোট ৬০৭টি ভবনের মধ্যে যার পরিমাণ হলো ৫৬৮টি। নমুনাভুক্ত অধিকাংশ ভবনই একতলা কাঠামো, বিশেষত গ্রামীণ PSUs-এ, যেখানে নিম্ন-উচ্চতার আবাসিক নির্মাণ প্রাধান্য পেয়েছে। বিপরীতে, শহরভিত্তিক PSU এলাকায় দুইতলা এবং তিন বা ততোধিক তলাবিশিষ্ট ভবনের উপস্থিতি তুলনামূলকভাবে বেশি লক্ষ্য করা যায়, যা নমুনাভুক্ত শহর এলাকায় উলম্ব উন্নয়নের অধিক প্রবণতা নির্দেশ করে। যদিও বহু পারিবারিক, মিশ্র-ব্যবহার, আনাবাসিক এবং অন্যান্য ধরনের ভবনও নমুনায় অন্তর্ভুক্ত রয়েছে, তাদের সংখ্যা সীমিত এবং ফ্লোরের মোট আয়তনে তাদের অবদান তুলনামূলকভাবে কম।

নির্বাচিত নমুনার মধ্যে ভবনের ধরন ও তলাসংখ্যা অনুযায়ী ফ্লোরের আয়তনের বণ্টনও এই প্রবণতাগুলো প্রতিফলিত করে। একক পরিবারের আবাসিক ভবন মোট ফ্লোর স্পেসের সর্বোচ্চ অংশ জুড়ে রয়েছে। সাধারণভাবে শহরাঞ্চলের ভবনগুলোতে প্রতি ভবনে ফ্লোরের আয়তন বেশি, বিশেষত

based on a study of a sample of households. The figures do not represent national, rural, or urban totals. The data were compiled by screening households within selected Primary Sampling Units (PSUs**)** under the IMPS design. From the eligible households that reported completion of building construction during the reference year, one building per household was selected randomly in cases where multiple buildings had been constructed. In total, 607 households completed construction during 2023–24, and detailed information was collected for 607 buildings only. Therefore, the results should be interpreted strictly as sample-level characteristics and not as population estimates.

Within this sample, residential single-household buildings constitute the majority of completed constructions, accounting for 568 out of 607 buildings. Most buildings in the sample are single-storey structures, particularly in rural PSUs, where low-rise residential construction predominates. Urban PSUs, in contrast, show a relatively higher presence of two-storey and three-or-more-storey buildings, indicating greater vertical development within the sampled urban locations. Although multi-family, mixed-use, non-residential, and other types of buildings appear in the sample, their numbers are limited, and their contribution to total floor area remains comparatively small.

The distribution of floor area across building types and storeys further reflects these patterns within the selected sample. Single-household residential buildings contribute the largest share of total floor space, with urban buildings generally exhibiting higher floor areas per building, especially in multi-storey constructions. Rural buildings, while more

বহুতল নির্মাণের ক্ষেত্রে। গ্রামীণ এলাকার ভবনসমূহ সংখ্যায় বেশি হলেও সেগুলো প্রধানত একতলা এবং তুলনামূলকভাবে কম ফ্লোর বিশিষ্ট।

সামগ্রিকভাবে, এই সারণিটি ২০২৩-২৪ সালে নমুনাভুক্ত খানাসমূহ কর্তৃক সম্পন্ন ভবনগুলোর বৈশিষ্ট্য সম্পর্কে বর্ণনামূলক ধারণা প্রদান করে এবং গ্রামীণ ও শহরভিত্তিক PSUs-এর মধ্যে ভবনের ধরন, উচ্চতা ও ফ্লোরের আয়তনের পার্থক্য তুলে ধরে। তবে সমীক্ষার সীমিত পরিসর ও নমুনাভিত্তিক নকশায়নের কারণে, এই ফলাফলগুলোকে জাতীয়, গ্রামীণ বা শহরাঞ্চলের সামগ্রিক নির্মাণ প্রবণতার প্রতিনিধিত্বকারী হিসেবে বিবেচনা করা উচিৎ নয় বরং এগুলোকে শুধুমাত্র সমীক্ষার প্রেক্ষাপটে বিশ্লেষণমূলক ও ইঙ্গিতমূলক উদ্দেশ্যে ব্যাখ্যা করা উচিত।

numerous in the sample, are largely single-storey and have relatively smaller floor areas.

Overall, the table provides descriptive insights into the characteristics of buildings completed by sampled households during 2023–24, highlighting differences in building type, height, and floor area across sampled rural and urban PSUs. However, given the limited scope and sample-based design of the study, the findings are not intended to represent national, rural, or urban construction patterns and should be interpreted strictly for analytical and indicative purposes within the context of the survey.

**Table 11.1: Number and Types of Pucca Buildings Completed in 2023-24**

| Types of building | NO. of buildings with | | | | Floor area (Sq. feet) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | 1-storey | 2- storey | 3 +storey | Total | 1-storey | 2- storey | 3 +storey | Total |
| **Rural** | | | | | | | | |
| 1.Residential (Single household) | 276 | 18 | 4 | 298 | 310,962 | 29,336 | 8,140 | 348,438 |
| 2.Residential (multi-household) | 3 | 3 | - | 6 | 2,582 | 8,300 | - | 10,882 |
| 3.Mixed Use (Residential and Non-residential) | - | 1 | - | 1 | - | 3,500 | - | 3,500 |
| 4.Non-residential (industrial, commercial use) | 1 | - | - | 1 | 205 | - | - | 205 |
| 5.Others | 9 | - | - | 9 | 3,870 | - | - | 3,870 |
| **Sub-total** | **289** | **22** | **4** | **315** | **317,619** | **41,136** | **8,140** | **366,895** |
| **Urban** | | | | | | | | |
| 1.Residential (Single household) | 182 | 59 | 29 | 270 | 226,911 | 144,612 | 268,470 | 639,993 |
| 2.Residential (multi-household) | 4 | 6 | 4 | 14 | 4,790 | 16,148 | 28,900 | 49,838 |
| 3.Mixed Use (Residential and Non-residential) | 1 | 1 | 1 | 3 | 1,300 | 1,800 | 2,890 | 5,990 |
| 4.Non-residential (industrial, commercial use) | - | - | - | - | - | - | - | - |
| 5.Others | 5 | - | - | 5 | 438 | - | - | 438 |
| **Sub-total** | **192** | **66** | **34** | **292** | **233,439** | **162,560** | **300,260** | **696,259** |
| **National** | | | | - | | | | - |

| Types of building | NO. of buildings with | | | | Floor area (Sq. feet) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | 1-storey | 2- storey | 3 +storey | Total | 1-storey | 2- storey | 3 +storey | Total |
| 1.Residential (Single-Household) | 458 | 77 | 33 | 568 | 537,873 | 173,948 | 276,610 | 988,431 |
| 2.Residential (Multi-Household) | 7 | 9 | 4 | 20 | 7,372 | 24,448 | 28,900 | 60,720 |
| 3.Mixed Use (Residential and Non-residential) | 1 | 2 | 1 | 4 | 1,300 | 5,300 | 2,890 | 9,490 |
| 4.Non-residential (industrial, commercial use) | 1 | - | - | 1 | 205 | - | - | 205 |
| 5.Others | 14 | - | - | 14 | 4,308 | - | - | 4,308 |
| **Total** | **481** | **88** | **38** | **607** | **551,058** | **203,696** | **308,400** | **1,063,154** |

## ১১.২ ২০২৩-২৪ সালে গ্রামীণ এলাকায় নির্মিত পাকা ভবনের নির্মাণ ব্যয়ের বিভাজন

সারণি ১১.২-এ ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীণ এলাকায় নির্মিত পাকা ভবনগুলোর নির্মাণ ব্যয়ের একটি বিস্তারিত বিভাজন উপস্থাপন করা হয়েছে। সারণিটি থেকে প্রতীয়মান হয় যে, নির্মাণ ব্যয়ের সিংহভাগ অংশ জুড়ে রয়েছে মৌলিক নির্মাণ উপকরণ, যার মোট ব্যয় ছিল ৬,৫৭২.৩৭ লাখ টাকা। এর মধ্যে ২০২৩-২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ২,৯৪৯.৭৬ লাখ টাকা। এটি গ্রামীণ ভবন নির্মাণ প্রকল্পে নির্মাণসামগ্রী সংগ্রহে উল্লেখযোগ্য আর্থিক গুরুত্ব আরোপের বিষয়টি স্পষ্টভাবে তুলে ধরে। মজুরি ও বেতন ব্যয় দ্বিতীয় বৃহত্তম খাত হিসেবে পরিলক্ষিত হয়েছে, যার মোট পরিমাণ ২,৪১৭.৯৪ লাখ টাকা। এর মধ্যে সংশ্লিষ্ট অর্থবছরে ব্যয় হয়েছে ১,১৯৩.৬০ লাখ টাকা, যা গ্রামীণ নির্মাণ কার্যক্রমে শ্রম ব্যয়ের উল্লেখযোগ্য ভূমিকা প্রতিফলিত করে। অন্যান্য ব্যয় উপাদানসমূহ যেমন; ইউটিলিটি চার্জ, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ভাড়া, লিফট স্থাপন, ভ্যাট ও কর, এবং বিবিধ ব্যয়—মোট ব্যয়ের তুলনায় অপেক্ষাকৃত কম পরিমাণে অবদান রেখেছে। এসব খাতে ব্যয় হয়েছে যথাক্রমে ৭৯.২৩ লাখ টাকা, ১৯৩.৯৬ লাখ টাকা, ৩০.৮০ লাখ টাকা, ১.৫৩ লাখ টাকা এবং ৮৪.৯৩ লাখ টাকা। এদের মধ্যে যন্ত্রপাতি ভাড়া ও বিবিধ ব্যয় নির্মাণ সংশ্লিষ্ট সহায়ক সেবার জন্য একটি গুরুত্বপূর্ণ কার্যকরী প্রয়োজনীয়তার ইঙ্গিত দেয়। সামগ্রিকভাবে, পাকা ভবন নির্মাণে মোট ব্যয় ৯,৩৮০.৭৫ লাখ টাকা, যা জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় এবং ২০২৩-২৪

## 11.2 Breakdown of Construction Expenditure for Pucca Buildings Completed in 2023–24 in Rural Areas

Table 11.2 presents a detailed breakdown of construction expenditure for pucca buildings completed in rural areas during 2023–24. The table indicates that basic materials accounted for the largest portion of expenditure, with a cumulative cost of Tk. 6,572.37 lakh, of which Tk.2, 949.76 lakh was spent specifically in 2023–24. This highlights the significant financial emphasis on procuring construction materials as a primary component of rural building projects. Wages and salaries constitute the second-largest category, totaling Tk. 2,417.94 lakh, with Tk.1, 193.60 lakh expended in the year under review, reflecting the substantial labor costs involved in rural construction activities. Other cost components, such as utility charges, rent for equipment and machinery, lift installation, VAT and taxes, and miscellaneous expenditures, contributed relatively smaller amounts to the total, with expenditures of Tk. 79.23 lakh, Tk.193.96 lakh, Tk.30.80 lakh, Tk.1.53 lakh, and Tk. 84.93 lakh, respectively. Among these, equipment rental and miscellaneous expenses demonstrate a notable operational requirement for construction support services. Overall, the total expenditure for pucca building

অর্থবছরে সংঘটিত অতিরিক্ত ব্যয়ের সমন্বয়ে নির্ধারিত। ব্যয়ের এই বণ্টন, গ্রামীণ নির্মাণ বাজেটে মূলত উপকরণ ও শ্রম ব্যয়ের প্রাধান্যকে স্পষ্টভাবে তুলে ধরে। একই সঙ্গে তুলনামূলকভাবে স্বল্প হলেও সহায়ক ব্যয়সমূহ প্রকল্প বাস্তবায়ন ও কার্যকারিতা নিশ্চিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অতএব, সারণি ১১.২ গ্রামীণ এলাকায় পাকা ভবন নির্মাণে সম্পদের বণ্টন সম্পর্কে একটি সমন্বিত আর্থিক চিত্র প্রদান করে, যা ভবিষ্যৎ নির্মাণ কার্যক্রমের পরিকল্পনা, বাজেট প্রণয়ন ও তদারকির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ধারণা প্রদান করে।

construction reached Tk. 9,380.75 lakh, combining cumulative costs up to June 2023 and the additional expenditure incurred in 2023–24. The distribution of costs underscores the dominance of materials and labor in rural construction budgets, while ancillary expenses, though smaller, play a critical role in ensuring project completion and functionality. Table 11.2, therefore, provides a comprehensive financial perspective on resource allocation in rural pucca building constructions, offering valuable insights for planning, budgeting, and monitoring future construction activities.

**Table 11.2: Breakdown of Construction Expenditure for Pucca Buildings Completed in 2023–24 in Rural Areas**

**(Lakh Tk.)**

| Types of materials | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| 1. Basic materials | 3622.61 | 2949.76 | 6572.37 |
| 2. Utility charge | 51.87 | 27.36 | 79.23 |
| 3.Wages and salary | 1224.34 | 1193.60 | 2417.94 |
| 4.VAT and Tax | 1.06 | 0.47 | 1.53 |
| 5.Rent for equipment/machinery | 115.21 | 78.75 | 193.96 |
| 6.Lift Installation Cost | 17.34 | 13.46 | 30.80 |
| 7.Others | 50.57 | 34.36 | 84.93 |
| Total | 5082.99 | 4297.76 | 9380.75 |

### ১১.৩ ২০২৩–২৪ সালে শহরাঞ্চলে নির্মিত পাকা ভবনের নির্মাণ ব্যয়ের বিশদ বিভাজন

সারণি ১১.৩-এ ২০২৩-২৪ অর্থবছরে শহরাঞ্চলে সম্পন্ন পাকা ভবন নির্মাণে ব্যয়ের বিস্তারিত বিবরণ উপস্থাপন করা হয়েছে। উপাত্ত থেকে দেখা যায় যে, গ্রামীণ এলাকার মতোই (সারণি ১১.২), মৌলিক নির্মাণ উপকরণেই ব্যয়ের সিংহভাগ অংশ জুড়ে রয়েছে। এ খাতে মোট ব্যয় হয়েছে ১২,৩১৬.৭৩ লাখ টাকা, যার মধ্যে ২০২৩-২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ৬,০১২.১৪ লাখ টাকা। এই পরিমাণ গ্রামীণ এলাকায় নির্মাণ উপকরণে ব্যয়ের (৬,৫৭২.৩৭ লাখ টাকা) প্রায় দ্বিগুণ, যা শহর এলাকায় নির্মাণ উপকরণের উচ্চমূল্য এবং বড় আকারের নির্মাণ প্রকল্পের ইঙ্গিত দেয়। শহরাঞ্চলে মজুরি ও বেতন বাবদ মোট ব্যয় দাঁড়িয়েছে ৪,২৬৪.৪৩ লাখ টাকা, যার মধ্যে ২০২৩-২৪

### 11.3 Breakdown of Construction Expenditure for Pucca Buildings Completed in 2023–24 in Urban Areas

Table 11.3 provides a detailed breakdown of construction expenditure for pucca buildings completed in urban areas during 2023–24. The data reveal that, similar to rural areas (Table 11.2), basic materials accounted for the largest share of expenditure, totaling Tk.12, 316.73 lakh, with Tk. 6,012.14 lakh spent specifically in 2023–24. This is almost double the rural expenditure on materials (Tk.6, 572.37 lakh), reflecting the higher cost of construction inputs and larger scale of urban building construction. Wages and salaries in urban areas amounted to Tk. 4,264.43 lakh, with Tk.

অর্থবছরে ব্যয় হয়েছে ২,৩৬৮.৫১ লাখ টাকা। এই পরিমাণ গ্রামীণ এলাকার শ্রম ব্যয়ের (২,৪১৭.৯৪ লাখ টাকা) তুলনায় বেশি, যা শহর এলাকায় তুলনামূলকভাবে উচ্চ মজুরি এবং অধিক শ্রম চাহিদাকে তুলে ধরে।

অন্যান্য ব্যয় উপাদানগুলোর ক্ষেত্রেও শহরাঞ্চলে উল্লেখযোগ্য বৃদ্ধি লক্ষ করা গেছে। ইউটিলিটি চার্জে ব্যয় হয়েছে ১৩৩.৮০ লাখ টাকা, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ভাড়ায় ব্যয় দাঁড়িয়েছে ৩৯৫.০১ লাখ টাকা এবং লিফট স্থাপন ব্যয় উল্লেখযোগ্যভাবে বেড়ে ২৬৩.১৭ লাখ টাকায় পৌঁছেছে, যা গ্রামীণ প্রকল্পে মাত্র ৩০.৮০ লাখ টাকা ছিল। ভ্যাট ও কর বাবদ ব্যয় তুলনামূলকভাবে কম থাকলেও শহর এলাকায় এর পরিমাণ ৯.৭২ লাখ টাকা, যা বৃহৎ পরিসরে নির্মাণ কার্যক্রমের প্রতিফলন। বিবিধ ব্যয় গ্রামীণ ও শহর এলাকায় প্রায় সমপরিমাণ, যেখানে শহরের প্রকল্পে ব্যয় হয়েছে ৮৩.০০ লাখ টাকা এবং গ্রামীণ প্রকল্পে ৮৪.৯৩ লাখ টাকা।

সামগ্রিকভাবে, শহর এলাকায় পাকা ভবন নির্মাণে মোট ব্যয় দাঁড়িয়েছে ১৭,৪৬৫.৮৬ লাখ টাকা, যা গ্রামীণ এলাকার মোট ব্যয় ৯,৩৮০.৭৫ লাখ টাকার (সারণি ১১.২) প্রায় দ্বিগুণ। এটি শহরে নির্মাণের উচ্চ ব্যয়কে সুস্পষ্টভাবে তুলে ধরে, যা নির্মাণ উপকরণের উচ্চমূল্য, শ্রম ব্যয় এবং লিফট স্থাপন ও যন্ত্রপাতি ভাড়ার মতো বাড়তি অবকাঠামোগত প্রয়োজনীয়তার কারণে বৃদ্ধি পেয়েছে। অতএব, সারণি ১১.৩ শহর এলাকায় পাকা ভবন নির্মাণের একটি সমন্বিত আর্থিক চিত্র উপস্থাপন করে এবং গ্রামীণ প্রকল্পের সঙ্গে তুলনা করে ব্যয়ের বণ্টনে বিদ্যমান সাদৃশ্য ও উল্লেখযোগ্য পার্থক্যসমূহ স্পষ্টভাবে তুলে ধরে।

2,368.51 lakh incurred in 2023–24, surpassing rural labor costs (Tk.2,417.94 lakh), indicating both higher wages and greater labor requirements in urban settings.

Other cost components also show a noticeable increase in urban areas. Utility charges rose to Tk. 133.80 lakh, equipment and machinery rental reached Tk. 395.01 lakh, and lift installation costs were significantly higher at Tk. 263.17 lakh, compared to Tk.30.80 lakh in rural projects. VAT and tax, though still relatively small, amounted to Tk. 9.72 lakh, reflecting the larger scale of urban construction. Miscellaneous expenditures were comparable between rural and urban areas, with urban projects at Tk. 83.00 lakh and rural projects at Tk. 84.93 lakh.

Overall, the total expenditure for urban pucca buildings reached Tk. 17,465.86 lakh, nearly double the rural total of Tk. 9,380.75 lakh (Table 11.2), underscoring the higher costs associated with urban construction due to factors such as higher material prices, labor charges, and additional infrastructure requirements such as lifts and equipment rentals. Table 11.3, therefore, provides a comprehensive financial overview of urban construction, highlighting both similarities and significant differences in cost distribution compared to rural projects.

**Table 11.3: Breakdown of Construction Expenditure for Pucca Buildings Completed in 2023–24 in Urban Areas**

(Lakh Tk.)

| Types of materials | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| 1.Basic materials | 6304.60 | 6012.14 | 12316.73 |
| 2.Utility charge | 86.02 | 47.78 | 133.80 |
| 3.Wages and salary | 1895.93 | 2368.51 | 4264.43 |
| 4. VAT and Tax | 5.45 | 4.27 | 9.72 |
| 5. Rent for equipment/machinery | 218.85 | 176.16 | 395.01 |
| 6. Lift Installation Cost | 159.61 | 103.56 | 263.17 |
| 7. Others | 46.11 | 36.89 | 83.00 |
| Total | 8716.57 | 8749.29 | 17465.86 |

## ১১.৪ ২০২৩–২৪ সালে সম্পন্ন হয়েছে এরুপ পাকা ভবনের মোট নির্মাণ ব্যয়ের বিভাজন

সারণি ১১.৪-এ ২০২৩–২৪ অর্থবছরে নির্মিত পাকা ভবনের মোট নির্মাণ ব্যয় উপস্থাপন করা হয়েছে, যেখানে গ্রামীণ ও শহর উভয় এলাকার তথ্য একত্রে অন্তর্ভুক্ত করা হয়েছে। উপাত্ত থেকে দেখা যায় যে, মৌলিক নির্মাণ উপকরণই সর্ববৃহৎ ব্যয় খাত হিসেবে বিদ্যমান রয়েছে। এ খাতে মোট ব্যয় দাঁড়িয়েছে ১৮,৮৮৯.১০ লাখ টাকা, যার মধ্যে কেবল ২০২৩-২৪ অর্থবছরেই ব্যয় হয়েছে ৮,৯৬১.৯০ লাখ টাকা। এই ধারা, গ্রামীণ (সারণি ১১.২: ৬,৫৭২.৩৭ লাখ টাকা) এবং শহর (সারণি ১১.৩: ১২,৩১৬.৭৩ লাখ টাকা) উভয় ক্ষেত্রেই পর্যবেক্ষিত প্রবণতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ, যা নির্দেশ করে সব অঞ্চলেই নির্মাণ বাজেটের মূল অংশ উপকরণ ব্যয় দ্বারা প্রভাবিত।

দ্বিতীয় বৃহত্তম খাত হিসেবে মজুরি ও বেতন ব্যয় চিহ্নিত হয়েছে, যার মোট পরিমাণ ৬,৬৮২.৩৭ লাখ টাকা। এর মধ্যে ২০২৩-২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ৩,৫৬২.১০ লাখ টাকা। এই মোট ব্যয় শহরাঞ্চলে তুলনামূলকভাবে উচ্চ শ্রম ব্যয় (সারণি ১১.৩) এবং গ্রামীণ এলাকায় অপেক্ষাকৃত স্বল্প শ্রম ব্যয়ের (সারণি ১১.২) যৌথ প্রতিফলন, যা সামগ্রিক নির্মাণ ব্যয়ে শ্রমকে একটি গুরুত্বপূর্ণ ব্যয় নির্ধারক হিসেবে তুলে ধরে।

ইউটিলিটি চার্জ, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ভাড়া, লিফট স্থাপন, ভ্যাট ও কর এবং বিবিধ ব্যয়সহ অন্যান্য উপাদানসমূহ মিলিয়ে ২০২৩-২৪ অর্থবছরে মোট ব্যয় হয়েছে ১,২৭৪.১৪ লাখ টাকা।

## 11.4 Breakdown of Total Construction Expenditure for Pucca Buildings Completed in 2023–24

Table 11.4 presents the total construction expenditure for pucca buildings completed in 2023–24, combining both rural and urban areas. The data show that basic materials remained the largest expenditure category, totaling Tk. 18,889.10 lakh, with Tk.8, 961.90 lakh spent during 2023–24 alone. This aligns with the trends observed in rural (Table 11.2: Tk. 6,572.37 lakh) and urban areas (Table 11.3: Tk. 12,316.73 lakh), reflecting that material costs dominate construction budgets across all regions.

Wages and salaries constitute the second-largest category, with a total of Tk. 6,682.37 lakh, of which Tk. 3,562.10 lakh was incurred in 2023–24. This total represents the combined higher labor costs in urban areas (Table 11.3) and the relatively lower costs in rural areas (Table 11.2), highlighting labor as a major cost driver in the overall construction expenditure. Other components, including utility charges, rent for equipment and machinery, lift installation, VAT and taxes, and miscellaneous expenses, together account for Tk.1,

যদিও এ ধরনের সহায়ক ব্যয় উপকরণ ও শ্রম ব্যয়ের তুলনায় অপেক্ষাকৃত কম, তবুও এগুলো অপারেশনাল এবং নিয়ন্ত্রক মানদন্ড বজায় রাখতে অপরিহার্য।

সামগ্রিকভাবে, সব ধরনের পাকা ভবন নির্মাণে মোট ব্যয় দাঁড়িয়েছে ২৬,৮৪৬.৬১ লাখ টাকা, যা গ্রামীণ ও শহর এলাকার (যথাক্রমে ৯,৩৮০.৭৫ লাখ টাকা ও ১৭,৪৬৫.৮৬ লাখ টাকা) ব্যয়ের সমষ্টি। এই তুলনা নিশ্চিত করে যে, শহরাঞ্চলের প্রকল্পগুলো মোট ব্যয়ে প্রাধান্য বিস্তার করে, কারণ এখানে সামগ্রী ও শ্রম ব্যয় বেশি এবং লিফট ও যন্ত্রপাতি ভাড়ার মতো অতিরিক্ত অবকাঠামোগত প্রয়োজন রয়েছে। সার্বিকভাবে, সারণি ১১.৪ গ্রামীণ ও শহর উভয় এলাকার পাকা ভবন নির্মাণ প্রকল্পে আর্থিক সম্পদের বণ্টনের একটি সমন্বিত চিত্র উপস্থাপন করে। এতে উপকরণ ও শ্রমের গুরুত্বপূর্ণ ভূমিকা স্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে, পাশাপাশি প্রকল্প সম্পন্নের জন্য প্রয়োজনীয় সহায়ক ব্যয়সমূহকেও যথাযথভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে।

and 274.14 lakh spent during 2023–24, indicating that while ancillary costs are smaller relative to materials and labor, they remain essential for operational and regulatory compliance.

The total construction expenditure for all pucca buildings reached Tk. 26,846.61 lakh, which is the aggregate of rural and urban costs (Tk. 9,380.75 lakh and Tk. 17,465.86 lakh, respectively). This comparison confirms that urban projects dominate total spending due to higher material and labor costs as well as additional infrastructure requirements such as lifts and machinery rentals. Overall, Table 11.4 provides a comprehensive overview of the financial allocation for rural and urban pucca building projects, emphasizing the critical roles of materials and labor, while also accounting for supporting expenditures necessary for project completion

**Table 11.4: Breakdown of Total Construction Expenditure for Pucca Buildings Completed in 2023–24**

**(Lakh Tk.)**

| Types of materials | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| 1.Basic materials | 9927.20 | 8961.90 | 18889.10 |
| 2. Utility charge | 137.89 | 75.14 | 213.02 |
| 3. Wages and salary | 3120.27 | 3562.10 | 6682.37 |
| 4.VAT and Tax | 6.51 | 4.74 | 11.25 |
| 5. Rent for equipment/machinery | 334.06 | 254.91 | 588.97 |
| 6. Lift Installation Cost | 176.95 | 117.02 | 293.97 |
| 7.Others | 96.68 | 71.25 | 167.93 |
| Total | 13799.56 | 13047.05 | 26846.61 |

### ১১.৫ ২০২৩–২৪ অর্থবছরে গ্রামীণ এলাকায় সম্পন্ন হয়েছে এরুপ পাকা ভবন নির্মাণের মোট উৎপাদন, মধ্যবর্তী ভোগ ও স্থুল মূল্য সংযোজন

সারণি ১১.৫–এ ২০২৩–২৪ অর্থবছরে গ্রামীণ এলাকায় নির্মিত পাকা ভবনের স্থুল উৎপাদন (Gross Output), মধ্যবর্তী ভোগ (Intermediate Consumption) এবং স্থুল মূল্য সংযোজন উপস্থাপন করা হয়েছে। উপাত্ত থেকে প্রতীয়মান হয় যে, গ্রামীণ নির্মাণ কার্যক্রমে একক খানাভিত্তিক আবাসিক ভবনই মূখ্য ভূমিকা পালন করেছে। এ ধরনের ভবনের ক্ষেত্রে

### 11.5 Gross Output, Intermediate Consumption, and Gross Value Added of Completed Pucca Building Constructed in Rural Areas, FY 2023–24

Table 11.5 presents the gross output, intermediate consumption, and gross value added (GVA) of completed pucca building construction in rural areas for FY 2023–24. The data indicate that residential single-family buildings dominate rural construction activity, with a gross output of Tk.

মোট উৎপাদনের পরিমাণ দাঁড়িয়েছে ৪,১৪৩.৮৯ লাখ টাকা এবং মধ্যবর্তী ভোগ হয়েছে ২,৯৮৫.৬১ লাখ টাকা, যার ফলে মোট মূল্য সংযোজন দাঁড়িয়েছে ১,১৫৮.২৮ লাখ টাকা। এটি নির্দেশ করে যে, একক পরিবারের আবাসিক নির্মাণ প্রকল্পসমূহ গ্রামীণ এলাকায় নির্মাণ কার্যক্রমের মাধ্যমে সৃষ্ট মূল্য সংযোজনের প্রধান উৎস। একাধিক পরিবারের আবাসিক ভবন এবং মিশ্র-ব্যবহারভিত্তিক নির্মাণ প্রকল্পের অবদান অনেক কম। এ দুটি শ্রেণিতে স্থূল উৎপাদন যথাক্রমে ৭৩.৮০ লাখ টাকা এবং ৪৫.৩০ লাখ টাকা, এবং সংশ্লিষ্ট মোট মূল্য সংযোজন যথাক্রমে ১৯.০১ লাখ টাকা ও ১০.৫৯ লাখ টাকা, যা গ্রামীণ এলাকায় এসব ভবনের সীমিত পরিসর ও বিনিয়োগের স্বল্পতাকে প্রতিফলিত করে। শিল্প ও বাণিজ্যিক স্থাপনাসহ অ-আবাসিক ভবন নির্মাণ গ্রামীণ নির্মাণ কার্যক্রমের অত্যন্ত নগণ্য অংশ জুড়ে রয়েছে, যেখানে স্থূল উৎপাদন মাত্র ০.৬৩ লাখ টাকা এবং মোট মূল্য সংযোজন ০.১০ লাখ টাকা। এটি স্পষ্টভাবে নির্দেশ করে যে, গ্রামীণ এলাকায় নির্মাণ কার্যক্রম মূলত আবাসনকেন্দ্রিক, বাণিজ্যিক বা শিল্প অবকাঠামোর প্রতি তুলনামূলকভাবে কম গুরুত্ব আরোপ করা হয়েছে। অন্যান্য ধরনের ভবন সম্মিলিতভাবে ৩৪.১৪ লাখ টাকার স্থূল উৎপাদন এবং ৬.০৯ লাখ টাকার স্থূল মূল্য সংযোজন প্রদান করেছে। সামগ্রিকভাবে, গ্রামীণ পাকা ভবন নির্মাণে মোট উৎপাদন দাঁড়িয়েছে ৪,২৯৭.৭৬ লাখ টাকা, মধ্যবর্তী ভোগ ৩,১০৩.৬৯ লাখ টাকা এবং স্থূল মূল্য সংযোজন ১,১৯৪.০৭ লাখ টাকা। এর অর্থ হলো, মোট উৎপাদনের প্রায় ২৮ শতাংশ গ্রামীণ অর্থনীতিতে মূল্য সংযোজন হিসেবে প্রতিফলিত হয়। সারণি ১১.৫ গ্রামীণ এলাকায় একক পরিবারের আবাসিক ভবন নির্মাণের সুস্পষ্ট প্রাধান্য এবং স্থানীয় নির্মাণ খাতে অর্থনৈতিক মূল্য সৃষ্টিতে এর গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরে।

4,143.89 lakh and an intermediate consumption of Tk. 2,985.61 lakh, resulting in a gross value added of Tk. 1,158.28 lakh. This shows that single-family residential projects are the primary contributors to rural construction value creation. Multi-family residential buildings and mixed-use constructions contribute far less, with gross outputs of Tk. 73.80 lakh and Tk.45.30 lakh, and corresponding GVAs of Tk. 19.01 lakh and Tk. 10.59 lakh, respectively, reflecting the limited scale and investment in these building types in rural areas. Non-residential buildings, including industrial and commercial structures, represent a negligible portion of rural construction activity, with a gross output of only Tk. 0.63 lakh and a GVA of Tk. 0.10 lakh, emphasizing the rural focus on housing rather than commercial or industrial infrastructure. Other building types collectively contribute Tk. 34.14 lakh in gross output and Tk.6.09 lakh in GVA. Overall, the total gross output for rural pucca buildings stands at Tk. 4,297.76 lakh, with intermediate consumption of Tk. 3,103.69 lakh and a total GVA of Tk. 1,194.07 lakh, indicating that approximately 28% of the total output translates into value added for the rural economy. Table 11.5 highlights the strong predominance of single-family residential construction in rural areas and its critical role in generating economic value in the local construction sector.

**Table 11.5: Gross Output, Intermediate Consumption, and Gross Value Added of Completed Pucca Building Construction in Rural Areas, FY 2023–24**

(Lakh Tk.)

| Types of building | Gross output | Intermediate consumption | Gross value added |
|---|---|---|---|
| 1.Residential (Single-household) | 4143.89 | 2985.61 | 1158.28 |
| 2.Residential (Multi-household) | 73.80 | 54.79 | 19.01 |
| 3.Mixed Use (Residential and Non-residential) | 45.30 | 34.71 | 10.59 |
| 4.Non-residential (industrial, commercial use) | 0.63 | 0.53 | 0.10 |
| 5.Others | 34.14 | 28.05 | 6.09 |
| **Total** | 4297.76 | 3103.69 | 1194.07 |

### ১১.৬ ২০২৩-২৪ অর্থবছরে শহর এলাকায় সম্পন্ন হয়েছে এরুপ পাকা ভবনের স্থুল উৎপাদন, মধ্যবর্তী ভোগ ও স্থুল মূল্য সংযোজন

সারণি ১১.৬-এ ২০২৩-২৪ অর্থবছরে শহরাঞ্চলে নির্মিত পাকা ভবন নির্মাণের স্থুল উৎপাদন (Gross Output), মধ্যবর্তী ভোগ (Intermediate Consumption) এবং স্থুল মূল্য সংযোজন (Gross Value Added-GVA) উপস্থাপন করা হয়েছে। উপাত্ত থেকে দেখা যায় যে, শহরের নির্মাণ কার্যক্রমে একক পরিবারের আবাসিক ভবনই সর্বোচ্চ অবদান রেখেছে। এ ধরনের ভবনের ক্ষেত্রে স্থুল উৎপাদন দাঁড়িয়েছে ৮,২৪৮.৪১ লাখ টাকা এবং মধ্যবর্তী ভোগ হয়েছে ৬,০০০.৮৬ লাখ টাকা, যার ফলে স্থুল মূল্য সংযোজন দাঁড়িয়েছে ২,২৪৭.৫৫ লাখ টাকা। এটি গ্রামীণ এলাকার মতোই শহর এলাকার নির্মাণেও একক খানাভিত্তিক আবাসনের প্রাধান্যকে নির্দেশ করে, তবে উৎপাদন ও মূল্য সংযোজনের পরিসর এখানে উল্লেখযোগ্যভাবে বেশি। শহর এলাকায় বহুপরিবার ভিত্তিক আবাসিক ভবনও গুরুত্বপূর্ণ অবদান রেখেছে, যেখানে স্থুল উৎপাদনের পরিমাণ ৪৬২.৬৯ লাখ টাকা এবং স্থুল মূল্য সংযোজন ১১৬.৩৩ লাখ টাকা। এটি গ্রামীণ এলাকার তুলনায় শহরাঞ্চলে বহুপরিবার ভিত্তিক আবাসনের অধিক উপস্থিতিকে প্রতিফলিত করে। মিশ্র-ব্যবহারভিত্তিক ভবন নির্মাণ তুলনামূলকভাবে সীমিত অবদান রেখেছে, যেখানে মোট মূল্য সংযোজন দাঁড়িয়েছে ৭.২০ লাখ টাকা। অ-আবাসিক ভবনের শিল্প ও বাণিজ্যিক ব্যবহারের তথ্য এই সময়সীমার জন্য প্রতিবেদিত হয়নি, যা এই সময়কালে এই খাতে নির্মাণ

### 11.6 Gross Output, Intermediate Consumption, and Gross Value Added of Completed Pucca Building Constructed in Urban areas, FY 2023–24

Table 11.6 presents the gross output, intermediate consumption, and gross value added (GVA) of completed pucca building construction in urban areas for FY 2023–24. The data show that residential single-family buildings are the largest contributors to urban construction, with a gross output of Tk. 8,248.41 lakh and intermediate consumption of Tk. 6,000.86 lakh, resulting in a gross value added of Tk. 2,247.55 lakh. This underscores the dominant role of single-family housing in urban construction, similar to rural areas, but at a significantly higher scale in both output and value creation. Multi-family residential buildings also make a substantial contribution in urban areas, with a gross output of Tk. 462.69 lakh and a GVA of Tk. 116.33 lakh, reflecting a greater presence of multi-family housing in cities compared to rural regions. Mixed-use buildings contribute modestly, with a GVA of Tk. 7.20 lakh, while non-residential buildings (industrial and commercial use) are not reported, suggesting limited or unrecorded activity in this category for the period. Other building types contribute minimally, with a GVA of Tk.1.70 lakh. Overall, the total gross output for urban pucca buildings

কার্যক্রমের স্বল্পতা বা উল্লেখ করা হয়নি এমন ইঙ্গিত প্রদান করে। অন্যান্য ধরনের ভবন থেকে স্থূল মূল্য সংযোজন হয়েছে মাত্র ১.৭০ লাখ টাকা, যা সামগ্রিক শহর নির্মাণ কার্যক্রমে এগুলোর অতি সীমিত ভূমিকা নির্দেশ করে। সামগ্রিকভাবে, শহরে পাকা ভবনের মোট স্থূল উৎপাদন দাঁড়িয়েছে ৮,৭৪৯.২৯ লক্ষ টাকা, যেখানে মধ্যবর্তী ভোগের পরিমাণ ৬,৩৭৬.৫২ লক্ষ টাকা, ফলে মোট স্থূল মূল্য সংযোজন (GVA) হয়েছে ২,৩৭২.৭৮ লক্ষ টাকা। গ্রামীণ এলাকার (সারণি ১১.৫) তুলনায় শহরে নির্মাণ কার্যক্রমে বেশি উৎপাদন ও মূল্য সংযোজন লক্ষ্য করা যায়, যা বৃহৎ প্রকল্প, উচ্চ শ্রম ও উপকরণ ব্যয়, এবং বহুমুখী ভবন কাঠামোর প্রতিফলন। সারণি ১১.৬ শহরে আবাসন নির্মাণের অর্থনৈতিক গুরুত্বকে তুলে ধরে, বিশেষত একক পরিবার ও বহু পরিবার কেন্দ্রিক আবাসনকে শহরে নির্মাণ খাতে মূল্য সৃষ্টির প্রধান চালিকা শক্তি হিসেবে চিহ্নিত করেছে।

stands at Tk. 8,749.29 lakh, with intermediate consumption of Tk.6, 376.52 lakh, generating a total GVA of Tk. 2,372.78 lakh. Compared to rural areas (Table 11.5), urban construction demonstrates higher output and value added, reflecting larger-scale projects, higher labor and material costs, and a more diversified building stock. Table 11.6 highlights the economic significance of urban residential construction, particularly single-family and multi-family housing, as key drivers of value creation in the urban construction sector.

**Table 11.6: Gross Output, Intermediate Consumption, and Gross Value Added of Completed Pucca Building Construction in Urban Areas, FY 2023–24**

**(Lakh Tk.)**

| Types of building | Gross output | Intermediate consumption | Gross value added |
|---|---|---|---|
| 1.Residential (Single-family) | 8248.41 | 6000.86 | 2247.55 |
| 2.Residential (Multi-family) | 462.69 | 346.37 | 116.33 |
| 3.Mixed Use (Residential and Non-residential) | 28.42 | 21.22 | 7.20 |
| 4.Non-residential (industrial, commercial use) | - | - | - |
| 5.Others | 9.77 | 8.08 | 1.70 |
| **Total** | 8749.29 | 6376.52 | 2372.78 |

### ১১.৭ মোট স্থূল উৎপাদন, মধ্যবর্তী ভোগ ও স্থূল মূল্য সংযোজন

সারণি ১১.৭-এ ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীণ ও শহর উভয় এলাকায় নির্মিত পাকা ভবন নির্মাণের স্থূল উৎপাদন (Gross Output), মধ্যবর্তী ভোগ (Intermediate Consumption) এবং স্থূল মূল্য সংযোজন (Gross Value Added-GVA) উপস্থাপন করা হয়েছে। উপাত্ত থেকে স্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, একক পরিবারের আবাসিক ভবনসমূহ এ খাতে সর্বাধিক প্রাধান্য বিস্তার করেছে। এ শ্রেণির ভবনের স্থূল উৎপাদন দাঁড়িয়েছে  ১২,৩৯২.৩০ লাখ টাকা, মধ্যবর্তী ভোগ হয়েছে ৮,৯৮৬.৪৭ লাখ টাকা এবং স্থূল মূল্য সংযোজন দাঁড়িয়েছে

### 11.7 Total Gross Output, Intermediate Consumption and Gross Value Added

Table 11.7 presents the gross output, intermediate consumption, and gross value added of completed pucca building construction in rural and urban areas for FY 2023–24. Residential single-family buildings dominate the sector, with a gross output of Tk. 12,392.30 lakh, intermediate consumption of Tk. 8,986.47 lakh, and a gross value added of Tk. 3,405.83 lakh, highlighting their substantial economic contribution. Multi-

৩,৪০৫.৮৩ লাখ টাকা, যা এ ধরনের নির্মাণ কার্যক্রমের উল্লেখযোগ্য অর্থনৈতিক অবদানকে প্রতিফলিত করে। বহুখানাভিত্তিক আবাসিক ভবন নির্মাণ মধ্যম পর্যায়ের অবদান রেখেছে, যেখানে মোট মূল্য সংযোজন হয়েছে ১৩৫.৩৪ লাখ টাকা। মিশ্র-ব্যবহারভিত্তিক ভবন নির্মাণ থেকে মূল্য সংযোজন দাঁড়িয়েছে ১৭.৭৯ লাখ টাকা। শিল্প বা বাণিজ্যিক ব্যবহারের জন্য অ-আবাসিক ভবন নির্মাণের অবদান অত্যন্ত সীমিত, যেখানে স্থুল মূল্য সংযোজন মাত্র ০.১০ লাখ টাকা। অন্যান্য ধরনের ভবন সম্মিলিতভাবে ৭.৭৯ লাখ টাকা মূল্য সংযোজন যোগ করেছে। সামগ্রিকভাবে, সব ধরনের পাকা ভবন নির্মাণ মিলিয়ে স্থুল উৎপাদন দাঁড়িয়েছে ১৩,০৪৭.০৫ লাখ টাকা, মধ্যবর্তী ভোগ হয়েছে ৯,৪৮০.২১ লাখ টাকা এবং এর ফলস্বরূপ স্থুল মূল্য সংযোজন অর্জিত হয়েছে ৩,৫৬৬.৮৪ লাখ টাকা। এই উপাত্ত স্পষ্টভাবে নির্দেশ করে যে, পাকা ভবন নির্মাণ খাতে অর্থনৈতিক মূল্য সৃষ্টির প্রধান চালিকাশক্তি হিসেবে একক পরিবার ভিত্তিক আবাসিক ভবন নির্মাণ কার্যক্রমই বিদ্যমান রয়েছে, যেখানে অন্যান্য ধরনের ভবনের অবদান তুলনামূলকভাবে সীমিত।

family residential buildings contribute moderately, with a gross value added of Tk.135.34 lakh, while mixed-use constructions account for Tk.17.79 lakh. Non-residential buildings for industrial or commercial use have minimal impact, contributing only Tk. 0.10 lakh in value added. Other building types add Tk. 7.79 lakh. Overall, total gross output reaches Tk. 13,047.05 lakh, with intermediate consumption of Tk. 9,480.21 lakh, yielding a gross value added of Tk. 3,566.84 lakh. The data underscores that single-family residential construction remains the primary driver of economic value in the pucca building sector, while other building types play relatively smaller roles.

**Table 11.7: Total Gross Output, Intermediate Consumption, and Value Added of Completed Pucca Building (Rural and Urban) Construction in, FY 2023–24**

**(Lakh Tk.)**

| Types of Building | Gross Output | Intermediate Consumption | Gross Value Added |
|---|---|---|---|
| 1.Residential (Single-family) | 12392.30 | 8986.47 | 3405.83 |
| 2. Residential (Multi-family) | 536.50 | 401.16 | 135.34 |
| 3. Mixed Use (Residential and Non-residential) | 73.71 | 55.92 | 17.79 |
| 4.Non-residential (industrial, commercial use) | 0.63 | 0.53 | 0.10 |
| 5. Others | 43.92 | 36.13 | 7.79 |
| **Total** | 13047.05 | 9480.21 | 3566.84 |

## ১১.৮ মূল্য সংযোজনের উপাদানসমূহ

সারণি ১১.৮-এ ২০২৩–২৪ অর্থবছরে গ্রামীণ ও শহরাঞ্চলে সম্পন্ন পাকা ভবন নির্মাণ থেকে সৃষ্ট মূল্য সংযোজনের উপাদানসমূহ উপস্থাপন করা হয়েছে। যেহেতু এসব ভবন আনুষ্ঠানিক নির্মাণ প্রতিষ্ঠানের অংশগ্রহণ ছাড়াই সরাসরি খানাসমূহ কর্তৃক নির্মিত হয়েছে, তাই এখানে কোনো পরিচালন উদ্বৃত্ত এবং স্থায়ী মূলধনের ভোগ পরিলক্ষিত হয় না।

## 11.8 Components of Value Added

Table 11.8 shows the components of value added from completed pucca building construction in rural and urban areas for FY 2023–24. As the buildings are constructed directly by households without the involvement of formal construction enterprises, there is no operating surplus and no

নির্মাণে ব্যবহৃত যন্ত্রপাতি মালিকানাধীন না হয়ে ভাড়াভিত্তিক হওয়ায় স্থায়ী মূলধনের অবচয় প্রযোজ্য নয়। সে কারণে সারণিতে উপস্থাপিত মূল্য সংযোজন স্থূল মূল্য সংযোজন নয়; বরং নিট মূল্য সংযোজন হিসেবে গণ্য করা হয়েছে। সারণিটি থেকে সুস্পষ্টভাবে দেখা যায় যে, মজুরি ও বেতন সংযোজিত মূল্যের প্রধান উপাদান, যা খানাভিত্তিক নির্মাণ কার্যক্রমের শ্রমনির্ভর বৈশিষ্ট্যকে প্রতিফলিত করে। গ্রামীণ এলাকায় মজুরি ও বেতন বাবদ মূল্য সংযোজন দাঁড়িয়েছে ১,১৯৩.৬০ লাখ টাকা, যেখানে শহর এলাকায় এ পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়ে ২,৩৬৮.৫১ লাখ টাকায় পৌঁছেছে। উভয় এলাকা মিলিয়ে মজুরি ও বেতন বাবদ মোট মূল্য সংযোজন ৩,৫৬২.১০ লাখ টাকায় দাঁড়িয়েছে। অপরদিকে, ভ্যাট ও কর থেকে প্রাপ্ত মূল্য সংযোজন অত্যন্ত নগণ্য, যার মোট পরিমাণ মাত্র ৪.৭৪ লাখ টাকা, এবং এর সিংহভাগই শহর এলাকা থেকে এসেছে। সামগ্রিকভাবে, গ্রামীণ এলাকায় মোট মূল্য সংযোজন মূল্য দাঁড়িয়েছে ১,১৯৪.০৭ লাখ টাকা এবং শহর এলাকায় ২,৩৭২.৭৮ লাখ টাকা। এর ফলে উভয় এলাকা মিলিয়ে মোট নিট মূল্য সংযোজন ৩,৫৬৬.৮৪ লাখ টাকা হয়েছে। মূল্য সংযোজনের এই গঠন বিশ্লেষণ নির্দেশ করে যে, খানাসমূহ কর্তৃক নির্মিত পাকা ভবনসমূহ মূলত শ্রমিকদের পারিশ্রমিকের মাধ্যমেই অর্থনৈতিক মূল্য সৃষ্টি করে। এতে করের অবদান অত্যন্ত সীমিত এবং মূলধনের ওপর কোনো রিটার্ন নেই, যা এসব নির্মাণ কার্যক্রমের অ-বাণিজ্যিক ও স্ব-অর্থায়িত প্রকৃতিকে তুলে ধরে।

consumption of fixed capital, since construction equipment is rented rather than owned. Accordingly, the value added reported in the table represents net value added rather than gross value added. The table clearly indicates that wages and salaries constitute the dominant component of value added, underscoring the labor-intensive nature of household-based construction activities. In rural areas, wages and salaries amount to Tk. 1,193.60 lakh, while in urban areas they rise sharply to Tk. 2,368.51 lakh, together accounting for Tk. 3,562.10 lakh. In contrast, VAT and taxes contribute a very small share, totaling only Tk.4.74 lakh, with urban areas accounting for the majority of this amount. Overall, total net value added stands at Tk. 1,194.07 lakh in rural areas and Tk. 2,372.78 lakh in urban areas, resulting in a combined total of Tk. 3,566.84 lakh. The composition of value added highlights that household-constructed pucca buildings primarily generate economic value through labor remuneration, with negligible tax contributions and no capital returns, reflecting the non-commercial and self-financed nature of these construction activities.

**Table 11.8: Components of Value Added**

(Lakh Tk.)

| Components | Rural | Urban | Total |
|---|---|---|---|
| 1. Wages and salary | 1193.60 | 2368. 51 | 3562. 10 |
| 2. VAT and Tax | 0.47 | 4.27 | 4.74 |
| Total | 1194. 07 | 2372.78 | 3566. 84 |

**খ. আধা পাকা ভবন**

### ১১.৯ ২০২৩–২৪ অর্থবছরে গ্রামীণ ও শহর এলাকাভিত্তিক আধা-পাকা ভবনের সংখ্যা ও ধরন

সারণি ১১.৯-এর উপাত্ত গ্রামীণ ও শহর এলাকায় নির্মিত আধা-পাকা ভবনের সংখ্যা, ধরন এবং পাশাপাশি তাদের সংশ্লিষ্ট

**B. Semi-pucca buildings**

### 11.9 Number and types of semi-pucca Buildings completed in FY 2023–2024 by Rural and Urban Area

The data in Table 11.9 provides insight into the number and types of the semi-pucca buildings

মেঝের আয়তন সম্পর্কে ধারণা প্রদান করে। এই জরিপটি উক্ত সময়কালে আধা-পাকা ভবনের নির্মাণকাজ সম্পন্নকারী খানাসমূহের একটি নমুনার ওপর ভিত্তি করে পরিচালিত হয়েছে। উপস্থাপিত পরিসংখ্যানসমূহ গ্রামীণ, শহর বা জাতীয় পর্যায়ে আধা-পাকা ভবনের মোট সংখ্যার প্রতিনিধিত্ব করে না; বরং নমুনাভুক্ত ভবনগুলোর বৈশিষ্ট্যকে তুলে ধরে যা এই নির্মাণ কার্যক্রমের একটি সংক্ষিপ্ত চিত্র প্রদান করে।

সারণিটি থেকে দেখা যায় যে, গ্রামীণ ও শহর উভয় এলাকায় আধা-পাকা ভবনের অধিকাংশই আবাসিক, এবং এর মধ্যে একক খানাভিত্তিক আবাসিক ভবনের প্রাধান্য সর্বাধিক। মোট ১,১৫২টি আধা-পাকা ভবন সমীক্ষাভুক্ত হয়েছে, যার মধ্যে ৮০৫টি গ্রামীণ এলাকায় এবং ৪৪৭টি শহর এলাকায় অবস্থিত। এসব ভবনের সম্মিলিত মোট মেঝের আয়তন ছিল ৭৯২ হাজার বর্গফুট; এর মধ্যে গ্রামীণ এলাকায় ৫০২ হাজার বর্গফুট এবং শহর এলাকায় ২৯১ হাজার বর্গফুট। এটি নির্দেশ করে যে গ্রামীণ অঞ্চলের আধা-পাকা ভবনের গড় মেঝের আয়তন শহরের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি, যা বোঝায় যে গ্রামীণ বাড়িগুলো আরও প্রশস্ত।

যখন বহু পরিবার ভিত্তিক আবাসিক ভবনের দিকে লক্ষ্য করা হয়, তখন গ্রামীণ ও শহর উভয় এলাকা মিলিয়ে এ ধরনের মোট ১৪টি ভবন পাওয়া যায়, যার মধ্যে গ্রামীণ এলাকায় ৮টি এবং শহর এলাকায় ৬টি। এসব ভবনের মোট মেঝের আয়তন ছিল ১০.৯১ হাজার বর্গফুট; এর মধ্যে গ্রামীণ বহুখানাভিত্তিক ভবনের মেঝের আয়তন ৫.২৯ হাজার বর্গফুট এবং শহর এলাকার ক্ষেত্রে ৫.৬২ হাজার বর্গফুট। যদিও একক পরিবারভিত্তিক আবাসনের তুলনায় এ ধরনের ভবনের সংখ্যা কম, তবুও উভয় এলাকায় আধা-পাকা নির্মাণে এগুলোর একটি দৃশ্যমান উপস্থিতি রয়েছে।

মিশ্র-ব্যবহারযোগ্য (আবাসিক ও অনাবাসিক উভয় উদ্দেশ্যে ব্যবহৃত) আধা-পাকা ভবনের ক্ষেত্রে শুধুমাত্র একটি আধা-পাকা ভবন রয়েছে, যা শহর এলাকায় অবস্থিত এবং যার মেঝের আয়তন ০.৭৫ হাজার বর্গফুট। অনাবাসিক আধা-পাকা ভবন,

across rural and urban areas, as well as their respective floor areas. This survey is based on a sample of households that completed semi-pucca buildings during this period, and the figures presented are not representative of the total number of such buildings at the rural, urban, or national level. Instead, the data reflects the characteristics of sampled buildings, providing a focused snapshot of this construction practice.

The table highlights that the majority of semi-pucca buildings in both rural and urban areas are residential, with a significant focus on single-family residences. A total of 1,252 semi-pucca buildings were recorded, with 805 located in rural areas and 447 in urban areas. The combined floor area for these buildings was 792 thousand square feet, with 502 thousand square feet in rural areas and 291 thousand square feet in urban locations.This suggest that the average floor area per semipucca building in rural area is significantly larger than in urban areas, indicating that rural houses tend to be more spacious.

When looking at multi-family residential buildings, there were a total of 14 such buildings across both rural and urban areas, with 8 in rural areas and 6 in urban areas. The total floor area for these buildings was 10.91 thousand square feet, with rural multi-family buildings accounting for 5.29 thousand square feet and urban ones contributing 5.62 thousand square feet. This indicates that while multi-family residential buildings are less common than single-family residences, they still represent a notable portion of the total construction in both areas.

The category of mixed-use semi-pucca buildings, which combine both residential and non-residential purposes, includes just one semi-pucca

যার মধ্যে শিল্প ও বাণিজ্যিক স্থাপনা অন্তর্ভুক্ত তুলনামূলকভাবে বেশি পরিলক্ষিত হয়েছে। মোট ১৯টি অনাবাসিক আধা-পাকা ভবন নথিভুক্ত হয়েছে, যার মধ্যে গ্রামীণ এলাকায় ৭টি এবং শহর এলাকায় ১২টি। এসব ভবনের মোট ফ্লোর এরিয়া ছিল ৬.৩৭ হাজার বর্গফুট; এর মধ্যে শহর এলাকায় ৩.৯৮ হাজার বর্গফুট এবং গ্রামীণ এলাকায় ২.৩৯ হাজার বর্গফুট। এ থেকে প্রতীয়মান হয় যে, সংখ্যা ও ফ্লোর এরিয়া উভয় দিক থেকেই অনাবাসিক আধা-পাকা ভবনের উপস্থিতি শহর এলাকায় তুলনামূলকভাবে বেশি।

“অন্যান্য” শ্রেণিতে মোট ১৩টি ভবন অন্তর্ভুক্ত হয়েছে, যার মধ্যে গ্রামীণ এলাকায় ৫টি এবং শহর এলাকায় ৮টি ভবন রয়েছে। এ শ্রেণির ভবনগুলোর ফ্লোরের মোট আয়তন ছিল ৩.০৩ হাজার বর্গফুট। এই শ্রেণিতে এমন বিভিন্ন ধরনের ভবন অন্তর্ভুক্ত থাকতে পারে, যা সাধারণ আবাসিক বা বাণিজ্যিক শ্রেণিবিভাগের মধ্যে পড়ে না।

উপসংহারে, ২০২৩-২৪ অর্থবছরের আধা-পাকা ভবনের বিশ্লেষণ গ্রামীণ ও শহর এলাকার নির্মাণ প্রবণতার মধ্যে সুস্পষ্ট পার্থক্য তুলে ধরে। একক পরিবারভিত্তিক আবাসিক ভবনই প্রধানত আধা-পাকা নির্মাণ কার্যক্রমে প্রাধান্য বিস্তার করেছে, বিশেষত গ্রামীণ এলাকায়, যেখানে এ ধরনের ভবনের সংখ্যা ও ফ্লোরের মোট আয়তন উভয়ই বেশি। বহু পরিবারভিত্তিক ও মিশ্র-ব্যবহারভিত্তিক ভবন তুলনামূলকভাবে কম হলেও, এগুলো আধা-পাকা নির্মাণের বৈচিত্র্যে অবদান রাখে বিশেষ করে শহর এলাকায়। অনাবাসিক ভবনের উপস্থিতি শহরাঞ্চলে বেশি লক্ষ্য করা যায়, সংখ্যা এবং মেঝের আয়তন উভয় দিক থেকেই। এই নমুনাভিত্তিক উপাত্ত স্বতন্ত্রভাবে আধা-পাকা ভবন নির্মাণে নিয়োজিত খানাসমূহের নির্মাণ প্রবণতা সম্পর্কে গুরুত্বপূর্ণ ধারণা প্রদান করে।

building, located in an urban area. It occupies a floor area of 0.75 thousand square feet. Non-residential semi-pucca buildings, which encompass industrial and commercial structures, were more prevalent, with 19 semi-pucca buildings recorded (7 in rural and 12 in urban areas). The total floor area of these non-residential semi-pucca buildings was 6.37 thousand square feet, with urban semi-pucca buildings occupying 3.98 thousand square feet and rural semi-pucca buildings contributing 2.39 thousand square feet. This suggests that non-residential semi-pucca buildings are more common in urban areas, both in terms of number and floor area.

Finally, there were 13 buildings in the “Others” category (5 in rural and 8 in urban areas), with a total floor area of 3.03 thousand square feet. This category likely includes a variety of building types that do not fall into the more common residential or commercial classifications.

In conclusion, the analysis of semi-pucca buildings in FY 2023-2024 reveals clear differences between rural and urban construction trends. Single-family residential buildings dominate the landscape, particularly in rural areas, where they also tend to occupy a larger total floor area. Although multi-family and mixed-use buildings are less common, they still contribute to the overall diversity of semi-pucca construction, especially in urban areas. Non-residential buildings are more prevalent in urban areas, both in terms of number and floor area. This sample-based data offers valuable insights into the building practices of households that independently undertake semi-pucca construction.

**Table 11.9: Number and Types of Semi-Pucca Buildings in FY 2023–2024 by Rural and Urban Area**

| Types of building | Number of buildings with | | | Floor area ( 1000 Sq. feet) | | |
|---|---|---|---|---|---|---|
| | Rural | Urban | Total | Rural | Urban | Total |
| 1. Residential (Single-household) | 785 | 420 | 1,205 | 492.02 | 279.30 | 771.32 |
| 2. Residential (Multi-household) | 8 | 6 | 14 | 5.29 | 5.62 | 10.91 |
| 3. Mixed Use (Residential and Non-residential) | - | 1 | 1 | - | 0.75 | 0.75 |
| 4. Non-residential (industrial, commercial use) | 7 | 12 | 19 | 2.39 | 3.98 | 6.37 |
| 5. Others | 5 | 8 | 13 | 1.86 | 1.17 | 3.03 |
| **Total** | **805** | **447** | **1,252** | **502** | **291** | **792** |

## ১১.১০ ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীণ এলাকায় আধা-পাকা ভবনের ব্যয়ের বিভাজন

সারণি ১১.১০ এ ২০২৩–২৪ অর্থবছরে গ্রামীণ এলাকায় আধা-পাকা ভবনের একটি বিশদ ব্যয়ের কাঠামো উপস্থাপন করা হয়েছে। উপাত্ত অনুযায়ী, গ্রামীণ এলাকায় আধা-পাকা ভবন নির্মাণে মোট ব্যয় দাঁড়িয়েছে ৮,০৯২.৪৯ লাখ টাকা। এর মধ্যে সর্ববৃহৎ অংশ ব্যয় হয়েছে মৌলিক নির্মাণ উপকরণে, যার পরিমাণ ৬,০৭৮.৩৪ লাখ টাকা। মোট ব্যয়ের প্রায় ৭৫ শতাংশ জুড়ে থাকা এই খাতে ইট, সিমেন্ট ও রডসহ নির্মাণ প্রক্রিয়ার জন্য অপরিহার্য উপকরণ অন্তর্ভুক্ত রয়েছে, যা আধা-পাকা ভবন নির্মাণে কাঁচামালের গুরুত্বপূর্ণ ভূমিকা নির্দেশ করে। মজুরি ও বেতন ব্যয় দ্বিতীয় বৃহত্তম খাত হিসেবে পরিলক্ষিত হয়েছে, যার পরিমাণ ১,৫৭৫.০০ লাখ টাকা, যা মোট ব্যয়ের প্রায় ১৯.৫ শতাংশ। এটি আধা-পাকা ভবন নির্মাণের শ্রমনির্ভর বৈশিষ্ট্যকে প্রতিফলিত করে, যেখানে ইটের গাঁথুনি, কাঠমিস্ত্রির কাজ এবং অন্যান্য নির্মাণ কার্যক্রমে শ্রমিকদের পারিশ্রমিক প্রদান একটি বড় ব্যয় উপাদান। লক্ষণীয় যে, ২০২৩–২৪ অর্থবছরে মজুরি বাবদ ব্যয় (৭৯৫.০৭ লাখ টাকা) জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়ের (৭৭৯.৯৩ লাখ টাকা) তুলনায় সামান্য বেশি ছিল, যা নির্দেশ করে যে নির্মাণ অগ্রগতির সাথে সাথে শ্রম ব্যয় একটি গুরুত্বপূর্ণ ও চলমান ব্যয় হিসেবে বজায় ছিল। ইউটিলিটি চার্জ বাবদ মোট ব্যয় হয়েছে ২১০.৯১ লাখ টাকা, যার মধ্যে ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ৩৬.৯৭ লাখ টাকা। এটি মোট ব্যয়ের প্রায় ২.৬ শতাংশ, যা ইঙ্গিত দেয় যে ইউটিলিটি ব্যয় সামগ্রিক বাজেটে তুলনামূলকভাবে কম গুরুত্বপূর্ণ ছিল এবং এসব ব্যয়ের একটি বড় অংশ নির্মাণের প্রাথমিক পর্যায়েই সংঘটিত হয়েছে। যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ভাড়া বাবদ ব্যয় হয়েছে ১২৩.৩৯ লাখ

## 11.10 Cost Breakdown of Semi-pucca Buildings in Rural Areas, 2023–24

The cost breakdown for semi-pucca buildings in rural areas during FY 2023–2024, as presented in Table 11.10, shows a detailed expenditure structure. The total expenditure incurred for constructing semi-pucca buildings in rural areas amounted to Tk. 8,092.49 Lakh, with the largest share going to the cost of basic materials, which accounted for Tk. 6,078.34 Lakh. This category, representing about 75% of the total cost, includes essential construction materials such as bricks, cement, and steel, which are fundamental for the building process. The second largest expenditure category was wages and salaries, which accounted for Tk. 1,575.00 Lakh or about 19.5% of the total expenditure. This reflects the labor-intensive nature of semi-pucca construction, as a large portion of the costs went toward paying workers for tasks such as bricklaying, carpentry, and other construction activities. Interestingly, the expenditure on wages in 2023-24 (Tk. 795.07 Lakh) was slightly higher than the cumulative expenditure up to June 2023 (Tk. 779.93 Lakh), indicating that labor costs were a major ongoing expense as construction progressed. Utility charges amounted to Tk. 210.91 Lakh, with Tk. 36.97 Lakh spent in 2023-24. This represents only about 2.6% of the total cost, suggesting that utility expenses were not a significant part of the overall budget, and they were mainly incurred earlier in the construction process. Rent for

টাকা (মোট ব্যয়ের প্রায় ১.৫ শতাংশ), যার মধ্যে ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ৫০.১৩ লাখ টাকা। এ থেকে বোঝা যায় যে, নির্মাণ কার্যক্রম অগ্রসর হওয়ার সঙ্গে সঙ্গে ভাড়াভিত্তিক যন্ত্রপাতির ওপর নির্ভরতা হ্রাস পেয়েছে । ভ্যাট ও কর বাবদ ব্যয় বেশ নগণ্য, যার মোট পরিমাণ মাত্র ০.৯৮ লাখ টাকা। এটি নির্দেশ করে যে এ ধরনের প্রকল্পে কর ব্যয় নির্মাণ ব্যয়ের ওপর উল্লেখযোগ্য প্রভাব ফেলেনি। লিফট স্থাপন ব্যয় এই ক্ষেত্রে প্রযোজ্য ছিল না, যা গ্রামীণ এলাকায় আধা-পাকা ভবনের তুলনামূলকভাবে ছোট আকার এবং সীমিত উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। "অন্যান্য ব্যয়" খাতে পরিবহন ও ক্ষুদ্র যন্ত্রপাতিসহ বিবিধ ব্যয় অন্তর্ভুক্ত রয়েছে, যার মোট পরিমাণ ১০৩.৮৭ লাখ টাকা, যা মোট ব্যয়ের প্রায় ১.৩ শতাংশ। ২০২৩-২৪ অর্থবছরে এই খাতে ব্যয় হয়েছে ৪২.১০ লাখ টাকা, যা নির্মাণের পূর্ববর্তী পর্যায়ের তুলনায় কম। এটি নির্দেশ করে যে, নির্মাণ কাজ সমাপ্তির দিকে অগ্রসর হওয়ার সঙ্গে সঙ্গে অপ্রত্যাশিত ব্যয় হ্রাস পেয়েছে । সবমিলিয়ে, গ্রামীণ এলাকায় আধা-পাকা ভবন নির্মাণে ব্যয়িত ৮,০৯২.৪৯ লাখ টাকা প্রধানত উপকরণ ও শ্রমনির্ভর নির্মাণ প্রক্রিয়াকে প্রতিফলিত করে, যেখানে মৌলিক উপকরণ ও মজুরি ব্যয়ই মোট ব্যয়ের সিংহভাগ অংশে রয়েছে। এই ব্যয় বিভাজন আধা-পাকা ভবন নির্মাণে কাঁচামাল ও দক্ষ শ্রমের গুরুত্বকে সুস্পষ্টভাবে তুলে ধরে, পাশাপাশি ইউটিলিটি, কর এবং যন্ত্রপাতি ভাড়ার মতো অন্যান্য ব্যয় উপাদানগুলোর তুলনামূলকভাবে সীমিত ভূমিকাও তুলে ধরে।

equipment and machinery contributed Tk. 123.39 Lakh (about 1.5% of the total expenditure), with Tk. 50.13 Lakh spent in 2023-24, indicating a reduction in reliance on rented machinery as construction moved forward. The expenditure on VAT and tax was minimal, totaling Tk. 0.98 Lakh, which is a very small portion of the overall cost, indicating that taxes were not a substantial burden for these types of projects. Costs for lift installation were not applicable, which is expected for semi-pucca buildings in rural areas, where lifts are not typically needed due to the smaller scale of construction. The category of other costs, which includes miscellaneous expenses such as transport and small tools, totaled Tk. 103.87 Lakh, contributing only about 1.3% to the total cost. Expenditure in this category was lower in 2023-24 (Tk. 42.10 Lakh) compared to earlier stages, suggesting that fewer unplanned costs were incurred as the construction neared completion. In total, the Tk. 8,092.49 Lakh spent on constructing semi-pucca buildings reflects a primarily material and labor-intensive process, with basic materials and wages making up the bulk of the expenses. This breakdown underscores the importance of raw materials and skilled labor in the construction of semi-pucca buildings, with other costs such as utilities, taxes, and equipment rental being relatively modest in comparison.

**Table 11.10: Cost Breakdown of Semi-Pucca Buildings in Rural Areas, 2023–24**

**(Lakh Tk.)**

| Type of materials | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| 1. Basic materials | 3373.31 | 2705.03 | 6078.34 |
| 2. Utility charge | 173.93 | 36.97 | 210.91 |
| 3. Wages and salary | 779.93 | 795.07 | 1575.00 |
| 4. VAT and Tax | 0.61 | 0.38 | 0.98 |
| 5. Rent for equipment/machinery | 73.26 | 50.13 | 123.39 |
| 6. Lift Installation Cost | - | - | - |
| 7. Others | 61.77 | 42.10 | 103.87 |
| **Total** | **4462.81** | **3629.68** | **8092.49** |

## ১১.১১ ২০২৩–২৪ অর্থবছরে শহর এলাকায় আধা-পাকা ভবনের ব্যয়ের বিভাজন

সারণি ১১.১১ এ ২০২৩-২৪ অর্থবছরে শহর এলাকায় আধা-পাকা ভবনের ব্যয় বিভাজন উপস্থাপন করা হয়েছে। উপাত্ত অনুযায়ী, শহর এলাকায় আধা-পাকা ভবন নির্মাণে মোট ব্যয় দাঁড়িয়েছে ৪,৭৪৬.৬০ লাখ টাকা। গ্রামীণ এলাকার মতোই, মোট ব্যয়ের সর্বাধিক অংশ ব্যয় হয়েছে মৌলিক নির্মাণ উপকরণে, যার পরিমাণ ৩,৬৪০.৭০ লাখ টাকা, যা মোট ব্যয়ের প্রায় ৭৬.৭ শতাংশ। ২০২৩–২৪ অর্থবছরে এই খাতে ব্যয় হয়েছে ১,৬১০.১০ লাখ টাকা। ইট, সিমেন্ট ও রডের মতো কাঁচামালে গুরুত্বপূর্ণ বিনিয়োগ প্রফলিত করে, ঠিক গ্রামীণ এলাকার মতো।

মজুরি ও বেতন ব্যয় শহর এলাকায়ও একটি প্রধান ব্যয় উপাদান হিসেবে পরিলক্ষিত হয়েছে। এ খাতে মোট ব্যয় দাঁড়িয়েছে ৮৯৩.৭৩ লাখ টাকা, যার মধ্যে ৪৫৩.২২ লাখ টাকা ২০২৩-২৪ অর্থবছরে ব্যয় হয়েছে। এ ব্যয় মোট নির্মাণ ব্যয়ের প্রায় ১৮.৮ শতাংশ, যা গ্রামীণ এলাকার ১৯.৪%-এর চেয়ে সামান্য কম, যেখানে মজুরি ও বেতনের মোট ব্যয় ছিল ১৫৭৫.০০ লাখ টাকা। শহর এলাকায় মজুরির বিপরীতে ব্যয়ের পরিমাণ গ্রামীণ এলাকার সাথে তুলনামূলকভাবে সাদৃশ্যপূর্ণ, যদিও মোট সংখ্যা কম হওয়ার কারণে শহর এলাকায় নমুনা হিসেবে অন্তর্ভুক্ত ভবনের সংখ্যা কম ছিল।

শহর এলাকায় ইউটিলিটি চার্জ বাবদ মোট ব্যয় হয়েছে ৯৩.৮৯ লাখ টাকা, যার মধ্যে ২০২৩-২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ১২.৯১ লাখ টাকা। এই ব্যয় গ্রামীণ এলাকার মোট ইউটিলিটি ব্যয়ের (২১০.৯১ লাখ টাকা) তুলনায় কম, মোট ব্যয়ের অনুপাতে শহর এলাকায় এটি প্রায় ২ শতাংশ, গ্রামীণ এলাকায় এটি মোট ব্যয়ের ২.৬%। নির্মাণ কার্যক্রম শেষের দিকে আসার কারণে ২০২৩–২৪ অর্থবছরে ইউটিলিটি ব্যয় সম্ভবত কম হয়েছে। তবে শহর এলাকায় সেবার উচ্চমূল্যের কারণে সামগ্রিক ব্যয় এখনো উল্লেখযোগ্য।

শহর এলাকায় ভ্যাট ও কর বাবদ ব্যয় অত্যন্ত নগণ্য, যার মোট পরিমাণ ০.৩৯ লাখ টাকা এবং ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ০.১২ লাখ টাকা। এটি গ্রামীণ এলাকার কর

## 11.11 Cost breakdown of Semi-pucca Buildings in Urban Areas, 2023–24

The cost breakdown for semi-pucca buildings in urban areas during FY 2023–2024, presented in Table 11.11, shows a total expenditure of Tk. 4,746.60 Lakh across various categories. The largest portion of the total expenditure, similar to rural areas, goes toward basic materials, which amounted to Tk. 3,640.70 Lakh, representing approximately 76.7% of the total cost. In 2023-24, Tk. 1,610.10 Lakh was spent on basic materials, reflecting a significant investment in raw materials such as bricks, cement, and steel, much like in rural areas.

The wages and salary category also represented a significant cost in urban areas, totaling Tk. 893.73 Lakh, with Tk. 453.22 Lakh spent in 2023-24. This category accounted for 18.8% of the total expenditure, which is slightly lower than the 19.5% in rural areas, where the total cost for wages and salaries was Tk. 1,575.00 Lakh. The amount spent in urban areas on wages is proportionally similar to rural areas, though the total figure is smaller due to the lower number of buildings sampled in urban areas.

Utility charges in urban areas amounted to Tk. 93.89 Lakh, with Tk. 12.91 Lakh spent in 2023-24. This is lower than the rural expenditure of Tk. 210.91 Lakh, and it accounts for a smaller percentage of the total cost (approximately 2%) compared to rural areas, where it made up about 2.6%. The smaller expenditure in 2023-24 likely reflects the lesser reliance on utilities as the construction process neared completion, but the overall cost is still notable in urban areas due to the higher cost of services in these locations.

The VAT and tax category in urban areas was minimal, amounting to Tk. 0.39 Lakh, with Tk. 0.12

ব্যয়ের (০.৯৮ লাখ টাকা) অনুরূপ, তবে উভয় ক্ষেত্রেই মোট ব্যয়ের খুব সামান্য অংশ মাত্র। এ থেকে বোঝা যায় যে, আধা-পাকা ভবন নির্মাণ প্রকল্পে কর ও ভ্যাট নির্মাণ ব্যয়ের ওপর উল্লেখযোগ্য আর্থিক চাপ তৈরি করেনি।

যন্ত্রপাতি ও মেশিনের ভাড়া বাবদ শহর এলাকায় মোট ব্যয় হয়েছে ৬৪.২১ লাখ টাকা, যার মধ্যে ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ২৩.৯০ লাখ টাকা। এটি মোট ব্যয়ের প্রায় ১.৪ শতাংশ, যা গ্রামীণ এলাকার ১২৩.৩৯ লাখ টাকা ব্যয়ের (প্রায় ১.৫ শতাংশ) তুলনায় সামান্য কম। যদিও শহর এলাকায় ভাড়াভিত্তিক যন্ত্রপাতিতে মোট ব্যয় কিছুটা কম, তবুও উভয় এলাকায় নির্মাণ কাজে যন্ত্রপাতির ওপর নির্ভরতা প্রায় একই রকম, যদিও প্রকল্পের পরিসর ভিন্ন।

গ্রামীণ এলাকার মতো শহর এলাকাতেও আধা-পাকা ভবনের ক্ষেত্রে লিফট স্থাপনের জন্য কোন ব্যয় ছিল না। এটি আরও নিশ্চিত করে যে, আধা-পাকা ভবন সাধারণত ছোট আকারের হওয়ায় গ্রামীণ বা শহর কোনো এলাকাতেই লিফটের প্রয়োজন হয় না।

"অন্যান্য ব্যয়" খাতে শহর এলাকায় মোট ব্যয় দাঁড়িয়েছে ৫৩.৬৮ লাখ টাকা, যার মধ্যে ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ২২.০১ লাখ টাকা। পরিবহন ও ক্ষুদ্র যন্ত্রপাতিসহ বিবিধ ব্যয় অন্তর্ভুক্ত এই খাতটি মোট ব্যয়ের প্রায় ১.১ শতাংশ, যা গ্রামীণ এলাকার মতোই সামগ্রিক বাজেটের একটি ক্ষুদ্র অংশ।

গ্রামীণ ও শহর এলাকার মধ্যে তুলনা করলে কয়েকটি মূল পার্থক্য এবং সাদৃশ্য দেখা যায়। উভয় ক্ষেত্রেই আধা-পাকা ভবন নির্মাণে মৌলিক নির্মাণ উপকরণই প্রধান ব্যয় উপাদান। মজুরি ও বেতনও উভয় ক্ষেত্রেই একটি গুরুত্বপূর্ণ ব্যয় খাত, উভয় এলাকাতেই শ্রম খরচের অনুপাত প্রায় সমান, যদিও ভবনের সংখ্যা বেশি হওয়ায় গ্রামীণ এলাকায় মোট ব্যয় তুলনামূলকভাবে বেশি। শহর এলাকায় ইউটিলিটি চার্জ নামমাত্র বেশি হলেও মোট ব্যয়ের অনুপাতে এর অংশ গ্রামীণ

Lakh spent in 2023-24. This is similar to rural areas, where Tk. 0.98 Lakh was spent on taxes, but still constitutes a very small percentage of the total cost in both settings. The minimal impact of VAT and taxes on overall expenditures suggests that taxes were not a significant financial burden for either rural or urban semi-pucca construction projects.

Rent for equipment and machinery in urban areas totaled Tk. 64.21 Lakh, with Tk. 23.90 Lakh spent in 2023-24. This represents about 1.4% of the total expenditure, which is lower than the rural area's expenditure of Tk. 123.39 Lakh (approximately 1.5%). While the urban area spent less on rented equipment overall, the difference is not substantial, suggesting similar reliance on machinery and equipment in both settings, although the scale of the projects may differ.

Interestingly, there was no lift installation cost in urban areas either, similar to rural areas. This absence further confirms that semi-pucca buildings, whether urban or rural, typically do not require lifts, given their generally smaller scale.

Finally, other costs in urban areas totaled Tk. 53.68 Lakh, with Tk. 22.01 Lakh spent in 2023-24. This category, which covers miscellaneous expenses such as transportation or small tools, accounted for about 1.1% of the total expenditure, similar to rural areas where other costs were also a small percentage of the overall budget.

In comparison between rural and urban areas, several key differences and similarities emerge. Both rural and urban areas have basic materials. Wages and salaries are another major expenditure, with both areas spending similar proportions of their budgets on labor, although the total cost is higher in rural areas due to a greater number of buildings. Utility charges in urban areas, though a larger nominal

এলাকার তুলনায় কম। যন্ত্রপাতি ভাড়া ও বিবিধ ব্যয়ের ক্ষেত্রে উভয় এলাকায় প্রায় সমপর্যায়ের ব্যয় কাঠামো পরিলক্ষিত হয়েছে। সার্বিকভাবে, শহর এলাকায় আধা-পাকা ভবন নির্মাণের ব্যয় কাঠামো গ্রামীণ এলাকার সঙ্গে বহুলাংশে সাদৃশ্যপূর্ণ, যেখানে মোট ব্যয়ে কিছু পার্থক্য রয়েছে, যা নির্মাণের আকারের ভিন্নতার কারণে।

amount, represent a smaller percentage of the total cost than in rural areas. The expenditures on equipment rental and miscellaneous costs are also fairly comparable between the two regions, with both settings showing relatively minor proportions in these categories. Overall, the cost structure of semi-pucca buildings in urban areas appears to be similar to that of rural areas, with a few differences primarily in the total amounts spent due to the differing scales of construction.

**Table 11.11: Cost Breakdown of Semi-Pucca Buildings in Urban Areas, 2023–24**

**(Lakh Tk.)**

| Type of materials | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| 1.Basic materials | 2030.60 | 1610.10 | 3640.70 |
| 2. Utility charge | 80.97 | 12.91 | 93.89 |
| 3. Wages and salary | 440.51 | 453.22 | 893.73 |
| 4. VAT and Tax | 0.27 | 0.12 | 0.39 |
| 5. Rent for equipment/machinery | 40.31 | 23.90 | 64.21 |
| 6. Lift Installation Cost X | - | - | - |
| 7. Others | 31.67 | 22.01 | 53.68 |
| **Total** | **2624.33** | **2122.27** | **4746.60** |

## ১১.১২ ২০২৩-২৪ অর্থবছরে আধা-পাকা ভবনের মোট ব্যয় বিভাজন (শহর ও গ্রামীণ এলাকা)

সারণি ১১.১২–এ ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীণ ও শহর উভয় এলাকায় আধা-পাকা ভবন নির্মাণে মোট ব্যয়ের একটি সমন্বিত ও বিস্তৃত বিবরণ উপস্থাপন করা হয়েছে। উভয় এলাকা মিলিয়ে মোট ব্যয় দাঁড়িয়েছে ১২,৮৩৯.০৯ লাখ টাকা। এই মোট ব্যয়ের মধ্যে মৌলিক নির্মাণ উপকরণ, ইউটিলিটি চার্জ, মজুরি ও বেতন, ভ্যাট ও কর, যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ভাড়া এবং অন্যান্য ব্যয় অন্তর্ভুক্ত রয়েছে। উপাত্তে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় এবং ২০২৩–২৪ অর্থবছরের ব্যয় পৃথকভাবে উপস্থাপন করা হয়েছে, যা নির্মাণ কার্যক্রমের বিভিন্ন পর্যায়ে ব্যয়ের বণ্টন ও গতিপ্রকৃতি সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা প্রদান করে।

মোট ব্যয়ের সর্ববৃহৎ অংশ ব্যয় হয়েছে মৌলিক নির্মাণ উপকরণে, যার পরিমাণ ৯,৭১৯.০৪ লাখ টাকা, যা মোট ব্যয়ের প্রায় ৭৫.৭ শতাংশ। সিমেন্ট, ইট ও রডের মতো

## 11.12 Total Cost Breakdown of Semi-pucca Buildings (urban and rural areas), 2023–24

Table 11.12 provides a comprehensive breakdown of the total cost incurred for constructing semi-pucca buildings in both urban and rural areas during FY 2023–2024. The overall total expenditure for both regions combined amounted to Tk. 12,839.09 Lakh, covering various expenditure categories, including basic materials, utility charges, wages, taxes, equipment rentals, and others. The data shows the cumulative expenditure up to June 2023, as well as the expenditure specifically in the fiscal year 2023-24, offering a clear picture of how costs were distributed and evolved throughout the year.

The largest portion of the total expenditure was spent on basic materials, which amounted to Tk. 9,719.04 Lakh, representing approximately 75.7% of the total cost. This category, which includes

অপরিহার্য কাঁচামাল অন্তর্ভুক্ত এই খাতটি আধা-পাকা ভবন নির্মাণে ব্যয়ের প্রধান নির্ধারক হিসেবে প্রতীয়মান হয়। ২০২৩-২৪ অর্থবছরে এ খাতে ব্যয় হয়েছে ৪,৩১৫.১৩ লাখ টাকা, যা নির্দেশ করে যে নির্মাণ কার্যক্রম জুড়েই কাঁচামালের চাহিদা অব্যাহত ছিল। জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫,৪০৩.৯১ লাখ টাকা, যা থেকে বোঝা যায় যে উপকরণ ব্যয়ের একটি বড় অংশ নির্মাণের প্রাথমিক পর্যায়েই হয়েছে। মজুরি ও বেতন দ্বিতীয় বৃহত্তম ব্যয় খাত হিসেবে চিহ্নিত হয়েছে, যার মোট পরিমাণ ২,৪৬৮.৭৩ লাখ টাকা, যা মোট ব্যয়ের প্রায় ১৯.২ শতাংশ। এই ব্যয় নির্মাণ কাজে নিয়োজিত শ্রমিক ও কারিগরদের পারিশ্রমিককে প্রতিফলিত করে, যার মধ্যে ইট গাঁথুনি, কাঠমিস্ত্রির কাজ এবং অন্যান্য শ্রমনির্ভর কার্যক্রম অন্তর্ভুক্ত। ২০২৩–২৪ অর্থবছরে মজুরি ও বেতন বাবদ ব্যয় হয়েছে ১,২৪৮.২৯ লাখ টাকা, যা নির্দেশ করে যে নির্মাণ অগ্রগতির সঙ্গে সঙ্গে শ্রম ব্যয় একটি গুরুত্বপূর্ণ ব্যয় উপাদান হিসেবে অব্যাহত ছিল। জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত শ্রম ব্যয় ছিল ১,২২০.৪৪ লাখ টাকা, যা সারা বছর জুড়ে শ্রম ব্যয়ের ধারাবাহিকতা নির্দেশ করে।

ইউটিলিটি চার্জ বাবদ মোট ব্যয় হয়েছে ৩০৪.৭৯ লাখ টাকা, যার মধ্যে ২০২৩–২৪ অর্থবছরে খরচ হয়েছে ৪৯.৮৮ লাখ টাকা। এটি মোট ব্যয়ের প্রায় ২.৪ শতাংশ যা একটি মধ্যম মাত্রার খরচ। প্রাথমিক উপকরণ ও মজুরি খরচের তুলনায় এটি উল্লেখযোগ্যভাবে কম, তবুও নির্মাণ প্রক্রিয়ায় পানি এবং বিদ্যুৎসহ অন্যান্য সেবার জন্য এটি একটি অপরিহার্য ব্যয়। ক্রমপুঞ্জিত ব্যয় ২৫৪.৯১ লাখ টাকা নির্দেশ করে যে, ইউটিলিটি ব্যয় মূলত ২০২২-২৩ অর্থবছরে হয়েছে এবং ২০২৩-২৪ সালে এর একটি ছোট অংশ ব্যয় হয়েছে।

ভ্যাট ও কর বাবদ ব্যয় অত্যন্ত নগণ্য, যার মোট পরিমাণ মাত্র ১.৩৭ লাখ টাকা, যার মধ্যে ২০২৩-২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ০.৫০ লাখ টাকা। এটি মোট ব্যয়ের একটি ছোট অংশ (প্রায়

essential raw materials like cement, bricks, and steel, shows a clear dominance in construction costs. A substantial amount, Tk. 4,315.13 Lakh**, was** spent on basic materials in 2023-24, reflecting the ongoing need for raw materials throughout the construction process. The cumulative expenditure of Tk. 5,403.91 Lakh indicates that a significant portion of the material costs were incurred in the earlier stages of construction.

Wages and salaries are the second largest expenditure category, with Tk. 2,468.73 Lakh spent overall, accounting for about 19.2% of the total expenditure. This cost reflects payments made to workers and laborers involved in the construction process, including bricklaying, carpentry, and other manual labor. The Tk. 1,248.29 Lakh spent in 2023-24 shows that wages continued to be a major expenditure as construction progressed. The earlier expenditure of Tk. 1,220.44 Lak**h** up to June 2023 highlights that labor costs were incurred steadily throughout the year, in line with ongoing construction activities.

Utility charges amounted to Tk. 304.79 Lakh**,** with Tk. 49.88 Lakh spent in 2023-24. This represents 2.4% of the total cost, which is a moderate amount. The figure is considerably lower than the expenditure on basic materials and wages but still represents a necessary expense for services such as water and electricity during the construction process. The cumulative figure of Tk. 254.91 Lakh indicates that utility costs were largely incurred earlier in 2022-23, with a smaller proportion spent in 2023-24.

Expenditures on VAT and tax were minimal, amounting to Tk. 1.37 Lakh in total, with Tk. 0.50 Lakh incurred in 2023-24. This is just a small fraction of the total expenditure (about 0.01%), suggesting that taxes and VAT had a negligible

০.০১ শতাংশ), এটি স্পষ্ট করে যে আধা-পাকা ভবনের নির্মাণ ব্যয়ে কর ও ভ্যাটের প্রভাব অত্যন্ত নগণ্য।

যন্ত্রপাতি ও মেশিনের ভাড়া আরেকটি উল্লেখযোগ্য ব্যয় খাত, যার মোট ব্যয় দাঁড়িয়েছে ১৮৭.৬০ লাখ টাকা, যার মধ্যে ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ৭৪.০৩ লাখ টাকা। এই খাতটি মোট ব্যয়ের প্রায় ১.৫ শতাংশ প্রতিনিধিত্ব করে। জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১১৩.৫৭ লাখ টাকা, যা নির্দেশ করে যে, যন্ত্রপাতি ও মেশিন ভাড়া একটি চলমান ব্যয়, তবে ২০২৩-২৪ সালে এর হ্রাস দেখায় যে, নির্মাণের শেষের দিকে ভাড়া নেওয়া যন্ত্রপাতির উপর নির্ভরতা কমে গেছে। লিফট স্থাপন ব্যয় এই ক্ষেত্রে সম্পূর্ণরূপে অনুপস্থিত, যা নির্দেশ করে যে, আধাপাকা ভবনের জন্য গ্রাম এ শহরাঞ্চল উভয় ক্ষেত্রেই লিফটের প্রয়োজন হয়নি। এটি এই ধরনের ভবনের সাধারণত ছোট আকারের সাথে সামঞ্জস্যপূর্ণ, যেগুলিতে সাধারণত এমন কোন স্থাপনার প্রয়োজন পড়ে না। “অন্যান্য ব্যয়” খাতে পরিবহন, ক্ষুদ্র যন্ত্রপাতি ও অনাকাঙ্ক্ষিত ব্যয় অন্তর্ভুক্ত রয়েছে, যার মোট পরিমাণ ১৫৭.৫৫ লাখ টাকা। এর মধ্যে ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ৬৪.১১ লাখ টাকা। এই খাতটি মোট ব্যয়ের প্রায় ১.২ শতাংশ প্রতিনিধিত্ব করে, যা তুলনামূলকভাবে ছোট হলেও মোট খরচের একটি উল্লেখযোগ্য অংশ হিসেবে বিবেচিত।

সার্বিকভাবে, গ্রামীণ ও শহর উভয় এলাকায় আধা-পাকা ভবন নির্মাণে মোট ব্যয়ের কাঠামো থেকে প্রতীয়মান হয় যে, মৌলিক নির্মাণ উপকরণ ও মজুরি-বেতন ব্যয় সবচেয়ে গুরুত্বপূর্ণ। মিলিতভাবে এটি মোট ব্যয়ের প্রায় ৯৫ শতাংশ, যেখানে মৌলিক উপকরণই প্রধান ব্যয় উপাদান হিসেবে প্রাধান্য বিস্তার করেছে। ইউটিলিটি চার্জ, ভ্যাট ও কর এবং যন্ত্রপাতি ভাড়ার মতো অন্যান্য ব্যয় তুলনামূলকভাবে কম হলেও নির্মাণ কার্যক্রমের এগুলো গুরুত্বপূর্ণ উপাদান। লিফট স্থাপন ব্যয়ের অনুপস্থিতি এবং অন্যান্য ব্যয়ের সীমিত অংশ আধা-পাকা ভবন নির্মাণের তুলনামূলকভাবে সরল ও সাধারণ প্রকৃতিকে প্রতিফলিত করে। শহর ও গ্রামীণ উভয়

impact on the overall cost of constructing semi-pucca buildings.

The rent for equipment and machinery was another significant expense, totaling Tk. 187.60 Lakh, with Tk. 74.03 Lakh spent in 2023-24. This category accounted for 1.5% of the total expenditure. The cumulative figure of Tk. 113.57 Lakh up to June 2023 indicates that the rental of equipment and machinery was an ongoing cost, but a decrease in 2023-24 suggests that as construction neared completion, the reliance on rented machinery diminished. There were no costs recorded for lift installation, indicating that lifts were not needed for the semi-pucca buildings in either rural or urban areas. This is consistent with the generally small scale of these buildings, which typically do not require such installations. Finally, the category of other costs totaled Tk. 157.55 Lakh, with Tk. 64.11 Lakh spent in 2023-24. These costs likely include miscellaneous expenditures such as transportation, small tools, or unexpected expenses during construction. This category accounted for approximately 1.2% of the total expenditure, reflecting a smaller but still notable portion of the overall cost.

In conclusion, the total expenditure on semi-pucca buildings in both rural and urban areas highlights the importance of basic materials and labor costs in the construction process. Basic materials and wages and salaries combined account for nearly 95% of the total expenditure, with basic materials being the dominant cost factor. While utility charges, VAT and tax, and rental equipment expenses represent smaller portions of the overall cost, they are still important components of the construction process. The absence of lift installation costs and the relatively small proportion of other costs emphasize the relatively straightforward nature of semi-pucca

এলাকায় ব্যয়ের কাঠামো প্রায় একই রকম, যেখানে প্রাথমিক উপকরণ এবং মজুরি খাত বাজেটের অধিকাংশ অংশ দখল করে।

construction. Compared to rural areas, the expenditure patterns in urban areas follow a similar structure, with basic materials and wages taking up the majority of the budget.

**Table 11.12: Total Cost Breakdown of Semi-Pucca Buildings (Urban and Rural Areas), 2023–24**

**(Lakh Tk.)**

| Type of materials | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| 1. Basic materials | 5403.91 | 4315.13 | 9719.04 |
| 2. Utility charge | 254.91 | 49.88 | 304.79 |
| 3. Wages and salary | 1220.44 | 1248.29 | 2468.73 |
| 4. VAT and Tax | 0.87 | 0.50 | 1.37 |
| 5. Rent for equipment/machinery | 113.57 | 74.03 | 187.60 |
| 6. Lift Installation Cost | - | - | - |
| 7. Others | 93.44 | 64.11 | 157.55 |
| **Total** | **7087.14** | **5751.95** | **12839.09** |

## ১১.১৩ ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীণ এলাকায় আধা-পাকা ভবন নির্মাণে স্থুল উৎপাদন, মধ্যবর্তী ভোগ ও মূল্য সংযোজন

সারণি ১১.১৩–এ ২০২৩–২৪ অর্থবছরে গ্রামীণ এলাকায় খানাসমূহ কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় নির্মিত আধা-পাকা ভবন নির্মাণের স্থূল উৎপাদন, মধ্যবর্তী ভোগ এবং মূল্য সংযোজনের প্রাক্কলন উপস্থাপন করা হয়েছে। উপাত্ত অনুযায়ী, মোট স্থুল উৎপাদনের পরিমাণ দাঁড়িয়েছে ৩,৬৩২.৬৭ লাখ টাকা, যার মধ্যে ২,৮৩৭.২২ লাখ টাকা মধ্যবর্তী ভোগ হিসেবে ব্যয় হয়েছে। এর ফলে মোট মূল্য সংযোজন দাঁড়িয়েছে ৭৯৫.৪৫ লাখ টাকা। এটি নির্দেশ করে যে, নির্মাণ কার্যক্রমের একটি উল্লেখযোগ্য অংশ উপকরণ ও ক্রয়কৃত সেবার ব্যয়ে ব্যবহৃত হয়েছে, এবং তুলনামূলকভাবে কম অংশ সরাসরি মূল্য সংযোজনে অবদান রেখেছে।

গ্রামীণ এলাকায় আধা-পাকা নির্মাণ কার্যক্রমে একক খানাভিত্তিক আবাসিক ভবনই স্পষ্টভাবে প্রাধান্য বিস্তার করেছে। এ ধরনের ভবনের ক্ষেত্রে মোট স্থুল উৎপাদন হয়েছে ৩,৫৬৭.৫২ লাখ টাকা, যা প্রায় সমগ্র মোট স্থুল উৎপাদনের সমান, এবং এর থেকে ৭৮১.৬১ লাখ টাকা মূল্য সংযোজন সৃষ্টি হয়েছে। বিপরীতে, বহুপরিবার ভিত্তিক আবাসিক ভবনের অবদান অত্যন্ত সীমিত, যেখানে মোট স্থুল উৎপাদন ৪৩.৬১ লাখ টাকা এবং মূল্য সংযোজন ৯.৩৩ লাখ টাকা। শিল্প বা

## 11.13 Gross output, Intermediate Consumption and Value Added for Semi-pucca Buildings in Rural Areas

Table 11.13 presents the estimates of gross output, intermediate consumption and value added for completed semi-pucca buildings constructed by households in rural areas during 2023–24. The data show that total gross output amounted to Tk. 3,632.67 lakh, of which Tk. 2,837.22 lakh was absorbed by intermediate consumption, resulting in a total value added of Tk. 795.45 lakh. This indicates that a substantial share of construction activity consists of material inputs and purchased services, while a relatively smaller proportion contributes directly to value added.

Residential single-family buildings overwhelmingly dominate rural semi-pucca construction. They account for Tk. 3,567.52 lakh of gross output, representing almost the entire total, and generate Tk. 781.61 lakh of value added. In contrast, residential multi-family buildings contribute only marginally, with gross output of Tk. 43.61 lakh and value added of Tk. 9.33 lakh. Non-residential buildings used for industrial or commercial purposes and the category of “others”

বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত অনাবাসিক ভবন এবং “অন্যান্য” শ্রেণির ভবনসমূহের মিলিত অবদান মোট নির্মাণ কার্যক্রমের খুবই ক্ষুদ্র অংশের আংশীদারত্ব করে, যা গ্রামীণ এলাকায় আধা-পাকা ভবন নির্মাণে প্রধানত আবাসনকেন্দ্রিক চরিত্রকে প্রতিফলিত করে।

এই সারণির একটি গুরুত্বপূর্ণ দিক হলো উপস্থাপিত মূল্য সংযোজনের প্রকৃতি। এসব আধা-পাকা ভবন বাজারমুখী নির্মাণ প্রতিষ্ঠানের মাধ্যমে নয়; বরং খানাসমূহ কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় নির্মিত হয়েছে। ফলে, প্রচলিত অর্থে কোনো পরিচালন উদ্বৃত্ত সৃষ্টি হয় নাই, কারণ খানাসমূহে এখানে বিক্রয় বা মুনাফা অর্জনের উদ্দেশ্যে এগুলি নির্মাণ করেনি। এ কারণে সারণিতে প্রদর্শিত মূল্য সংযোজনকে নিট মূল্য সংযোজন হিসেবে ব্যাখ্যা করতে হবে। পরিচালন উদ্বৃত্তের অনুপস্থিতি স্পষ্টভাবে নির্দেশ করে যে, এই নির্মাণ কার্যক্রম মূলত খানাসমূহের ভোগ ও আবাসন চাহিদা পূরণের উদ্দেশ্যে পরিচালিত হয়েছে, আয় সৃষ্টি বা মুনাফাভিত্তিক কর্মকাণ্ড হিসেবে নয়। সার্বিকভাবে, সারণিটি গ্রামীণ এলাকায় নিজস্ব ব্যবস্থাপনায় আবাসিক আধা-পাকা নির্মাণের সুস্পষ্ট প্রাধান্য এবং একই সঙ্গে পদ্ধতিগতভাবে নির্দেশ করে যে, কার্যক্রমটির অ-বাজারভিত্তিক প্রকৃতির কারণে এ খাতের মূল্য সংযোজনকে স্থূল নয় বরং নিট হিসাবে গণ্য করা উচিৎ।

together contribute a very small share to overall activity, reflecting the predominantly residential nature of semi-pucca construction in rural areas.

An important feature of this table is the nature of value added reported. These semi-pucca buildings are constructed by households on their own account rather than by market-oriented construction enterprises. As a result, there is no operating surplus (gross) generated in the conventional sense, since households are not producing for sale or profit. Consequently, the value added shown in the table should be interpreted as net value added. The absence of operating surplus underscores that this construction activity primarily serves consumption and housing needs of households, rather than income-generating or profit-seeking purposes. Overall, the table highlights both the dominance of own-account residential construction in rural areas and the methodological implication that value added in this segment is net rather than gross due to the non-market nature of the activity.

**Table 11.13: Gross Output, Intermediate Consumption and Value Added of Completed Semi-Pucca Building in Rural Areas, 2023–24**

(Lakh Tk.)

| Types of buildings | Gross output | Intermediate consumption | Gross value added |
|---|---|---|---|
| 1. Residential (Single-family) | 3567.52 | 2785.91 | 781.61 |
| 2. Residential (Multi-family) | 43.61 | 34.28 | 9.33 |
| 3. Mixed Use (Residential and Non-residential) | - | - | - |
| 4. Non-residential (industrial, commercial use) | 8.65 | 6.70 | 1.95 |
| 5. Others | 12.89 | 10.33 | 2.56 |
| **Total** | 3632.67 | 2837.22 | 795.45 |

### ১১.১৪ ২০২৩-২৪ অর্থবছরে শহর এলাকায় আধা-পাকা ভবন নির্মাণে স্থূল উৎপাদন, মধ্যবর্তী ভোগ ও মূল্য সংযোজন

সারণি ১১.১৪–এ ২০২৩–২৪ অর্থবছরে শহর এলাকায় সম্পন্ন আধা-পাকা ভবন নির্মাণের স্থূল উৎপাদন, মধ্যবর্তী ভোগ এবং স্থূল মূল্য সংযোজন এর আনুমানিক হিসাব উপস্থাপন করা হয়েছে। উপাত্ত অনুযায়ী, শহর এলাকায় আধা-পাকা ভবন

### 11.14 Gross output, Intermediate Consumption and Value Added for Semi-pucca Buildings in Urban Area

Table 11.14 presents the estimates of gross output, intermediate consumption and gross value added of completed semi-pucca buildings constructed in urban areas during 2023–24. The table shows that

নির্মাণে মোট স্থুল উৎপাদনের পরিমাণ দাঁড়িয়েছে ২,১২২.৭৭ লাখ টাকা, যার মধ্যে ১,৬৬৯.৪৩ লাখ টাকা মধ্যবর্তী ভোগ হিসেবে ব্যবহৃত হয়েছে। এর ফলে স্থুল মূল্য সংযোজন অর্জিত হয়েছে ৪৫৩.৩৪ লাখ টাকা। এ থেকে বোঝা যায় যে, মোট উৎপাদনের প্রায় এক-পঞ্চমাংশ মূল্য সংযোজন হিসেবে রূপান্তরিত হয়েছে, আর অবশিষ্ট অংশ নির্মাণ কাজে ব্যবহৃত উপকরণ ও সেবার ব্যয়ে ব্যয়িত হয়েছে।

গ্রামীণ এলাকার মতোই, শহর এলাকায় আধা-পাকা ভবন নির্মাণ কার্যক্রমেও একক খানাভিত্তিক আবাসিক ভবনই প্রধানত প্রাধান্য বিস্তার করেছে। এ ধরনের ভবনের ক্ষেত্রে স্থুল উৎপাদন হয়েছে ২,০২৩.৮১ লাখ টাকা এবং এর মাধ্যমে সৃষ্ট স্থুল মূল্য সংযোজনের পরিমাণ ৪৩৪.৪১ লাখ টাকা, যা শহর এলাকার কার্যক্রমের সিংহভাগের প্রতিনিধিত্ব করে। বহুখানাভিত্তিক আবাসিক ভবনের অবদান তুলনামূলকভাবে সীমিত, যেখানে স্থুল উৎপাদন ৫৯.৫০ লাখ টাকা এবং মূল্য সংযোজন ১১.০০ লাখ টাকা। মিশ্র-ব্যবহারভিত্তিক ভবনের অবদান অত্যন্ত সামান্য। একইভাবে শিল্প ও বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য অনাবাসিক ভবন এবং “অন্যান্য” শ্রেণির ভবনসমূহ সম্মিলিতভাবে স্থুল উৎপাদন ও মূল্য সংযোজনের একটি ক্ষুদ্র অংশের প্রতিনিধিত্ব করে। সার্বিকভাবে, উপাত্তের গঠন নির্দেশ করে যে শহর এলাকায় আধা-পাকা নির্মাণ কার্যক্রম এখনও মূলত খানাভিত্তিক আবাসিক চাহিদার উপর নির্ভরশীল, বাণিজ্যিক বা মিশ্র ব্যবহারের তুলনায়। গ্রামীণ ও শহর উভয় এলাকার তথ্য একত্রে বিবেচনা করলে স্পষ্ট হয় যে, আধা-পাকা ভবন নির্মাণ প্রধানত আবাসিক, খানানির্ভর এবং উপকরণ-নির্ভর কার্যক্রম হিসেবে পরিচালিত হচ্ছে।

total gross output of urban semi-pucca construction amounted to Tk. 2,122.77 lakh, with intermediate consumption of Tk. 1,669.43 lakh. This resulted in a gross value added (GVA) of Tk. 453.34 lakh, indicating that roughly one-fifth of gross output is transformed into value added, while the remaining share is absorbed by material inputs and services used in construction.

As in rural areas, residential single-family buildings dominate urban semi-pucca construction. They account for Tk. 2,023.81 lakh of gross output and generate Tk. 434.41 lakh of gross value added, representing the bulk of urban activity. Residential multi-family buildings make a small contribution, with gross output of Tk. 59.50 lakh and GVA of Tk. 11.00 lakh. Mixed-use buildings contribute only marginally, while non-residential buildings for industrial and commercial purposes and the category of “others” together account for a limited share of both output and value added. Overall, the composition indicates that semi-pucca construction in urban areas is still largely oriented toward household residential needs rather than commercial or mixed uses. Taken together, the two tables demonstrate that semi-pucca construction in both rural and urban areas is predominantly residential, household-driven, and input-intensive.

**Table 11.14: Gross Output, Intermediate Consumption and Value Added of Completed Semi-Pucca Building in Urban Areas, 2023–24**

**(Lakh Tk.)**

| Types of buildings | Gross output | Intermediate consumption | Gross value added |
|---|---|---|---|
| 1.Residential (Single-family) | 2023.81 | 1589.40 | 434.41 |
| 2. Residential (Multi-family) | 59.50 | 48.51 | 11.00 |
| 3. Mixed Use (Residential and Non-residential) | 1.31 | 1.01 | 0.30 |
| 4.Non-residential (industrial, commercial use) | 31.53 | 25.31 | 6.22 |
| 5.Others | 6.62 | 5.21 | 1.41 |
| **Total** | 2122.77 | 1669.43 | 453.34 |

### ১১.১৫ ২০২৩–২৪ অর্থবছরে গ্রামীণ ও শহর উভয় এলাকায় আধা-পাকা ভবন নির্মাণে স্থুল উৎপাদন, মধ্যবর্তী ভোগ ও মূল্য সংযোজন

সারণি ১১.১৫–এ ২০২৩–২৪ অর্থবছরে গ্রামীণ ও শহর উভয় এলাকায় সম্পন্ন আধা-পাকা ভবন নির্মাণের স্থুল উৎপাদন (Gross Output), মধ্যবর্তী ভোগ (Intermediate Consumption) এবং মূল্য সংযোজনের একটি সমন্বিত চিত্র উপস্থাপন করা হয়েছে। সারণি অনুযায়ী, আধা-পাকা ভবন নির্মাণ থেকে মোট স্থুল উৎপাদনের পরিমাণ দাঁড়িয়েছে ৫,৭৫৫.৪৪ লাখ টাকা, যার মধ্যে ৪,৫০৬.৬৫ লাখ টাকা মধ্যবর্তী ভোগ হিসেবে ব্যয় হয়েছে। এর ফলে মোট মূল্য সংযোজন দাঁড়িয়েছে ১,২৪৮.৭৯ লাখ টাকা। এটি নির্দেশ করে যে, নির্মাণ কার্যক্রমের একটি বড় অংশ উপকরণ ও ক্রয়কৃত সেবার ওপর নির্ভরশীল, যেখানে মোট উৎপাদনের প্রায় চার-পঞ্চমাংশই মধ্যবর্তী ভোগে ব্যবহৃত হয়েছে। সারা দেশে আধা-পাকা ভবন নির্মাণ কার্যক্রমে একক খানাভিত্তিক আবাসিক ভবনই খুব প্রাধান্য বিস্তার করেছে। এ ধরনের ভবন থেকে স্থুল উৎপাদন দাঁড়িয়েছে ৫,৫৯১.৩৪ লাখ টাকা এবং এর মাধ্যমে ১,২১৬.০২ লাখ টাকা মূল্য সংযোজন সৃষ্টি হয়েছে, যা প্রায় মোট কার্যক্রমের সমান। অপরদিকে, বহুখানাভিত্তিক আবাসিক ভবনের অবদান অত্যন্ত সীমিত, যেখানে স্থুল উৎপাদন ১০৩.১২ লাখ টাকা এবং মূল্য সংযোজন ২০.৩৩ লাখ টাকা। মিশ্র-ব্যবহারভিত্তিক ভবনের অবদান প্রায় নগণ্য। শিল্প বা বাণিজ্যিক কাজে ব্যবহৃত অনাবাসিক ভবন এবং “অন্যান্য” শ্রেণির ভবনসমূহ সম্মিলিতভাবে সামগ্রিক উৎপাদন ও মূল্য সংযোজনের একটি ক্ষুদ্র অংশ জুড়ে রয়েছে। এই উপাত্তের গঠন সুস্পষ্টভাবে নির্দেশ করে যে, আধা-পাকা ভবন নির্মাণ মূলত বাণিজ্যিক বা উৎপাদনমুখী বিনিয়োগের পরিবর্তে খানাসমূহের আবাসন চাহিদা পূরণের লক্ষ্যে পরিচালিত। উল্লেখযোগ্য যে, এসব আধা-পাকা ভবন সম্পূর্ণরূপে খানাসমূহ কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় নির্মিত হয়েছে এবং এর মাধ্যমে কোনো পরিচালন উদ্বৃত্ত (gross operating surplus) সৃষ্টি হয়নি। ফলস্বরূপ, এই নির্মাণ কার্যক্রম থেকে প্রাপ্ত মূল্য সংযোজন কার্যত নিট মূল্য সংযোজন হিসেবে বিবেচিত। সার্বিকভাবে, সারণি ১১.১৫ ২০২৩–২৪ অর্থবছরে আধা-পাকা

### 11.15 Gross output, Intermediate Consumption and Value Added for Semi pucca Buildings in both Urban and Rural Areas

Table 11.15 presents the consolidated picture of gross output, intermediate consumption and value added of completed semi-pucca buildings in both rural and urban areas during 2023–24. The table shows that total gross output from semi-pucca construction amounted to Tk. 5,755.44 lakh, of which Tk. 4,506.65 lakh was spent on intermediate consumption. This resulted in a total value added of Tk. 1,248.79 lakh, indicating that a large proportion of construction activity is input-intensive, with materials and purchased services accounting for nearly four-fifths of total output.

Residential single-family buildings overwhelmingly dominate semi-pucca construction across the country. They account for Tk. 5,591.34 lakh of gross output and generate Tk. 1,216.02 lakh of value added, representing almost the entire total. Residential multi-family buildings make a very small contribution, with gross output of Tk. 103.12 lakh and value added of Tk. 20.33 lakh. Mixed-use buildings are negligible, while non-residential buildings used for industrial or commercial purposes and the category of “others” together contribute only a limited share to overall output and value added. This composition clearly indicates that semi-pucca construction is primarily driven by household demand for housing rather than by commercial or productive investment.

The construction of all these semi-pucca buildings is undertaken by households on their own account, with no generation of operating surplus (gross). Consequently, the value added for these activities is effectively net value added. Overall, Table 11.15 provides a comprehensive overview of semi-pucca construction in 2023–24, highlighting its

ভবন নির্মাণ কার্যক্রমের একটি সমন্বিত ও সুস্পষ্ট চিত্র প্রদান করে, যা এর আবাসিক, খানানির্ভর চরিত্র এবং অর্থনীতিতে উদ্বৃত্ত সৃষ্টিতে এর সীমিত অবদানের দিকটি স্পষ্টভাবে প্রতিফলিত করে।

residential, household-driven character and its relatively limited contribution to surplus generation in the economy.

**Table 11.15: Gross Output, Intermediate Consumption and Value Added of Completed Semi-Pucca Building in both Urban and Rural Areas, 2023–24**

**(Lakh Tk.)**

| Types of buildings | Gross output | Intermediate consumption | Gross value added |
|---|---|---|---|
| 1. Residential (Single-family) | 5591.34 | 4375.31 | 1216.02 |
| 2. Residential (Multi-family) | 103.12 | 82.79 | 20.33 |
| 3. Mixed Use (Residential and Non-residential) | 1.31 | 1.01 | 0.30 |
| 4. Non-residential (industrial, commercial use) | 40.17 | 32.00 | 8.17 |
| 5. Others | 19.50 | 15.54 | 3.97 |
| **Total** | 5755.44 | 4506.65 | 1248.79 |

## ১১.১৬ মূল্য সংযোজনের উপাদানসমূহ

সারণি ১১.১৬-এ ২০২৩–২৪ অর্থবছরে গ্রামীণ ও শহর উভয় এলাকায় সম্পন্ন আধা-পাকা ভবন নির্মাণ থেকে সৃষ্ট মূল্য সংযোজনের উপাদানসমূহ উপস্থাপন করা হয়েছে। উভয় এলাকা মিলিয়ে মোট মূল্য সংযোজন দাঁড়িয়েছে ১,২৪৮.৭৯ লাখ টাকা, যার মধ্যে গ্রামীণ এলাকায় ৭৯৫.৪৫ লাখ টাকা এবং শহর এলাকায় ৪৫৩.৩৪ লাখ টাকা। সারণিতে মূল্য সংযোজনের দুটি উপাদান সুস্পষ্টভাবে চিহ্নিত করা হয়েছে—মজুরি ও বেতন এবং কর (ভ্যাট ও উৎপাদনের ওপর অন্যান্য কর)। গ্রামীণ ও শহর উভয় এলাকাতেই মূল্য সংযোজনের সিংহভাগ এসেছে মজুরি ও বেতন থেকে। গ্রামীণ এলাকায় মজুরি ও বেতন বাবদ মূল্য সংযোজন দাঁড়িয়েছে ৭৯৫.০৭ লাখ টাকা এবং শহর এলাকায় ৪৫৩.২২ লাখ টাকা। উভয় এলাকা মিলিয়ে মজুরি ও বেতন বাবদ মোট মূল্য সংযোজন দাঁড়িয়েছে ১,২৪৮.২৯ লাখ টাকা, যা প্রায় মোট মূল্য সংযোজন ১২৪৮.২৯ লাখ টাকার সমান। বিপরীতে, ভ্যাট ও অন্যান্য কর থেকে প্রাপ্ত মূল্য সংযোজন অত্যন্ত নগণ্য-গ্রামীণ এলাকায় মাত্র ০.৩৮ লাখ টাকা এবং শহর এলাকায় ০.১২ লাখ টাকা, যা আধা-পাকা ভবন নির্মাণে করের সীমিত ভূমিকা স্পষ্টভাবে তুলে ধরে।

## 11.16 Components of Value Added

Table 11.16 presents the composition of value added for completed semi-pucca buildings in rural and urban areas during 2023–24. The total value added across both rural and urban areas amounts to Tk. 1,248.79 lakh, with Tk. 795.45 lakh in rural areas and Tk. 453.34 lakh in urban areas. The table clearly distinguishes two components of value added: wages and salaries, and taxes (VAT and other taxes on production). The overwhelming share of value added in both rural and urban areas comes from wages and salaries, amounting to Tk. 795.07 lakh in rural areas and Tk. 453.22 lakh in urban areas, which together account for nearly the entire total of Tk. 1,248.29 lakh. In contrast, VAT and taxes contribute only marginally—Tk. 0.38 lakh in rural and Tk. 0.12 lakh in urban areas—highlighting the limited role of taxes in the overall value added for semi-pucca construction.

এ ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদ্ধতিগত বিষয় উল্লেখযোগ্য। উল্লিখিত সব আধা-পাকা ভবনই নির্মিত হয়েছে খানাসমূহ কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায়, কোনো নির্মাণ প্রতিষ্ঠানের অংশগ্রহণ ছাড়াই। এর ফলে এই খাতে কোনো পরিচালন উদ্বৃত্ত সৃষ্টি হয়নি। সারণিতে উপস্থাপিত মূল্য সংযোজন তাই নিট মূল্য সংযোজন হিসেবে গণ্য, যা মূলত মধ্যবর্তী ভোগ বাদ দেওয়ার পর শ্রমের পারিশ্রমিক এবং প্রযোজ্য করের সমষ্টিকে প্রতিফলিত করে। এর অর্থ হলো, এই নির্মাণ কার্যক্রমের অর্থনৈতিক অবদান মূলত শ্রমের মাধ্যমে সৃষ্টি হয়েছে, বাণিজ্যিক সংস্থা দ্বারা সৃষ্ট মুনাফা বা উদ্বৃত্তের মাধ্যমে হয়নি। সার্বিকভাবে, সারণিটি পূর্ববর্তী বিশ্লেষণসমূহকে আরও জোরদার করে এবং স্পষ্টভাবে নির্দেশ করে যে, গ্রামীণ ও শহর উভয় এলাকায় আধা-পাকা ভবন নির্মাণ কার্যক্রম প্রায় সম্পূর্ণরূপে খানা-নির্ভর, শ্রম-নির্ভর এবং মূলত খানাসমূহের নিজস্ব আবাসন চাহিদা পূরণের উদ্দেশ্যে পরিচালিত, বাজার যোগ্য উৎপাদন সৃষ্টির উদ্দেশ্যে নয়।

An important methodological note is that all these buildings were constructed by households on their own account, without the involvement of construction firms. As a result, there is no operating surplus generated in this segment. The value added recorded in the table represents the net value added, which essentially captures the wages and salaries and any applicable taxes, after deducting intermediate consumption. This means the economic contribution of this construction is primarily through labor, rather than profit or surplus generated by commercial enterprises.

The table reinforces the findings from previous tables: semi-pucca construction in both rural and urban areas is almost entirely household-driven, labor-intensive, and oriented toward providing housing for the households themselves rather than generating marketable output.

**Table 11.16: Component of Value Added, 2023-24**

**(Lakh Tk.)**

| Component | Rural | Urban | Total |
|---|---|---|---|
| 1. Wages and salary | 795.07 | 453.22 | 1248.29 |
| 2. VAT and Tax on production | 0.38 | 0.12 | 0.50 |
| Total | 795.45 | 453.34 | 1248.79 |

### ১১.১৭ ২০২৩–২৪ অর্থবছরে সব ধরনের ভবন (পাকা ও আধা-পাকা) নির্মাণে স্থুল উৎপাদন, মধ্যবর্তী ভোগ ও মূল্য সংযোজন

সারণি ১১.১৭–এ ২০২৩–২৪ অর্থবছরে গ্রামীণ ও শহর উভয় এলাকায় পাকা ও আধা-পাকা—সব ধরনের ভবন নির্মাণের স্থুল উৎপাদন, মধ্যবর্তী ভোগ এবং মূল্য সংযোজন উপস্থাপন করা হয়েছে। সব ধরনের ভবনের স্থুল উৎপাদন দাঁড়িয়েছে ১৮,৮০২.৫০ লাখ টাকা, যার মধ্যে ১৩,৯৮৬.৮৭ লাখ টাকা মধ্যবর্তী ভোগ ব্যয় । এর ফলে মোট মূল্য সংযোজন দাঁড়িয়েছে ৪,৮১৫.৬৩ লাখ টাকা। এই তথ্য নির্দেশ করে যে, এই নির্মাণ কার্যক্রমটি উপকরণনির্ভর (input-intensive), যেখানে উৎপাদনের একটি বড় অংশ উপকরণ ও সেবায় ব্যয়িত হলেও,

### 11.17 Gross Output, Intermediate Consumption and Value Added for all types of Buildings (pucca and semi-pucca) in 2023-24

Table 11.17 presents the gross output, intermediate consumption, and value added for all types of buildings—both pucca and semi-pucca—in rural and urban areas during 2023–24. The total gross output across all building types is Tk. 18,802.50 lakh, of which Tk. 13,986.87 lakh is intermediate consumption. This results in a total value added of Tk. 4,815.63 lakh. The data show that construction activities are input-intensive, with a substantial share of output absorbed by materials and services,

একটি উল্লেখযোগ্য অংশ মূল্য সংযোজন হিসেবে অর্থনীতিতে অবদান রাখে।

গ্রামীণ ও শহর উভয় এলাকায় নির্মাণ কার্যক্রমে একক খানাভিত্তিক আবাসিক ভবনই সর্বাধিক প্রাধান্য বিস্তার করেছে। গ্রামীণ এলাকায় এ ধরনের উৎপাদন ৭,৭১১.৪১ লাখ টাকা এবং মূল্য সংযোজন ১,৯৩৯.৮৯ লাখ টাকা। অপরদিকে, শহর এলাকায় একক খানাভিত্তিক আবাসিক ভবনের নির্মাণ কার্যক্রমের পরিসর উল্লেখযোগ্যভাবে বেশি, যেখানে স্থূল উৎপাদন ১০,২৭২.২২ লাখ টাকা এবং মূল্য সংযোজন ২,৬৮১.৯৬ লাখ টাকা। উভয় এলাকা মিলিয়ে একক খানাভিত্তিক আবাসিক ভবনের স্থূল উৎপাদন দাঁড়িয়েছে ১৭,৯৮৩.৬৪ লাখ টাকা এবং মূল্য সংযোজন দাঁড়িয়েছে ৪,৬২১.৮৫ লাখ টাকা, যা ভবন নির্মাণ খাতে এ শ্রেণির ভবনের সুস্পষ্ট ও গুরুত্বপূর্ণ অবদানকে প্রতিফলিত করে। বহুখানাভিত্তিক আবাসিক ভবন এবং মিশ্র-ব্যবহারভিত্তিক ভবনের অবদান তুলনামূলকভাবে অনেক কম। এ দুটি শ্রেণি মিলিয়ে মোট মূল্য সংযোজন হয়েছে যথাক্রমে ১৫৫.৬৭ লাখ টাকা এবং ১৮.০৯ লাখ টাকা। শিল্প ও বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহারের জন্য অনাবাসিক ভবন এবং “অন্যান্য” শ্রেণির ভবনসমূহ সম্মিলিতভাবে মোট উৎপাদন ও মূল্য সংযোজনের অতি ক্ষুদ্র অংশ জুড়ে রয়েছে।

while a significant portion contributes to value added.

Residential single-family buildings dominate both rural and urban construction. Rural areas report Tk. 7,711.41 lakh in gross output and Tk. 1,939.89 lakh in value added, while urban areas show a much larger scale with Tk. 10,272.22 lakh in gross output and Tk. 2,681.96 lakh in value added. Combined, single-family residential buildings account for Tk. 17,983.64 lakh in gross output and Tk. 4,621.85 lakh in value added, reflecting their overwhelming contribution to the building sector. Residential multi-family buildings and mixed-use buildings contribute much smaller shares, with total value added of Tk. 155.67 lakh and Tk. 18.09 lakh, respectively. Non-residential buildings for industrial and commercial use, as well as the “others” category, together add only a minor portion to total output and value added.

**Table 11.17: Gross Output, Intermediate Consumption and Value Added for all type of Buildings (pucca and semi-pucca)**

**(Lakh Tk.)**

| Types of building | Rural | | | Urban | | | Total | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | GO | IC | GVA | GO | IC | GVA | GO | IC | Total |
| 1.Residential (Single-family) | 7711.41 | 5771.52 | 1939.89 | 10272.22 | 7590.26 | 2681.96 | 17983.64 | 13361.78 | 4621.85 |
| 2.Residential (Multi-family) | 117.42 | 89.08 | 28.34 | 522.20 | 394.87 | 127.33 | 639.61 | 483.95 | 155.67 |
| 3.Mixed Use (Residential and Non-residential) | 45.30 | 34.71 | 10.59 | 29.73 | 22.23 | 7.50 | 75.02 | 56.93 | 18.09 |
| 4.Non-residential (industrial, commercial use) | 9.27 | 7.23 | 2.05 | 31.53 | 25.31 | 6.22 | 40.80 | 32.53 | 8.27 |
| 5.Others | 47.03 | 38.38 | 8.65 | 16.39 | 13.29 | 3.11 | 63.42 | 51.67 | 11.75 |
| **Total** | 7930.43 | 5940.91 | 1989.52 | 10872.07 | 8045.95 | 2826.12 | 18802.50 | 13986.87 | 4815.63 |

**Chart 11.1: Gross Output, Intermediate Consumption and Value Added for all type of Buildings (pucca and semi-pucca)**

**(Lakh Tk.)**




## ১১.১৮ গ্রামীণ ও শহর এলাকায় পাকা ভবনের ব্যয় কাঠামো

সারণি ১১.১৮-এ ২০২৩-২৪ অর্থবছরে গ্রামীণ ও শহর এলাকায় পাকা ভবন নির্মাণের ব্যয় কাঠামো উপস্থাপন করা হয়েছে, যা মোট নির্মাণ ব্যয়ের শতকরা হারে উপস্থাপন করা হয়েছে। পাশাপাশি, সারণিতে প্রতি বর্গফুটের গড় নির্মাণ ব্যয়ও দেখানো হয়েছে, যা গ্রামীণ এলাকায় ২,৫৫৭ টাকা, শহর এলাকায় ২,৫০৯ টাকা এবং সামগ্রিকভাবে ২,৫২৫ টাকা। এই তথ্য থেকে প্রতীয়মান হয় যে, গ্রামীণ ও শহর উভয় এলাকায় পাকা ভবন নির্মাণের ব্যয় মোটামুটি সমান, যদিও গ্রামীণ এলাকায় ব্যয় সামান্য বেশি। এ পার্থক্য স্থানীয় শ্রমমূল্য বা নির্মাণ উপকরণ সংগ্রহের ভিন্নতার কারণে হতে পারে।

ব্যয়ের প্রধান উপাদান হিসেবে শ্রম ও নির্মাণ সামগ্রীই সর্বাধিক গুরুত্ব বহন করে। শ্রম ব্যয় গ্রামীণ এলাকায় মোট ব্যয়ের ২৫.৭৮ শতাংশ এবং শহর এলাকায় ২৪.৪২ শতাংশ, যা নির্মাণ ব্যয়ে মজুরি ও পারিশ্রমিকের উল্লেখযোগ্য ভূমিকা নির্দেশ করে। উপকরণসমূহের মধ্যে ইট (গ্রামীণ এলাকায় ১৭.৪৭ শতাংশ এবং শহর এলাকায় ১৬.৪৭ শতাংশ) এবং সিমেন্ট (গ্রামীণ এলাকায় ১৫.৩৭ শতাংশ এবং শহর এলাকায় ১৫.২৯ শতাংশ) উল্লেখযোগ্য ব্যয়বহুল উপাদান হিসেবে চিহ্নিত হয়েছে। এর পরেই রয়েছে লোহা ও ইস্পাত, যা মোট ব্যয়ের প্রায় ১০ শতাংশ অংশ। কাঠ ও কাঠজাত দ্রব্য, ফিক্সচার ও ফিটিংস এবং কর তুলনামূলকভাবে কম অংশ দখল করে।

## 11.18 Cost Structure of Pucca Buildings in Rural and Urban Areas

Table 11.18 presents the cost structure of pucca buildings in rural and urban areas during 2023–24, expressed as percentages of total construction cost. The table also provides the average cost per square foot, which is Tk. 2,557 in rural areas, Tk. 2,509 in urban areas, and Tk. 2,525 overall. This indicates that the cost of constructing pucca buildings is broadly similar across rural and urban locations, with rural costs slightly higher, likely reflecting variations in local labor or material sourcing.

The largest cost components are labor and construction materials. Labor accounts for 25.78% of total cost in rural areas and 24.42% in urban areas, reflecting the significant contribution of wages to building expenses. Among materials, bricks (17.47% in rural and 16.47% in urban) and cement (15.37% in rural and 15.29% in urban) are the most substantial contributors, followed by iron and steel at around 10% of total costs. Wood and wood products, fixtures and fittings, and taxes make smaller contributions, with tax including

ভ্যাটসহ করের অবদান অত্যন্ত নগণ্য—গ্রামীণ এলাকায় মাত্র ০.০২ শতাংশ এবং শহর এলাকায় ০.০৬ শতাংশ।

"অন্যান্য" শ্রেণি ব্যয় খাতের প্রায় ২৪-২৫ শতাংশ জুড়ে রয়েছে, যার মধ্যে বিবিধ উপকরণ, পরিবহন ব্যয় এবং ক্ষুদ্র ওভারহেড ব্যয় অন্তর্ভুক্ত থাকতে পারে। সামগ্রিকভাবে, ব্যয় কাঠামো থেকে স্পষ্ট যে শ্রম ও মৌলিক নির্মাণসামগ্রীই পাকা ভবন নির্মাণ ব্যয়ের প্রধান চালক, যেখানে কর ও অন্যান্য ক্ষুদ্র উপাদানের প্রভাব খুবই নগণ্য।

সারণিটি আরও নির্দেশ করে যে, অবস্থানগত ভিন্নতা সত্ত্বেও গ্রামীণ ও শহর এলাকায় ব্যয়ের উপাদানগত গঠন প্রায় একই রকম। প্রতি বর্গফুটের গড় ব্যয় নির্মাণ ব্যয় তুলনার জন্য একটি মানসম্মত সূচক প্রদান করে। এই ব্যয় বিশ্লেষণ গ্রামীণ ও শহর উভয় প্রেক্ষাপটে ভবিষ্যৎ নির্মাণ প্রকল্পের পরিকল্পনা ও সম্পদ বণ্টন বোঝার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করে।

VAT being negligible (0.02% in rural and 0.06% in urban areas).

The "Other" category accounts for roughly 24–25% of total costs, which may include miscellaneous materials, transport, and minor overheads. Overall, the cost structure shows that labor and essential building materials dominate pucca building costs, while taxes and minor inputs have minimal impact.

The table highlights that despite differences in location, the cost composition is fairly consistent between rural and urban areas. The average cost per square foot provides a standardized metric for comparing construction costs. This cost breakdown is useful for understanding both resource allocation and planning for future construction projects in rural and urban contexts.

**Table 11.18: Cost Structure of Pucca Buildings in Rural and Urban Areas**

| Pucca buildings | Rural | Urban | Overall |
|---|---|---|---|
| 1.Average cost per sq. feet (Tk.) | 2,557 | 2,509 | 2,525 |
| 2.Cost of cement (%) of total cost | 15.37 | 15.29 | 15.32 |
| 3.Cost of bricks (%) of total cost | 17.47 | 16.47 | 16.82 |
| 4. Cost iron and steel (%) of total cost | 10.40 | 10.14 | 10.23 |
| 5. Cost of wood and wood product (%) of total cost | 1.93 | 2.03 | 1.99 |
| 6. Cost of fixture and fittings (%) of total cost | 5.59 | 6.57 | 6.23 |
| 7. Tax including VAT (%) of total cost | 0.02 | 0.06 | 0.04 |
| 8. Labour cost (%) of total cost | 25.78 | 24.42 | 24.89 |
| 9. Other (%) | 23.44 | 25.02 | 24.47 |
| Total | 100.00 | 100.00 | 100.00 |

**Chart 11.2: Average cost per sq. feet of Pucca Buildings in Rural and Urban Areas (Tk.)**



## ১১.১৯ গ্রামীণ ও শহর এলাকায় আধা-পাকা ভবনের ব্যয় কাঠামো

সারণি ১১.১৯–এ ২০২৩–২৪ অর্থবছরে গ্রামীণ ও শহর এলাকার আধা-পাকা ভবন নির্মাণের ব্যয় কাঠামো উপস্থাপন করা হয়েছে। এতে প্রতি ভবনের গড় ব্যয়, প্রতি বর্গফুট গড় ব্যয় এবং মোট নির্মাণ ব্যয়ে বিভিন্ন উপাদানের শতকরা অংশ দেখানো হয়েছে। উপাত্ত অনুযায়ী, গ্রামীণ এলাকায় প্রতিটি আধা-পাকা ভবনের গড় নির্মাণ ব্যয় দাঁড়িয়েছে ১০.০৫ লাখ টাকা এবং শহর এলাকায় ১০.৬২ লাখ টাকা, যেখানে সামগ্রিক গড় ব্যয় ১০.২৫ লাখ টাকা। প্রতি বর্গফুটে ব্যয় পাকা ভবনের তুলনায় কম—গ্রামীণ এলাকায় প্রতি বর্গফুট ১,৬১২ টাকা, শহর এলাকায় ১,৬৩২ টাকা এবং সামগ্রিকভাবে ১,৬২০ টাকা। এটি আধা-পাকা ভবনের তুলনামূলকভাবে সহজ নির্মাণ পদ্ধতি এবং নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহারের প্রতিফলন।

উপকরণ ব্যয়ের মধ্যে ইটের ব্যয় সর্বাধিক যা গ্রামীণ ও শহর উভয় এলাকায় মোট ব্যয়ের প্রায় ২৪-২৫ শতাংশ। সিমেন্ট মোট ব্যয়ের প্রায় ১১ শতাংশ অবদান রাখে। লোহা ও ইস্পাত গ্রামীণ এলাকায় মোট ব্যয়ের ৬.৮৮ শতাংশ এবং শহর এলাকায় ৮.৯০ শতাংশ দখল করে, যা শহর এলাকায় কিছুটা বেশি উপকরণ ব্যবহারের ইঙ্গিত দেয়। কাঠ ও কাঠজাত দ্রব্য এবং ফিক্সচার ও ফিটিংস সম্মিলিতভাবে মোট ব্যয়ের প্রায় ১৪–১৫ শতাংশ প্রতিনিধিত্ব করে। শ্রম ব্যয় গ্রামীণ এলাকায় ১৯.৪৬ শতাংশ এবং শহর এলাকায় ১৮.৮৩ শতাংশ, যা পাকা ভবনের তুলনায় কম যা আধা-পাকা ভবনের তুলনামূলকভাবে ছোট আকার ও সহজ নির্মাণ কৌশলের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। ভ্যাটসহ করের অবদান অত্যন্ত নগণ্য—মোট ব্যয়ের মাত্র ০.০১ শতাংশ। “অন্যান্য” ব্যয় খাত মোট ব্যয়ের প্রায় ২৩–২৪ শতাংশ জুড়ে রয়েছে, যার মধ্যে পরিবহন ব্যয়, ক্ষুদ্র উপকরণ এবং বিবিধ খরচ অন্তর্ভুক্ত থাকতে পারে।

সামগ্রিকভাবে, সারণি ১১.১৯ থেকে স্পষ্ট হয় যে আধা-পাকা ভবন পাকা ভবনের তুলনায় অধিক সাশ্রয়ী বিকল্প, যেখানে প্রতি বর্গফুটের নির্মাণ ব্যয় কম এবং ব্যয় কাঠামো স্থানীয় উপকরণ, পারিবারিক শ্রম ও সহজ নির্মাণ পদ্ধতির ওপর নির্ভরশীল।

## 11.19 Cost Structure of Semi- Pucca Buildings in Rural and Urban Areas

Table 11.19 presents the cost structure of semi-pucca buildings in rural and urban areas during 2023–24. The table includes both the average cost per building and the average cost per square foot, as well as the percentage share of different cost components in total construction costs. The average cost per semi-pucca building is Tk. 10.05 lakh in rural areas and Tk. 10.62 lakh in urban areas, with an overall average of Tk. 10.25 lakh. On a per-square-foot basis, costs are lower than for pucca buildings, at Tk. 1,612 in rural areas, Tk. 1,632 in urban areas, and Tk. 1,620 overall, reflecting the relatively simpler construction and lower-quality materials used in semi-pucca buildings.

The largest material cost component is bricks, accounting for approximately 24–25% of total cost in both rural and urban areas. Cement contributes about 11% of total cost, while iron and steel account for 6.88% in rural areas and 8.90% in urban areas. Wood and wood products, as well as fixtures and fittings, together contribute roughly 14–15% of total cost. Labor costs represent 19.46% in rural areas and 18.83% in urban areas, lower than in pucca buildings, consistent with the smaller scale and simpler construction methods typical of semi-pucca structures. Taxes, including VAT, are negligible at 0.01% of total costs. The “Other” category, which may include transport, minor materials, and miscellaneous expenses, represents around 23–24% of total cost.

Overall, Table 11.19 demonstrates that semi-pucca buildings are more affordable alternatives to pucca construction, with lower per-square-foot costs and a cost composition that reflects the use of local materials, household labor, and simpler construction methods.

### Table 11.19: Cost Structure of Semi- Pucca Buildings in Rural and Urban Areas

| Pucca buildings | Rural | Urban | Overall |
|---|---|---|---|
| 1. Average cost per semi-pucca buildings (Lakh Tk.) | 10.05 | 10.62 | 10.25 |
| 2.Average cost per sq. feet (Tk.) | 1,612 | 1,632 | 1,620 |
| 3.Cost of cement (%) of total cost | 11.15 | 10.67 | 10.97 |
| 4.Cost of bricks (%) of total cost | 24.53 | 24.46 | 24.51 |
| 5.Cost iron and steel (%) of total cost | 6.88 | 8.90 | 7.63 |
| 6.Cost of wood and wood product (%) of total cost | 7.00 | 6.19 | 6.70 |
| 7.Cost of fixture and fittings (%) of total cost | 6.86 | 8.16 | 7.35 |
| 8.Tax including VAT (%) of total cost | 0.01 | 0.01 | 0.01 |
| 9. Labour cost (%) of total cost | 19.46 | 18.83 | 19.23 |
| 10. Other (%) | 24.09 | 22.78 | 23.61 |
| Total | 100.00 | 100.00 | 100.00 |

**Chart 11.3: Average Cost per Semi Pucca Buildings in Rural and Urban Areas (Lakh Tk.)**



# Chapter XII: Cost Structure and Value Addition in Firm-Based Building Construction

# দ্বাদশ অধ্যায়: ফার্ম-ভিত্তিক ভবন নির্মাণে ব্যয়কাঠামো ও মূল্য সংযোজন

# CHAPTER XII: COST STRUCTURE AND VALUE ADDITION IN FIRM-BASED BUILDING CONSTRUCTION

## দ্বাদশ অধ্যায়: ফার্ম-ভিত্তিক ভবন নির্মাণে ব্যয়কাঠামো ও মূল্য সংযোজন

ভবন নির্মাণ উপখাত নির্মাণ খাতের মধ্যে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এ উপখাতটি কেবল নির্মাণ শিল্পের সামগ্রিক কার্যক্রমকে প্রভাবিত করে না; বরং জাতীয় অর্থনীতির প্রবৃদ্ধি ও উন্নয়নে অবদান রাখছে। এ উপখাতের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ বিস্তৃত পরিসরে কার্যক্রম পরিচালনা করে, যা উল্লেখযোগ্য অর্থনৈতিক উৎপাদন, কর্মসংস্থান সৃষ্টি এবং বিনিয়োগকে ত্বরান্বিত করছে। এসকল কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট ব্যয় কাঠামো এবং মূল্য নির্ণয় প্রক্রিয়া সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকা খাতটির অর্থনৈতিক অবদান মূল্যায়নের জন্য যেমন জরুরি, তেমনি কার্যকর নীতিনির্ধারণ, নিয়ন্ত্রক তদারকি এবং প্রতিষ্ঠান পর্যায়ে কৌশলগত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রেও অপরিহার্য। এ অধ্যায়ে প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পরিচালিত ভবন নির্মাণ কার্যক্রমের প্রধান অর্থনৈতিক বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ করা হয়েছে। তাছাড়া নির্মাণ ব্যয়ের কাঠামো, মধ্যবর্তী ভোগের পরিমাণ ও গঠন এবং সৃষ্ট মূল্য সংযোজনের বণ্টনের ওপর গুরুত্বারোপ করা হয়েছে। যদিও এই অধ্যায়ে পুরো খাতের মোট মূল্য সংযোজন পরিমাপের চেষ্টা করা হয়নি, তবুও বিশ্লেষণটি কর্পোরেট সম্পদের বণ্টন, উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত উপকরণ ও সেবা উপকরণের ঘনত্ব, এবং নির্মাণ প্রক্রিয়ায় মূল্য নিরুপনের কার্যকারিতা সম্পর্কে গুরুত্বপূর্ণ ধারণা প্রদান করছে। এই অধ্যায়ের অনুসন্ধানসমূহ ভবন নির্মাণ খাতে ব্যয়ের ধরন ও উৎপাদন গতিশীলতা সম্পর্কে স্পষ্ট ধারণা পাওয়া যায়, যা নীতিনির্ধারক, বিশ্লেষক, গবেষক এবং ব্যবসায়িক কৌশলবিদদের জন্য যৌক্তিক ধারণা প্রদান করে। এটি তাঁদেরকে প্রবণতা ব্যাখ্যা করা, কার্যকারিতা মূল্যায়ন কআ এবং প্রমাণভিত্তিক পরিকল্পনা ও সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে।

The building construction sub-sector plays a crucial role within the construction sector, significantly influencing the overall performance of the construction industry as well as contributing to the growth and development of the national economy. Firms in this sub-sector undertake a broad spectrum of activities that drive substantial economic output, job creation, and investment. A clear understanding of the cost structures and value-creation processes embedded in these activities is essential for assessing the sector's economic contribution and for supporting effective policy design, regulatory oversight, and strategic decision-making at the enterprise level. This chapter investigates the principal economic parameters characterizing building construction undertaken by firms. The discussion centers on the configuration of construction costs, the magnitude and composition of intermediate consumption, and the resulting distribution of value added. Although the chapter does not seek to quantify total value added for the sector as a whole, the analysis yields substantive insights into corporate resource allocation, the material and service input intensities behind production, and the efficiency of value creation within construction processes. This chapter's findings shed light on cost behavior and production dynamics in the building construction sector, providing stakeholders—policymakers, analysts, researchers, and business strategists—with the insights needed to interpret trends, evaluate performance, and guide evidence-based planning and decision-making.

## ১২.১ সংস্থার মালিকানার ধরন

সারণি ১২.১ থেকে দেখা যায় যে ভবন নির্মাণ প্রতিষ্ঠানের অধিকাংশই একক মালিকানাধীন প্রতিষ্ঠান, যা মোট প্রতিষ্ঠানের ৭৭.২৬ শতাংশ। সাধারণ অংশীদারিত্বভিত্তিক প্রতিষ্ঠান এবং প্রাইভেট লিমিটেড কোম্পানির অংশ যথাক্রমে ১১.১৯ শতাংশ ও ১১.৫৫ শতাংশ। এই বণ্টন থেকে বোঝা যায় যে খাতটি প্রধানত ছোট ও মাঝারি আকারের এবং বেসরকারিভাবে পরিচালিত প্রতিষ্ঠান।

## 12 .1 Ownership status of firms

Table 12.1 shows that the majority of building construction establishments was sole proprietorships, comprising 77.26% of the total. General partnerships and private limited companies accounted for 11.19% and 11.55%, respectively. This distribution indicates that the sector is predominantly composed of small- to medium-sized privately managed enterprises.

**Table 12.1: Ownership Status of Firms**

| Ownership Status | Number of companies | Percentage distribution |
|---|---|---|
| Sole proprietorship | 214 | 77.26 |
| General partnership | 31 | 11.19 |
| Private Ltd. company | 32 | 11.55 |
| Other (not classified elsewhere) | - | - |
| Total | 277 | 100.00 |

## ১২.২ প্রতিষ্ঠান প্রধানের লিঙ্গ

সারণি ১২.২-এ ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহকে লিঙ্গভিত্তিক প্রতিষ্ঠান প্রধান অনুযায়ী বণ্টন করে উপস্থাপন করা হয়েছে। উপাত্তসমূহ একটি স্পষ্ট লিঙ্গ বৈষম্যের প্রতিফলন, যেখানে নারীদের চেয়ে পুরুষ প্রধানদের আধিপত্য সুস্পষ্ট। মোট ২৭৭টি প্রতিষ্ঠানের মধ্যে ২৭৫টি প্রতিষ্ঠানের প্রধান ছিলেন পুরুষ, যা মোটের ৯৯.২৮ শতাংশ। নারী প্রধান অত্যন্ত কম, যা মাত্র ০.৭২ শতাংশ। এছাড়া, হিজড়া হিসেবে পরিচয় প্রদানকারী কোনো ব্যক্তির নেতৃত্বে পরিচালিত কোনো প্রতিষ্ঠান পাওয়া যায়নি। এই ফলাফলগুলো ভবন নির্মাণ খাতে নেতৃত্বের ক্ষেত্রে পুরুষদের প্রাধান্য স্পষ্টভাবে ফুটে উঠেছে। ব্যবস্থাপনা পর্যায়ে লিঙ্গবৈচিত্র্য নারীদের অংশগ্রহণ অত্যন্ত সীমিত, তা স্পষ্ট করেছে।

## 12.2 Gender of the Head of Firms

Table 12.2 presents the distribution of building construction establishments by the gender of the head of the establishment. The data reveal a pronounced gender imbalance, with male heads dominating the sector, accounting for 275 out of 277 establishments (99.28%). Female heads were exceedingly rare, representing only 0.72% of firms, while there are no establishments led by individuals identifying as Hijra. These findings underscore the overwhelmingly male-dominated nature of leadership within the building construction sector and highlight the limited participation of women and gender-diverse individuals in managerial roles.

**Table 12.2: Distribution of Establishments by Gender of Head**

| Type of head of establishment | Number | Percent (%) |
|---|---|---|
| Male | 275 | 99.28 |
| Female | 2 | 0.72 |
| Hijra | 0 | 0.00 |
| Total | 277 | 100.00 |

### ১২.৩ কর্মসংস্থানের আকার

সারণি ১২.৩-এ বিভিন্ন আকারের প্রতিষ্ঠানে নিয়মিত কর্মচারীদের বণ্টন দেখানো হয়েছে। সারণি অনুযায়ী, বৃহৎ আকারের প্রতিষ্ঠানগুলোতে নিয়মিত কর্মচারীর সংখ্যা সর্বাধিক, মোট ১,৩৫৭ জন, যার মধ্যে ১,২২০ জন পুরুষ এবং ১৩৭ জন নারী। মাঝারি আকারের প্রতিষ্ঠানগুলোতে মোট ১,০৬৮ জন নিয়মিত কর্মচারী কর্মরত, যার মধ্যে ৮৬১ জন পুরুষ এবং ২০৭ জন নারী। ক্ষুদ্র আকারের প্রতিষ্ঠানগুলোতে মোট ৭১২ জন নিয়মিত কর্মচারী রয়েছে, যার মধ্যে ৬৮৫ জন পুরুষ এবং মাত্র ২৭ জন নারী। সার্বিকভাবে, সারণিতে মোট ৩,১৩৭ জন নিয়মিত কর্মচারীর তথ্য উপস্থাপন করা হয়েছে, যার মধ্যে ২,৭৬৬ জন পুরুষ এবং ৩৭১ জন নারী। উল্লেখ্য, প্রেক্ষাপট বিবেচনায় এ সারণিতে শুধু প্রতিষ্ঠানের নিয়মিত কর্মচারীদের তথ্য অন্তর্ভুক্ত করা হয়েছে। চুক্তিভিত্তিক স্বল্পমেয়াদি কর্মচারী এবং নির্দিষ্ট ভবন নির্মাণ কার্যক্রমে সরাসরি নিয়োজিত দিনমজুরদের কর্মসংস্থানের হিসাবে অন্তর্ভুক্ত করা হয়নি। ফলে, সারণি ১২.৩ প্রতিষ্ঠানের স্থিতিশীল শ্রমশক্তিকে প্রতিফলিত করেছে। একই সাথে স্থিতিশীল শ্রমশক্তি ১২.১ চার্টে উল্লেখ করা হয়েছে।

### 12.3 Employment Size

Table 12.3 shows the distribution of regular employees across firms of different sizes. As indicated in the table, large firms employ the highest number of regular workers (1,357), consisting of 1,220 males and 137 females. Medium-sized firms follow with a total of 1,068 regular employees, of whom 861 are male and 207 are female. Small firms account for 712 regular employees, including 685 males and only 27 females. Overall, the table records a total of 3,137 regular employees, comprising 2,766 males and 371 females. It is important to note that, as specified in the table context, only regular employees of the firm are included in these figures. Contract-based short-term employees and day laborers directly engaged in particular building activities are not included in this employment count. Therefore, Table 12.3 and Chart 12.1 reflects the firm's stable workforce rather than temporary labor.

**Table 12.3: Employment Size, 2023-24**

(Number)

| Types of Employees | Male | Female | Total |
|---|---|---|---|
| Large | 1,220 | 137 | 1,357 |
| Medium | 861 | 207 | 1,068 |
| Small | 685 | 27 | 712 |
| **Total** | 2,766 | 371 | 3,137 |

**Chart 12.1: Employment size, 2023-24**



## ১২.৪ কর্মসংস্থান ব্যয়

সারণি ১২.৪-এ ২০২৩–২৪ অর্থবছরে ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের নিয়মিত অফিসভিত্তিক কর্মচারীদের কর্মসংস্থান ব্যয় উপস্থাপন করা হয়েছে। এটি প্রতিষ্ঠানের আকারভেদে এবং পুরুষ ও নারী কর্মচারীদের মধ্যে ব্যয়ের বণ্টনে উল্লেখযোগ্য ভিন্নতা পাওয়া যাচ্ছে। সারণি অনুযায়ী, বৃহৎ আকারের প্রতিষ্ঠানগুলোর মোট কর্মসংস্থান ব্যয় সর্বাধিক, যা ৭৮১.৩৯ লক্ষ টাকা। এর মধ্যে পুরুষ কর্মচারীদের জন্য ছিল ৬৬২.৫০ লক্ষ টাকা এবং নারী কর্মচারীদের জন্য ১১৮.৮৯ লক্ষ টাকা। মধ্যম আকারের প্রতিষ্ঠানগুলো এর পরেই অবস্থান করছে, যেখানে মোট কর্মসংস্থান ব্যয় ৭৭১.৬৭ লক্ষ টাকা। এর মধ্যে পুরুষ কর্মচারীদের জন্য ব্যয় হয়েছে ৫৮১.৮৯ লক্ষ টাকা এবং নারী কর্মচারীদের জন্য ১৮৯.৭৮ লক্ষ টাকা—যা বৃহৎ প্রতিষ্ঠানের তুলনায় নারী কর্মচারীদের জন্য তুলনামূলকভাবে বেশি ব্যয়ের নির্দেশক প্রকাশ করে। ছোট প্রতিষ্ঠানগুলোতে কর্মসংস্থান ব্যয় সর্বনিম্ন, মোট ৩৯৫.৯৩ লক্ষ টাকা; এর মধ্যে পুরুষ কর্মচারীদের জন্য ব্যয় হয়েছে ৩৮০.৪১ লক্ষ টাকা এবং নারী কর্মচারীদের জন্য লক্ষ্যণীয় মাত্রায় কম, যা মাত্র ১৫.৫২ লক্ষ টাকা।

সারণি ১২.৪ অনুযায়ী, সব ধরনের প্রতিষ্ঠানের সম্মিলিত মোট কর্মসংস্থান ব্যয় ১,৯৪৮.৯৯ লক্ষ টাকা দাঁড়িয়েছে, যার মধ্যে পুরুষ কর্মচারীদের জন্য ১,৬২৪.৮১ লক্ষ টাকা এবং নারী কর্মচারীদের জন্য ৩২৪.১৯ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা সারণি ১২.৪ এবং চার্ট ১২.২ এ উল্লেখ করা হয়েছে। প্রতিষ্ঠানের আকারভেদে ব্যয়ের স্বাভাবিক পার্থক্যই নয়, বরং কর্মসংস্থান ব্যয়ে একটি স্পষ্ট লিঙ্গভিত্তিক বৈষম্যও লক্ষ্য করা গেছে, যা ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহে নিয়মিত প্রতিষ্ঠানভিত্তিক নারী কর্মচারীদের তুলনামূলক কম অংশগ্রহণকে প্রতিফলিত করছে।

## 12.4 Employment cost

Table 12.4 shows the employment costs of regular office-based staff in building construction firms for financial year 2023–24. It shows notable variations in cost distribution across firm sizes as well as between male and female employees. According to the table, large firms incur the highest total employment cost, amounting to Tk. 781.39 lakh, of which Tk. 662.50 lakh is allocated to male employees and Tk. 118.89 lakh to female employees. Medium firms follow closely, with a total employment cost of Tk. 771.67 lakh; this includes Tk. 581.89 lakh for male staff and Tk. 189.78 lakh for female staff—indicating a comparatively higher share of expenditure on female employees than in large firms. Small firms show the lowest employment costs, totalling Tk. 395.93 lakh, with Tk. 380.41 lakh spent on male employees and a significantly lower Tk. 15.52 lakh for female employees.

As shown in Table 12.4, the aggregated employment cost across all firm categories stands at Tk. 1,948.99 lakh, of which Tk. 1,624.81 lakh pertains to male employees and Tk. 324.19 lakh to female employees. The table highlights not only the expected cost differences based on firm size but also a clear gender-based disparity in employment expenditure, reflecting the smaller proportion of female regular office-based staff in building construction firms.

**Table 12.4: Employment Costs of Regular Office-Based Staff in Building Construction Firms, 2023–24**

**(Lakh Tk.)**

| Firm Size | Gender of employees | | |
|---|---|---|---|
| | **Male** | **Female** | **Total** |
| 1. Large firms | 662.50 | 118.89 | 781.39 |
| 2.Medium firm | 581.89 | 189.78 | 771.67 |
| 3.Small firm | 380.41 | 15.52 | 395.93 |
| Total | 1,624.81 | 324.19 | 1,948.99 |

**Chart 12.2: Employment Costs of Regular Office-Based Staff in Building Construction Firms, 2023–24**

**Lakh Tk.**




## ১২.৫ বৃহৎ নির্মাণ প্রতিষ্ঠানের দ্বারা নির্মিত ভবনের সংখ্যা ও মোট ফ্লোরের আয়তন

সারণি ১২.৫-এ ২০২৩-২৪ অর্থবছরে বৃহৎ নির্মাণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নির্মিত ভবনের সংখ্যা এবং ফ্লোরের মোট আয়তন উপস্থাপন করা হয়েছে, যা দৈবচয়নের ভিত্তিতে নির্বাচিত ৯টি বৃহৎ নির্মাণ প্রতিষ্ঠানের ওপর পরিচালিত একটি সমীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে প্রস্তুত। সমীক্ষা নকশা অনুযায়ী প্রতিটি প্রতিষ্ঠান থেকে একটি করে নির্মিত ভবনই বিশ্লেষণের উদ্দেশ্য অন্তর্ভুক্ত ছিল। তবে কিছু প্রতিষ্ঠান একই ধরনের একাধিক নির্মিত ভবনের জন্য সমন্বিত রেকর্ড সংরক্ষণ করায়, তারা দুই বা ততোধিক ভবনের সম্মিলিত তথ্য প্রদান করেছে। এর ফলে জরিপে অন্তর্ভুক্ত মোট ভবনের সংখ্যা (১১টি) পর্যালোচিত প্রতিষ্ঠানের সংখ্যার তুলনায় কিছু বেশি হয়েছে। ফলাফল থেকে দেখা যায় যে, সংশ্লিষ্ট অর্থবছরে

## 12.5 Number and total floor area of buildings constructed by large construction firms

Table 12.5 presents the number and total floor area of buildings completed by large construction firms during FY 2023–24, based on a study of 9 randomly selected large construction firms. As per the study design, one completed building from each firm was intended to be investigated. However, a few firms maintained aggregated records for more than one completed building of similar type and therefore reported combined information for two or more buildings. As a result, the total number of buildings covered by the survey (11 buildings) is slightly higher than the number of firms investigated. The findings indicate that construction activity by large

বৃহৎ প্রতিষ্ঠানের নির্মাণ কার্যক্রম প্রধানত বিক্রয় বা ভাড়ার উদ্দেশ্যে স্বনির্মিত ভবন এবং অন্যান্য প্রতিষ্ঠানের জন্য নির্মিত আবাসিক ভবনে কেন্দ্রীভূত ছিল। বিক্রয় বা ভাড়ার উদ্দেশ্যে স্বনির্মিত ভবনই সর্বাধিক, যেখানে ৭টি ভবনের ফ্লোরের মোট আয়তন ২১১,৮৯০ বর্গফুট ছিল। এছাড়াও একটি সরকারি প্রাতিষ্ঠানিক ভবন (হাসপাতাল ব্যতীত) নির্মিত হয়েছে, যার আওতায় ৩টি ভবনের ফ্লোরের মোট আয়তন ৮,১০০ বর্গফুট। অন্যান্য প্রতিষ্ঠানের জন্য নির্মিত আবাসিক ভবনের ক্ষেত্রেও তথ্য পাওয়া গেছে, যেখানে ৩টি ভবনের ফ্লোরের মোট আয়তন ছিল ১৮,৭০০ বর্গফুট। অন্যদিকে, সরকারি আবাসিক, বাণিজ্যিক, শিল্প বা হাসপাতাল ভবন; অন্যান্য প্রতিষ্ঠানের বাণিজ্যিক, শিল্প বা প্রাতিষ্ঠানিক ভবন; বেসরকারী মালিকানাধীন আবাসিক বা অনাবাসিক ভবন; এবং অন্যান্য স্বাস্থ্যসম্পর্কিত স্থাপনার ক্ষেত্রে কোনো নির্মাণ কার্যক্রম রিপোর্ট করা হয়নি। সামগ্রিকভাবে, জরিপে অন্তর্ভুক্ত ১১টি নির্মিত ভবনে মোট ৭৩টি তলা এবং মোট ২,৩৮,৬৯০ বর্গফুট আয়তনের ফ্লোর রয়েছে। এই ফলাফল নির্দেশ করে যে, ২০২৩-২৪ অর্থবছরে বৃহৎ নির্মাণ প্রতিষ্ঠানগুলো প্রধানত নিজস্ব উন্নত আবাসিক প্রকল্প এবং সীমিত সংখ্যক প্রাতিষ্ঠানিক ও অন্যান্য প্রতিষ্ঠানের আবাসিক ভবন নির্মাণে মনোনিবেশ করেছিল, যেখানে অন্যান্য শ্রেণির ভবনে তাদের সম্পৃক্ততা ছিল অত্যন্ত সীমিত।

firms during the reference year was concentrated mainly in self-constructed buildings intended for sale or rent and in residential buildings constructed for other organizations. Self-constructed buildings for sale or rent accounted for the largest share, with 7 buildings and a combined floor area of 211,890 square feet. In addition, one government institutional building (excluding hospitals) was completed, comprising 3 buildings with a total floor area of 8,100 square feet. Residential buildings constructed for other organizations were also reported, with 3 buildings totaling 18,700 square feet floor area. No construction activity was reported in several categories, including government residential, commercial, industrial, or hospital buildings; commercial, industrial, or institutional buildings of other organizations; privately owned residential or non-residential buildings; and other health-related facilities. Overall, the 11 completed buildings covered in the survey accounted for a total of 73 floors and an aggregate floor area of 238,690 square feet. These results suggest that, during FY 2023–24, large construction firms primarily focused on self-developed residential-type projects and a limited number of institutional and organizational residential buildings, with minimal or no engagement in other building categories.

**Table 12.5: Number and Total Floor Area of Buildings Completed by Large Construction Firms during FY 2023–24**

| Type of buildings completed | Number of buildings | Number of floors | Total floor area (Sq. feet) |
|---|---|---|---|
| Self-constructed building (for sale/rent) | 7 | 67 | 211,890 |
| Government residential building | - | - | - |
| Government commercial building | - | - | - |
| Government industrial building | - | - | - |
| Government institutional building (excluding hospitals) | 1 | 3 | 8,100 |

| Type of buildings completed | Number of buildings | Number of floors | Total floor area (Sq. feet) |
|---|---|---|---|
| Other government buildings (not mentioned above) | - | - | - |
| Residential building of another organization constructed by a construction company | 3 | 3 | 18,700 |
| Commercial building of another organization | - | - | - |
| Industrial building of another organization | - | - | - |
| Institutional building of another organization | - | - | - |
| Other buildings of another organization (not mentioned above) | - | - | - |
| Privately owned residential building | - | - | - |
| Any privately owned non-residential building | - | - | - |
| Government hospital building | - | - | - |
| Other buildings (excluding hospitals) where limited health services are provided (e.g., Union Health and Family Welfare Centers, Community Clinics, etc.) | - | - | - |
| **Total** | 11 | 73 | 238,690 |

## ১২.৬ মধ্যম আকারের নির্মাণ প্রতিষ্ঠানের দ্বারা নির্মিত ভবনের সংখ্যা ও ফ্লোরের মোট আয়তন

সারণি ১২.৬-এ ২০২৩–২৪ অর্থবছরে মধ্যম আকারের নির্মাণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নির্মিত ভবনের সংখ্যা ও ফ্লোরের মোট আয়তনের সারসংক্ষেপ উপস্থাপন করা হয়েছে, যা দৈবচয়নের ভিত্তিতে নির্বাচিত ৪৭টি মধ্যম আকারের নির্মাণ প্রতিষ্ঠানের ওপর পরিচালিত একটি সমীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে প্রস্তুত। সমীক্ষার নকশা অনুযায়ী প্রতিটি প্রতিষ্ঠান থেকে একটি করে নির্মিত ভবন পর্যালোচনার উদ্দেশ্য ছিল। তবে বৃহৎ প্রতিষ্ঠানের মতোই, কিছু মাঝারি প্রতিষ্ঠান একই ধরনের একাধিক নির্মিত ভবনের জন্য সমন্বিত রেকর্ড সংরক্ষণ করায় দুই বা ততোধিক ভবনের একীভূত তথ্য প্রদান করেছে। এর ফলে জরিপে অন্তর্ভুক্ত মোট ভবনের সংখ্যা (৫৭টি) পর্যালোচিত প্রতিষ্ঠানের সংখ্যা (৪৭টি)-এর তুলনায় বেশি হয়েছে। সারণি অনুযায়ী, বিক্রয় বা ভাড়া দেওয়ার উদ্দেশ্যে স্বনির্মিত ভবন মধ্যম প্রতিষ্ঠানের নির্মাণ কার্যক্রমের সর্বাধিক

## 12.6 Number and total floor area of buildings constructed by medium firms

Table 12.6 summarizes the number and total floor area of buildings completed by medium construction firms during FY 2023–24, based on a study of 47 randomly selected medium-sized construction firms. According to the study design, one completed building from each firm was intended to be investigated. However, similar to the case of large firms, several medium firms maintained aggregated records covering more than one completed building of the same type. Consequently, these firms reported combined information for two or more buildings, resulting in the total number of buildings covered by the survey (57 buildings) being higher than the number of firms investigated. The table shows that self-constructed buildings intended for sale or rent constituted the largest share of construction activity among medium firms. A total of 28 buildings of this

অংশ জুড়ে রয়েছে। এ ধরনের মোট ২৮টি ভবন নির্মিত হয়েছে, যেখানে ২২২টি তলা এবং মোট ৫৩০,৬৫৩ বর্গফুট ফ্লোর আয়তন অন্তর্ভুক্ত। মাঝারি প্রতিষ্ঠানগুলো সরকারি ব্যবহারের জন্য ভবন নির্মাণেও সক্রিয়ভাবে জড়িত ছিল। এর মধ্যে রয়েছে একটি সরকারি আবাসিক ভবন (৮,০০০ বর্গফুট), একটি সরকারি বাণিজ্যিক ভবন যার ৭টি তলা ও ৫১,৪১৩ বর্গফুট ফ্লোর আয়তন, একটি সরকারি শিল্প ভবন (৫,০০০ বর্গফুট), এবং হাসপাতাল ব্যতীত পাঁচটি সরকারি প্রাতিষ্ঠানিক ভবন, যেগুলোর মোট তলা সংখ্যা ১৯টি এবং মোট ফ্লোর আয়তন ২৬,০০০ বর্গফুট। অন্যান্য শ্রেণির সরকারি ভবন নির্মাণের বিষয়ে কোন কার্যক্রম রিপোর্ট করা হয়নি। অন্যান্য প্রতিষ্ঠানের জন্য নির্মাণ কার্যক্রমও উল্লেখযোগ্য ছিল। মাঝারি প্রতিষ্ঠানগুলো অন্যান্য প্রতিষ্ঠানের জন্য ৯টি আবাসিক ভবন নির্মাণ করেছে, যেখানে ৫২টি তলা এবং মোট ১৮৮,১০০ বর্গফুট ফ্লোর আয়তন রয়েছে। এছাড়াও অন্যান্য প্রতিষ্ঠানের জন্য দুটি বাণিজ্যিক ভবন (৭৫,৪০০ বর্গফুট) এবং একটি শিল্প ভবন (৮,০০০ বর্গফুট) নির্মাণ করা হয়েছে। এই শ্রেণিতে কোনো প্রাতিষ্ঠানিক বা অন্যান্য অনির্দিষ্ট ভবনের তথ্য পাওয়া যায়নি। ব্যক্তি মালিকানাধীন ভবনও নির্মাণ কার্যক্রমের একটি উল্লেখযোগ্য অংশ ছিল। ব্যক্তি মালিকানাধীন আটটি আবাসিক ভবন নির্মিত হয়েছে, যেখানে ৬৩টি তলা এবং মোট ৮২,১৩০ বর্গফুট ফ্লোর আয়তন অন্তর্ভুক্ত। পাশাপাশি, ১০ তলা বিশিষ্ট একটি ব্যক্তি মালিকানাধীন অনাবাসিক ভবন যার ফ্লোরের মোট আয়তন ৫৬,৪০০ বর্গফুট অন্তর্ভুক্ত, উল্লিখিত সময়কালে কোনো সরকারি হাসপাতাল ভবন বা অন্যান্য স্বাস্থ্যসম্পর্কিত স্থাপনা নির্মাণের কোন তথ্য পাওয়া যায়নি। সামগ্রিকভাবে, ২০২৩–২৪ অর্থবছরে মধ্যম আকারের নির্মাণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নির্মিত ৫৭টি ভবনে মোট ৪০৩টি তলা এবং ১০,৩১,০৯৬ বর্গফুট ফ্লোরের আয়তন অন্তর্ভুক্ত ছিল। ফলাফল থেকে বোঝা যায় যে, বৃহৎ প্রতিষ্ঠানের তুলনায় মধ্যম আকারের নির্মাণ প্রতিষ্ঠানগুলো অধিকতর বৈচিত্র্যপূর্ণ ভবন নির্মাণে সম্পৃক্ত ছিল এবং স্বনির্মিত প্রকল্প, সরকারি ভবন ও ব্যক্তি মালিকানাধীন উন্নয়ন কার্যক্রমে তাদের অংশগ্রহণ উল্লেখযোগ্য ছিল।

type were completed, comprising 222 floors and accounting for a combined floor area of 530,653 square feet. Medium firms were also actively involved in the construction of buildings for government use. This included one government residential building (8,000 square feet), one government commercial building with 7 floors (51,413 square feet), one government industrial building (5,000 square feet), and five government institutional buildings excluding hospitals, together totaling 19 floors and 26,000 square feet. No construction was reported under other government building categories. Construction activity for other organizations was also significant. Medium firms completed 9 residential buildings for other organizations, with 52 floors and a total floor area of 188,100 thousand square feet. In addition, two commercial buildings (75,400 square feet) and one industrial building (8,000 square feet) were constructed for other organizations. No institutional or other unspecified buildings were reported under this category. Privately owned buildings accounted for a notable portion of activity as well. Eight privately owned residential buildings were completed, comprising 63 floors and a total floor area of 82,130 square feet, while one privately owned non-residential building with 10 floors accounted for 56,400 square feet floor area. No government hospital buildings or other health-related facilities were reported during the reference period. Overall, the 57 buildings completed by medium construction firms during FY 2023–24 comprised 403 floors and a total floor area of 1,031,096 square feet. The results indicate that medium construction firms were engaged in a wider range of building types compared to large firms, with substantial involvement in self-constructed projects, government buildings, and privately owned developments.

**Table 12.6: Number and total floor area of a building completed by medium construction firms during FY 2023–24**

| Types of buildings | Number of buildings | Number of floors | Total floor area (Sq. feet) |
|---|---|---|---|
| Self-constructed building (for sale/rent) | 28 | 222 | 530,653 |
| Government residential building | 1 | 1 | 8,000 |
| Government commercial building | 1 | 7 | 51,413 |
| Government industrial building | 1 | 2 | 5,000 |
| Government institutional building (excluding hospitals) | 5 | 19 | 26,000 |
| Other government buildings (not mentioned above) | - | - | - |
| Residential building of another organization constructed by a construction company | 9 | 52 | 188,100 |
| Commercial building of another organization | 2 | 26 | 75,400 |
| Industrial building of another organization | 1 | 1 | 8,000 |
| Institutional building of another organization | - | - | - |
| Other buildings of another organization (not mentioned above) | - | - | - |
| Privately owned residential building | 8 | 63 | 82,130 |
| Any privately owned non-residential building | 1 | 10 | 56,400 |
| Government hospital building | - | - | - |
| Other buildings (excluding hospitals) where limited health services are provided (e.g., Union Health and Family Welfare Centers, Community Clinics, etc.) | - | - | - |
| **Total** | 57 | 403 | 1,031,096 |

## ১২.৭ ক্ষুদ্র আকারের নির্মাণ প্রতিষ্ঠানের দ্বারা নির্মিত ভবনের সংখ্যা ও মোট ফ্লোর আয়তন

সারণি ১২.৭-এ ২০২৩–২৪ অর্থবছরে ক্ষুদ্র নির্মাণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নির্মিত ভবনের সংখ্যা ও মোট ফ্লোর আয়তন উপস্থাপন করা হয়েছে, যা দৈবচয়নের ভিত্তিতে নির্বাচিত ২২১টি ক্ষুদ্র প্রতিষ্ঠানের ওপর পরিচালিত একটি সমীক্ষার ফলাফলের ওপর নির্ভরশীল। সমীক্ষা নকশা অনুযায়ী প্রতিটি প্রতিষ্ঠান থেকে একটি করে নির্মিত ভবনের তথ্য

## 12.7 Number and floor area of buildings constructed by small firms

Table 12 .7 presents the number and total floor area of buildings completed by small construction firms during FY 2023–24, based on a study of 221 randomly selected small firms. In line with the study design, one completed building per firm was intended to be covered. However, as observed for large and medium firms, several small firms

অন্তর্ভুক্ত করার পরিকল্পনা ছিল। তবে বৃহৎ ও মাঝারি প্রতিষ্ঠানের মতোই, কিছু ক্ষুদ্র প্রতিষ্ঠানও একই ধরনের একাধিক নির্মিত ভবনের জন্য সমন্বিত রেকর্ড সংরক্ষণ করায় দুই বা ততোধিক ভবনের (একত্রিত) তথ্য প্রদান করেছে। এর ফলে সারণিতে অন্তর্ভুক্ত মোট ভবনের সংখ্যা (২৫৮টি) সমীক্ষায় অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানের সংখ্যার তুলনায় সামান্য বেশি হয়েছে। ফলাফল থেকে দেখা যায় যে ক্ষুদ্র নির্মাণ প্রতিষ্ঠানগুলো নানাবিধ নির্মাণ কার্যক্রমে ব্যাপকভাবে সম্পৃক্ত ছিল। বিশেষ করে সরকারি এবং স্বনির্মিত প্রকল্পে তাদের উপস্থিতি ছিল অত্যন্ত শক্তিশালী। বিক্রয় বা ভাড়ার উদ্দেশ্যে স্বনির্মিত ভবনের সংখ্যা ছিল ৩১টি, যেখানে মোট ১৮৪টি তলা এবং ৪৩৮,১৭৯ বর্গফুট ফ্লোর আয়তন অন্তর্ভুক্ত ছিল। সরকার সংশ্লিষ্ট নির্মাণ কার্যক্রম মোট কার্যক্রমের একটি উল্লেখযোগ্য অংশ জুড়ে ছিল। এর মধ্যে ২৫টি সরকারি আবাসিক ভবন অন্তর্ভুক্ত, যেখানে ৫০টি তলা এবং মোট ৫৯,৪৪৭ বর্গফুট ফ্লোর আয়তন রয়েছে। এছাড়া ৩টি সরকারি বাণিজ্যিক ভবন নির্মিত হয়েছে, যেগুলোর মোট তলা সংখ্যা ৭টি এবং ফ্লোর আয়তন ৯,২৫০ বর্গফুট। যদিও কোনো সরকারি শিল্প ভবনের তথ্য পাওয়া যায়নি, তবুও হাসপাতাল ব্যতীত সরকারি প্রাতিষ্ঠানিক ভবন নির্মাণ বিশেষভাবে উল্লেখযোগ্য ছিল। এ ধরনের মোট ১৫৪টি ভবন নির্মিত হয়েছে, যার মধ্যে ৩৫৮টি তলা এবং মোট ৫৮১,১০৬ বর্গফুট ফ্লোর আয়তন অন্তর্ভুক্ত। এছাড়াও অন্যান্য শ্রেণিতে উল্লেখ না থাকা ৫টি সরকারি ভবন নির্মিত হয়েছে, যেগুলোতে মোট ১১টি তলা এবং ৬,৭৪৮ বর্গফুট ফ্লোর আয়তন রয়েছে। ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলো অন্যান্য প্রতিষ্ঠানের জন্যও নির্মাণ কার্যক্রম পরিচালনা করেছে। এর মধ্যে রয়েছে ২টি আবাসিক ভবন (৯,৩৩৮ বর্গফুট), ১টি বাণিজ্যিক ভবন (১৮,০০০ বর্গফুট), এবং ৭টি প্রাতিষ্ঠানিক ভবন (২২,০২৭ বর্গফুট), পাশাপাশি ১টি অন্যান্য অনির্দিষ্ট ভবন (৩,২০০ বর্গফুট)। ব্যক্তি মালিকানাধীন ভবন নির্মাণও ক্ষুদ্র প্রতিষ্ঠানের একটি গুরুত্বপূর্ণ কার্যক্রম ছিল। ব্যক্তি মালিকানাধীন ২৬টি আবাসিক ভবন নির্মিত হয়েছে, যেখানে মোট ৭৪টি তলা এবং ১১৯,৯৫২ বর্গফুট ফ্লোর আয়তন অন্তর্ভুক্ত। এছাড়াও ১টি ব্যক্তি মালিকানাধীন অনাবাসিক ভবনের তথ্য পাওয়া গেছে, যার

maintained aggregated records for more than one completed building of similar type and therefore reported combined information for two or more buildings. As a result, the total number of buildings included in the table (258 buildings) slightly exceeds the number of firms surveyed. The results show that small construction firms were extensively engaged in a wide variety of building activities, with a particularly strong presence in government and self-constructed projects. Self-constructed buildings for sale or rent accounted for 31 buildings, comprising 184 floors and a total floor area of 438,179 square feet. Government-related construction constituted a substantial share of activity. This included 25 government residential buildings with 50 floors and a floor area of 59,447 square feet, and 3 government commercial buildings totaling 7 floors and 9,250 square feet. Although no government industrial buildings were reported, construction of government institutional buildings excluding hospitals was especially prominent, with 154 buildings completed, encompassing 358 floors and a total floor area of 581,106 square feet. In addition, 5 other government buildings not specified elsewhere were completed, accounting for 11 floors and 6,748 square feet. Small firms also undertook construction for other organizations. This included 2 residential buildings (9,338 square feet), 1 commercial building (18,000 square feet), and 7 institutional buildings (22,027 square feet), along with 1 other unspecified building (3,200 square feet). Privately owned construction was another important area of activity, with 26 privately owned residential buildings completed, comprising 74 floors and a total floor area of 119,952 square feet. One privately owned non-residential building with a floor area of 1,200 square feet was also reported. In addition,

ফ্লোরের আয়তন ছিল ১,২০০ বর্গফুট। পাশাপাশি, ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলো স্বাস্থ্যখাত সংশ্লিষ্ট অবকাঠামো উন্নয়নেও অবদান রেখেছে। একটি সরকারি হাসপাতাল ভবন নির্মিত হয়েছে, যার ফ্লোরের আয়তন ছিল ২,৪০০ বর্গফুট। এছাড়াও সীমিত সেবা প্রদানকারী একটি অন্যান্য স্বাস্থ্যসম্পর্কিত স্থাপনাও নির্মিত হয়েছে, যেখানে ২টি তলা এবং মোট ১,৯৯৫ বর্গফুট ফ্লোর আয়তন অন্তর্ভুক্ত। সামগ্রিকভাবে, ২০২৩–২৪ অর্থবছরে ক্ষুদ্র আকারের নির্মাণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নির্মিত ২৫৮টি ভবনে মোট ৭২৩টি তলা এবং সম্মিলিতভাবে ১২,৭২,৮৪২ বর্গফুট ফ্লোরের আয়তন অন্তর্ভুক্ত ছিল। এই ফলাফলগুলো ক্ষুদ্র নির্মাণ প্রতিষ্ঠানের নির্মাণ কার্যক্রমের বৈচিত্র্যপূর্ণ ও বিকেন্দ্রীভূত চরিত্রকে তুলে ধরে, যেখানে সরকারি প্রাতিষ্ঠানিক ভবন, স্বনির্মিত প্রকল্প এবং ব্যক্তিমালিকানাধীন আবাসিক ভবনে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে—যা স্থানীয় ও জনসাধারণের অবকাঠামো চাহিদা পূরণে তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা প্রতিফলিত করে।

small firms contributed to the development of health-related infrastructure. One government hospital building with a floor area of 2,400 square feet was completed, as well as one other health-related facility providing limited services, consisting of 2 floors and a total floor area of 1,995 square feet. Overall, the 258 buildings completed by small construction firms during FY 2023–24 comprised 723 floors and a combined floor area of 1,272,842 square feet. The findings highlight the diverse and decentralized nature of construction activity among small firms, with a strong emphasis on government institutional buildings, self-constructed projects, and privately owned residential buildings, reflecting their significant role in meeting local and public infrastructure needs.

**Table 12.7: Number and floor area of a building (randomly selected) completed by small firms during FY 2023–24**

| Number of buildings completed | Number of buildings | Number of floors | Total floor area (Sq. feet) |
|---|---|---|---|
| 1. Self-constructed building (for sale/rent) | 31 | 184 | 438,179 |
| 2. Government residential building | 25 | 50 | 59,447 |
| 3. Government commercial building | 3 | 7 | 9,250 |
| 4. Government industrial building | - | - | - |
| 5. Government institutional building (excluding hospitals) | 154 | 358 | 581,106 |
| 6. Other government buildings (not mentioned above) | 5 | 11 | 6,748 |
| 7. Residential building of another organization constructed by a construction company | 2 | 10 | 9,338 |
| 8. Commercial building of another organization | 1 | 7 | 18,000 |
| 9. Industrial building of another organization | - | - | - |
| 10. Institutional building of another organization | 7 | 17 | 22,027 |
| 11. Other buildings of another organization (not mentioned above) | 1 | 1 | 3,200 |
| 12. Privately owned residential building | 26 | 74 | 119,952 |
| 13. Any privately owned non-residential building | 1 | 1 | 1,200 |
| 14. Government hospital building | 1 | 1 | 2,400 |
| 15. Other buildings (excluding hospitals) where limited health services are provided (e.g., Union Health and Family Welfare Centers, Community Clinics, etc.) | 1 | 2 | 1,995 |
| **Total** | 258 | 723 | 1,272,842 |

## ১২.৮ সকল ধরনের (বৃহৎ, মধ্যম ও ক্ষুদ্র) নির্মাণ প্রতিষ্ঠানের দ্বারা নির্মিত ভবনের সংখ্যা ও মোট ফ্লোর আয়তন

সারণি ১২.৮-এ ২০২৩–২৪ অর্থবছরে সকল ধরনের নির্মাণ প্রতিষ্ঠান-বৃহৎ, মধ্যম ও ক্ষুদ্র কর্তৃক নির্মিত ভবনের সংখ্যা ও মোট ফ্লোর আয়তনের একটি সম্মিলিত চিত্র উপস্থাপন করা হয়েছে। এই সারণিটি বিভিনান শ্রেণির প্রতিষ্ঠানের তথ্য একত্রিত করে প্রস্তুত করা হয়েছে এবং এর মাধ্যমে গবেষণায় অন্তর্ভুক্ত সামগ্রিক নির্মাণ কার্যক্রমের পরিমাণ ও গঠনগত বৈশিষ্ট্যের একটি সার্বিক চিত্র প্রতিফলিত হয়। পূর্ববর্তী বিশ্লেষণগুলোর মতোই, এখানে রিপোর্টকৃত ভবনের সংখ্যা সমীক্ষাভুক্ত প্রতিষ্ঠানের সংখ্যার তুলনায় বেশি, কারণ কিছু প্রতিষ্ঠান একই ধরনের একাধিক নির্মিত ভবনের তথ্য একত্রিতভাবে প্রদান করেছে। সম্মিলিত ফলাফল অনুযায়ী, বিক্রয় বা ভাড়ার উদ্দেশ্যে স্বনির্মিত ভবন সকল ধরনের প্রতিষ্ঠানের মধ্যেই নির্মাণ কার্যক্রমের একটি প্রধান অংশ হিসেবে পরিগণিত হয়েছে। এ ধরনের মোট ৬৬টি ভবন নির্মিত হয়েছে, যেখানে ৪৭৩টি তলা এবং মোট ১১,৮০,৭২২ বর্গফুট ফ্লোর আয়তন অন্তর্ভুক্ত ছিল—যা মোট ফ্লোর আয়তনের দিক থেকে একক বৃহত্তম শ্রেণি। সরকারি খাত সংক্রান্ত নির্মাণ কার্যক্রমও সামগ্রিক কার্যক্রমের একটি উল্লেখযোগ্য অংশে রয়েছে। এর মধ্যে রয়েছে ২৬টি সরকারি আবাসিক ভবন, যেগুলোর ফ্লোরের মোট আয়তন ৬৭,৪৪৭ বর্গফুট; ৪টি সরকারি বাণিজ্যিক ভবন, যেগুলোর ফ্লোরের মোট আয়তন ৬০,৬৬৩ বর্গফুট; এবং ১টি সরকারি শিল্প ভবন, যার ফ্লোর আয়তন ৫,০০০ বর্গফুট। সবচেয়ে উল্লেখযোগ্য হলো, হাসপাতাল ব্যতীত সরকারি প্রাতিষ্ঠানিক ভবন এই শ্রেণিতে প্রাধান্য বিস্তার করেছে। এই উপশ্রেণিতে মোট ১৬০টি ভবন নির্মিত হয়েছে, যেখানে ৩৮০টি তলা এবং সম্মিলিতভাবে ৬১৫,২০৬ বর্গফুট ফ্লোর আয়তন অন্তর্ভুক্ত। এছাড়াও অন্যান্য শ্রেণিতে অন্তর্ভুক্ত নয় এমন ৫টি সরকারি ভবনে ৬,৭৪৮ বর্গফুট ফ্লোর আয়তন যুক্ত করেছে। অন্যান্য প্রতিষ্ঠানের জন্য নির্মিত ভবনসমূহও সামগ্রিক নির্মাণ কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ অংশ গঠন করেছে। অন্যান্য প্রতিষ্ঠানের জন্য নির্মিত আবাসিক ভবনের সংখ্যা ছিল ১৪টি,

## 12.8 Number and floor area of buildings constructed by all types (large, medium and small) of firms

Table 12.8 presents an aggregated picture of the number and total floor area of buildings completed by all types of construction firms—large, medium, and small during FY 2023–24. The table consolidates information from the respective firm categories and therefore reflects the overall volume and composition of construction activity captured by the study. As in the previous analyses, the number of buildings reported exceeds the number of firms surveyed because some firms provided aggregated information for more than one completed building of the same type. The combined results indicate that self-constructed buildings for sale or rent constituted a major component of construction activity across all firm types. A total of 66 such buildings were completed, comprising 473 floors and accounting for 1,180,722 square feet of floor area, making this the single largest category in terms of total floor space. Government-related construction also represented a substantial share of overall activity. This included 26 government residential buildings with a total floor area of 67,447 square feet, 4 government commercial buildings totaling 60,663 square feet, and 1 government industrial building with a floor area of 5,000 square feet. Most notably, government institutional buildings excluding hospitals dominated this segment, with 160 buildings completed, encompassing 380 floors and a combined floor area of 615,206 square feet. In addition, 5 other government buildings not specified elsewhere contributed 6,748 square feet. Construction undertaken for other organizations formed another important component of total activity. Residential buildings constructed for other organizations accounted for 14 buildings and

যার মোট ফ্লোর আয়তন ২১৬,১৩৮ বর্গফুট। পাশাপাশি, অন্যান্য প্রতিষ্ঠানের জন্য নির্মিত বাণিজ্যিক ভবন ছিল ৩টি (৯৩,৪০০ বর্গফুট) এবং শিল্প ভবন ছিল ১টি (৮,০০০ বর্গফুট)। অন্যান্য প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক ভবনসমূহ থেকে আরও ২২,০২৭ বর্গফুট ফ্লোর আয়তন যোগ হয়েছে, পাশাপাশি অন্যান্য অনির্দিষ্ট প্রতিষ্ঠানের ভবন থেকে সামান্য অবদান রয়েছে। ব্যক্তি মালিকানাধীন ভবনসমূহও সামগ্রিক নির্মাণ চিত্রে উল্লেখযোগ্য স্থান দখল করেছে। মোট ৩৪টি ব্যক্তি মালিকানাধীন আবাসিক ভবন নির্মিত হয়েছে, যেখানে ১৩৭টি তলা এবং সম্মিলিতভাবে ২,০২,০৮২ বর্গফুট ফ্লোর আয়তন রয়েছে। এছাড়াও ২টি ব্যক্তি মালিকানাধীন অনাবাসিক ভবন থেকে ৫৭,৬০০ বর্গফুট ফ্লোর আয়তন যোগ হয়েছে। স্বাস্থ্যখাত সংশ্লিষ্ট নির্মাণ কার্যক্রম তুলনামূলকভাবে সীমিত ছিল। সংশ্লিষ্ট বছরে মাত্র ১টি সরকারি হাসপাতাল ভবন (২,৪০০ বর্গফুট) এবং সীমিত সেবা প্রদানকারী ১টি অন্যান্য স্বাস্থ্যসম্পর্কিত স্থাপনা (১,৯৯৫ বর্গফুট) নির্মাণের তথ্য পাওয়া গেছে। সামগ্রিকভাবে, ২০২৩–২৪ অর্থবছরে সকল ধরনের নির্মাণ প্রতিষ্ঠান কর্তৃক মোট ৩২৬টি ভবন নির্মিত হয়েছে, যেখানে ১,১৯৯টি তলা এবং সম্মিলিতভাবে ২৫,৪২,৬২৮ বর্গফুট ফ্লোর আয়তন অন্তর্ভুক্ত ছিল। এই বিশ্লেষণ থেকে বোঝা যায় যে সামগ্রিক নির্মাণ কার্যক্রম প্রধানত স্বনির্মিত প্রকল্প এবং সরকারি প্রাতিষ্ঠানিক ভবনে কেন্দ্রীভূত ছিল, যেখানে ব্যক্তি মালিকানাধীন ও স্বাস্থ্যখাত সংশ্লিষ্ট নির্মাণ কার্যক্রমের অংশ তুলনামূলকভাবে কম। এই সমন্বিত চিত্রটি অর্থবছরজুড়ে আবাসিক, প্রাতিষ্ঠানিক এবং জনসাধারণের অবকাঠামোগত চাহিদা পূরণে বৃহৎ, মধ্যম ও ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলো গুরুত্বপূর্ণ এবং পরিপূরক ভূমিকা পালন করছে।

216,138 square feet, while commercial and industrial buildings of other organizations comprised 3 buildings (93,400 square feet) and 1 building (8,000 square feet), respectively. Institutional buildings of other organizations added 22,027 square feet, along with a small contribution from other unspecified organizational buildings. Privately owned buildings also featured prominently in the overall construction landscape. A total of 34 privately owned residential buildings were completed, comprising 137 floors and a combined floor area of 202,082 square feet. In addition, 2 privately owned non-residential buildings contributed 57,600 square feet. Construction related to health facilities was limited, with only one government hospital building (2,400 square feet) and one other health-related facility providing limited services (1,995 square feet) reported during the reference year. In total, 326 buildings were completed by all types of construction firms during FY 2023–24, comprising 1,199 floors and an aggregate floor area of 2,542,628 square feet. The analysis highlights that overall construction activity was heavily concentrated in self-constructed projects and government institutional buildings, while private and health-related constructions accounted for relatively smaller shares. This consolidated picture underscores the complementary roles played by large, medium, and small firms in addressing residential, institutional, and public infrastructure needs during the fiscal year.

**Table 12.8: Number and floor area of a building (randomly selected) completed by all type of firms during the FY 2023–24**

| Number of buildings completed | Number of building | Number of floor | Total floor area (Sq. feet) |
|---|---|---|---|
| Self-constructed building (for sale/rent) | 66 | 473 | 1,180,722 |
| Government residential building | 26 | 51 | 67,447 |
| Government commercial building | 4 | 14 | 60,663 |
| Government industrial building | 1 | 2 | 5,000 |
| Government institutional building (excluding hospitals) | 160 | 380 | 615,206 |
| Other government buildings (not mentioned above) | 5 | 11 | 6,748 |
| Residential building of another organization constructed by a construction company | 14 | 65 | 216,138 |
| Commercial building of another organization | 3 | 33 | 93,400 |
| Industrial building of another organization | 1 | 1 | 8,000 |
| Institutional building of another organization | 7 | 17 | 22,027 |
| Other buildings of another organization (not mentioned above) | 1 | 1 | 3,200 |
| Privately owned residential building | 34 | 137 | 202,082 |
| Privately owned non-residential building | 2 | 11 | 57,600 |
| Government hospital building | 1 | 1 | 2,400 |
| Other buildings (excluding hospitals) where limited health services are provided (e.g., Union Health and Family Welfare Centers, Community Clinics, etc.) | 1 | 2 | 1,995 |
| **Total** | 326 | 1,199 | 2,542,628 |

## ১২.৯ ২০২৩–২৪ অর্থবছরে বৃহৎ প্রতিষ্ঠানের দ্বারা নির্মিত পাকা ভবনের ইনপুটভিত্তিক ব্যয় বণ্টন

সারণি ১২.৯-এ ২০২৩–২৪ অর্থবছরে বৃহৎ নির্মাণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নির্মাণ সম্পন্ন হয়েছে এরুপ পাকা ভবনের ক্ষেত্রে ইনপুটের ধরন অনুযায়ী ব্যয়ের বণ্টন উপস্থাপন করা হয়েছে। উপাত্তগুলোকে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়, ২০২৩–২৪ অর্থবছরে সংঘটিত ব্যয় এবং মোট ব্যয়—এই তিন

## 12.9 Cost Distribution by Type of Inputs for Complete Pucca Buildings Completed by Large Firms during FY 2023–24

Table 12.9 presents the distribution of costs by type of inputs for complete pucca buildings constructed by large firms during the fiscal year 2023-24. The data is divided into cumulative

ভাগে বিভক্ত করা হয়েছে। প্রধান ইনপুটসমূহ ব্যয়ের সর্ববৃহৎ অংশ দখল করেছে, যার মোট পরিমাণ ৭,৭৫২ লক্ষ টাকা। এর মধ্যে জুন ২০২৩-এর পূর্বে ক্রমপুঞ্জিত ব্যয় ছিল ৪,০৩৫ লক্ষ টাকা এবং ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ৩,৭১৬ লক্ষ টাকা। কর্মসংস্থান ব্যয় দ্বিতীয় বৃহত্তম ব্যয় খাত হিসেবে চিহ্নিত হয়েছে, যার মোট পরিমাণ ৩,৫১৭ লক্ষ টাকা। এর একটি উল্লেখযোগ্য অংশ, ২,২১০ লক্ষ টাকা, জুন ২০২৩-এর পূর্বেই ব্যয় হয়েছে এবং অবশিষ্ট ১,৩০৭ লক্ষ টাকা ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে। পরিচালন উদ্বৃত্ত, যা মুনাফা বা সংরক্ষিত আয়কে প্রতিফলিত করে, এর মোট পরিমাণ ১,৭০৭ লক্ষ টাকা। এর মধ্যে পূর্ববর্তী সময়ে ক্রমপুঞ্জিত ১,০৮৮ লক্ষ টাকা এবং চলতি অর্থবছরে অর্জিত হয়েছে ৬১৯ লক্ষ টাকা। কর ও ভ্যাট সংক্রান্ত ব্যয় মোট ২০৮ লক্ষ টাকা, যেখানে ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় (১১১ লক্ষ টাকা) যা জুন ২০২৩-এর পূর্ববর্তী ক্রমপুঞ্জিত ব্যয় (৯৭ লক্ষ টাকা)-এর তুলনায় সামান্য বেশি। যন্ত্রপাতি ভাড়া বাবদ মোট ব্যয় ২৩০ লক্ষ টাকা, যা চলতি অর্থবছরে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে, ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ১৪২ লক্ষ টাকা, যেখানে পূর্ববর্তী সময়ে ব্যয়ের পরিমাণ ৮৮ লক্ষ টাকা। লিফট সংক্রান্ত ব্যয় তুলনামূলকভাবে কম, মোট ১১২ লক্ষ টাকা, যার বড় অংশ জুন ২০২৩-এর পূর্বে (৭৬ লক্ষ টাকা) ব্যয় হয়েছে এবং অবশিষ্ট অংশ ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে। ইউটিলিটি চার্জ এবং অন্যান্য অনির্দিষ্ট ব্যয় মোট ব্যয়ের সবচেয়ে ক্ষুদ্র অংশ গঠন করেছে, যার পরিমাণ যথাক্রমে ১১০ লক্ষ টাকা এবং ৩২ লক্ষ টাকা। সার্বিকভাবে, পর্যালোচনাধীন সময়ে বৃহৎ প্রতিষ্ঠানের দ্বারা নির্মিত পাকা ভবনের মোট ব্যয় দাঁড়িয়েছে ১৩,৬৬৭ লক্ষ টাকা। এর মধ্যে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ছিল ৭,৬৬৮ লক্ষ টাকা এবং ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ৫,৯৯৯ লক্ষ টাকা। ব্যয় বণ্টনের বিশ্লেষণ থেকে স্পষ্ট হয় যে, প্রধান ইনপুট এবং কর্মসংস্থান ব্যয়ই মোট ব্যয়ের প্রধান চালিকাশক্তি হিসেবে কাজ করে, যেখানে পরিচালন উদ্বৃত্ত প্রতিষ্ঠানগুলোর জন্য একটি উল্লেখযোগ্য মুনাফা বা সংরক্ষিত আয়ের প্রতিফলন ঘটায়। যন্ত্রপাতি ভাড়া, কর এবং ইউটিলিটি চার্জের মতো অন্যান্য খাতসমূহ মোট ব্যয়ের তুলনামূলকভাবে ছোট অংশ হলেও তা ব্যয় কাঠামোর গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে বিবেচিত।

expenditure up to June 2023, expenditure incurred during FY 2023-24, and total expenditure. Primary inputs account for the largest share of costs, totaling Tk. 7,752 Lakh, with Tk. 4,035 Lakh accumulated prior to June 2023 and Tk. 3,716 Lakh incurred during the fiscal year. Employment cost follows as the second-largest category, amounting to Tk. 3,517 Lakh in total, with a significant portion of Tk.2, 210 Lakh already spent before June 2023 and Tk.1, 307 Lakh spent during 2023-24. Operating surplus, which represents profits or retained earnings, totals Tk. 1,707 Lakh, with Tk. 1,088 Lakh accumulated earlier and Tk.619 Lakh realized in the current fiscal year. Tax and VAT expenditure stands at Tk. 208 Lakh in total, reflecting a slightly higher spend during 2023-24 (Tk.111 Lakh) compared to the cumulative past (Tk. 97 Lakh). Rental of equipment, amounting to Tk. 230 Lakh in total, shows a noticeable increase in the current fiscal year (Tk. 142 Lakh) compared to Tk. 88 Lakh previously. Costs associated with lifts are relatively minor at Tk. 112 Lakh in total, with a larger portion incurred before June 2023 (Tk. 76 Lakh) than during the fiscal year 2023-24. Utility charges and other unspecified costs represent the smallest components of total expenditure, amounting to Tk.110 Lakh and Tk. 32 Lakh respectively. Overall, the total expenditure for complete pucca buildings by large firms during the period under review is Tk. 13,667 Lakh, of which Tk.7, 668 Lakh was accumulated up to June 2023 and Tk. 5,999 Lakh was spent in FY 2023-24. The distribution of costs highlights that primary inputs and employment costs are the dominant contributors to overall expenditure, while operating surplus reflects a substantial margin retained by firms. Other categories such as equipment rental, tax, and utility charges constitute smaller, yet significant portions of the total cost structure.

**Table 12.9: Cost Distribution by Type of Inputs for Complete Pucca Buildings Completed by Large Firms during FY 2023-24**

| Inputs categories | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| Primary inputs | 4,035 | 3,716 | 7,752 |
| Utility charge | 60 | 50 | 110 |
| Employment cost | 2,210 | 1,307 | 3,517 |
| Tax and VAT | 97 | 111 | 208 |
| Rental of equipment | 88 | 142 | 230 |
| Lift | 76 | 35 | 112 |
| Operating surplus/Contractor profit | 1,088 | 619 | 1,707 |
| Other cost (not specified above) | 14 | 18 | 32 |
| Total | 7,668 | 5,999 | 13,667 |

## ১২.১০ ২০২৩-২৪ অর্থবছরে মধ্যম আকারের প্রতিষ্ঠানের দ্বারা নির্মিত পাকা ভবনের জন্য ইনপুটভিত্তিক ব্যয় বণ্টন

সারণি ১২.১০-এ ২০২৩–২৪ অর্থবছরে মধ্যম আকারের নির্মাণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এরুপ ভবনের ক্ষেত্রে ইনপুটের ধরন অনুযায়ী ব্যয়ের বণ্টন উপস্থাপন করা হয়েছে। মাঝারি প্রতিষ্ঠানগুলোর মোট ব্যয় দাঁড়িয়েছে ৭৫,০৩৯ লক্ষ টাকা, যার মধ্যে জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ছিল ৪০,৫০১ লক্ষ টাকা এবং ২০২৩–২৪ অর্থবছরে সংঘটিত ব্যয় ছিল ৩৪,৫৩৭ লক্ষ টাকা। এতে প্রতীয়মান হয় যে নির্মাণ কার্যক্রম দুটি সময়কালে মোটামুটি সমানভাবে বিস্তৃত ছিল, যদিও জুন ২০২৩-এর পূর্ববর্তী সময়ে ব্যয়ের সামান্য বেশি ঘনত্ব লক্ষ্য করা যায়। প্রধান ইনপুটসমূহ মোট ব্যয়ের সর্ববৃহৎ অংশ হিসেবে প্রতিফলিত হয়েছে, যার পরিমাণ ৪২,২১২ লক্ষ টাকা। এটি মাঝারি নির্মাণ প্রতিষ্ঠানগুলোর ইনপুটের ওপর উচ্চমাত্রার নির্ভরতা নির্দেশ করে। কর্মসংস্থান ব্যয় দ্বিতীয় সর্বাধিক গুরুত্বপূর্ণ ব্যয় খাত, যার মোট পরিমাণ ১৯,৩৮৫ লক্ষ টাকা—যা মাঝারি প্রতিষ্ঠানের পাকা ভবন নির্মাণে শ্রমনির্ভরতার বিষয়টি স্পষ্ট করে। পরিচালন উদ্বৃত্তের পরিমাণ ছিল ৯,৬৩২ লক্ষ টাকা, যা মোট উৎপাদন ব্যয়ের তুলনায় একটি মধ্যম মাত্রার সংরক্ষিত আয় বা মুনাফা নির্দেশ করে। কর ও ভ্যাট বাবদ ব্যয় হয়েছে ১,৫২৮ লক্ষ টাকা এবং ইউটিলিটি চার্জের পরিমাণ ছিল ৫৯৪ লক্ষ টাকা—যা মোট ব্যয় কাঠামোতে আইনগত

## 12.10 Cost Distribution by Type of Inputs for Complete Pucca Buildings Completed by Medium Firms during FY 2023–24

Table 12 .10 depicts the cost distribution by type of inputs for complete pucca buildings completed by medium firms during FY 2023–24. The total expenditure incurred by medium firms amounted to Tk. 75,039 lakh, of which Tk. 40,501 lakh was spent cumulatively up to June 2023 and Tk. 34,537 lakh was incurred during FY 2023–24, indicating that construction activities were fairly evenly distributed across the two periods, with a slightly higher concentration before June 2023. Primary inputs represented the largest share of total cost, amounting to Tk. 42,212 lakh, highlighting the strong dependence of medium firms on construction materials and related inputs. Employment cost was the second most significant component, totaling Tk. 19,385 lakh, which reflects the labor-intensive nature of pucca building construction at the medium-firm level. Operating surplus stood at Tk. 9,632 lakh, suggesting a moderate level of retained earnings relative to total production costs. Expenditure on tax and VAT amounted to Tk. 1,528 lakh, while utility charges totaled Tk. 594 lakh, indicating the role of statutory obligations and

বাধ্যবাধকতা ও সেবা সংশ্লিষ্ট ব্যয়ের ভূমিকা তুলে ধরে। লিফট স্থাপন ও যন্ত্রপাতি ভাড়া সংক্রান্ত ব্যয় একত্রে ১,৫৩৭ লক্ষ টাকা দাঁড়িয়েছে, যা মাঝারি আকারের নির্মাণ প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রেও যান্ত্রিকীকরণ ও উল্লম্ব অবকাঠামোর গুরুত্বকে প্রতিফলিত করে। অন্যান্য অনির্দিষ্ট ব্যয় তুলনামূলকভাবে খুবই কম, মাত্র ১৫১ লক্ষ টাকা, যা ইঙ্গিত করে যে অধিকাংশ ব্যয়ই প্রধান ইনপুট শ্রেণির মধ্যেই যথাযথভাবে অন্তর্ভুক্ত হয়েছে। সামগ্রিকভাবে, সারণিটি এমন একটি ব্যয় কাঠামো উপস্থাপন করে যেখানে প্রাথমিক ইনপুট ও শ্রম ব্যয় প্রাধান্য বিস্তার করেছে, এবং ইউটিলিটি, কর ও আনুষঙ্গিক সেবাসমূহ তুলনামূলকভাবে কম অংশ দখল করেছে। এটি ২০২৩–২৪ অর্থবছরে মাঝারি আকারের প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পরিচালিত পাকা ভবন নির্মাণ কার্যক্রমের উপকরণনির্ভর ও শ্রমনির্ভর বৈশিষ্ট্যকে সুস্পষ্টভাবে প্রতিফলিত করে।

service-related expenses in overall cost formation. Costs related to lift installation and equipment rental together accounted for Tk. 1,537 lakh, underscoring the importance of mechanization and vertical infrastructure even among medium-sized construction firms. Other unspecified costs remained minimal at Tk. 151 lakh, suggesting that the majority of expenditures were adequately captured within the major input categories. Overall, the table illustrates a cost structure dominated by primary inputs and labor, with comparatively smaller shares attributed to utilities, taxes, and ancillary services, reflecting the material- and labor-intensive characteristics of pucca building construction undertaken by medium firms during FY 2023–24.

**Table 12.10: Cost Distribution by Type of Inputs for Complete Pucca Buildings completed by Medium Firms during FY 2023-24**

| Inputs categories | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| Primary inputs | 21,448 | 20,765 | 42,212 |
| Utility charge | 311 | 283 | 594 |
| Employment cost | 11,253 | 8,132 | 19,385 |
| Tax and VAT | 780 | 748 | 1,528 |
| Rental of equipment | 344 | 421 | 766 |
| Lift | 523 | 248 | 771 |
| Operating surplus | 5,777 | 3,855 | 9,632 |
| Other cost (not specified above) | 65 | 86 | 151 |
| **Total** | **40,501** | **34,537** | **75,039** |

## ১২.১১ ২০২৩–২৪ অর্থবছরে ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর দ্বারা নির্মিত পাকা ভবনের জন্য ইনপুটভিত্তিক ব্যয় বণ্টন

সারণি ১২.১১-এ ২০২৩–২৪ অর্থবছরে ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর দ্বারা নির্মিত পাকা ভবনের ক্ষেত্রে ইনপুটের ধরন অনুযায়ী ব্যয়ের বণ্টন উপস্থাপন করা হয়েছে। ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর মোট ব্যয় ৮৮,৮৪৯ লক্ষ টাকা, যার মধ্যে জুন ২০২৩ পর্যন্ত ক্রমোপুঞ্জিত ব্যয় ছিল ৪৭,৬৩৯ লক্ষ টাকা এবং ২০২৩–২৪ অর্থবছরে সংঘটিত ব্যয় ছিল ৪১,২১০ লক্ষ টাকা। এতে বোঝা যায় যে ব্যয়ের সামান্য বেশি অংশ পূর্ববর্তী সময়ে সংঘটিত হলেও পুরো বছরজুড়ে বিনিয়োগ কার্যক্রম উল্লেখযোগ্যভাবে অব্যাহত ছিল। প্রধান ইনপুটসমূহ মোট ব্যয়ের সর্ববৃহৎ অংশ হিসেবে প্রতিফলিত হয়েছে, যার পরিমাণ ৪৮,৮৭৩ লক্ষ

## 12.11 Cost Distribution by Type of Inputs for Complete Pucca Buildings Completed by Small Firms during FY 2023-24

Table 12.11 presents the cost distribution by type of inputs for complete pucca buildings completed by small firms during FY 2023–24. The total expenditure incurred by small firms amounted to Tk. 88,849 lakh, with Tk. 47,639 lakh spent cumulatively up to June 2023 and Tk. 41,210 lakh incurred during FY 2023–24, indicating a slightly higher concentration of expenditure in the earlier period but a substantial continuation of investment throughout the year. Primary inputs accounted for

টাকা। এটি ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে ভবন নির্মাণ কার্যক্রমের উপকরণ নির্ভর চরিত্রকে স্পষ্টভাবে তুলে ধরে। কর্মসংস্থান ব্যয় দ্বিতীয় প্রধান ব্যয় খাত, যার মোট পরিমাণ ২৩,৮৮৯ লক্ষ টাকা। এটি তুলনামূলকভাবে কম যান্ত্রিকীকরণ সম্পন্ন ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে পাকা ভবন নির্মাণে উচ্চ শ্রম চাহিদাকে প্রতিফলিত করে। পরিচালন উদ্বৃত্তের পরিমাণ ছিল ১০,৮৫৩ লক্ষ টাকা, যা উৎপাদন ব্যয় পরিশোধের পর ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর কাছে সংরক্ষিত একটি উল্লেখযোগ্য মুনাফার অংশ নির্দেশ করে। ইউটিলিটি চার্জ এবং কর ও ভ্যাট বাবদ সম্মিলিত ব্যয় ৩,৪৮৭ লক্ষ টাকা, যা মোট ব্যয়ের মধ্যে সেবাসংশ্লিষ্ট ও আইনগত ব্যয়ের অবদানকে তুলে ধরে। যন্ত্রপাতি ভাড়া ও লিফট স্থাপন সংক্রান্ত ব্যয় মোট ১,৪৪৯ লক্ষ টাকা, যা ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রেও যন্ত্রপাতি ব্যবহার এবং উল্লম্ব অবকাঠামোর ওপর নির্ভরতা অব্যাহত থাকার ইঙ্গিত দেয়। অন্যান্য অনির্দিষ্ট ব্যয় তুলনামূলকভাবে কম, মাত্র ২৯৮ লক্ষ টাকা, যা নির্দেশ করে যে অধিকাংশ ব্যয়ই নির্ধারিত ইনপুট শ্রেণির মধ্যেই অন্তর্ভুক্ত হয়েছে। সার্বিকভাবে, সারণিটি এমন একটি ব্যয় কাঠামো উপস্থাপন করে যেখানে প্রাথমিক ইনপুট ও শ্রম ব্যয় স্পষ্টতই প্রাধান্য বিস্তার করেছে, এবং পরিচালন উদ্বৃত্ত ও আইনগত বা ইউটিলিটি সংশ্লিষ্ট ব্যয় মধ্যম মাত্রায় রয়েছে। এটি ২০২৩–২৪ অর্থবছরে ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর দ্বারা পরিচালিত পাকা ভবন নির্মাণ কার্যক্রমের উপকরণনির্ভর ও শ্রমনির্ভর বৈশিষ্ট্যকে স্পষ্টভাবে প্রতিফলিত করে।

the largest portion of total costs at Tk. 48,873 lakh, emphasizing the material-intensive nature of building construction across small firms. Employment cost followed as the second major component, totaling Tk. 23,889 lakh, reflecting the significant labor requirement inherent in pucca building projects, particularly for smaller firms with potentially less mechanization. Operating surplus stood at Tk. 10,853 lakh, which represents a notable margin retained by small firms after covering production costs. Expenditures on utility charges and tax and VAT together amounted to Tk. 3,487 lakh, demonstrating the contribution of service-related and statutory costs to total expenditures. Costs related to equipment rental and lift installation totaled Tk. 1,449 lakh, indicating continued reliance on machinery and vertical infrastructure support even among small firms. Other unspecified costs were relatively minor at Tk. 298 lakh, suggesting that the majority of expenditures were captured within the defined input categories. Overall, the table highlights a cost structure heavily dominated by primary inputs and labor, with moderate shares for operating surplus and statutory or utility-related expenses, reflecting the input-intensive and labor-reliant nature of pucca building construction undertaken by small firms during FY 2023–24.

**Table 12.11: Cost Distribution by Type of Inputs for Complete Pucca Buildings Completed by Small Firms during FY 2023-24**

| Inputs categories | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---:|---:|---:|
| Primary inputs | 24,464 | 24,408 | 48,873 |
| Utility charge | 346 | 540 | 886 |
| Employment cost | 14,063 | 9,826 | 23,889 |
| Tax and VAT | 1,364 | 1,238 | 2,601 |
| Rental of equipment | 468 | 385 | 853 |
| Lift | 194 | 401 | 596 |
| Operating surplus | 6,609 | 4,244 | 10,853 |
| Other cost (not specified above) | 131 | 167 | 298 |
| **Total** | **47,639** | **41,210** | **88,849** |

## ১২.১২ ২০২৩–২৪ অর্থবছরে নির্মাণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নির্মিত পাকা ভবনের জন্য ইনপুটভিত্তিক ব্যয় বণ্টন

সারণি ১২.১২-এ ২০২৩–২৪ অর্থবছরে নির্মাণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নির্মিত পাকা ভবনের ক্ষেত্রে ইনপুটের ধরন অনুযায়ী ব্যয়ের একটি বিস্তারিত বিবরণ উপস্থাপন করা হয়েছে। নির্মাণ প্রতিষ্ঠানগুলোর মোট ব্যয় ১,৭৭,৫৫৪ লক্ষ টাকা, যার মধ্যে জুন ২০২৩ পর্যন্ত ক্রমোপুঞ্জিত ব্যয় ৯৫,৮০৮ লক্ষ টাকা এবং ২০২৩–২৪ অর্থবছরে সংঘটিত ব্যয় ৮১,৭৪৬ লক্ষ টাকা। এটি নির্দেশ করে যে, দুটি সময়পর্বে ব্যয়ের বণ্টন মোটামুটি ভারসাম্যপূর্ণ ছিল। প্রধান ইনপুটসমূহ মোট ব্যয়ের সর্ববৃহৎ অংশ হিসেবে প্রতিফলিত হয়েছে, যার পরিমাণ ৯৮,৮৩৬ লক্ষ টাকা। এটি ভবন নির্মাণ কার্যক্রমের উপকরণনির্ভর চরিত্রকে সুস্পষ্টভাবে তুলে ধরে। কর্মসংস্থান ব্যয় দ্বিতীয় সর্বোচ্চ গুরুত্বপূর্ণ ব্যয় খাত, যার মোট পরিমাণ ৪৬,৭৩১ লক্ষ টাকা। এটি বৃহৎ পরিসরের নির্মাণ কার্যক্রমেও উল্লেখযোগ্য শ্রমচাহিদার প্রতিফলন ঘটায়। পরিচালন উদ্বৃত্তের পরিমাণ ২২,১৯২ লক্ষ টাকা, যা উৎপাদন ও পরিচালন ব্যয় পরিশোধের পর প্রতিষ্ঠানসমূহের নিকট সংরক্ষিত একটি উল্লেখযোগ্য মুনাফা নির্দেশ করে। ইউটিলিটি চার্জ এবং কর ও ভ্যাট বাবদ সম্মিলিত ব্যয় ৫,৯২৭ লক্ষ টাকা, যা মোট ব্যয় কাঠামোতে সেবাসংশ্লিষ্ট ব্যয় এবং আইনগত বাধ্যবাধকতার যৌথ প্রভাবকে প্রতিফলিত করে। যন্ত্রপাতি ভাড়া ও লিফট স্থাপন সংক্রান্ত ব্যয় মোট ৩,৩৮৭ লক্ষ টাকা, যা নির্মাণ প্রকল্পসমূহে যন্ত্রপাতি ব্যবহার এবং উল্লম্ব পরিবহন অবকাঠামোর ওপর নির্ভরতার ইঙ্গিত দেয়। অন্যান্য অনির্দিষ্ট ব্যয় তুলনামূলকভাবে কম, মাত্র ৪৮১ লক্ষ টাকা, যা নির্দেশ করে যে অধিকাংশ ব্যয়ই প্রধান ইনপুট শ্রেণির মধ্যেই অন্তর্ভুক্ত হয়েছে। সার্বিকভাবে, সারণিটি নির্দেশ করে যে নির্মাণ প্রতিষ্ঠানসমূহের ব্যয় কাঠামো প্রধানত প্রাথমিক ইনপুট ও শ্রম ব্যয় দ্বারা চালিত, এর পরেই রয়েছে পরিচালন উদ্বৃত্ত, এবং তুলনামূলকভাবে কম অংশ বরাদ্দ করা হয়েছে ইউটিলিটি, কর, যন্ত্রপাতি এবং আনুষঙ্গিক সেবার জন্য। এটি ২০২৩–২৪ অর্থবছরে প্রতিষ্ঠান পর্যায়ে পাকা ভবন নির্মাণ কার্যক্রমের উচ্চমাত্রার ইনপুটনির্ভর ও শ্রমনির্ভর বৈশিষ্ট্যকে প্রতিফলিত করে।

## 12.12 Cost Distribution by Type of Inputs for Complete Pucca Buildings Completed by construction firms during FY 2023–24

Table 12 .12 provides a detailed breakdown of cost distribution by type of inputs for complete pucca buildings completed by construction firms during FY 2023–24. The total expenditure incurred by construction firms was Tk. 177,554 lakh, with Tk. 95,808 lakh spent cumulatively up to June 2023 and Tk. 81,746 lakh incurred during FY 2023–24, showing a fairly balanced distribution of costs across the two periods. Primary inputs represented the largest share of total expenditure at Tk. 98,836 lakh, highlighting the material-intensive nature of building construction activities. Employment cost was the second most significant component, totaling Tk. 46,731 lakh, which reflects the substantial labor requirements even within large-scale construction operations. Operating surplus amounted to Tk. 22,192 lakh, indicating a considerable margin retained by firms after accounting for production and operational costs. Expenditures on utility charges and tax and VAT together accounted for Tk. 5,927 lakh, reflecting the combined influence of service-related costs and statutory obligations on the overall cost structure. Costs for rental of equipment and lift installation totaled Tk. 3,387 lakh, suggesting reliance on machinery and vertical transport infrastructure across construction projects. Other unspecified costs were relatively minor at Tk. 481 lakh, showing that most expenditures were captured within the main input categories. Overall, the table illustrates that the cost structure for construction firms is predominantly driven by primary inputs and labor, followed by operating surplus, with smaller proportions allocated to utilities, taxes, machinery, and ancillary services. This reflects the highly input-intensive and labor-dependent nature of pucca building construction at the firm level during FY 2023–24.

**Table 12.12: Cost Distribution by Type of Inputs for Complete Pucca Buildings Completed by Construction Firms during FY 2023–24**

(Lakh Taka)

| Inputs categories | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| Primary inputs | 49,947 | 48,889 | 98,836 |
| Utility charge | 717 | 873 | 1,590 |
| Employment cost | 27,470 | 19,261 | 46,731 |
| Tax and VAT | 2,240 | 2,097 | 4,337 |
| Rental of equipment | 901 | 949 | 1,849 |
| Lift | 850 | 688 | 1,538 |
| Operating surplus | 13,474 | 8,718 | 22,192 |
| Other cost (not specified abo | 209 | 271 | 481 |
| Total | 95,808 | 81,746 | 177,554 |

## ১২.১৩ উৎপাদন, মধ্যবর্তী ভোগ ও মূল্য সংযোজন

সারণি ১২.১৩-এ ২০২৩–২৪ অর্থবছরে প্রতিটি প্রতিষ্ঠান থেকে একটি করে নির্মিত ভবনের তথ্যের ভিত্তিতে নির্বাচিত ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠানের আকারভেদে উৎপাদন, মধ্যবর্তী ভোগ এবং মূল্য সংযোজনের বণ্টন উপস্থাপন করা হয়েছে। এই সমীক্ষায় ৯টি বৃহৎ, ৪৭টি মাঝারি এবং ২২১টি ক্ষুদ্র প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত ছিল, এবং ফলাফল ব্যাখ্যার ক্ষেত্রে এই কাঠামোটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সমীক্ষিত প্রতিষ্ঠানসমূহের মোট উৎপাদনের পরিমাণ ছিল ৮১,৭৪৬ লক্ষ টাকা। এর মধ্যে ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলো সর্বাধিক অবদান রেখেছে- ৪১,২১০ লক্ষ টাকা; এরপর মধ্যম প্রতিষ্ঠানগুলোর অবদান ছিল ৩৪,৫৩৭ লক্ষ টাকা; এবং বৃহৎ প্রতিষ্ঠানগুলোর অবদান ছিল তুলনামূলকভাবে কম, মাত্র ৫,৯৯৯ লক্ষ টাকা। মধ্যবর্তী ভোগের ক্ষেত্রেও অনুরূপ প্রবণতা দেখা যায়। মোট মধ্যবর্তী ভোগের পরিমাণ দাঁড়িয়েছে ৫১,৬২১ লক্ষ টাকা, যার মধ্যে ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর মধ্যবর্তী ভোগ ছিল সর্বাধিক ২৫,৮৬৯ লক্ষ টাকা; মধ্যম প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে তা ছিল ২১,৭৯০ লক্ষ টাকা; আর বৃহৎ প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে সর্বনিম্ন ৩,৯৬২ লক্ষ টাকা। ফলস্বরূপ, মোট মূল্য সংযোজন দাঁড়িয়েছে ৩০,১২৫ লক্ষ টাকা। এর মধ্যে ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলো সর্বাধিক মূল্য সংযোজন করেছে—১৫,৩৪১ লক্ষ টাকা; মধ্যম প্রতিষ্ঠানগুলো করেছে ১২,৭৪৭ লক্ষ টাকা; এবং বৃহৎ প্রতিষ্ঠানগুলোর মূল্য সংযোজন ছিল সর্বনিম্ন—২,০৩৭ লক্ষ টাকা। যদিও সাধারণভাবে বৃহৎ প্রতিষ্ঠানগুলোর উৎপাদন সক্ষমতা বেশি থাকে, এই সারণিতে তাদের কম মূল্য সংযোজন প্রকৃত কর্মদক্ষতার প্রতিফলন নয়; বরং এটি সমীক্ষার

## 12.13 Output, Intermediate Consumption and Value Added

Table 12.13 presents the distribution of output, intermediate consumption and value added by firm size for selected building construction firms based on data from one completed building per firm during 2023–24. The study covered 9 large firms, 47 medium firms and 221 small firms, and this structure is crucial for interpreting the results. The total output generated by the surveyed firms amounted to Tk. 81,746 lakh, of which small firms contributed the largest share at Tk. 41,210 lakh, followed by medium firms with Tk. 34,537 lakh, while large firms accounted for only Tk. 5,999 lakh. A similar pattern is observed in intermediate consumption, which totaled Tk. 51,621 lakh; small firms incurred the highest intermediate consumption at Tk. 25,869 lakh, followed by medium firms at Tk. 21,790 lakh, whereas large firms recorded the lowest amount at Tk. 3,962 lakh. Consequently, total value added stood at Tk. 30,125 lakh, with small firms generating the highest value added of Tk. 15,341 lakh, followed by medium firms with Tk. 12,747 lakh, and large firms contributing the lowest value added of Tk. 2,037 lakh. Although large firms generally possess greater production capacity, their lower value added in this table reflects the study design rather

নকশাজনিত সীমাবদ্ধতার ফল। বিশেষভাবে উল্লেখযোগ্য যে, বৃহৎ প্রতিষ্ঠানের সংখ্যা তুলনামূলকভাবে কম অন্তর্ভুক্ত করা হয়েছে এবং প্রতিটি প্রতিষ্ঠান থেকে মাত্র একটি করে নির্মিত ভবনের তথ্য বিবেচনায় নেওয়া হয়েছে। এর ফলে বৃহৎ প্রতিষ্ঠানগুলোর সামগ্রিক অবদান কম করে প্রতিফলিত হয়েছে, কারণ বাস্তবে তারা একসঙ্গে একাধিক প্রকল্প পরিচালনা করে থাকে। অপরদিকে, ক্ষুদ্র প্রতিষ্ঠানের সংখ্যা অনেক বেশি হওয়ায় তাদের সম্মিলিত উৎপাদন ও মূল্য সংযোজন তুলনামূলকভাবে বেশি দেখা গেছে, যদিও স্বতন্ত্রভাবে প্রকল্পগুলোর আকার তুলনামূলকভাবে ছোট হতে পারে। অতএব, পর্যবেক্ষিত এই ধরণটি মূলত নমুনা নির্বাচন ও গবেষণার পদ্ধতিগত কারণে উদ্ভুত, এটি ফার্মের আকার অনুযায়ী স্বাভাবিক দক্ষতা বা উৎপাদশীলতার পার্থক্যকে প্রতিফলিত করে না।

than actual performance. The inclusion of a relatively small number of large firms and the consideration of only one completed building per firm underestimate their overall contribution, as large firms typically operate multiple projects simultaneously. In contrast, the much larger number of small firms leads to a higher cumulative output and value added, even though individual projects may be smaller in scale. Thus, the observed pattern primarily reflects differences in sample composition and methodology rather than inherent efficiency or productivity across firm sizes.

**Table 12.13: Output, Intermediate Consumption and Value Added**

**(Lakh Tk.)**

| Farm size | Output | Intermediate consumption | Value added |
|---|---|---|---|
| Large | 5,999 | 3,962 | 2,037 |
| Medium | 34,537 | 21,790 | 12,747 |
| Small | 41,210 | 25,869 | 15,341 |
| Total | 81,746 | 51,621 | 30,125 |

**Chart 12.3: Output, Intermediate Consumption and Value Added**

**(Lakh Tk.)**



## ১২.১৪ স্থুল মূল্য সংযোজনের উপাদানসমূহ

সারণি ১২.১৪-এ ২০২৩–২৪ অর্থবছরে প্রতিটি প্রতিষ্ঠান থেকে একটি করে নির্মিত ভবনের তথ্যের ভিত্তিতে নির্বাচিত ভবন নির্মাণ প্রতিষ্ঠানসমূহের আকারভেদে স্থুল মূল্য সংযোজন এর উপাদানসমূহ উপস্থাপন করা হয়েছে। জরিপভুক্ত প্রতিষ্ঠানসমূহের দ্বারা সৃষ্ট মোট মূল্য সংযোজনের পরিমাণ দাঁড়িয়েছে ৩০,১২৫ লক্ষ টাকা। এর মধ্যে বৃহৎ প্রতিষ্ঠানগুলোর অবদান ছিল ২,০৩৭ লক্ষ টাকা, মাঝারি প্রতিষ্ঠানগুলোর অবদান ১২,৭৪৭ লক্ষ টাকা এবং ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর অবদান ছিল সর্বাধিক ১৫,৩৪১ লক্ষ টাকা। সকল আকারের প্রতিষ্ঠানের ক্ষেত্রেই কর্মচারীদের পারিশ্রমিক মোট মূল্য সংযোজনের সর্ববৃহৎ উপাদান হিসেবে পরিলক্ষিত হয়েছে, যার মোট পরিমাণ ১৯,৩১০ লক্ষ টাকা। এটি ভবন নির্মাণ কার্যক্রমের শ্রমনির্ভর প্রকৃতিকে তুলে ধরে। কর্মচারীদের পারিশ্রমিক প্রদানে ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর অবদান ছিল সর্বাধিক ৯,৮৫৯ লক্ষ টাকা; এর পরেই রয়েছে মাঝারি প্রতিষ্ঠানগুলো, যাদের অবদান ৮,১৪৪ লক্ষ টাকা; এবং বৃহৎ প্রতিষ্ঠানগুলোর অবদান ছিল তুলনামূলকভাবে কম, ১,৩০৭ লক্ষ টাকা। ঠিকাদারের লভ্যাংশ, যা পরিচালন উদ্বৃত্তকে নির্দেশ করে, মোট ৮,৭১৮ লক্ষ টাকায় দাঁড়িয়েছে। এর মধ্যে ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর অবদান ছিল ৪,২৪৪ লক্ষ টাকা, মাঝারি প্রতিষ্ঠানগুলোর অবদান ৩,৮৫৫ লক্ষ টাকা এবং বৃহৎ প্রতিষ্ঠানগুলোর অবদান ৬১৯ লক্ষ টাকা। কর খাতটি মোট মূল্য সংযোজনের ক্ষুদ্র উপাদান হিসেবে চিহ্নিত হয়েছে, যার মোট পরিমাণ ২,০৯৭ লক্ষ টাকা। এর মধ্যে ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলো পরিশোধ করেছে ১,২৩৮ লক্ষ টাকা, মাঝারি প্রতিষ্ঠানগুলো ৭৪৮ লক্ষ টাকা এবং বৃহৎ প্রতিষ্ঠানগুলো ১১১ লক্ষ টাকা। মোট মূল্য সংযোজনের প্রতিটি উপাদানে বৃহৎ প্রতিষ্ঠানগুলোর তুলনামূলকভাবে কম অবদানকে সমীক্ষার নকশার আলোকে ব্যাখ্যা করা প্রয়োজন। কারণ এই সমীক্ষায় মাত্র ৯টি বৃহৎ প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত ছিল এবং প্রতিটি প্রতিষ্ঠান থেকে কেবল একটি করে নির্মিত ভবনের তথ্য সংগ্রহ করা হয়েছে। অপরদিকে, সমীক্ষায় অন্তর্ভুক্ত ক্ষুদ্র প্রতিষ্ঠানের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেশি হওয়ায় এই শ্রেণিতে সম্মিলিতভাবে কর্মচারীর পারিশ্রমিক, পরিচালন উদ্বৃত্ত এবং কর পরিশোধের

## 12.14 Components of gross value added

Table 12 .14 shows the components of gross value added (GVA) for selected building construction firms by firm size, based on the same study covering one completed building per firm during 2023–24. The total gross value added generated by the surveyed firms amounted to Tk. 30,125 lakh, of which Tk. 2,037 lakh was contributed by large firms, Tk. 12,747 lakh by medium firms and Tk. 15,341 lakh by small firms. Compensation of employees emerged as the largest component of GVA across all firm sizes, totaling Tk. 19,310 lakh, which reflects the labour-intensive nature of building construction activities. Small firms accounted for the highest share of employee compensation at Tk. 9,859 lakh, followed by medium firms with Tk. 8,144 lakh, while large firms contributed Tk. 1,307 lakh. Contractor’s margin, representing operating surplus, amounted to Tk. 8,718 lakh in total, with small firms contributing Tk. 4,244 lakh, medium firms Tk. 3,855 lakh and large firms Tk. 619 lakh. Taxes constituted the smallest component of GVA, totaling Tk. 2,097 lakh, of which small firms paid Tk. 1,238 lakh, medium firms Tk. 748 lakh and large firms Tk. 111 lakh. The relatively lower contribution of large firms to each component of GVA should be interpreted in light of the study design, as only 9 large firms were included and data were collected for only one completed building per firm. In contrast, the substantially larger number of small firms included in the study led to higher aggregate compensation, operating surplus and tax payments for this group. Therefore, the observed distribution of GVA components primarily reflects sample composition and the single-project basis of

পরিমাণ তুলনামূলকভাবে বেশি হয়েছে। অতএব, স্থূল মূল্য সংযোজনের উপাদানসমূহের এই বণ্টন মূলত নমুনা কাঠামো এবং একক প্রকল্পভিত্তিক বিশ্লেষণের প্রতিফলন, প্রতিষ্ঠানের আকারভেদে পরিচালন দক্ষতা বা কার্যক্রমের পরিসরের প্রকৃত পার্থক্যের নয়।

analysis rather than differences in operational efficiency or scale across firm sizes.

**Table 12.14: Components of Gross Value Added**

**(Lakh Tk.)**

| Components of value added | Large | Medium | Small | Total |
|---|---|---|---|---|
| Compensation of employees | 1,307 | 8,144 | 9,859 | 19,310 |
| Contractor's margin (operating surplus) | 619 | 3,855 | 4,244 | 8,718 |
| Tax | 111 | 748 | 1,238 | 2,097 |
| Total GVA | 2,037 | 12,747 | 15,341 | 30,125 |

### ১২.১৫ নির্মাণ প্রতিষ্ঠানের ব্যয় কাঠামো ও মূল্য সংযোজন সংক্রান্ত নির্বাচিত স্মারক তথ্য

সারণি ১২.১৫-এ ২০২৩–২৪ অর্থবছরে নির্মিত ভবনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের আকারভেদে নির্বাচিত নির্মাণ প্রতিষ্ঠানসমূহের ব্যয় কাঠামো এবং মূল্য সংযোজনের উপাদানসমূহ উপস্থাপন করা হয়েছে। ফলাফলগুলো বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র প্রতিষ্ঠানের মধ্যে নির্মাণ ব্যয় এবং ইনপুটের গঠনে উল্লেখযোগ্য ভিন্নতা নির্দেশ করে। বৃহৎ ও মাঝারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ভবনের গড় নির্মাণ ব্যয় ক্ষুদ্র প্রতিষ্ঠানের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি, যা নির্মাণের পরিসর, ভবনের আকার, ব্যবহৃত প্রযুক্তি এবং উপকরণের গুণগত মানের পার্থক্যকে প্রতিফলিত করে। মাঝারি প্রতিষ্ঠানগুলোর ভবন প্রতি গড় ব্যয় সর্বাধিক, যেখানে ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর মোট ব্যয় বৃহৎ প্রতিষ্ঠানের মোট ব্যয়ের এক-তৃতীয়াংশেরও কম। তবে প্রতি বর্গফুট নির্মাণ ব্যয়ের ক্ষেত্রে মাঝারি প্রতিষ্ঠানগুলোর ব্যয় সর্বাধিক, যা ইঙ্গিত করে যে বৃহৎ প্রতিষ্ঠানের তুলনায় মাঝারি প্রতিষ্ঠানের পরিসরগত দক্ষতা কম হওয়ায় একক ব্যয় তুলনামূলক বেশি হতে পারে। উপকরণ ব্যয় সকল আকারের প্রতিষ্ঠানের ক্ষেত্রেই মোট নির্মাণ ব্যয়ের একটি বড় অংশ জুড়ে রয়েছে। সিমেন্ট, ইট এবং লোহা ও ইস্পাত মিলিয়ে মোট ব্যয়ের প্রায় ৪১-৪৪ শতাংশ গঠন করে, যা নির্মাণ খাতের উপকরণনির্ভর চরিত্রকে স্পষ্টভাবে তুলে ধরে। বৃহৎ প্রতিষ্ঠানগুলো লোহা ও ইস্পাতে তুলনামূলকভাবে বেশি ব্যয় করে, অন্যদিকে মাঝারি ও ক্ষুদ্র

### 12.15 Selected Memo Items on Cost Structure and Value Addition of Construction Firms

Table 12.15 presents the cost structure and value-added components of selected construction firms by firm size for completed buildings during FY 2023–24. The findings indicate substantial variation in construction costs and input composition across large, medium, and small firms. The average construction cost per building is significantly higher for large and medium firms compared to small firms, reflecting differences in scale, building size, technology, and quality of materials used. Medium firms exhibit the highest average cost per building, while small firms incur less than one-third of the total cost of large firms. However, the average cost per square feet is highest for medium firms, suggesting relatively higher per-unit construction expenses, possibly due to less scale efficiency compared to large firms. Material costs account for a substantial share of total construction cost across all firm sizes. Cement, bricks, and iron and steel together constitute about 41–44 percent of total costs, underscoring the material-intensive nature of the construction sector. Large firms allocate a higher proportion of expenditure to iron and steel, while

প্রতিষ্ঠানগুলো সিমেন্ট ও ইটে তুলনামূলকভাবে বেশি ব্যয় করে। শ্রম ব্যয় এককভাবে সর্ববৃহৎ ব্যয় উপাদান হিসেবে চিহ্নিত হয়েছে, যা মোট ব্যয়ের প্রায় ২৬-২৭ শতাংশ গঠন করে। এই ব্যয়ের অংশ ক্ষুদ্র প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে সামান্য বেশি, যা তাদের ম্যানুয়েল শ্রমের ওপর অধিক নির্ভরতা এবং তুলনামূলকভাবে কম যান্ত্রিকীকরণের ইঙ্গিত দেয়। কর ও ভ্যাটের অংশ সকল প্রতিষ্ঠানেই তুলনামূলকভাবে কম, তবে ক্ষুদ্র প্রতিষ্ঠানের ক্ষেত্রে এটি কিছুটা বেশি। যা সম্ভবত কর ছাড় বা অব্যাহতির সীমিত সুযোগ, কিংবা কর কমপ্লায়েন্স সংক্রান্ত অদক্ষতার কারণে হতে পারে। মুনাফার হার প্রতিষ্ঠানের আকারভেদেও মোটামুটি একই রকম, গড়ে প্রায় ১২-১৩ শতাংশের মধ্যে সীমাবদ্ধ, যা নির্মাণ শিল্পে প্রতিযোগিতামূলক মূল্য নির্ধারণের আচরণকে নির্দেশ করে। সামগ্রিকভাবে, মোট ব্যয়ের তুলনায় মূল্য সংযোজনের অংশ বৃহৎ প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রায় ৪০ শতাংশ এবং ক্ষুদ্র প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৪২ শতাংশেরও বেশি। ক্ষুদ্র প্রতিষ্ঠানের মধ্যে তুলনামূলকভাবে বেশি মূল্য সংযোজনের অংশ সম্ভবত উচ্চ শ্রমনির্ভরতা এবং ক্রয়কৃত মধ্যবর্তী ইনপুটের ওপর কম নির্ভরতার কারণে ঘটে থাকতে পারে। এই ফলাফলগুলো নির্মাণ খাতের মধ্যে ব্যয় কাঠামো ও দক্ষতার ধরণ নির্ধারণে প্রতিষ্ঠান আকারের গুরুত্বকে স্পষ্টভাবে তুলে ধরে।

medium and small firms devote a relatively higher share to cement and bricks. Labour cost represents the single largest cost component, accounting for around 26–27 percent of total costs, with a marginally higher share observed in small firms. This suggests greater reliance on manual labor and relatively lower mechanization among smaller firms. The share of taxes including VAT is relatively low across all firm categories, though it is noticeably higher for small firms, which may reflect lower access to tax rebates, exemptions, or compliance-related inefficiencies. Profit margins remain broadly similar across firm sizes, averaging around 12–13 percent, indicating competitive pricing behavior in the construction industry. Overall, value added as a proportion of total cost ranges from approximately 40 percent for large firms to over 42 percent for small firms. The higher value-added share among small firms may be attributed to higher labor intensity and lower reliance on purchased intermediate inputs. These findings highlight the importance of firm size in shaping cost structures and efficiency patterns within the construction sector.

**Table 12.15: Selected Memo Items on Cost Structure and Value Addition of Construction Firms (Completed Buildings, FY 2023–24)**

| Items | Large firms | Medium Firms | Small Firms | Total/Average |
|---|---|---|---|---|
| Average cost per building (Lakh Tk.) | 1,242.43 | 1,316.47 | 344.37 | 544.64 |
| Average cost per sq. ft. (Tk.) | 5,725.70 | 7,277.55 | 6,980.33 | 6,983.08 |
| Cost of cement (% of total cost) | 13.35 | 15.51 | 15.22 | 15.20 |
| Cost of bricks (including crushed bricks) (% of total cost) | 10.41 | 12.84 | 11.80 | 12.13 |
| Cost of iron and steel (% of total cost) | 17.68 | 12.28 | 15.30 | 14.21 |
| Cost of wood and wood products (% of total cost) | 1.85 | 1.84 | 3.40 | 2.62 |
| Cost of fixtures and fittings (% of total cost) | 6.67 | 6.75 | 4.35 | 5.54 |
| Labour cost (% of total cost) | 25.73 | 26.26 | 27.00 | 26.59 |
| Tax including VAT (% of total cost) | 1.52 | 2.04 | 2.93 | 2.44 |
| Other costs (% of total cost) | 10.30 | 9.65 | 7.79 | 8.77 |
| Profit margin (% of total cost) | 12.49 | 12.84 | 12.22 | 12.50 |
| Value added (% of total cost) | 39.74 | 41.14 | 42.15 | 41.53 |

# Chapter XIII: Input Structure and Value Added in Pucca Road Construction

# ত্রয়োদশ অধ্যায়: পাকা সড়ক নির্মাণে উপকরণ কাঠামো ও মূল্য সংযোজন

# CHAPTER XIII: INPUT STRUCTURE AND VALUE ADDED IN PUCCA ROAD CONSTRUCTION

## ত্রয়োদশ অধ্যায়: পাকা সড়ক নির্মাণে উপকরণ কাঠামো ও মূল্য সংযোজন

এ অধ্যায়ে কোম্পানি কর্তৃক নির্মিত পাকা রাস্তা নির্মাণ কার্যক্রমের অর্থনৈতিক দিকসমূহের একটি পূর্ণাঙ্গ বিশ্লেষণ উপস্থাপন করা হয়েছে। সমীক্ষায় নমুনাভিত্তিক পদ্ধতি অনুসরণ করে, নির্বাচিত প্রতিষ্ঠানের অর্থনৈতিক কার্যক্রম তিনটি প্রধান উপাদানের আলোকে মূল্যায়ন করা হয়েছে: উৎপাদিত আউটপুট, উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত পণ্য ও সেবা, এবং এর ফলে সৃষ্ট মূল্য সংযোজন। এই পদ্ধতি প্রতিষ্ঠানগুলোর সামগ্রিক অর্থনৈতিক অবদান নিরূপণে একটি কাঠামোবদ্ধ উপায় প্রদান করে। সমীক্ষার মূল উদ্দেশ্য হলো অর্থনৈতিক দক্ষতা, সম্পদের ব্যবহার এবং নির্বাচিত নির্মাণ প্রতিষ্ঠানের অবদান অনুধাবন করা; খাত ভিত্তিক মোট পরিসংখ্যান প্রদান করা নয়। বিশ্লেষণে ব্যয় কাঠামো, ইনপুট নির্ভরতা এবং প্রতিষ্ঠান পর্যায়ে মূল্য সংযোজন বৃদ্ধির সমভাব্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলো সম্পর্কে ধারণা উপস্থাপন করা হয়েছে। উল্লেখ্য যে, এখানে প্রদত্ত ইনপুট শেয়ার এবং মূল্য সংযোজন কেবল নির্বাচিত প্রতিষ্ঠানগুলোর ভিত্তিতে নির্ধারিত, যা সমগ্র খাতকে প্রতিনিধিত্ব করে না।

### ১৩.১ প্রতিষ্ঠানের মালিকানার ধরন

প্রতিষ্ঠানের মালিকানার ধরন সংশ্লিষ্ট সারণি থেকে প্রতীয়মান হয় যে, এ খাতটি প্রধানত একক মালিকানাধীন প্রতিষ্ঠান দ্বারা গঠিত। যেখানে ৩৪০ প্রতিষ্ঠানের মধ্যে ২৮৬টি (৮৪.১২%) একক মালিকানার ভিত্তিতে পরিচালিত হচ্ছে। এটি ব্যক্তিগত মালিকানার প্রতি একটি সুস্পষ্ট প্রবণতা নির্দেশ করে, যা বৃহত্তর ব্যবস্থাপনাগত নিয়ন্ত্রণ ও নমনীয়তা বৃদ্ধিতে সহায়ক হলেও, বহিঃস্থ মূলধন আহরণ এবং বৃহৎ আকারের বিনিয়োগের প্রবেশাধিকার সীমিত করতে পারে। সাধারণ অংশীদারত্বভিত্তিক প্রতিষ্ঠান রয়েছে ৩৯টি (১১.৪৭%), যা যৌথ সম্পদ ও দক্ষতা ব্যবহারের কিছু সুযোগ প্রদান করে। অপরদিকে, প্রাইভেট লিমিটেড কোম্পানি মাত্র ১৫টি (৪.৪২%)। ক্ষুদ্র পরিসরের মালিকানার আধিক্য ইঙ্গিত দেয়

This chapter presents a detailed analysis of the economic aspects of pucca road construction undertaken by the company. Using a sample-based methodology, the study analyzes each selected firm's economic activity by examining three key components: the output they produce, the goods and services they consume in the production process and the resulting value added they generate. This approach provides a structured way to assess the firms' overall contribution to economic performance. The focus of the study is on understanding economic efficiency, the use of resources, and the contributions of selected construction firms, rather than providing sector-wise totals. The analysis highlights key insights into cost structures, input dependencies, and potential areas for enhancing value creation at the firm level. It is important to note that the input shares and value added reported here are based on the selected firms and do not represent the overall sector.

### 13.1 Ownership Status of Firms

The table on the ownership status of firms reveals that the sector is predominantly composed of sole proprietorships, with 286 out of 340 firms (84.12%) operating under this model. This indicates a strong preference for individual ownership, which may allow for greater managerial control and flexibility but can also limit access to external capital and large-scale investment. General partnerships account for 39 firms (11.47%), providing some capacity for shared resources and expertise, while private limited companies (15 firms, 4.42%). The dominance of small-scale ownership suggests that while the sector may be agile and locally

যে, এই প্রতিষ্ঠানগুলো স্থানীয় চাহিদা বা পরিবর্তিত পরিস্থিতির সাথে দ্রুত খাপ খাইয়ে নিতে পারলেও এগুলো বৃহৎ পরিসরে সম্প্রসারণ, বিনিয়োগ আকর্ষণ এবং আর্থিক ঝুঁকির ক্ষেত্রে চ্যালেঞ্জের সম্মুখীন হতে পারে। "অন্যান্য" শ্রেণিতে অন্তর্ভুক্ত কোনো প্রতিষ্ঠানের তথ্য এ সমীক্ষায় পাওয়া যায়নি। সার্বিকভাবে, তথ্য থেকে প্রতীয়মান হয় যে, খাতটি মূলত ব্যক্তিগত ও ক্ষুদ্র-গোষ্ঠীভিত্তিক উদ্যোক্তাদের উপর নির্ভরশীল, যা প্রবৃদ্ধির সম্ভাবনা এবং আর্থিক স্থিতিস্থাপকতার জন্য গুরুত্বপূর্ণ প্রভাব বহন করে।

responsive, it could face challenges in scaling up, attracting investment, and spreading financial risk. No firms were reported under the "Other" category. Overall, the data point to a sector heavily reliant on individual and small-group entrepreneurship, with implications for both growth potential and financial resilience.

**Table 13.1: Ownership Status of Firms**

| Ownership status | Number | Percentage (%) |
|---|---|---|
| Sole Proprietorship | 286 | 84.12 |
| General Partnership | 39 | 11.47 |
| Private Limited Company | 15 | 4.42 |
| Other | - | - |
| **Total** | **340** | **100.00** |

### ১৩.২ প্রতিষ্ঠান প্রধানের লিঙ্গ

সারণি থেকে দেখা যায় যে, প্রতিষ্ঠান প্রধানদের মধ্যে স্পষ্ট লিঙ্গ বৈষম্য রয়েছে, সমীক্ষার আওতাধীন ৩৪০ টি প্রতিষ্ঠানের মধ্যে ৩৩৫ টি প্রতিষ্ঠান (৯৮.৫৫%) পুরুষ প্রধান দ্বারা পরিচালিত এবং কেবল ৫ টি (১.৪৭%) মহিলা প্রধান দ্বারা পরিচালিত। হিজড়া বা তৃতীয় লিঙ্গের ব্যক্তিদের নেতৃত্বে পরিচালিত কোনো প্রতিষ্ঠানের তথ্য পাওয়া যায় নি। এই তীব্র বৈষম্য ইঙ্গিত প্রদান করে যে, নারী ও তৃতীয় লিঙ্গের ব্যক্তিরা উদ্যোক্তা ও নেতৃত্বমূলক ভূমিকা গ্রহণে উল্লেখযোগ্য প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছেন। এর ফলে সিদ্ধান্তগ্রহণে দৃষ্টিভঙ্গির বৈচিত্র্য সীমিত হচ্ছে এবং খাতটির অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধি ব্যাহত হতে পারে। পুরুষ নেতৃত্বের আধিক্য বৃহত্তর অর্থনৈতিক প্রভাবও ফেলতে পারে, যেমন নারীর প্রতিভার অপর্যাপ্ত ব্যবহার, নারী উদ্যোক্তাদের জন্য নেটওয়ার্কে সীমিত প্রবেশাধিকার এবং উদ্ভাবনের সম্ভাব্য সুযোগ হারানো। এই বৈষম্য দূরীকরণে লক্ষ্যভিত্তিক নীতি, প্রশিক্ষণ এবং সহায়তা কর্মসূচি গ্রহণ করা হলে অধিকতর ন্যায়সঙ্গত অংশগ্রহণ নিশ্চিত করা, অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়নকে উৎসাহিত

### 13.2 Gender of the Head of the Firms

The table on the gender of the heads of firms reveals a pronounced gender imbalance in the sector, with 335 of the 340 surveyed firms (98.53%) led by males and only 5 firms (1.47%) headed by females. No firms reported leadership by individuals identifying as Hijra or third gender. This stark disparity suggests that women and gender-diverse individuals face significant barriers to entrepreneurship and leadership roles, which may limit the diversity of perspectives in decision-making and hinder the sector's inclusive growth. The male dominance in firm leadership could also have broader economic implications, such as underutilization of female talent, restricted access to networks for women entrepreneurs, and potential missed opportunities for innovation. Addressing these gaps through targeted policies, training, and support programs could promote more equitable participation, foster inclusive economic

করা এবং সামগ্রিকভাবে এ খাতের কর্মক্ষমতা বৃদ্ধি করা সম্ভব হবে।

development, and enhance overall sector performance.

**Table 13.2: Gender of the Head of the Firms**

| Gender of Firm head | Number of firms | Percentage (%) |
|---|---|---|
| Male | 335 | 98.53 |
| Female | 5 | 1.47 |
| Hijra (third gender) | - | - |
| **Total** | **340** | **100.00** |

### ১৩.৩ প্রতিষ্ঠানের কর্মসংস্থানের আকার

সারণি ১৩.৩ এ ২০২৩-২৪ অর্থবছরের বড়, মাঝারি ও ছোট প্রতিষ্ঠানে লিঙ্গভিত্তিক কর্মচারীর বণ্টন উপস্থাপন করা হয়েছে। এ তথ্য অনুযায়ী মোট জনবলের সংখ্যা ৬,৮৭৪ জন, তন্মোধ্যে ৬,১৪৪ জন পুরুষ এবং ৭৩০ জন নারী। বড় প্রতিষ্ঠানগুলোতে কর্মসংস্থানের পরিমাণ সবচেয়ে বেশি, মোট ৫,২৯১ জন, যা মোট জনবলের তিন-চতুর্থাংশেরও বেশি। এই শ্রেণিতে পুরুষ জনবলের সংখ্যা ৪,৬৪৪ জন, যা নারী জনবলের সংখ্যা ৬৪৭ জনের তুলনায় অনেক বেশি, যা বড় প্রতিষ্ঠানে উল্লেখযোগ্য লিঙ্গ বৈষম্যকে প্রদর্শন করে। মাঝারি ধরনের প্রতিষ্ঠানে কর্মরত মোট জনবল রয়েছে ৭৫৯ জন, তন্মোধ্যে পুরুষ কর্মীর সংখ্যা ৭০৩ জন এবং নারী কর্মীর সংখ্যা মাত্র ৫৬ জন। ছোট প্রতিষ্ঠানে কর্মসংস্থানের পরিমাণ সবচেয়ে কম মোট ৮২৪ জন, যার মধ্যে ৭৯৭ জন পুরুষ এবং মাত্র ২৭ জন নারী। সামগ্রিকভাবে দেখা যায় যে, সব ধরনের প্রতিষ্ঠানে পুরুষ কর্মীর সংখ্যা নারীদের তুলনায় ধারাবাহিকভাবে বেশি। লিঙ্গ বৈষম্য সবচেয়ে স্পষ্ট ছোট প্রতিষ্ঠানে, যেখানে নারী কর্মীদের উপস্থিতি অত্যন্ত সীমিত।

### 13.3 Employment Size of Firms

Table 13.3 presents the distribution of employees by gender across large, medium, and small employment categories for the year 2023–24. The data show that the total workforce comprises 6,874 employees, of whom 6,144 are male and 730 are female. Large establishments account for the majority of employment, with 5,291 employees, representing over three-quarters of the total workforce. Within this category, male employees (4,644) substantially outnumber female employees (647), indicating a significant gender gap in larger enterprises. Medium-sized establishments employ 759 individuals, again with males (703) forming the dominant share relative to females (56). Small establishments have the lowest employment numbers, totaling 824 employees, of whom 797 are male and only 27 are female. Overall, the data highlight a pronounced gender imbalance across all employment sizes, with male employment consistently exceeding female employment. The disparity is most evident in small enterprises, where female representation is particularly low.

**Table 13.3: Employment Size, 2023-24**

**(Number)**

| Types of firms | Male | Female | Total |
|---|---|---|---|
| Large | 4,644 | 647 | 5,291 |
| Medium | 703 | 56 | 759 |
| Small | 797 | 27 | 824 |
| **Total** | **6,144** | **730** | **6,874** |

## ১৩.৪ প্রতিষ্ঠানের কর্মসংস্থান ব্যয়

সারণি ১৩.৪-এ ২০২৩-২৪ অর্থবছরে বিভিন্ন আকারের প্রতিষ্ঠানের কর্মসংস্থান ব্যয়ের বণ্টন উপস্থাপন করা হয়েছে। এ তথ্য থেকে প্রতীয়মান হয় যে মোট কর্মসংস্থান ব্যয়ে বৃহৎ প্রতিষ্ঠানসমূহের সুস্পষ্ট আধিপত্য রয়েছে; তারা ২৩,০২৮.৫৫ লক্ষ টাকা ব্যয় করেছে, যা সামগ্রিক ব্যয়ের বৃহৎ অংশকে উপস্থাপন করে। বৃহৎ প্রতিষ্ঠানের মধ্যে পুরুষ কর্মীদের কর্মসংস্থান বাবদ ব্যয় সর্বাধিক ২০,০১১.২৭ লক্ষ টাকা, যেখানে নারী কর্মীদের কর্মসংস্থান বাবদ ব্যয় তুলনামূলকভাবে কম ৩,০১৭.২৮ লক্ষ টাকা। অপরদিকে, মাঝারি ও ক্ষুদ্র প্রতিষ্ঠানসমূহ মোট কর্মসংস্থান ব্যয়ে তুলনামূলকভাবে অনেক কম অবদান রেখেছে; তাদের ব্যয়ের পরিমাণ যথাক্রমে ১,৬৮৯.৪২ লক্ষ টাকা এবং ১,৬০৫.৭৯ লক্ষ টাকা। উভয় ক্ষেত্রেই পুরুষ কর্মীদের কর্মসংস্থান বাবদ ব্যয় নারীদের তুলনায় অনেক বেশি, যা বৃহৎ প্রতিষ্ঠানের ক্ষেত্রে পর্যবেক্ষিত অনুরূপ লিঙ্গভিত্তিক ধারাকে প্রতিফলিত করে। সার্বিকভাবে, ২০২৩–২৪ অর্থবছরে মোট কর্মসংস্থান ব্যয় দাঁড়িয়েছে ২৬,৩২৩.৭৬ লক্ষ টাকা। এর মধ্যে পুরুষ কর্মীদের ব্যয় ২৩,১১৪.৯৭ লক্ষ টাকা এবং নারী কর্মীদের ব্যয় ৩,২০৮.৭৯ লক্ষ টাকা। এ বণ্টন থেকে প্রতীয়মান হয় যে কর্মসংস্থান ব্যয়ের কাঠামো মূলত বৃহৎ প্রতিষ্ঠানসমূহে কেন্দ্রীভূত, এবং সকল ধরনের প্রতিষ্ঠানে সুস্পষ্ট লিঙ্গ বৈষম্য বিদ্যমান।

## 13.4 Employment Cost of Firms

Table 13.4 presents the distribution of employment costs across different firm sizes for the fiscal year 2023–24. The data show a clear dominance of large firms in total employment expenditure, accounting for 23,028.55 lakh taka, which represents the vast majority of the overall cost. Within large firms, male employees constitute the larger share of expenses (Tk.20, 011.27 lakh), while female employees account for Tk.3, 017.28 lakh. Medium and small firms contribute significantly smaller amounts to total employment costs, with expenditures of Tk.1, 689.42 lakh and Tk.1, 605.79 lakh, respectively. In both categories, male employment costs remain substantially higher than female costs, reflecting similar gender patterns observed in large firms. Overall, total employment costs for 2023–24 amounts to Tk. 26,323.76 lakh, with male employees accounting for Tk.23,114.97 lakh and female employees contributing Tk.3,208.79 lakh. The distribution indicates that employment cost structures are heavily concentrated in large firms and are characterized by a pronounced gender disparity across all firm types.

**Table 13.4: Employment Cost, 2023-24**

**(Lakh Taka)**

| Types of firms | Male | Female | Total |
|---|---|---|---|
| Large | 20,011.27 | 3,017.28 | 23,028.55 |
| Medium | 1,533.20 | 156.22 | 1,689.42 |
| Small | 1,570.50 | 35.29 | 1,605.79 |
| **Total** | **23,114.97** | **3,208.79** | **26,323.76** |

**Chart 13.1: Employment cost, 2023-24 (Lakh Taka)**




### ১৩.৫ ২০২৩-২৪ অর্থবছরে সম্পন্ন সড়কের (দৈবচয়ন পদ্ধতিতে নির্বাচিত) দৈর্ঘ্য ও পৃষ্ঠতল এলাকা

সারণি ১৩.৫ এ ২০২৩–২৪ অর্থবছরে সম্পন্নকৃত সড়কের পৃষ্ঠতলের ক্ষেত্রফলের একটি পূর্ণাঙ্গ চিত্র উপস্থাপন করা হয়েছে, যা দৈবচয়ন পদ্ধতিতে নির্বাচিত সড়ক প্রকল্পের নমুনার ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে। এখানে তিন ধরনের সড়কের কাজকে আলাদা করে দেখানো হয়েছে: নতুন সড়ক নির্মাণ, সড়ক প্রশস্তকরণ এবং রক্ষণাবেক্ষণ ও মেরামত-যা উক্ত সময়ে সম্পন্ন হওয়া মোট সড়ক পৃষ্ঠতলের ক্ষেত্রফলে তাদের অবদানকে স্পষ্টভাবে তুলে ধরে। নতুন সড়ক নির্মাণের কাজ সবচেয়ে বেশি সম্পন্ন হয়েছে। এ সময়ে মোট ৪২৪,৬৫৭ মিটার দৈর্ঘ্যের সড়ক নির্মাণ করা হয়েছে, যার মোট পৃষ্ঠতলের ক্ষেত্রফল ২,৮৪৬,৭৩০ বর্গমিটার। এ থেকে প্রতীয়মান হয় যে, আকার ও সম্পদ বণ্টন উভয় দিক থেকেই নতুন সড়ক প্রকল্পসমূহ অবকাঠামো উন্নয়নের প্রধান অগ্রাধিকার হিসেবে বিদ্যমান রয়েছে। সড়ক প্রশস্তকরণ প্রকল্পসমূহের মোট দৈর্ঘ্য ১৮৫,৯১৬ মিটার, কিন্তু বেশি প্রস্থের কারণে এর পৃষ্ঠতলের ক্ষেত্রফল উল্লেখযোগ্য পরিমাণ বেশি, ২,১৭০,৬১৩ বর্গমিটার। এটি ইঙ্গিত প্রদান করে যে, বিদ্যমান সড়কগুলোকে সম্প্রসারণের মাধ্যমে ক্রমবর্ধমান যানবাহন চলাচলের চাহিদা পূরণে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। রক্ষণাবেক্ষণ ও মেরামতের কাজের আওতায় মোট দৈর্ঘ্য ১৭৮৬২৬ মিটার দৈর্ঘ্যের সড়ক

### 13.5 Length and Surface Area of Roads (randomly selected) Completed in 2023-24

Table 13.5 provides a comprehensive overview of the surface area of roads completed during the fiscal year 2023–24, based on a randomly selected sample of road projects. The data distinguish among three major types of roadwork: new road construction, road widening, and maintenance and repair—highlighting their respective contributions to total surface area completed within the period. New road construction constitutes the largest share of completed work, with a total length of 424,657 meters and a surface area of 2,846,730 square meters. This indicates that new road projects remain a major focus of infrastructure development, both in terms of scale and resource allocation. Road widening projects, although shorter in total length (185,916 meters), yield a substantial surface area of 2,170,613 square meters due to their comparatively wide construction requirements. This suggests a significant emphasis on expanding existing transport corridors to accommodate increasing traffic demand. Maintenance and repair work account for a total length of 178,626 meters and a surface area of 1,020,335 square meters. While

অন্তর্ভুক্ত হয়েছে এবং এর মোট পৃষ্ঠতলের ক্ষেত্রফল ১,০২০,৩৩৫ বর্গমিটার। যদিও নতুন নির্মাণ ও প্রশস্তকরণের তুলনায় আকারে তুলনামূলকভাবে ছোট, তবুও বিদ্যমান সড়কের মান বজায় রাখা ও আয়ুষ্কাল বাড়ানোর জন্য এই বিনিয়োগ অপরিহার্য। সার্বিকভাবে, ২০২৩-২৪ অর্থবছরে মোট ৭৮৯,১৯৯ মিটার দৈর্ঘ্যের সড়কের কাজ সম্পন্ন করা হয়েছে, যার ক্রমপুঞ্জিত পৃষ্ঠতল ক্ষেত্রফল ৬,০৩৭,৬৭৭ বর্গমিটার। সড়ক পৃষ্ঠতলের ক্ষেত্রফলের বণ্টন থেকে প্রতীয়মান হয় যে, বর্ণিত সময়ে নতুন সড়ক নির্মাণ ও প্রশস্তকরণ কার্যক্রম একত্রে সড়ক উন্নয়ন কর্মসূচিতে প্রাধান্য বিস্তার করেছে, অন্যদিকে রক্ষণাবেক্ষণ ও মেরামত কার্যক্রম পরিবহন নেটওয়ার্কের টেকসইয়তা নিশ্চিত করতে গুরুত্বপুর্ণ সহায়ক ভূমিকা পালন করেছে।

smaller in magnitude compared to new construction and widening, this category reflects a necessary investment in preserving road quality and extending the lifespan of existing infrastructure. Overall, the combined length of all road types completed in 2023–24 amounts to 789,199 meters, with a cumulative surface area of 6,037,677 square meters. The distribution of surface area demonstrates that new road construction and widening activities together dominate the year's road development portfolio, while maintenance and repair activities provide essential support to the sustainability of the transport network.

**Table 13.5: Surface Area of Roads (Randomly Selected) Completed in 2023-24**

| Types of road | Total length of the road (meter) | Surface area of the road (Sq. meter) |
|---|---|---|
| New Road | 424,657 | 2,846,730 |
| Road Widening | 185,916 | 2,170,613 |
| Road Maintenance and Repair | 178,626 | 1,020,335 |
| **Total** | **789,199** | **6,037,677** |

## ১৩.৬ ইনপুট শ্রেণি অনুযায়ী নির্মাণ ব্যয়

সারণি ১৩.৬-এর মাধ্যমে ২০২৩-২৪ অর্থবছরের নতুন সড়ক নির্মাণ প্রকল্পের নির্মাণ ব্যয়ের একটি বিস্তারিত চিত্র উপস্থাপন করা হয়েছে। এতে ব্যয়ের কাঠামো এবং বিভিন্ন ইনপুটের আপেক্ষিক গুরুত্ব সুস্পষ্টভাবে ফুটে উঠেছে। নতুন সড়ক নির্মাণে মোট ব্যয় ১,১০,৬০৫ লক্ষ টাকা, যার মধ্যে ২০২৩-২৪ অর্থবছরে অধিকাংশ ব্যয় ৮৪,৭০১ লক্ষ টাকা সংঘটিত হয়েছে। এটি স্পষ্টভাবে নির্দেশ করে যে, ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্প বাস্তবায়ন উল্লেখযোগ্যভাবে ত্বরান্বিত হয়েছে, কারণ জুন ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় মোট ব্যয়ের মাত্র ২৩.৪২ শতাংশ ছিল। ব্যয় কাঠামোর একটি প্রধান বৈশিষ্ট্য হলো মৌলিক উপকরণের অত্যন্ত উচ্চ অংশ, যার পরিমাণ ৭১,১৮০ লক্ষ টাকা এবং মোট ব্যয়ের ৬৪.৩৬ শতাংশ। এই শ্রেণিতে অন্তর্ভুক্ত রয়েছে সড়ক নির্মাণের জন্য অপরিহার্য কাঁচামাল যেমন: বিটুমিন, পাথর, বালি, সিমেন্ট

## 13.6 Construction cost by input category

Table 13.6 presents a comprehensive breakdown of construction costs for new road projects in FY 2023–24, offering insight into both the structure of expenditures and the relative importance of different input categories. The total expenditure for new road construction amounts to Tk.110, 605 lakh, of which the majority (Tk.84, 701 lakh) was incurred during the fiscal year2023-24. This indicates that project execution intensified substantially in 2023–24, with cumulative expenditures up to June 2023 representing only 23.42 percent of the total cost. A dominant feature of the cost structure is the exceptionally high share of basic inputs, which account for Tk. 71,180 lakh—equivalent to 64.36 % of total expenditure. This category encompasses raw

ও স্টিল ইত্যাদি। দ্বিতীয় বৃহত্তম ব্যয়ের খাত হলো শ্রম ব্যয়, ১৫,২৪৬ লক্ষ টাকা, যা মোট ব্যয়ের ১৩.৭৮ শতাংশ। এটি সড়ক নির্মাণে শ্রমনির্ভর প্রকৃতিকে প্রতিফলিত করে, যেখানে খনন, স্তরবিন্যাস, কম্প্যাকশন, সাইট তদারকি এবং অন্যান্য সহায়ক কার্যক্রমে বিপুল মানবসম্পদ প্রয়োজন হয়। তুলনামূলকভাবে উচ্চ শ্রম ব্যয় কর্মসংস্থান সৃষ্টিতে এই খাতের গুরুত্বপূর্ণ ভূমিকা নির্দেশ করে এবং এটি দেখায় যে প্রকল্প বাস্তবায়নে মানব সম্পদ একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে রয়ে গেছে। অপারেটিং সারপ্লাস, যার মধ্যে ঠিকাদারের মুনাফা ও মূলধনের রিটার্ন অন্তর্ভুক্ত তার পরিমাণ হলো ১০,৮৫৫ লক্ষ টাকা বা মোট ব্যয়ের ৯.৮১ শতাংশ। যন্ত্রপাতি ভাড়ার ব্যয় ৫,৭২৮ লক্ষ টাকা (মোট ব্যয়ের ৫.১৮ শতাংশ), যা ভারী যন্ত্রপাতি যেমন রোলার, মিক্সার, গ্রেডার ও এক্সকাভেটরের ব্যাপক ব্যবহারের প্রতিফলন। বাংলাদেশে অনেক ঠিকাদার নিজস্ব যন্ত্রপাতি ক্রয় না করে ভাড়ায় ব্যবহার করে থাকেন, ফলে ভাড়া বাবদ ব্যয় একটি নিয়মিত ও অপরিহার্য ব্যয় উপাদান হিসেবে বিবেচিত হয়। কর ও ভ্যাটের অংশ মোট ব্যয়ের ৫.০১ শতাংশ (৫,৫৪৪ লক্ষ টাকা), যা নির্মাণ উপকরণ, ঠিকাদারি সেবা এবং ক্রয় প্রক্রিয়ায় প্রযোজ্য জাতীয় কর বিধিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ। এই ব্যয় উপাদানটি এখাতে কার্যরত প্রতিষ্ঠানগুলোর আর্থিক দায়বদ্ধতাকে প্রতিফলিত করে এবং নির্দেশ করে যে কর-সম্পর্কিত ব্যয় মোট প্রকল্প ব্যয়ের তুলনায় অপেক্ষাকৃত ছোট হলেও উপেক্ষণীয় নয়।

ইউটিলিটি চার্জ মোট ব্যয়ের ১.৬২ শতাংশ (১,৭৯৩ লক্ষ টাকা), যা তুলনামূলকভাবে ক্ষুদ্র অংশ। এটি সড়ক নির্মাণ প্রকৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ, কারণ বিদ্যুৎ বা পানির মতো কার্যক্রমের ইউলিটিগুলো মূলত সাইট পরিচালনা, অস্থায়ী আলোকসজ্জা বা যন্ত্রপাতি পরিচালনার জন্য ব্যবহৃত হয়, মূল উৎপাদন উপাদান হিসেবে নয়। পরিশেষে, অন্যান্য অনির্দিষ্ট ব্যয়ের পরিমাণ মাত্র ২৫৯ লক্ষ টাকা, যা মোট ব্যয়ের ০.২৩ শতাংশ। এই নগণ্য অংশ থেকে প্রতীয়মান হয় যে, প্রধান ব্যয় খাতগুলো প্রায় সব ধরনের ব্যয়কে সফলভাবে অন্তর্ভুক্ত করেছে, যা প্রকল্পের হিসাব ব্যবস্থায়

materials central to road construction, such as bitumen, stone chips, sand, cement, and steel. Employment cost, at Tk.15, 246 lakh or 13.78 % of total expenditure, represents the second-largest cost component. This share reflects the labour-intensive requirements of road construction, including excavation, layering, compaction, site supervision, and ancillary services. The relatively high labour share highlights the sector's role in generating employment and indicates that human resources remain a significant element of project implementation. Operating surplus, which includes contractor profit margins and returns to capital, accounts for Tk.10, 855 lakh or 9.81 % of the total. Costs associated with rental of equipment amount to Tk.5,728 lakh, representing 5.18 percent of the total. This reflects the substantial use of heavy machinery—such as rollers, mixers, graders, and excavators—in road construction. Many contractors in Bangladesh lease rather than own such equipment, making rental a predictable and essential expenditure component. Tax and VAT contribute 5.01 percent (Tk.5,544 lakh), consistent with national tax regulations applied to construction inputs, contractor services, and procurement processes. This cost component reflects the fiscal obligations of firms operating in the sector and indicates that tax-related expenses constitute a modest but non-negligible share of overall project costs. Utility charges, at 1.62 % (Tk.1,793 lakh), form a relatively small portion of total costs, which aligns with the nature of road construction: utilities such as electricity or water are used primarily for site operations, temporary lighting, or equipment support rather than as core production inputs. Finally, the category of other unspecified costs stands at only Tk.259 lakh, or 0.23 % of the total cost. This minimal share suggests that the major cost categories successfully capture nearly

শক্তিশালী শ্রেণিবিন্যাস এবং দক্ষ ব্যয় বণ্টন প্রক্রিয়াকে প্রতিফলিত করে। সার্বিকভাবে, ব্যয়ের বণ্টন এমন একটি কাঠামোকে তুলে ধরে যা বাংলাদেশের সড়ক নির্মাণের অর্থনৈতিক ও কার্যক্রমগত বাস্তবতার সাথে সামঞ্জস্যপূর্ণ। মৌলিক ইনপুট ব্যয়ের আধিক্য খাতটির উপকরণনির্ভর প্রকৃতিকে স্পষ্ট করে, অন্যদিকে শ্রম, যন্ত্রপাতি এবং অপারেটিং উদ্বৃত্তের উল্লেখযোগ্য অংশ অবকাঠামো উন্নয়নের বহুমুখী চাহিদাকে প্রতিফলিত করে থাকে। এই ধারা দেশের বৃহৎ পরিসরের সরকারি নির্মাণ প্রকল্পের সম্পদের চাহিদা ও আর্থিক গতিশীলতার সাধারণ বৈশিষ্ট্যকে প্রতিফলিত করে।

all expenditures, reflecting strong classification and efficient cost allocation practices within project accounting systems. Overall, the distribution of costs reveals a structure that is consistent with the economic and operational realities of road construction in Bangladesh. The predominance of basic input costs underscores the material-intensive nature of the sector, while the substantial shares attributed to labour, machinery, and operating surplus illustrate the multifaceted requirements of infrastructure development. The pattern reflects both the resource demands and the financial dynamics typical of large-scale public construction projects in the country.

**Table 13.6: Distribution of Construction Costs by Input Category for New Roads in FY 2023–24**

**(Lakh Taka)**

| Inputs categories | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred | Percentage distribution of total expenditure |
|---|---|---|---|---|
| Basic inputs | 16,867 | 54,312 | 71,180 | 64.36 |
| Utility charge | 577 | 1,215 | 1,793 | 1.62 |
| Employment cost | 4,781 | 10,466 | 15,246 | 13.78 |
| Tax and VAT | 431 | 5,113 | 5,544 | 5.01 |
| Rental of equipment | 2,282 | 3,446 | 5,728 | 5.18 |
| Operating surplus | 911 | 9,945 | 10,855 | 9.81 |
| Other cost (not specified above) | 55 | 204 | 259 | 0.23 |
| **Total** | **25,904** | **84,701** | **110,605** | **100.00** |

## ১৩.৭ সড়ক প্রশস্তকরণের ইনপুটভিত্তিক নির্মাণ ব্যয়

সারণি ১৩.৭ এ ২০২৩-২৪ অর্থবছরে সড়ক প্রশস্তকরণ প্রকল্পের নির্মাণ ব্যয়ের বিস্তারিত বিভাজন উপস্থাপন করা হয়েছে। এতে ইনপুট ব্যয়ের গঠন এবং অর্থবছরে সম্পাদিত কাজের পরিমাণ উভয়কেই তুলে ধরা হয়েছে। মোট ব্যয় দাঁড়িয়েছে ২৫,৮৭১ লক্ষ টাকা, যার মধ্যে ২০২৩-২৪ অর্থ বছরেই ব্যয় হয়েছে ২৪,৬৪৫ লক্ষ টাকা (মোট ব্যয়ের ৯৫ শতাংশেরও বেশি)। ব্যয় কাঠামোর একটি প্রধান বৈশিষ্ট্য হলো বেসিক ইনপুটের আধিক্য, যার পরিমাণ দাঁড়িয়েছে ১৬,৮২৭ লক্ষ টাকা, যা মোট ব্যয়ের ৬৫.০৪ শতাংশ।

## 13 .7 Construction cost by input category for road widening

Table 13.7 provides a detailed breakdown of construction expenditures for road widening projects in FY 2023–24, highlighting both the composition of input costs and the scale of work undertaken during the fiscal year. The total expenditure amounts to Tk.25,871 lakh, with a striking concentration of spending during 2023–24 (Tk.24,645 lakh or over 95 %of total costs). A defining feature of the expenditure pattern is the predominance of basic inputs, which total

বিদ্যমান সড়ককে মজবুতকরণ, নতুন শোল্ডার সংযোজন এবং চলাচলের পথ সম্প্রসারণের জন্য সড়ক প্রশস্তকরণ প্রকল্পে প্রচুর পরিমাণে নির্মাণ সামগ্রী যেমন: পাথর, বিটুমিন, বালি ও মাটি ব্যবহার করা হয়, সে কারণে এই উচ্চ অংশীদারত্ব সড়ক প্রশস্তকরণ প্রকল্পের ক্ষেত্রে স্বাভাবিক। কর্মসংস্থান বাবদ ব্যয় দ্বিতীয় বৃহত্তম ব্যয়ের খাত, যার পরিমাণ ৩,৫৩৪ লক্ষ টাকা, মোট ব্যয়ের ১৩.৬৬ শতাংশ। রাস্তা প্রশস্তকরণ কার্যক্রম সাধারণত অধিক শ্রমনির্ভর হয়ে থাকে, কারণ এতে বিদ্যমান অবকাঠামোর ভাঙচুর, পুনঃসংযোজন, যানবাহন চলাচল নিয়ন্ত্রণ এবং নতুন রাস্তা নির্মাণের তুলনায় অধিক জটিল সাইটভিত্তিক সমন্বয় প্রয়োজন হয়। তুলনামূলকভাবে উচ্চ শ্রম-অংশ এই প্রকল্পে প্রয়োজনীয় মাঠপর্যায়ের নিবিড় কার্যক্রমকে প্রতিফলিত করে। অপারেটিং উদ্বৃত্ত, যা ঠিকাদারদের মুনাফা এবং মূলধনের প্রত্যাবর্তনকে নির্দেশ করে, মোট ব্যয়ের ১৩.১০ শতাংশ বা ৩,৩৮৮ লক্ষ টাকা নির্ধারিত হয়েছে। এই হার শিল্প ক্ষেত্রে প্রচলিত মানের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং ইঙ্গিত প্রদান করে যে, রাস্তা প্রশস্তকরণ প্রকল্পের আর্থিক রির্টানের ধরন নতুন সড়ক নির্মাণ প্রকল্পের তুলনায় প্রায় সমপর্যায়ের। কর্মসংস্থান ব্যয় ও পরিচালন উদ্বৃত্তের ঘনিষ্ঠ সাদৃশ্য শ্রম ব্যবহারের পরিমাণ ও ঠিকাদারের মুনাফার মধ্যে একটি সুষম ভারসাম্য নির্দেশ করে। কর ও ভ্যাটের অংশ ৪.৫২ শতাংশ (১,১৬৯ লক্ষ টাকা), যা নির্মাণ সামগ্রী ও সেবার সাথে সম্পর্কিত আর্থিক দায়বদ্ধতার সাথে সামঞ্জস্যপূর্ণ একটি মাঝারি অংশ। অন্যদিকে, যন্ত্রপাতি ভাড়া মোট ব্যয়ের ২.৯২ শতাংশ বা ৭৫৫ লক্ষ টাকা, যা সড়ক প্রশস্তকরণ প্রকল্পে যন্ত্রপাতির উল্লেখযোগ্য কিন্তু সীমিত ভূমিকাকে প্রতিফলিত করে। নতুন সড়ক নির্মাণের তুলনায়, রাস্তা প্রশস্তকরণ সাধারণত অধিক স্থানীয়ভিত্তিক এবং তুলনামূলকভাবে কম যন্ত্রপাতি-নির্ভর কার্যক্রম, যা যন্ত্রপাতি ভাড়া সংশ্লিষ্ট ব্যয়ের কম অংশীদারত্বকে ব্যাখ্যা করে। ইউটিলিটি চার্জ ০.৪৭ শতাংশ বা ১২১ লক্ষ টাকা, যা ব্যয়ের খাত হিসেবে নগণ্য, কারণ সড়ক প্রশস্তকরণ কার্যক্রমে অন্যান্য সড়ক কার্যক্রমের মতোই সীমিত ইউটিলিটি সেবার প্রয়োজন হয়। একইভাবে, অন্যান্য

Tk.16,827 lakh and represent 65.04 % of the overall cost. This high share is typical for road widening projects, where substantial quantities of construction materials such as aggregates, bitumen, sand, and soil are required for strengthening existing surfaces, adding new shoulders, and expanding carriageways. The employment cost category is the second-largest expenditure component, amounting to Tk.3,534 lakh or 13.66 % of total costs. Road widening tends to be labour intensive due to the need for demolition, realignment, traffic management, and more complex on-site adjustments than those required in new road construction. The relatively high labour share thus reflects the intensive on-ground activities necessary to modify existing road structures. Operating surplus, representing contractor margins and returns to capital, accounts for 13.10 % (Tk.3, 388 lakh). This percentage is broadly aligned with industry norms and suggests that the financial returns on widening projects are comparable to those of new road construction. The close similarity between the shares of employment cost and operating surplus indicates a balanced structure between labour use and contractor profitability. Tax and VAT contribute 4.52% (Tk. 1,169 lakh), a moderate share consistent with the fiscal obligations associated with construction materials and services. Meanwhile, rental of equipment accounts for 2.92 % (Tk. 755 lakh), reflecting the substantial but not overwhelming role of machinery in widening projects. Compared with new road construction, widening generally requires more localized and less machinery-intensive operations, which explains the lower share of equipment rental cost. Utility charges, at 0.47 % (Tk.121 lakh), remain a minimal

অনির্দিষ্ট ব্যয় মাত্র ৭৮ লক্ষ টাকা বা ০.৩০ শতাংশ, যা নির্দেশ করে ব্যয় শ্রেণিবিন্যাস ব্যবস্থা সমস্ত প্রধান ব্যয় উপাদানগুলোকে যথাযথভাবে অন্তভুক্ত করেছে এবং আনুষঙ্গিক ব্যয় নগণ্য। সার্বিকভাবে, ২০২৩-২৪ অর্থবছরে সড়ক প্রশস্তকরণের ব্যয় বণ্টন দেশে প্রচরিত এ ধরনের প্রকল্পের ইনপুট কাঠামোর সাথে ঘনিষ্ঠভাবে সামঞ্জস্যপূর্ণ। উপকরণ ব্যয়ের আধিক্য, শ্রম ও ঠিকাদারের উদ্বৃত্তের উল্লেখযোগ্য অংশের সাথে মিলিত হয়ে প্রশস্তকরণ কার্যক্রমের মিশ্র উপকরণ-শ্রমনির্ভর প্রকৃতিকে প্রতিফলিত করেছে। ইউটিলিটি ও বিবিধ ব্যয়ের তুলনামূলকভাবে ক্ষুদ্র বরাদ্দ ব্যয়ের লক্ষ্যভিত্তিক পরিচালনার প্রকৃতিকে আরও সুস্পষ্টভাবে প্রতিফলিত করে। এই ব্যয় কাঠামো বিদ্যমান সড়ক নেটওয়ার্ক সম্প্রসারণে প্রয়োজনীয় সম্পদ এবং কার্যক্রমগত জটিলতাকে সুস্পষ্টভাবে প্রতিফলিত করে, যা প্রকল্পটির খাতভিত্তিক মানদণ্ড এবং জাতীয় নির্মাণ প্রক্রিয়ার সাথে সামঞ্জস্য পুনঃনিশ্চিত করে।

component, as road widening like other road works requires only limited utility services. Similarly, other unspecified costs, amounting to just Tk. 78 lakh (0.30 %), indicate that the cost classification system effectively captures all major spending categories and that miscellaneous expenditures remain marginal. Overall, the cost distribution for road widening in FY 2023–24 closely mirrors the input structure typical of such projects in the country. The dominance of material costs, combined with substantial shares for labour and contractor surplus, reflects the mixed material–labour intensity of widening activities. The relatively small allocations to utilities and miscellaneous costs further illustrate the targeted nature of expenditures. This structure underscores the resource demands and operational complexities inherent in expanding existing road networks, reaffirming the project’s alignment with sectoral norms and national construction practices.

**Table 13.7: Distribution of Construction Costs by Input Category for Road Widening in FY 2023–24**

**(Lakh Taka)**

| Inputs categories | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred | Percentage distribution of total expenditure |
|---|---|---|---|---|
| Basic inputs | 1,014 | 15,813 | 16,827 | 65.04 |
| Utility charge | 33 | 88 | 121 | 0.47 |
| Employment cost | 87 | 3,446 | 3,534 | 13.66 |
| Tax and VAT | 49 | 1,120 | 1,169 | 4.52 |
| Rental of equipment | 18 | 736 | 755 | 2.92 |
| Operating surplus | 13 | 3,375 | 3,388 | 13.10 |
| Other cost (not specified above) | 11 | 67 | 78 | 0.30 |
| **Total** | **1,226** | **24,645** | **25,871** | **100.00** |

### ১৩.৮ সড়ক রক্ষণাবেক্ষণ ও মেরামতের ইনপুটভিত্তিক নির্মাণ ব্যয়

সারণি ১৩.৮-এ উপস্থাপিত তথ্য সড়ক রক্ষণাবেক্ষণ ও মেরামতের জন্য ২০২৩-২৪ অর্থবছরে নির্মাণ ব্যয়ের একটি বিস্তারিত বিশ্লেষণ প্রদান করে, যেখানে ২০২৩ সালের জুন

### 13.8 Construction cost by input category for road maintenance and repair

The data presented in Table 13.8 provides a detailed breakdown of construction costs for road maintenance and repair during FY 2023–24,

পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় এবং ২০২৩-২৪ অর্থবছরের ব্যয় উভয়ই তুলে ধরা হয়েছে। উক্ত সময়ে মোট ব্যয় দাঁড়িয়েছে ১০,৫০৪ লক্ষ টাকা, যার মধ্যে অধিকাংশ অর্থ ১০,২৭৫ লক্ষ টাকা ২০২৩-২৪ অর্থবছরে ব্যয় হয়েছে। ২০২৩ সালের জুন পর্যন্ত তুলনামূলকভাবে কম ক্রমপুঞ্জিত ব্যয় ২২৯ লক্ষ টাকার বিপরীতে চলতি অর্থবছরে ব্যয়ের উল্লেখযোগ্য কেন্দ্রীভূত অবস্থানকে নির্দেশ করে। মৌলিক উপকরণসমূহ মোট ব্যয়ের সর্বাধিক অংশীদারত্ব বহন করে, যা ৫৪.৫৪ শতাংশ, এবং এটি সড়ক রক্ষণাবেক্ষণ কার্যক্রমে তাদের প্রধান ভূমিকা তুলে ধরে। পরিচালন উদ্বৃত্ত (১৬.৪২%) দ্বিতীয় বৃহত্তম খাত হিসেবে প্রতীয়মান হয়েছে, যা প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য ওভারহেড ব্যয় অথবা ঠিকাদারদের মুনাফার উপস্থিতি নির্দেশ করে। কর্মসংস্থান ব্যয় মোট ব্যয়ের ১২.৩৩ শতাংশ, যা রক্ষণাবেক্ষণ কাজের শ্রমনির্ভর প্রকৃতিকে প্রতিফলিত করে; অন্যদিকে কর ও ভ্যাট ৮.৬০ শতাংশ, যা সরকারি রাজস্বে উল্লেখযোগ্য আর্থিক অবদানকে তুলে ধরে। অন্যান্য খাত যেমন ইউটিলিটি চার্জ (৪.৬১ শতাংশ) এবং যন্ত্রপাতি ভাড়া (২.৫২ শতাংশ) মোট ব্যয়ের অপেক্ষাকৃত ক্ষুদ্র অংশকে উপস্থাপন করে, যা নির্দেশ করে যে এগুলো প্রয়োজনীয় হলেও সামগ্রিক ব্যয় কাঠামোয় আর্থিকভাবে খুব প্রভাবশালী নয়। "অন্যান্য ব্যয়" ১ শতাংশেরও কম, যা অনির্দিষ্ট বা আকস্মিক খাতে কম ব্যয়কে প্রতিফলিত করে। সামগ্রিক ব্যয় কাঠামো বিশ্লেষণে প্রতীয়মান হয় যে, উপকরণ-সম্পর্কিত ইনপুট এবং ঠিকাদারি মার্জিন সম্মিলিতভাবে মোট ব্যয়ের ৭০ শতাংশেরও অধিক অংশ গঠন করে, যা সড়ক রক্ষণাবেক্ষণের মূলধন-নির্ভর প্রকৃতিকে সুস্পষ্টভাবে প্রতিফলিত করে। এই ব্যয় বণ্টন, পরিকল্পনা ও বাজেট প্রণয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ধারণা প্রদান করে, যা স্পষ্টভাবে নির্দেশ করে কোথায় ব্যয় দক্ষতা বৃদ্ধির সম্ভাবনা রয়েছে এবং কোথায় অবকাঠামোর ধারাবাহিক রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে অপরিহার্য বিনিয়োগ অব্যাহত রাখা আবশ্যক।

highlighting both cumulative expenditures up to June 2023 and spending within the fiscal year 2023-24. The total expenditure for the period amounts to Tk. 10,504 lakh, of which the majority Tk.10,275 lakh was incurred during FY 2023-24, indicating a substantial concentration of spending in the current fiscal year compared to the relatively small cumulative expenditure of Tk. 229 lakh prior to June 2023. Basic inputs constitute the largest share of total costs, accounting for 54.54 %, underscoring their central role in road maintenance activities. Operating surplus forms the second-largest component at 16.42%, suggesting significant overheads or contractor margins associated with project implementation. Employment costs represent 12.33 % of total expenditure, reflecting the labor-intensive nature of maintenance work, while tax and VAT account for 8.60 %, demonstrating a notable fiscal contribution through government levies. Other categories, such as utility charges (4.61 %) and rental of equipment (2.52 %), represent smaller portions of the total expenditure, indicating that these inputs, while necessary, are less financially dominant in the overall cost structure. The "other cost" category makes up less than 1%, suggesting minimal expenditure on unspecified or incidental items. Overall, the expenditure pattern reveals that material-related inputs and contractual margins together comprise more than 70 % of total spending, highlighting the capital-intensive nature of road maintenance. This distribution provides useful insight for planning and budgeting, indicating where efficiencies cost may be explored and where essential investments must be maintained to support ongoing infrastructure upkeep.

**Table 13.8: Distribution of Construction Costs by Input Category for Road Maintenance and Repair in FY 2023–24**

**(Lakh Taka)**

| Inputs categories | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred | Percentage distribution of total expenditure |
|---|---|---|---|---|
| Basic inputs | 110 | 5,620 | 5,729 | 54.54 |
| Utility charge | 34 | 450 | 484 | 4.61 |
| Employment cost | 37 | 1,258 | 1,295 | 12.33 |
| Tax and VAT | 31 | 872 | 903 | 8.60 |
| Rental of equipment | 7 | 258 | 265 | 2.52 |
| Operating surplus | 5 | 1,720 | 1,725 | 16.42 |
| Other cost (not specified above) | 6 | 98 | 103 | 0.98 |
| **Total** | **229** | **10,275** | **10,504** | **100.00** |

## ১৩.৯ ইনপুটভিত্তিক মোট সড়ক নির্মাণ ব্যয়

সারণি ১৩.৯-এ ২০২৩-২৪ অর্থবছরে সড়ক নির্মাণের মোট ব্যয়ের বণ্টন উপস্থাপন করা হয়েছে এবং এতে ২০২৩ সালের জুন পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ও ২০২৩-২৪ অর্থবছরের ব্যয় উভয়ই তুলে ধরা হয়েছে। মোট ব্যয় দাঁড়িয়েছে ১,৪৬,৯৮০ লক্ষ টাকা, যার মধ্যে উল্লেখযোগ্য অংশ, ১,১৯,৬২১ লক্ষ টাকা, ২০২৩-২৪ অর্থবছরে ব্যয় করা হয়েছে। এ থেকে প্রতীয়মান হয় যে, সড়ক নির্মাণ কার্যক্রম চলতি অর্থবছরে অত্যন্ত কেন্দ্রীভূত ছিল, যেখানে জুন ২০২৩ পর্যন্ত মোট ব্যয় ছিল মাত্র ২৭,৩৫৮ লক্ষ টাকা, যা মোটের এক-পঞ্চমাংশেরও কম। মৌলিক উপকরণসমূহ ব্যয় কাঠামোয় প্রাধান্য বিস্তার করেছে, যা মোট ব্যয়ের ৬৩.৭৭ শতাংশ এবং এটি সড়ক নির্মাণ প্রকল্পের উপকরণ-নির্ভর প্রকৃতিকে সুস্পষ্টভাবে প্রতিফলিত করে। এই উচ্চ অনুপাতটি নির্দেশ করে যে অ্যাগ্রিগেটস (বালি নুড়ি পাথর, ভাঙ্গা পাথর ইত্যাদি), বিটুমেন, সিমেন্ট এবং অন্যান্য মৌলিক উপকরণের মতো অপরিহার্য নির্মাণ সামগ্রীতে উল্লেখযোগ্য পরিমাণ বিনিয়োগ করা হয়েছে। কর্মসংস্থান ব্যয় মোট ব্যয়ের ১৩.৬৬ শতাংশ, যা নির্মাণ কার্যক্রমে শ্রমের গুরুত্বপূর্ণ ভূমিকা পুনঃনিশ্চিত করে। পরিচালন উদ্বৃত্ত ১০.৮৬ শতাংশ, যা একটি প্রধান ব্যয় উপাদান এবং এটি সম্ভবত বৃহৎ পরিসরের নির্মাণ চুক্তিতে ঠিকাদারের মার্জিন, ওভারহেড এবং বড় আকারের নির্মাণ

## 13.9 Total Construction Cost by Input Category

Table 13.9 presents the distribution of total costs for road construction in FY 2023–24 and highlights both cumulative spending up to June 2023 and expenditures incurred during the fiscal year 2023-24. The total expenditure amounts to Tk.146,980 lakh, with the overwhelming majority Tk.119,621 lakh spent during FY 2023–24. This indicates that road construction activities were highly concentrated in the current fiscal year, with only Tk. 27,358 lakh, or less than one-fifth of the total, accumulated upto June 2023. Basic inputs dominate the cost structure, accounting for 63.77 % of total spending, underscoring the material-intensive nature of road construction projects. This high proportion reflects substantial investments in essential construction materials such as aggregates (sand, gravel, crushed stone etc), bitumen, cement, and other foundational inputs. Employment costs represent 13.66 % of total expenditures, reaffirming the significant role of labor in construction operations. Operating surplus, at 10.86 %, is also a major cost component and likely reflects contractor margins, overheads, and profit elements inherent in

চুক্তিতে মুনাফার উপাদানকে প্রতিফলিত করে। কর ও ভ্যাট মোট ব্যয়ের ৫.১৮ শতাংশ, যা মোট প্রকল্প ব্যয়ের তুলনায় সরকারি রাজস্বের একটি মধ্যম স্তরের অবদান নির্দেশ করে। অন্যদিকে, যন্ত্রপাতি ভাড়া মোট ব্যয়ের ৪.৫৯ শতাংশ, যা যন্ত্রপাতি ও বিশেষায়িত সরঞ্জামের গুরুত্ব প্রকাশ করে, যদিও এই ব্যয় মূল উপকরণ ও শ্রমের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম। ইউটিলিটি চার্জ (১.৬৩ শতাংশ) এবং অন্যান্য অনির্দিষ্ট ব্যয় (০.৩০ শতাংশ) একত্রে মোট ব্যয়ের অপেক্ষাকৃত ক্ষুদ্র অংশ গঠন করে, যা সহায়ক সেবায় কম নির্ভরতা বা কার্যকর ব্যয় বরাদ্দ নির্দেশ করে। সামগ্রিকভাবে, ব্যয়ের বণ্টন থেকে দেখা যায় যে, এটি সম্পদ ও উপকরণ-নির্ভর নির্মাণ পরিবেশকে প্রতিফলিত করে, যেখানে প্রধান ব্যয়গুলো মৌলিক উপকরণ ও শ্রমে কেন্দ্রীভূত, যা বৃহৎ পরিসরের সড়ক নির্মাণ প্রকল্পের প্রকৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ।

large-scale construction contracts. Tax and VAT compose 5.18 % of spending, indicating a moderate level of government levies relative to total project costs. Meanwhile, rental of equipment accounts for 4.59 %, revealing the importance of machinery and specialized equipment, though these costs remain substantially lower than those of core materials and labor. Utility charges (1.63%) and other unspecified costs (0.30%) together make up a relatively small fraction of total spending, suggesting efficient allocation or minimal reliance on auxiliary services. Overall, the distribution of costs indicates a resource- and material-intensive construction environment with key expenditures concentrated in basic inputs and labor, consistent with the nature of large-scale road.

**Table 13.9: Distribution of Total Costs by Input Category for Road Construction in FY 2023–24**

**(Lakh Taka)**

| Inputs categories | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred | Percentage distribution of total expenditure |
|---|---|---|---|---|
| Basic inputs | 17,991 | 75,745 | 93,736 | 63.77 |
| Utility charge | 645 | 1,753 | 2,398 | 1.63 |
| Employment cost | 4,905 | 15,170 | 20,075 | 13.66 |
| Tax and VAT | 510 | 7,105 | 7,615 | 5.18 |
| Rental of equipment | 2,308 | 4,440 | 6,748 | 4.59 |
| Operating surplus | 928 | 15,040 | 15,968 | 10.86 |
| Other cost (not specified above) | 72 | 369 | 441 | 0.30 |
| **Total** | 27,358 | 119,621 | 146,980 | 100.00 |

## ১৩.১০ ২০২৩–২৪ অর্থবছরের স্থুল উৎপাদন, মধ্যবর্তী ভোগ এবং মূল্য সংযোজন

সারণি ১৩.১০-এ ২০২৩-২৪ অর্থবছরে স্থুল উৎপাদন (GO), মধ্যবর্তী ভোগ (IC) এবং স্থুল মূল্য সংযোজন (GVA)-এর একটি বিস্তৃত চিত্র উপস্থাপিত হয়েছে, যা তিনটি প্রধান খাতে বিভক্ত: নতুন সড়ক নির্মাণ, সড়ক প্রশস্তকরণ এবং সড়ক রক্ষণাবেক্ষণ ও মেরামত। উক্ত অর্থবছরে মোট স্থুল উৎপাদন ১,১৯,৬২১ লক্ষ টাকা, যার মধ্যে অধিকাংশ নতুন সড়ক নির্মাণ থেকে এসেছে। নতুন সড়ক নির্মাণের ব্যয় ৮৪,৭০১ লক্ষ

## 13.10 Gross Output, Intermediate Consumption and Value Added in FY 2023–24

Table 13.10 provides a comprehensive overview of gross output (GO), intermediate consumption (IC), and gross value added (GVA) in FY 2023–24, disaggregated into three major categories: new road construction, road widening, and road maintenance and repair. The total gross output for the year amounts to Tk. 119,621 lakh, with the majority

টাকা, যা মোট উৎপাদনের ৭০ শতাংশেরও বেশি এবং এটি জাতীয় সড়ক নেটওয়ার্ক সম্প্রসারণে ধারাবাহিক গুরুত্বারোপকে নির্দেশ করে। সড়ক প্রশস্তকরণে অবদান ২৪,৬৪৫ লক্ষ টাকা এবং রক্ষণাবেক্ষণ ও মেরামত কার্যক্রমে অবদান ১০,২৭৫ লক্ষ টাকা, যা একত্রে শুধুমাত্র নতুন নির্মাণের মোট উৎপাদনের প্রায় এক-তৃতীয়াংশের সমান। মধ্যবর্তী ভোগের ক্ষেত্রেও একই ধারা লক্ষ্য করা যায়, যেখানে নতুন সড়ক নির্মাণে ইনপুট হিসেবে প্রয়োজন হয়েছে ৫৯,১৭৭ লক্ষ টাকা, যা এর উপকরণ ও যন্ত্রপাতি-নির্ভর প্রকৃতিকে প্রতিফলিত করে। সড়ক প্রশস্তকরণে মধ্যবর্তী ইনপুট ব্যবহৃত হয়েছে ১৬,৭০৪ লক্ষ টাকা এবং রক্ষণাবেক্ষণ ও মেরামতে ব্যবহৃত হয়েছে ৬,৪২৫ লক্ষ টাকা । IC-এর এই ভিন্নমাত্রা প্রকল্পের আকার, ইনপুট চাহিদা এবং সড়কের কাজের প্রযুক্তিগত চাহিদার পার্থক্যকে প্রতিফলিত করে। স্থূল মূল্য সংযোজন, যা অর্থনীতিতে খাতটির নিট অবদান পরিমাপ করে, নতুন সড়ক নির্মাণে সর্বাধিক ২৫,৫২৩ লক্ষ টাকা। এর পরবর্তী অবস্থানে রয়েছে সড়ক প্রশস্তকরণে ৭,৯৪১ লক্ষ টাকা এবং রক্ষণাবেক্ষণ ও মেরামতে ৩,৮৫০ লক্ষ টাকা। ব্যয়ের এই বণ্টনটি স্থূল উৎপাদন (GO)-এ প্রতিফলিত ধরনকে প্রতিফলিত করে, যদিও স্থূল উৎপাদনের তুলনায় মূল্য সংযোজনের অংশীদারত্ব খাত ভেদে ভিন্নতা প্রদর্শন করে। উদাহরণস্বরূপ, রক্ষণাবেক্ষণ ও মেরামতে GVA-এর অংশ সর্বাধিক, যা নতুন সড়ক নির্মাণের তুলনায় অধিক শ্রমনির্ভর এবং কম উপকরণ-নির্ভর কাঠামোকে নির্দেশ করে। সামগ্রিকভাবে, সারণিটি থেকে প্রতীয়মান হয় যে স্থূল উৎপাদন, ইনপুট ব্যবহার এবং মূল্য সংযোজনের ক্ষেত্রে নতুন সড়ক নির্মাণই প্রধান কার্যক্রম হিসেবে বিদ্যমান। সড়ক প্রশস্তকরণ একটি গুরুত্বপূর্ণ সহায়ক কার্যক্রম হিসেবে প্রতীয়মান হয়, অন্যদিকে রক্ষণাবেক্ষণ ও মেরামত কার্যক্রম তুলনামূলকভাবে ক্ষুদ্র পরিসরে পরিচালিত হলেও, ইনপুট ব্যবহারের তুলনায় মূল্য সংযোজনে উচ্চ দক্ষতা প্রদর্শন করে। সম্মিলিতভাবে এই তিনটি খাতে মোট ৩৭,৩১৫ লক্ষ টাকা স্থূল মূল্য সংযোজন সৃষ্টি হয়েছে, যা ২০২৩-২৪ অর্থবছরে সড়ক

generated by new road construction. New roads account for Tk. 84,701 lakh—over 70% of total output—indicating the continued emphasis on expanding the national road network. Road widening contributes Tk. 24,645 lakh, while maintenance and repair activities account for Tk. 10,275 lakh, together representing roughly one-third of the output generated by new construction alone. Intermediate consumption follows a similar pattern, with new road construction requiring Tk. 59,177 lakh in inputs, reflecting its highly material- and equipment-intensive nature. Road widening absorbs Tk. 16,704 lakh in intermediate inputs, and maintenance and repair activities utilize Tk. 6,425 lakh. The varying levels of IC reflect differences in project scale, input demand, and technical requirements across types of road work. Gross value added a measure of the sector's net contribution to the economy is highest in new road construction at Tk. 25,523 lakh, followed by Tk. 7,941 lakh in road widening and Tk. 3,850 lakh in maintenance and repair. This distribution mirrors the pattern observed in GO, though the share of value added relative to gross output varies by category. For example, the GVA share is highest for maintenance and repair, indicating a more labor-driven and less material-intensive structure compared to new road construction. Overall, the table indicates that new road construction remains the dominant activity in terms of output, input consumption, and value added within the road sector. Road widening represents a significant secondary activity, while maintenance and repair, though smaller in scale, demonstrate strong efficiency in value generation relative to input use. Combined, the three categories generate a total gross value added of Tk. 37,315 lakh, highlighting

অবকাঠামো কার্যক্রমের উল্লেখযোগ্য অর্থনৈতিক অবদানকে সুস্পষ্টভাবে তুলে ধরে।

the substantial economic contribution of road infrastructure activities in FY 2023–24.

**Table 13.10: Gross Output, Intermediate Consumption and Value Added in FY 2023–24**

(Lakh Taka)

| Types of road | GO | IC | GVA |
|---|---|---|---|
| New Road | 84,701 | 59,177 | 25,523 |
| Road Widening | 24,645 | 16,704 | 7,941 |
| Road Maintenance and Repair | 10,275 | 6,425 | 3,850 |
| **Total** | **119,621** | **82,307** | **37,315** |

**Chart 13.2: Gross Output, Intermediate Consumption and Value Added in FY 2023–24 (Lakh Taka)**




## ১৩.১১ মূল্য সংযোজনের উপাদানসমূহ

সারণি ১৩.১১ এ তিন ধরনের সড়ক প্রকল্পের (নতুন সড়ক, সড়ক প্রশস্তকরণ এবং সড়ক রক্ষণাবেক্ষণ ও মেরামত) জন্য মূল্য সংযোজনের উপাদানসমূহ উপস্থাপন করেছে। সব প্রকল্প মিলিয়ে মোট মূল্য সংযোজনের পরিমাণ ৩৭,৩২৭ লাখ টাকা, যার মধ্যে নতুন সড়ক নির্মাণ প্রকল্পের অংশ সবচেয়ে বেশি, যার অবদান ২৫,৫২৩ লাখ টাকা। এরপর রয়েছে সড়ক প্রশস্তকরণ ৭,৯৫৪ লাখ টাকা এবং সড়ক রক্ষণাবেক্ষণ ও মেরামত প্রকল্পের অবদান ৩,৮৫০ লাখ টাকা। এই মূল্য সংযোজনকে তিনটি উপাদানে ভাগ করা হয়েছে: কর্মচারীদের মজুরি, ঠিকাদারের মার্জিন (পরিচালন উদ্বৃত্ত), এবং কর ও ভ্যাট। কর্মচারীদের মজুরির পরিমাণ ১৫,১৭০ লাখ টাকা, যা মোট মূল্য সংযোজনের প্রায় ৪১%। এর মধ্যে নতুন সড়ক নির্মাণ প্রকল্পেই সবচেয়ে বেশি অংশ রয়েছে

## 13.11 Component of Value Added

Table 13.11 presents the components of value added for three categories of road projects New Road, Road Widening, and Road Maintenance and Repair. The total value added across all projects is Tk. 37,327 lakh, with new road projects contributing the largest share at Tk. 25,523 lakh , followed by road widening at Tk. 7,954 lakh and road maintenance and repair at Tk.3,850 lakh .The value added is broken down into three components: compensation of employees, contractor's margin (operating surplus), and tax and VAT. Compensation of employees amounts to Tk. 15,170 lakh, representing about 41% of total value added, with New Road projects

(১০,৪৬৬ লাখ টাকা)। ঠিকাদারের মার্জিন, যা পরিচালন উদ্বৃত্তকে প্রতিফলিত করে, মোট ১৫,০৫২ লাখ টাকা, যা শ্রমিক মজুরির প্রায় সমান। এটি এই প্রকল্পগুলোর উল্লেখযোগ্য লাভজনক অবস্থাকে তুলে ধরে, বিশেষ করে নতুন সড়ক নির্মাণ প্রকল্পের (৯,৯৪৫ লাখ টাকা) ক্ষেত্রে। কর ও ভ্যাটের অবদান ৭,১০৫ লাখ টাকা, যা রাজস্বগত প্রভাবকে নির্দেশ করে। এর মধ্যে নতুন সড়ক প্রকল্পই আবার সবচেয়ে বড় অংশ দিয়েছে (৫,১১৩ লাখ টাকা)। সার্বিকভাবে, সারণিটি থেকে দেখা যে নতুন সড়ক প্রকল্প মূল্য সংযোজনের সব উপাদানেই আধিপত্য বিস্তার করেছে। এটি দেখায় যে, সড়ক প্রশস্তকরণ ও রক্ষণাবেক্ষণ প্রকল্পের তুলনায় সড়ক নির্মাণ প্রকল্পে শ্রমের প্রয়োজন বেশি, ঠিকাদারের মুনাফা বেশি এবং কর ও ভ্যাটের অবদানও বেশি। সড়ক প্রশস্তকরণ প্রকল্পগুলো নিয়মিত রক্ষণাবেক্ষণ ও মেরামত প্রকল্পের তুলনায় মূল্য সংযোজনে বেশি অবদান রাখে, তবে উভয়ই নতুন সড়ক প্রকল্পের তুলনায় আকারে অনেক ছোট।

accounting for the majority (Tk.10, 466 lakh). Contractor's margin, which reflects the operating surplus, totals Tk. 15,052 lakh, nearly equal to labor compensation, highlighting the significant profitability in these projects, especially in new road construction (Tk. 9,945 lakh). Taxes and VAT contribute Tk.7, 105 lakh, showing the fiscal impact, with new road projects again representing the largest portion (Tk.5, 113 lakh). Overall, the table indicates that new road projects dominate all components of value added, demonstrating higher labor requirements, greater contractor profits, and larger tax contributions compared to road widening and maintenance projects. Road widening projects contribute more to value added than routine maintenance and repair, but both are considerably smaller in scale than new road projects.

**Table 13.11: Component of Value Added**

**(Lakh Tk.)**

| Components of value added | New Road | Road Widening | Road Maintenance and Repair | Total |
|---|---|---|---|---|
| Compensation of employees | 10,466 | 3,446 | 1,258 | 15,170 |
| Contractor's margin (operating surplus) | 9,945 | 3375 | 1,720 | 15,040 |
| Tax and VAT | 5,113 | 1,120 | 872 | 7,105 |
| **Total** | **25,523** | **7,941** | **3,850** | **37,315** |

## ১৩.১২ সড়কের প্রধান ইনপুটভিত্তিক ব্যয় বণ্টন

সারণি ১৩.১২-এ তিন ধরনের সড়ক প্রকল্প নতুন সড়ক নির্মাণ, সড়ক প্রশস্তকরণ এবং সড়ক রক্ষণাবেক্ষণ ও মেরামত এর প্রধান ইনপুট ভিত্তিক ব্যয়ের বণ্টন এবং মোট ব্যয়ের শতকরা হার উপস্থাপন করা হয়েছে। সব ধরনের সড়ক প্রকল্পের মোট ব্যয় দাঁড়িয়েছে ১,৪৬,৯৮০ লক্ষ টাকা, যার মধ্যে সর্বাধিক ব্যয় নতুন সড়ক প্রকল্পে (১,১০,৬০৫ লক্ষ টাকা), এরপর সড়ক প্রশস্তকরণে (২৫,৮৭১ লক্ষ টাকা) এবং সড়ক রক্ষণাবেক্ষণ ও মেরামতে (১০,৫০৪ লক্ষ টাকা)।

## 13.12 Cost Distribution by Major Inputs for Roads

Table 13.12 presents the distribution of costs by major input categories for three types of road projects—new road, road widening, and road maintenance and repair and as a percentage of total costs. The overall expenditure on all road projects totals Tk. 146,980 lakh, with new road projects accounting for the largest share at Tk.110, 605 lakh, followed by road widening (Tk. 25,871 lakh) and

সারণি ১৪.১০-এ আর্চ কালভার্ট নির্মাণের ব্যয় বণ্টন উপস্থাপিত হয়েছে, যেখানে মোট ব্যয় দাঁড়িয়েছে ২৯৮ লক্ষ টাকা। এর মধ্যে জুন ২০২৩ পর্যন্ত ব্যয় হয়েছে ৭৯ লক্ষ টাকা এবং ২০২৩-২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ২১৯ লক্ষ টাকা। সারণিটি স্পষ্টভাবে দেখায় যে প্রকল্পের অধিকাংশ কার্যক্রম এবং সেই সঙ্গে অধিকাংশ ব্যয় প্রতিবেদনকৃত অর্থবছরে কেন্দ্রীভূত ছিল। মজুরি ও বেতন বৃহত্তম ব্যয় খাত (৮৫ লক্ষ টাকা), যা কালভার্ট নির্মাণের শ্রমনির্ভর প্রকৃতিকে নির্দেশ করে। এর পরেই রয়েছে কাঠামোগত উপকরণ (৬১ লক্ষ টাকা) এবং রিইনফোর্সমেন্ট ও ফাস্টেনার (৩৮ লক্ষ টাকা), যা প্রধান ভারবাহী উপাদান ও কাঠামোগত দৃঢ়করণে উল্লেখযোগ্য সম্পদ বরাদ্দকে প্রতিফলিত করে। সারণিতে আরও দেখা যায় যে ভিত্তি ও উপ-গঠন উপকরণে ব্যয় হয়েছে ১৩ লক্ষ টাকা এবং ডেকিং ও পেভিং উপকরণে ব্যয় হয়েছে ৫ লক্ষ টাকা, যা ভিত্তি নির্মাণ ও পৃষ্ঠতল সমাপ্তি কার্যক্রম অর্থবছরের মধ্যে সম্পন্ন হয়েছে নির্দেশ করে । স্বল্প হলেও প্রয়োজনীয় ইনপুটের মধ্যে রয়েছে অস্থায়ী নির্মাণ উপকরণ (৪ লক্ষ টাকা), পরিবেশ ও ভূ-প্রযুক্তি উপকরণ (৮ লক্ষ টাকা) এবং ইউটিলিটি চার্জ (৮ লক্ষ টাকা), যা নির্মাণ কাজের ধারাবাহিকতা ধরে রাখা ও পরিবেশগত অনুবর্তিতা নিশ্চিত করতে অপরিহার্য। সারণিতে আরও উল্লেখ করা হয়েছে, কর ও ভ্যাট বাবদ ব্যয় ১৬ লক্ষ টাকা এবং যন্ত্রপাতি ভাড়া বাবদ ব্যয় ২৭ লক্ষ টাকা, যা নিজস্ব মূলধন যন্ত্রপাতির পরিবর্তে ভাড়াকৃত যন্ত্রপাতির উপর নির্ভরশীলতাকে প্রতিফলিত করে। এছাড়া ৩২ লক্ষ টাকার একটি পরিচালন উদ্বৃত্ত রয়েছে, যা প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে আর্থিক দক্ষতাকে নির্দেশ করে। অন্যদিকে অন্যান্য ব্যয় ছিল ন্যূনতম, মাত্র ১ লক্ষ টাকা। সামগ্রিকভাবে, সারণি ১৪.১০ আর্চ কালভার্ট নির্মাণের

## 14.10 Cost distributions by Input Type for Arch Culvert Construction

The cost distribution for the arch-culvert construction, as presented in Table 14.10, shows a total expenditure of Tk. 298 lakh, combining Tk. 79 lakh spent up to June 2023 and an additional Tk. 219 lakh incurred during FY 2023–24. The table clearly illustrates that the majority of project activities—and consequently the majority of costs—were concentrated in the reporting year. The largest expenditure category is wages and salaries (Tk. 85 lakh), indicating the labour-intensive nature of culvert construction. This is closely followed by structural materials (Tk. 61 lakh) and reinforcement and fasteners (Tk. 38 lakh), reflecting significant resource allocation to primary load-bearing components and structural strengthening. The table also shows that expenditure on foundation and substructure materials reached Tk. 13 lakh, while decking and paving materials amounted to Tk. 5 lakh, suggesting that foundational work and surface finishing were completed within the fiscal year. Smaller but necessary inputs such as temporary construction materials (Tk. 4 lakh), environmental and geotechnical materials (Tk. 8 lakh), and utility charges (Tk. 8 lakh) highlight the supporting activities required to maintain construction continuity and environmental compliance. The table further indicates tax and VAT obligations of Tk. 16 lakh and equipment rental costs of Tk. 27 lakh, demonstrating reliance on hired equipment rather than capital-owned machinery. An operating surplus of Tk. 32 lakh is also recorded, showing financial

প্রযুক্তিগত ও কার্যগত চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ একটি সুসংগঠিত ব্যয় বণ্টনকে প্রতিফলিত করে। ২০২৩-২৪ অর্থবছরে ব্যয়ের কেন্দ্রীকরণ নির্দেশ করে যে এই সময়টিই ছিল প্রকল্প বাস্তবায়নের সক্রিয় ধাপ, যখন প্রধান কাঠামোগত, ভিত্তি নির্মাণ এবং শ্রমনির্ভর কাজগুলো সম্পন্ন করা হয়েছে। ফলে, একই অর্থবছরের মধ্যে কালভার্ট নির্মাণ কাজ সফলভাবে সমাপ্ত হয়েছে।

efficiency throughout implementation, while other expenditures remain minimal at Tk. 1 lakh. Overall, Table 14.10 reflects a well-structured distribution of costs aligned with the technical and operational demands of arch-culvert construction. The concentration of expenditures in FY 2023–24 signifies an active implementation phase, during which the major structural, foundation, and labour components of the project were executed, ultimately leading to the completion of the culvert within the fiscal year.

**Table 14.10: Cost Distribution by Input Type for Arch Culvert Construction Completed in FY 2023–24**

(Lakh Tk.)

| Inputs categories | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| 1.Structural Materials (Primary Load-Bearing Components) | 22 | 39 | 61 |
| 2. Reinforcement and fasteners | 4 | 35 | 38 |
| 3. Decking and Paving materials | - | 5 | 5 |
| 4. Foundation and Substructure Materials | - | 13 | 13 |
| 5. Temporary Construction Materials | 0 | 3 | 4 |
| 6. Environmental and Geotechnical Materials | 1 | 7 | 8 |
| 7. Utility charge | 2 | 6 | 8 |
| 8. Wages and salaries | 28 | 57 | 85 |
| 9. Tax and VAT | 11 | 5 | 16 |
| 10. Equipment Rental | 9 | 18 | 27 |
| 11. Operating surplus | 3 | 29 | 32 |
| 12. Other expenditure (not specified elsewhere) | - | 1 | 1 |
| **Total** | 79 | 219 | 298 |

### ১৪.১১ অন্যান্য সেতু নির্মাণে ইনপুটের প্রকারভেদে ব্যয় বণ্টন

সারণি ১৪.১১-এ ২০২৩-২৪ অর্থবছরে সম্পন্ন হওয়া অন্যান্য সেতু নির্মাণের প্রকল্পের ব্যয় বণ্টন বিস্তারিতভাবে উপস্থাপিত হয়েছে, যেখানে মোট ব্যয় দাঁড়িয়েছে ১,৮১০ লক্ষ টাকা। এর মধ্যে জুন ২০২৩ পর্যন্ত ৭৩৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে এবং অতিরিক্ত ১,০৭৫ লক্ষ টাকা ২০২৩–২৪ অর্থবছরে ব্যয়

### 14.11 Cost distributions by Input Type for other bridge construction

Table 14.11 provides a detailed breakdown of expenditures for the construction of other bridges completed during FY 2023–24, showing a total cost of Tk. 1,810 lakh. Of this amount, Tk. 736 lakh had been spent up to June 2023, while an additional Tk. 1,075 lakh was incurred during FY

হয়েছে। সারণিটি নির্দেশ করে যে নির্মাণ কাজের অধিকাংশ কার্যক্রম এবং সেইসঙ্গে সংশ্লিষ্ট ব্যয় প্রতিবেদনকালীন বছরেই সংঘটিত হয়েছে, যা প্রকল্প বাস্তবায়নের সবচেয়ে সক্রিয় ও নিবিড় পর্যায়কে নির্দেশ করে। অপারেটিং সারপ্লাস সবচেয়ে বড় ব্যয় খাত, মোট ব্যয় ৩২৪ লক্ষ টাকা। তুলনামূলকভাবে এই উচ্চ পরিমাণ সম্ভাব্য অনিশ্চিত ব্যয়, মুনাফার মার্জিন বা প্রকল্প-স্তরের প্রশাসনিক বরাদ্দের ইঙ্গিত প্রদান করে। কাঠামোগত উপকরণে উল্লেখযোগ্য ব্যয় হয়েছে, মোট ৫৯৪ লক্ষ টাকা, যা সেতু নির্মাণে প্রধান ভারবাহী উপাদানের গুরুত্বপূর্ণ ভূমিকা প্রতিফলিত করে। একইভাবে, ভিত্তি ও উপ-গঠন উপকরণ বাবদ ব্যয় হয়েছে ২২৭ লক্ষ টাকা, যা সেতু প্রকল্পে সাধারণত প্রয়োজনীয় বিস্তৃত ভিত্তি নির্মাণ ও উপ-গঠন কাজের প্রয়োজনীয়তাকে নির্দেশ করে। মজুরি ও বেতনে একটি লক্ষ্যণীয় বৃদ্ধি দেখা গেছে, যা ১৭ লক্ষ টাকা থেকে বৃদ্ধি পেয়ে মোট ২৬০ লক্ষ টাকায় দাঁড়িয়েছে। এটি নির্মাণ কাজের শ্রমনির্ভর প্রকৃতি এবং ২০২৩–২৪ অর্থবছরে সম্ভাব্য সর্বোচ্চ কর্মী সম্পৃক্ততাকে প্রতিফলিত করে। রিইনফোর্সমেন্ট ও ফাস্টেনার বাবদ ব্যয় হয়েছে ৮৮ লক্ষ টাকা এবং কর ও ভ্যাট বাবদ ব্যয় হয়েছে ১৩৯ লক্ষ টাকা, যা যথাক্রমে কাঠামোগত শক্তিবৃদ্ধি ও আইনগত আর্থিক দায়বদ্ধতাকে প্রতিফলিত করে। যন্ত্রপাতি ভাড়া বাবদ ১৪১ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা সম্পূর্ণ পূর্ববর্তী ব্যয়ে অন্তর্ভুক্ত করা হয়েছে। এটি নির্দেশ করে যে, মূলত নির্মাণের প্রাথমিক পর্যায়ে ভারী যন্ত্রপাতি ব্যবহৃত হয়েছে এবং প্রকল্পের পরবর্তী ধাপে এ ধরনের যন্ত্রপাতির প্রয়োজনীয়তা কম ছিল। ক্ষুদ্র ব্যয়ের খাতগুলোর মধ্যে রয়েছে ডেকিং ও পেভিং উপকরণ, অস্থায়ী নির্মাণ উপকরণ এবং ইউটিলিটি চার্জ, যা স্বল্প পরিসরের হলেও নির্মাণ কাজের গুরুত্বপূর্ণ সহায়ক কার্যক্রমকে গতিশীল করেছে। উল্লেখযোগ্যভাবে, পরিবেশ ও ভূ-প্রযুক্তিগত উপকরণের কোনো ব্যয় রেকর্ড করা হয়নি, যা নির্দেশ করে যে এ ধরনের উপাদানের প্রয়োজন হয়নি বা অন্য খাতে অন্তর্ভুক্ত করা হয়েছে। সামগ্রিকভাবে, ২০২৩–২৪ অর্থবছরে ব্যয়ের ঘনত্ব নির্দেশ করে যে এই সময়টি ছিল প্রকল্পের সক্রিয় নির্মাণ

2023–24. The table indicates that the bulk of construction activities—and corresponding expenditures—occurred in the reporting year, marking it as the most intensive phase of project implementation. The largest cost category is operating surplus, which totals Tk. 324 lakh. This comparatively high figure suggests provision for contingency, profit margins, or project-level administrative allocation. Substantial spending is also observed in structural materials, amounting to Tk. 594 lakh, reflecting the critical role of primary load-bearing components in bridge construction. Similarly, foundation and substructure materials constitute a major portion of the cost (Tk. 227 lakh), indicating extensive groundwork and substructure requirements typical of bridge projects. A notable increase is recorded in wages and salaries, rising sharply from Tk. 17 lakh to a total of Tk. 260 lakh, highlighting the labour-intensive nature and possible peak workforce engagement during FY 2023–24. Reinforcement and fasteners (Tk. 88 lakh) and tax and VAT (Tk. 139 lakh) also represent significant cost components reflecting structural strengthening and mandatory fiscal obligations, respectively. Equipment rental, recorded at Tk. 141 lakh, appears entirely in earlier expenditures, suggesting that heavy machinery was primarily used in initial construction stages, with reduced need for such equipment in the later phases of the project. Minor cost components include decking and paving materials, temporary construction materials, and utility charges, together supporting essential but smaller-scale operations. Notably, environmental and geotechnical materials show no recorded expenditure, which may indicate that such components were not required or were covered under other categories. The concentration of

পর্যায়। এর ফলে, উক্ত অর্থবছরের মধ্যেই সেতু নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

expenditures in FY 2023–24 indicates the project's active construction stage during the year, ultimately resulting in the completion of the bridge within the fiscal period.

**Table 14.11: Cost Distribution by Input Type for Other Bridge Construction Completed in FY 2023–24**

(Lakh Tk.)

| Inputs categories | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| 1.Structural Materials (Primary Load-Bearing Components) | 201 | 392 | 594 |
| 2. Reinforcement and fasteners | 34 | 55 | 88 |
| 3. Decking and Paving materials | - | 4 | 4 |
| 4. Foundation and Substructure Materials | 110 | 118 | 227 |
| 5. Temporary Construction Materials | - | 4 | 4 |
| 6. Environmental and Geotechnical Materials | - | - | - |
| 7. Utility charge | 7 | 11 | 18 |
| 8. Wages and salaries | 17 | 243 | 260 |
| 9. Tax and VAT | 69 | 70 | 139 |
| 10. Equipment Rental | 141 | - | 141 |
| 11. Operating surplus | 148 | 176 | 324 |
| 12. Other expenditure (not specified elsewhere) | 10 | 1 | 10 |
| **Total** | 736 | 1,075 | 1,810 |

### ১৪.১২ সকল সেতু ও কালভার্ট নির্মাণে ইনপুটের প্রকারভেদে ব্যয় বণ্টন

সারণি ১৪.১২-এ ২০২৩–২৪ অর্থবছরে ব্যয়ের সুস্পষ্ট বৃদ্ধি প্রদর্শিত হয়েছে, যেখানে জুন ২০২৩ পর্যন্ত মোট ব্যয় ২৯,৬৩২ লক্ষ টাকা, যা ২০২৩-২৪ অর্থবছরে অতিরিক্ত ১,১৭,১১১ লাখ টাকা ব্যয়ের পর মোট ব্যয় দাড়িয়েছে ১,৪৬,৭৪৩ লাখ টাকায় পৌঁছেছে। সারণিটি নির্দেশ করে যে সর্বাধিক ব্যয় খাত হলো কাঠামোগত উপকরণ (প্রধান ভারবাহী উপাদান), যার মোট ব্যয় ৩৯,২৪৪ লক্ষ টাকা। এর মধ্যে ২০২৩-২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ২৮,৭৭২ লক্ষ টাকা। একইভাবে, রিইনফোর্সমেন্ট ও ফাস্টেনার এবং ভিত্তি ও উপ-গঠন উপকরণও মোট ব্যয়ে উল্লেখযোগ্য অবদান রেখেছে, যার পরিমাণ যথাক্রমে ১৭,৩১০ লক্ষ টাকা এবং ২৪,০৫৫ লক্ষ টাকা, যা উপকরণনির্ভর নির্মাণ কার্যক্রমের উপর অধিক গুরুত্বকে প্রতিফলিত করে। সারণিতে প্রকল্পে মানবসম্পদের গুরুত্বপূর্ণ ভূমিকা প্রতিফলিত হয়েছে,

### 14.12 Cost distributions by input type for all bridge and culvert construction

Table 14.12 shows a clear escalation of expenditures in FY 2023–24, with spending increasing from a cumulative Tk. 29,632 lakh up to June 2023 to a total of Tk. 146,743 lakh after an additional Tk. 117,111 lakh was spent during the fiscal year. The table indicates that the largest expenditure category is structural materials (primary load-bearing components), which totals Tk. 39,244 lakh, driven by a substantial FY 2023–24 allocation of Tk. 28,772 lakh. Similarly, reinforcement and fasteners and foundation and substructure materials also show major contributions to the overall cost structure, reaching Tk. 17,310 lakh and Tk. 24,055 lakh respectively,

যেখানে মজুরি ও বেতন বাবদ ব্যয় দাঁড়িয়েছে ৩৩,৯০২ লক্ষ টাকা, যা অন্যতম প্রধান ব্যয় উপাদান এবং এর মধ্যে ২০২৩–২৪ অর্থবছরে ব্যয় হয়েছে ২৮,২৪৯ লক্ষ টাকা। পরিচালন ব্যয়ের খাতগুলোর মধ্যে রয়েছে অপারেটিং সারপ্লাস (১৫,৫৬২ লক্ষ টাকা), যন্ত্রপাতি ভাড়া (৬,১০৫ লক্ষ টাকা) এবং কর ও ভ্যাট (৫,০০৩ লক্ষ টাকা)। এ ব্যয় খাতগুলো উল্লেখযোগ্য আর্থিক প্রতিশ্রুতি প্রদর্শন করে। এসব ব্যয় প্রদিবেদনকালীন সময়ে মাঠপর্যায়ের কার্যক্রমের বৃদ্ধি এবং প্রশাসনিক প্রয়োজনীয়তার তীব্রতাকে নির্দেশ করে। স্বল্প হলেও অপরিহার্য ব্যয়ের খাতগুলোর মধ্যে রয়েছে অস্থায়ী নির্মাণ উপকরণ, পরিবেশ ও ভূ-প্রযুক্তি উপকরণ, ইউটিলিটি চার্জ এবং অন্যান্য ব্যয়, যেগুলোতে মাঝারি পরিমাণের বৃদ্ধি লক্ষ্য করা যায়। এটি সেতু ও কালভার্ট নির্মাণে সাধারণ সহায়ক কার্যক্রমের নিয়মিত চাহিদাকে প্রতিফলিত করে। সার্বিকভাবে, সারণি ১৪.১২ আর্থিক বছর ২০২৩-২৪ কে ত্বরান্বিত নির্মাণ অগ্রগতির একটি সময়কাল হিসেবে চিত্রিত করে, যেখানে প্রায় সব ধরনের ইনপুট খাতে উল্লেখযোগ্য বৃদ্ধি লক্ষ্য করা যায়। ব্যয়ের বণ্টন সেতু ও কালভার্ট নির্মাণের উপকরণনির্ভর ও শ্রমনির্ভর প্রকৃতিকে তুলে ধরে, পাশাপাশি প্রকল্পগুলো সম্পন্ন করতে প্রয়োজনীয় পরিচালন ও সহায়ক ইনপুটের প্রয়োজনীয়তাও স্পষ্টভাবে তুলে ধরে।

underscoring the heavy emphasis on material-dependent construction activities. The table also highlights the significant role of human resources in the project, with wages and salaries amounting to Tk. 33,902 lakh—one of the highest cost elements—supported by a large FY 2023–24 expenditure of Tk. 28,249 lakh. Operational expenditure categories such as operating Surplus (Tk. 15,562 lakh), equipment Rental (Tk. 6,105 lakh), and Tax and VAT (Tk. 5,003 lakh) also demonstrate sizeable financial commitments, indicating increased intensity of field operations and administrative requirements during the reporting period. Smaller but essential categories—including temporary construction materials, environmental and geotechnical materials, utility charges, and other expenditure—show moderate increases, reflecting routine support needs in bridge and culvert construction. Overall, Table 14.12 depicts the 2023-24 fiscal year as a period of accelerated construction progress, with significant increases observed across nearly all categories of inputs. The distribution of costs underscores the material-intensive and labor-dependent nature of bridge and culvert works, while also evidencing the wide range of operational inputs required to complete the projects during FY 2023–24.

**Table 14.12: Cost Distribution by Input Type for Total Bridge and Culvert Completed in FY 2023–24**

(Lakh Tk.)

| Inputs categories | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| 1.Structural Materials (Primary Load-Bearing Components) | 10,473 | 28,772 | 39,244 |
| 2. Reinforcement and fasteners | 3,201 | 14,109 | 17,310 |
| 3. Decking and Paving materials | 355 | 951 | 1,306 |
| 4. Foundation and Substructure Materials | 5,188 | 18,866 | 24,055 |

| Inputs categories | Cumulative expenditure up to June 2023 | Expenditure in 2023-24 | Total expenditure incurred |
|---|---|---|---|
| 5. Temporary Construction Materials | 374 | 799 | 1,173 |
| 6. Environmental and Geotechnical Materials | 340 | 1,239 | 1,579 |
| 7. Utility charge | 330 | 911 | 1,241 |
| 8. Wages and salaries | 5,654 | 28,249 | 33,902 |
| 9. Tax and VAT | 943 | 4,061 | 5,003 |
| 10. Equipment Rental | 1,639 | 4,467 | 6,105 |
| 11. Operating surplus | 1,040 | 14,522 | 15,562 |
| 12. Other expenditure (not specified elsewhere) | 96 | 165 | 262 |
| **Total** | 29,632 | 117,111 | 146,743 |

### ১৪.১৩ স্থূল উৎপাদন, মধ্যবর্তী ভোগ এবং স্থূল মূল্য সংযোজন

সারণি ১৪.১৩-এ ২০২৩–২৪ অর্থবছরে সম্পন্নকৃত বিভিন্ন শ্রেণির সেতু ও সংশ্লিষ্ট কাঠামোর স্থূল উৎপাদন, মধ্যবর্তী ভোগ এবং স্থূল মূল্য সংযোজনের (GVA) বিস্তারিত পর্যালোচনা উপস্থাপিত হয়েছে। মহাসড়ক সেতু এ খাতে প্রধান অবদান রেখেছে, যা সব সূচকে সর্বাধিক অবদান রেখেছে। মোট স্থূল উৎপাদন ৭১,৯৭৩ লক্ষ টাকা এবং জিভিএ ২৮৬৪০ লক্ষ টাকা। এটি জাতীয় পরিবহন অবকাঠামোতে তাদের কেন্দ্রীয় ভূমিকা এবং নির্মাণে উল্লেখযোগ্য সম্পদের প্রয়োজনীয়তাকে প্রতিফলিত করে। পথচারী সেতু দ্বিতীয় বৃহত্তম শ্রেণি, যার স্থূল উৎপাদন ৩৬,৮২৬ লক্ষ টাকা এবং স্থূল মূল্য সংযোজন ১৪,০৮৯ লক্ষ টাকা। এটি উৎপাদনের তুলনায় মাঝারি মাত্রার ইনপুট ব্যয়কে নির্দেশ করে। ক্ষুদ্র আকারের কাঠামো যেমন বক্স কালভার্ট ও আর্চ কালভার্ট তুলনামূলকভাবে কম অবদান রাখলেও মূল্য সংযোজনের দিক থেকে উল্লেখযোগ্য। বিশেষত বক্স কালভার্টের ক্ষেত্রে অনুপাতগতভাবে উচ্চ মূল্য সংযোজন দেখা যায়, যেখানে ৬৫১৭ লক্ষ টাকার স্থূল উৎপাদন থেকে ৩১৩৪ লক্ষ টাকার জিভিএ সৃষ্টি হয়েছে। রেলওয়ে সেতুর কৌশলগত গুরুত্ব থাকা সত্ত্বেও এর অংশ তুলনামূলকভাবে ছোট, এর স্থূল উৎপাদন ৫০১ লক্ষ টাকা এবং স্থূল মূল্য সংযোজন ৩৮৮ লক্ষ টাকা, যা উক্ত অর্থবছরে স্বল্প নির্মাণ কার্যক্রমকে নির্দেশ করে।

### 14.13 Gross Output, Intermediate Consumption, and Gross Value Added

The data in Table 14.13 provides a detailed overview of gross output, intermediate consumption, and gross value added (GVA) for various categories of bridges and related structures completed in FY 2023–24. Highway bridges dominate the sector, contributing the largest share across all indicators, with a gross output of Tk.71, 973 lakh and a GVA of Tk. 28,640 lakh. This reflects their central role in national transport infrastructure and the substantial resource requirements associated with their construction. Pedestrian bridges constitute the second-largest category, generating a gross output of Tk. 36,826 lakh and a GVA of Tk.14, 089 lakh, indicating moderate input costs relative to output. Smaller-scale structures such as box culverts and arch culverts contribute far less in absolute terms but show proportionately high value addition, particularly in the case of box culverts, which generate a GVA of Tk. 3,134 lakh from a gross output of Tk. 6,517 lakh. Railway bridges, despite their strategic importance, account for only a small share, with a gross output of Tk. 501 lakh and a

"অন্যান্য" শ্রেণি মোট জিভিএ-তে তুলনামূলকভাবে সীমিত অবদান রাখলেও এর অবদান ৪৯০ লক্ষ টাকা। সামগ্রিকভাবে, মোট স্থূল উৎপাদন ১,১৭,১১১ লক্ষ টাকা, মধ্যবর্তী ভোগ ৭০,২৮০ লক্ষ টাকা এবং স্থূল মূল্য সংযোজন ৪৬,৮৩১ লক্ষ টাকা। বিভিন্ন শ্রেণিতে মূল্য সংযোজনের বণ্টন বৃহৎ সেতু নির্মাণের আধিক্যকে যেমন তুলে ধরে, তেমনি ক্ষুদ্র কাঠামোগুলোতে তাদের ইনপুট ব্যয়ের তুলনায় তুলনামূলকভাবে বেশি মূল্য সংযোজন সৃষ্টি করে দক্ষতার পরিচয় প্রদান করছে।

GVA of Tk. 388 lakh, suggesting comparatively low construction volume during the fiscal year. The "Others" category adds a modest contribution with Tk.490 lakh in GVA. Overall, total gross output amounts to Tk.117, 111 lakhs, with intermediate consumption at Tk. 70,280 lakh, resulting in a GVA of Tk.46, 831 lakh. The distribution of value added across categories highlights both the dominance of large-scale bridge construction and the efficiency of smaller structures in generating value relative to their input costs.

**Table 14.13: Gross Output, Intermediate Consumption, and Gross Value Added for Bridge and Related Structures Completed in FY 2023-24**

**(Lakh Taka)**

| Types of Roads | Gross output | Intermediate consumption | Gross value added |
|---|---|---|---|
| Highway bridge | 71,973 | 43,333 | 28,640 |
| Railway bridge | 501 | 113 | 388 |
| Pedestrian Bridge | 36,826 | 22,737 | 14,089 |
| Box Culvert | 6,517 | 3,383 | 3,134 |
| Arch Culvert | 219 | 128 | 91 |
| Others | 1,075 | 585 | 490 |
| **Total** | 117,111 | 70,280 | 46,831 |

**Chart 14.2: Gross Output, Intermediate Consumption, and Gross Value Added for Bridge and Related Structures Completed in FY 2023-24**

**(Lakh Taka)**



## ১৪.১৪ মূল্য সংযোজনের উপাদানসমূহ

সারণিতে ২০২৩–২৪ অর্থবছরে সম্পন্নকৃত বিভিন্ন ধরনের সেতু ও কালভার্ট প্রকল্প থেকে সৃষ্ট স্থূল মূল্য সংযোজন (GVA) উপস্থাপিত হয়েছে। মূল্য সংযোজনের উপাদানগুলোকে কর্মচারীদের পারিশ্রমিক, কর ও ভ্যাট, এবং ঠিকাদারের মার্জিন (অপারেটিং সারপ্লাস) হিসেবে শ্রেণিবদ্ধ করা হয়েছে। সকল প্রকল্পের স্থূল মূল্য সংযোজন দাঁড়িয়েছে ৪৬,৮৩১ লক্ষ টাকা, যা বিভিন্ন ধরনের অবকাঠামো প্রকল্প থেকে সৃষ্ট অর্থনৈতিক মূল্য এবং উৎপাদনশীলতার পূর্ণাঙ্গ চিত্র প্রদান করে। কর্মচারীদের পারিশ্রমিক, যার মধ্যে মজুরি ও বেতন অন্তর্ভুক্ত, সকল প্রকল্পে জিভিএ এর মধ্যে সর্বাধিক অবদান রেখেছে, এর মোট পরিমাণ ২৮,২৪৯ লক্ষ টাকা। এই খাতটি প্রতিটি প্রকল্প বাস্তবায়নে উল্লেখযোগ্য শ্রম বিনিয়োগকে প্রতিফলিত করে। মহাসড়ক সেতু প্রকল্প এ ক্ষেত্রে সর্বাধিক অবদান রেখেছে, যেখানে কর্মচারীদের পারিশ্রমিক বাবদ ব্যয় হয়েছে ১৭,১৭৩ লক্ষ টাকা। অন্যান্য প্রকল্প যেমন পথচারী সেতু ও বক্স কালভার্ট যথাক্রমে ৮,৬৭৫ লক্ষ টাকা এবং ১,৮৫২ লক্ষ টাকা অবদান রেখেছে। এ তথ্য সেতু ও কালভার্ট নির্মাণে শ্রমনির্ভর প্রকৃতিকে স্পষ্টভাবে তুলে ধরে, যেখানে প্রকল্প বাস্তবায়নে কর্মচারীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কর, যার মধ্যে ভ্যাট ও অন্যান্য সরকারি চার্জ অন্তর্ভুক্ত, নির্মাণ প্রকল্পে মূল্য সংযোজনের একটি গুরুত্বপূর্ণ অংশ। সকল প্রকল্পে মিলিয়ে মোট কর ৪,০৬১ লক্ষ টাকা। এর মধ্যে মহাসড়ক সেতু প্রকল্পগুলো সর্বাধিক কর প্রদান করেছে, যার পরিমাণ ২,৫২৩ লক্ষ টাকা। এটি এই ধরনের প্রকল্পের বৃহৎ পরিসর ও উচ্চ ব্যয়কে প্রতিফলিত করে। পথচারী সেতু ও বক্স কালভার্টও উল্লেখযোগ্য কর অবদান রেখেছে, যথাক্রমে ৯৪৫ লক্ষ টাকা ও ৪৭৮ লক্ষ টাকা। ক্ষুদ্র প্রকল্প যেমন আর্চ কালভার্ট ও অন্যান্য শ্রেণিতে করের পরিমাণ তুলনামূলকভাবে কম, যা তাদের স্বল্প মোট ব্যয়কে নির্দেশ করে। ঠিকাদারের লভ্যাংশ বা অপারেটিং সারপ্লাস হলো সেই অর্থের পরিমাণ যা সকল প্রত্যক্ষ ও পরোক্ষ ব্যয় মেটানোর পর ঠিকাদারের থাকে। এটি মূল্য সংযোজনের একটি

## 14.14 Value Added Components

The table presents the Gross Value Added (GVA) generated from various types of completed bridge and culvert projects in the fiscal year 2023–24. The components of GVA are categorized into compensation of employees, tax and vat, and the contractor's margin (operating surplus). The total GVA across all project types amounts to Tk. 46,831 lakh, providing a comprehensive view of the value generated by different types of infrastructure projects. The compensation of employees, which includes wages and salaries, is the largest contributor to the GVA across all project types, amounting to Tk. 28,249 lakh. This category reflects the substantial labor input required for each project. The highway bridge projects contribute the most to this total, with Tk. 17,173 lakh spent on employee compensation. Other project types, such as the pedestrian bridge and box culvert, follow with Tk. 8,675 lakh and Tk. 1,852 lakh, respectively. These figures underscore the labor-intensive nature of bridge and culvert construction, with employees being central to the execution of these projects. Taxes, including VAT and other applicable government charges, represent a significant portion of the value added in construction projects. The total tax contribution across all project types is Tk. 4,061 lakh. The highway bridge projects contribute the largest share of taxes at Tk.2, 523 lakh, reflecting the higher scale and overall cost of such projects. Pedestrian bridges and box culverts also contribute notable tax amounts, with Tk. 945 lakh and Tk. 478 lakh, respectively. Taxes on smaller-scale projects like arch culverts and other types are relatively minimal, indicating lower total project costs. The contractor's margin, or operating surplus, is the amount retained by the contractor after covering all direct and indirect costs. This is an important component of GVA as it reflects

গুরুত্বপূর্ণ উপাদান, কারণ এটা প্রকল্পের লাভজনকতাকে প্রতিফলিত করে। সকল প্রকল্প মিলিয়ে মোট অপারেটিং সারপ্লাস ১৪,৫২২ লক্ষ টাকা, যার মধ্যে মহাসড়ক সেতু প্রকল্পগুলোর অবদান সর্বাধিক, ৮,৯৪৪ লক্ষ টাকা। পথচারী সেতু ও বক্স কালভার্ট যথাক্রমে ৪,৪৭০ লক্ষ টাকা ও ৮০৩ লক্ষ টাকা অবদান রেখেছে। ক্ষুদ্র প্রকল্প যেমন আর্চ কালভার্ট ও অন্যান্য ছোট আকারের প্রকল্পগুলো তুলনামূলকভাবে কম পরিচালন উদ্বৃত্ত সৃষ্টি করেছে, যার পরিমাণ যথাক্রমে ২৯ লক্ষ টাকা ও ১৭৬ লক্ষ টাকা। সকল প্রকল্প মিলিয়ে স্থূল মূল্য সংযোজন দাঁড়িয়েছে ৪৬,৮৩১ লক্ষ টাকা। মহাসড়ক সেতু প্রকল্প এ মোট মূল্যের বৃহত্তম অংশীদার ২৮,৬৪০ লক্ষ টাকা, যা বৃহৎ অবকাঠামো প্রকল্পের উল্লেখযোগ্য অর্থনৈতিক প্রভাবকে প্রতিফলিত করে। অন্যান্য প্রকল্প যেমন রেলওয়ে সেতু, পথচারী সেতু, বক্স কালভার্ট ও আর্চ কালভার্টসহ অন্যান্য প্রকল্পগুলো জিভিএ-তে কম অবদান রাখলেও এটি গুরুত্বপূর্ণ। সারণিটি স্পষ্টভাবে দেখায় যে মহাসড়ক সেতু কর্মচারীর পারিশ্রমিক, কর অবদান এবং ঠিকাদারের মার্জিনের ক্ষেত্রে আধিপত্য বিস্তার করেছে, যা তাদের বৃহৎ পরিসর ও উচ্চ ব্যয়কে প্রতিফলিত করে। ২০২৩-২৪ অর্থবছরে সম্পন্নকৃত সেতু ও কালভার্ট প্রকল্পসমূহ থেকে সৃষ্ট জিভিএর এই বিশ্লেষণ নির্মাণ খাতের উল্লেখযোগ্য অর্থনৈতিক মূল্যকে তুলে ধরে, বিশেষত শ্রম পারিশ্রমিক, কর এবং ঠিকাদারের লাভের ক্ষেত্রে। মহাসড়ক সেতুর উল্লেখযোগ্য অবদান তাদের সামগ্রিক অবকাঠামো উন্নয়নে এর কেন্দ্রীয় ভূমিকাকে নির্দেশ করে, অন্যদিকে অন্যান্য প্রকল্প তুলনামূলকভাবে ছোট হলেও অর্থনীতিতে তাৎপর্যপূর্ণ অবদান রেখেছে। এ বিশ্লেষণ নির্মাণ খাতের অর্থনৈতিক প্রভাব সম্পর্কে গুরুত্বপূর্ণ ধারণা প্রদান করে, যেখানে শ্রম, কর এবং লাভজনকতার ওপর সুস্পষ্ট গুরুত্ব আরোপ করা হয়েছে।

the profitability of the project. The total operating surplus across all projects is Tk. 14,522 lakh, with the highway bridge projects contributing the largest share at Tk.8, 944 lakh. The pedestrian bridge and box culvert projects follow with Tk. 4,470 lakh and Tk.803 lakh, respectively. Smaller-scale projects, such as arch culverts and other types, contribute more modest operating surpluses of Tk. 29 lakh and Tk.176 lakh, respectively. The total GVA generated from all projects amounts to Tk.46,831 lakh. The highway bridge projects represent the bulk of this value at Tk. 28,640 lakh, indicating the significant economic impact of such large-scale infrastructure projects. Other project types, including railway bridges, pedestrian bridges, box culverts, and arch culverts, contributes smaller but still meaningful portions to the overall GVA. The table clearly shows that highway bridges dominate in terms of employment compensation, tax contribution, and contractor's margin, reflecting their larger scale and higher overall costs compared to other types of infrastructure. This breakdown of GVA from completed bridge and culvert projects in 2023–24 highlights the substantial economic value generated by the construction sector, particularly in labor compensation, taxes, and contractor margins. The significant contribution from highway bridges indicates their central role in the overall infrastructure development, while other project types, though smaller in comparison; still contribute meaningfully to the economy. The analysis provides key insights into the economic impacts of infrastructure development, with a clear emphasis on labor, taxes, and profitability. These findings are crucial for stakeholders in the construction industry, policymakers, and economists looking to understand the economic contributions of the sector.

## Table 14.14: Value Added Components, 2023-24

(Lakh Taka)

| Components of value added | Highway bridge | Railway bridge | Pedestrian Bridge | Box Culvert | Arch Culvert | Others | Total |
|---|---|---|---|---|---|---|---|
| Compensation of employees given by both Office and labour | 17,173 | 248 | 8,675 | 1,852 | 57 | 243 | 28,249 |
| Tax and vat | 2,523 | 39 | 945 | 478 | 5 | 70 | 4,061 |
| Contractor's margin (operating surplus) | 8,944 | 101 | 4,470 | 803 | 29 | 176 | 14,522 |
| Total | 28,640 | 388 | 14,089 | 3,134 | 91 | 490 | 46,831 |

## Chart 14.3: Value Added Components, 2023-24

**(Lakh Taka)**




### ১৪.১৫ মহাসড়ক সেতু নির্মাণে মোট ব্যয়ের শতকরা হারে ইনপুট ব্যয়ের বণ্টন

নিম্নে প্রদত্ত সারণিতে মহাসড়ক সেতু নির্মাণে মোট ব্যয়ের শতকরা হারে ইনপুট ব্যয়ের বণ্টন উপস্থাপিত হয়েছে। বিশ্লেষণ থেকে দেখা যায় যে প্রকল্পের বিভিন্ন ব্যয় উপাদান ভিন্ন ভিন্নভাবে সামগ্রিক আর্থিক কাঠামোতে অবদান রেখেছে। এই বরাদ্দ বোঝা গুরুত্বপূর্ণ, কারণ এটি খরচের প্রধান চালকগুলো চিহ্নিত করতে সাহায্য করে এবং সম্পদের সর্বোত্তম ব্যবহার ও প্রকল্প পরিকল্পনার ক্ষেত্রে তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হয়। নির্মাণ প্রক্রিয়ায় সবচেয়ে বৃহৎ ব্যয় উপাদান কাঠামোগত উপকরণ (প্রধান ভারবাহী উপাদান), যা মোট ব্যয়ের ২৭.১৭ শতাংশ। এটি সেতুর নিরাপত্তা,

### 14.15: Allocation of Input Costs as a Percentage of Total Cost for Highway Bridge

The table presented below outlines the allocation of input costs as a percentage of the total cost for the construction of a highway bridge. A careful analysis reveals a breakdown of the various cost components involved in the project, each contributing differently to the overall financial structure. This allocation can be crucial for understanding the primary drivers of cost and for making informed decisions on resource optimization and project planning. The most significant cost component in the construction process is related to structural materials (primary load-bearing components), which accounts for 27.17% of the total cost. This highlights the importance of high-quality,

টেকসইতা ও দীর্ঘস্থায়িত্ব নিশ্চিত করতে উচ্চমানের ও টেকসই উপকরণের গুরুত্ব তুলে ধরে। রিইনফোর্সমেন্ট ও ফাস্টেনার এর পরেই রয়েছে, যা মোট ব্যয়ের ১৩.৫৫ শতাংশ। এ ব্যয় সেতুর কাঠামোগত স্থায়িত্ব নিশ্চিত করার গুরুত্ব নির্দেশ করে, যেখানে উপাদানগুলোকে যথাযথ ফাস্টনারস দিয়ে শক্তিশালী ও সুরক্ষিত করা হয়, যা নির্মাণের দীর্ঘায়ু নিশ্চিত করে। ডেকিং ও পেভিং উপকরণ বাবদ ব্যয় তুলনামূলকভাবে কম, মাত্র ০.৮৭ শতাংশ, যা সেতুর পৃষ্ঠতল নির্মাণে অপরিহার্য হলেও সামগ্রিক ব্যয়ের ক্ষুদ্র অংশ। একইভাবে, অস্থায়ী নির্মাণ উপকরণ (যেমন স্ক্যাফোল্ডিং ইত্যাদি) বাবদ ব্যয় মোট ব্যয়ের ০.৬৮ শতাংশ, যা তাদের স্বল্পমেয়াদি ও অস্থায়ী প্রকৃতিকে প্রতিফলিত করে। ভিত্তি ও উপ-গঠন উপকরণ একটি গুরুত্বপূর্ণ ব্যয় শ্রেণি, যা মোট ব্যয়ের ১২.৯৪ শতাংশ। এটি পুরো কাঠামোর স্থায়িত্ব ও ভারবহন ক্ষমতা নিশ্চিত করতে দৃঢ় ভিত্তির প্রয়োজনীয়তাকে নির্দেশ করে। পরিবেশগত ও ভূ-প্রযুক্তিগত উপকরণ বাবদ ব্যয় ১.২৩ শতাংশ, যা পরিবেশগত প্রভাব মোকাবিলা ও ভূমির স্থায়িত্ব নিশ্চিত করার জন্য ব্যবহৃত হয়। যদিও এ ব্যয় তুলনামূলকভাবে কম, তবে নিয়ন্ত্রক অনুবর্তিতা ও দীর্ঘমেয়াদি স্থায়িত্ব নিশ্চিত করতে এর ভূমিকা গুরুত্বপূর্ণ। ইউটিলিটি চার্জ মোট ব্যয়ের ০.৮৭ শতাংশ, যা নির্মাণকালে প্রয়োজনীয় অবকাঠামো ও সেবার ব্যয়, যেমন বিদ্যুৎ, পানিকে অন্তর্ভুক্ত করে। এই ব্যয় তুলনামূলকভাবে কম হলেও প্রকল্প সচল রাখার জন্য এটি একটি অপরিহার্য ব্যয়। কর ও ভ্যাট বাবদ ব্যয় মোট ব্যয়ের ৩.৫৮ শতাংশ, যা নির্মাণ প্রক্রিয়ার সাথে সম্পর্কিত কর দায়বদ্ধতার প্রতিফলন ঘটায়। মজুরি ও বেতন বাবদ ব্যয় মোট ব্যয়ের ২৩.৫২ শতাংশ যা প্রকল্প বাজেটের একটি গুরুত্বপূর্ণ অংশ। এটি প্রকল্পের শ্রমনির্ভর প্রকৃতিকে প্রতিফলিত করে যেখানে প্রকল্পের বিভিন্ন পর্যায়ে দক্ষ শ্রমিক এবং প্রকৌশলীদের প্রয়োজন হয়। যন্ত্রপাতি ভাড়া মোট ব্যয়ের ৪.২৭ শতাংশ, যা ভারী যন্ত্রপাতি ও সরঞ্জাম ভাড়ার ব্যয়কে নির্দেশ করে। এটি

durable materials in ensuring the safety, stability, and longevity of the bridge. The reinforcement and fasteners follow closely, representing 13.55% of the total costs. This expense underscores the importance of securing the bridge's structural integrity by reinforcing and securing the components with appropriate fasteners, ensuring the durability of the construction. In addition to these critical structural elements, the allocation for decking and paving materials is relatively low at 0.87%, suggesting that while essential for the surface of the bridge, this component constitutes a smaller portion of the overall cost. Similarly, temporary construction materials, which may include scaffolding and other materials required for the setup, account for 0.68% of the total cost, reflecting their short-term, non-permanent nature. The foundation and substructure materials are another significant cost category, making up 12.94% of the total allocation. This expense pertains to the base upon which the entire structure will stand, illustrating the need for robust and reliable foundations to ensure the bridge's overall stability and resilience to loads. The environmental and geotechnical materials, at 1.23%, encompass costs related to assessing and mitigating environmental impact and ensuring proper ground stability. The relatively low percentage suggests that this component, while important, does not constitute a substantial portion of the total cost but still plays a critical role in ensuring regulatory compliance and long-term sustainability. Utility charges, at 0.87%, may include costs related to infrastructure and services needed during construction, such as electricity and water. The allocation here again reflects a relatively small but necessary expenditure to keep the project operational. Similarly, tax and VAT comprise 3.58% of the total cost, demonstrating the tax obligations tied to the construction process. Wages and salaries, accounting for 23.52%, represent a significant portion of the

উল্লেখযোগ্য ব্যয় হলেও, সরাসরি ক্রয়ের তুলনায় অধিকাংশ ক্ষেত্রে এটি ব্যয়-সাশ্রয়ী হয়। অপারেটিং সারপ্লাস যা মোট ব্যয়ের ১১.২১ শতাংশ, প্রকল্প থেকে অর্জিত আর্থিক মার্জিন বা লাভকে প্রতিফলিত করে। এটি বিনিয়োগকারীদের জন্য গুরুত্বপূর্ণ, কারণ এটা প্রকল্পের আর্থিক সক্ষমতা ও লাভজনকতাকে প্রতিফলিত করে। অন্যান্য বিবিধ ব্যয় মোট ব্যয়ের মাত্র ০.১১ শতাংশ, যা বিভিন্ন ক্ষুদ্র ও অনির্দিষ্ট খরচকে প্রতিফলিত করে যা সারণিতে উল্লিখিত প্রধান শ্রেণিসমূহে অন্তর্ভুক্ত হয় নাই। সবশেষে, মূল্য সংযোজন, যা মোট ব্যয়ের ৩৮.৩১ শতাংশ, এটি নির্মাণ প্রক্রিয়ার মাধ্যমে সৃষ্ট অর্থনৈতিক মূল্যের একটি গুরুত্বপূর্ণ সূচক হিসেবে কাজ করে। এটি সম্ভবত সেতুর ডিজাইন ও নির্মাণের বিভিন্ন পর্যায়ে নিয়োজিত শ্রম, দক্ষতা এবং উদ্ভাবনের কারণে মূল্য বৃদ্ধিকে প্রতিফলিত করে। সার্বিকভাবে, মহাসড়ক সেতু নির্মাণে ইনপুট ব্যয়ের বণ্টন দেখায় যে গুরুত্বপূর্ণ উপকরণ, যেমন শ্রম এবং যন্ত্রপাতির মধ্যে একটি সুস্পষ্ট বণ্টন ব্যবস্থা রয়েছে, যেখানে উল্লেখযোগ্য অংশ বরাদ্দ হয়েছে স্ট্রাকচারাল ম্যাটেরিয়ালস, মজুরি ও বেতন এবং রিইনফোর্সমেন্টের জন্য। এই বিশ্লেষণ বৃহৎ অবকাঠামোর প্রকল্পগুলোর আর্থিক কাঠামো সম্পর্কে ধারণা প্রদান করে এবং ব্যয় নিয়ন্ত্রণ ও সম্পদ ব্যবস্থাপনার ক্ষেত্রে কোন কোন খাতে বিশেষ গুরুত্ব দেওয়া প্রয়োজন তা তুলে ধরে। এই ব্যয় বণ্টন বোঝা প্রকল্প পরিকল্পনাকারী, অর্থনৈতিক বিশ্লেষক এবং প্রকোশলীদের জন্য অপরিহার্য, যাতে তারা সম্পদ কার্যকরভাবে ব্যবহার করতে পারে এবং একই সাথে সর্বোচ্চ গুণগতমান ও নিরাপত্তা বজায় রাখতে পারে।

project’s budget. This indicates the labor-intensive nature of highway bridge construction, where skilled workers and engineers are required at various stages of the project. The wages are essential to support the workforce and maintain productivity throughout the construction phases. Equipment rental expenses amount to 4.27%, reflecting the costs associated with renting heavy machinery and equipment necessary for the construction. This is a substantial outlay but is often more cost-effective than purchasing expensive equipment outright. The operating surplus, which stands at 11.21%, represents the financial margin or profit generated from the project. This surplus is critical for project investors, as it indicates the financial viability and profitability of the bridge construction. Other unspecified expenditures, accounting for a minor 0.11%, likely reflect miscellaneous costs that do not fall under the broader categories outlined in the table. Finally, the value-added component, which constitutes 38.31% of the total cost, is a significant indicator of the economic value generated by the construction process. This figure likely reflects the increase in value due to the labor, expertise, and innovation applied during the bridge’s design and construction phases. In conclusion, the allocation of input costs for highway bridge construction reveals a clear distribution of resources across critical materials, labor, and equipment, with the most substantial portions directed towards structural materials, wages, and reinforcement. This analysis provides insight into the financial framework of large infrastructure projects and highlights the areas that require the most attention in terms of cost control and resource management. Understanding this breakdown is essential for project planners, financial analysts, and engineers to ensure that resources are utilized efficiently while maintaining the highest standards of quality and safety.

**Table 14.15: Allocation of Input Costs as a Percentage of Total Cost for Highway Bridge**

| Item | Percent of total cost (%) |
|---|---|
| 1.Structural Materials (Primary Load-Bearing Components) | 27.17 |
| 2. Reinforcement and fasteners | 13.55 |
| 3. Decking and Paving materials | 0.87 |
| 4. Foundation and Substructure Materials | 12.94 |
| 5. Temporary Construction Materials | 0.68 |
| 6. Environmental and Geotechnical Materials | 1.23 |
| 7. Utility charge | 0.87 |
| 8. Wages and salaries | 23.52 |
| 9. Tax and VAT | 3.58 |
| 10. Equipment Rental | 4.27 |
| 11. Operating surplus | 11.21 |
| 12. Other expenditure ( not specified elsewhere) | 0.11 |
| **Total** | **100.00** |
| 13. Value added | 38.31 |

### ১৪.১৬: রেলওয়ে সেতুর মোট ব্যয়ের শতকরা হারে ইনপুট ব্যয়ের বণ্টন

প্রদত্ত সারণিতে রেলওয়ে সেতুর মোট ব্যয়ের মধ্যে শতকরা হারে ইনপুট ব্যয়ের বণ্টন দেখানো হয়েছে, যেখানে নির্মাণ বা বড় ধরনের মেরামতের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এই তথ্যটি একটি ক্ষুদ্র-পরিসরের সমীক্ষা থেকে এসেছে, যা সীমিত সংখ্যক নির্মাণ প্রতিষ্ঠানের নমুনার ওপর ভিত্তি করে করা হয়েছে; যেখানে প্রতিটি প্রতিষ্ঠান থেকে একটি করে সেতু দৈবচয়নের মাধ্যমে নির্বাচিত করা হয়েছে। যেহেতু দেশের মধ্যে নতুন রেলওয়ে সেতু নির্মাণ একটি বিরল কার্যক্রম, তাই এখানে প্রদত্ত তথ্যসমূহ সম্ভবত বিদ্যমান রেলওয়ে সেতুর বড় ধরনের মেরামত বা সংস্কারের ব্যয়কে প্রতিফলিত করে, সম্পূর্ণ নতুন সেতু নির্মাণকে নয়। এই প্রসঙ্গটি ব্যয়ের বণ্টন ব্যাখ্যা করা ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ প্রাপ্ত এই ফলাফলসমূহ নতুন রেলওয়ে সেতু নির্মাণ প্রকল্পের সাধারণ ব্যয় কাঠামোকে সম্পূর্ণভাবে প্রতিফলিত নাও করতে পারে। ব্যয় বণ্টনের সবচেয়ে উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো মোট ব্যয়ের একটি বড় অংশ মজুরি ও বেতনের জন্য বরাদ্দ করা হয়েছে, যা মোট ব্যয়ের ৪৩.৩২%। অন্যান্য অবকাঠামো প্রকল্পের তুলনায় এই হার উল্লেখযোগ্যভাবে বেশি, যেখানে শ্রম ব্যয়

### 14.16: Allocation of Input Costs as a Percentage of Total Cost for Railway Bridge

The table provided outlines the allocation of input costs as a percentage of the total cost for a railway bridge, with a particular focus on construction or major repairs. This data comes from a small-scale study based on a limited sample of construction firms, where one bridge was selected randomly from each firm. As the construction of new railway bridges is a rare activity in country, it is likely that the data presented here reflects the costs associated with major repairs or renovations of existing railway bridges, rather than the construction of entirely new structures. This context is essential when interpreting the allocation of costs, as the findings may not fully represent the cost structure typically associated with new railway bridge projects. The most notable feature of the cost allocation is the significant proportion allocated to wages and salaries, which accounts for 43.32% of the total cost. This figure is remarkably high compared to other infrastructure projects, where labor costs

সাধারণত মোট ব্যয়ের তুলনায় কম থাকে। মজুরি ও বেতনের এই উচ্চ অংশটি সম্ভবত বিদ্যমান সেতুর মেরামত বা রক্ষণাবেক্ষণের শ্রমনির্ভর প্রকৃতির কারণে হয়ে থাকতে পারে, যেখানে কাঠামোগত পরিদর্শন, শক্তিবৃদ্ধি এবং মেরামতের মতো কার্য সম্পাদনের জন্য বিশেষজ্ঞ শ্রমিক ও দক্ষ কর্মীর প্রয়োজন হয়। যেহেতু বাংলাদেশে নতুন রেলওয়ে সেতু নির্মাণ একটি বিরল ঘটনা, তাই সংশ্লিষ্ট প্রকল্পটিতে সেতুর অংশবিশেষ রক্ষণাবেক্ষণ বা প্রতিস্থাপনের জন্য উল্লেখযোগ্য শ্রম ব্যয় হতে পারে। মোট ব্যয়ের মধ্যে ভিত্তি ও উপকাঠামোগত উপকরণের অংশ মাত্র ২৭.৭৩%, যা রেলওয়ে সেতুর একটি শক্তিশালি ভিত্তি বজায় রাখার গুরুত্বকে প্রতিফলিত করে। তবে বড় ধরনের মেরামতের ক্ষেত্রে সম্পূর্ণ নতুন করে নির্মাণের পরিবর্তে মূলত বিদ্যমান উপকাঠামোকে স্থিতিশীল ও শক্তিশালী করার ওপর বেশি গুরুত্ব দেওয়া হয়। এ কারণেই ভিত্তি ও উপকাঠামোগত উপাদানের জন্য তুলনামূলকভাবে বেশি ব্যয় দেখা যেতে পারে। এর মধ্যে সম্ভবত সহায়ক অংশ প্রতিস্থাপন, পাইলিং বা অন্যান্য ভিত্তি সংক্রান্ত মেরামতের কাজ অন্তর্ভুক্ত রয়েছে, যা সেতুর নিরাপত্তা ও স্থায়িত্ব নিশ্চিত করতে অপরিহার্য। শক্তিবৃদ্ধি ও ফাস্টেনারের জন্য বরাদ্দ ৮.৬০%, যা তুলনামূলকভাবে উল্লেখযোগ্য। এটি সেতুর কাঠামোগত দৃঢ়তা বাড়ানোর প্রয়োজনীয়তাকে প্রতিফলিত করে। এই উপাদানটি বিশেষ করে মেরামত অত্যন্ত গুরুত্বপূর্ণ, বিশেষত যদি সেতুটি দীর্ঘদিনের ব্যবহার জনিত কারণে সেতু ক্ষয়প্রাপ্ত বা দুর্বল হয়ে পড়ে। লক্ষণীয় যে, কাঠামোগত উপাদান (প্রধান ভারবাহী অংশ) মোট ব্যয়ের মাত্র ১.৩৩%। এই কম বরাদ্দ কিছুটা অস্বাভাবিক, কারণ সাধারণত নতুন নির্মাণ প্রকল্পের মোট ব্যয়ে কাঠামোগত উপাদানের আধিক্য থাকে। তবে এটি যুক্তিসঙ্গত হতে পারে, কারণ এখানে হয়তো নতুন ভারবহনকারী উপাদানের প্রয়োজন খুবই সীমিত ছিল এবং বিদ্যমান কাঠামোই বেশিরভাগ অংশই সংরক্ষিত রাখা হয়েছে। ডেকিং ও পেভিং উপাদান এবং পরিবেশগত ও ভূ-প্রযুক্তিগত উপাদানের জন্য ব্যয় বরাদ্দ অনুপস্থিত (০.০০%)। এটি ইঙ্গিত করে যে, সংশ্লিষ্ট প্রকল্পে পুনঃপৃষ্ঠায়ন (resurfacing) বা পরিবেশগত প্রশমন সংক্রান্ত কার্যক্রমে কোন উল্লেখযোগ্য ব্যয় ছিল না। সম্ভবত কাজটি মূলত বিদ্যমান সেতুর কাঠামোগত শক্তিশালীকরণ ও রক্ষণাবেক্ষণের

typically make up a smaller proportion of total expenditures. The elevated share of wages and salaries could be due to the labor-intensive nature of repairing or maintaining an existing bridge, which may require specialized labor and skilled personnel for tasks such as structural inspection, reinforcement, and repair. Given that new railway bridge construction is rare in Bangladesh, the project in question might have involved significant labor efforts for maintenance or replacement of bridge components. The foundation and substructure materials account for 27.73% of the total costs, replacement the importance of maintaining a robust foundation for railway bridge structures. However, in the case of major repairs, the focus may be more on stabilizing and reinforcing the existing substructure rather than building it from scratch. This could explain the relatively high percentage for foundation and substructure materials, which might have included elements such as replacesment of supports, piling, or other foundational repairs that are critical to ensuring the safety and longevity of the bridge. The allocation for reinforcement and fasteners, at 8.60%, is relatively substantial, likely reflecting the need for strengthening the bridge's structural integrity. This component is typically essential in repair projects, especially if the bridge has suffered from wear and tear over time. It is noteworthy that structural materials (primary load-bearing components) contribute only 1.33% to the total cost. This low allocation is somewhat unusual, as structural materials usually make up a significant portion of a new construction project. However, it is plausible that, in the context of major repairs, only a small quantity of new load-bearing components may have been required, and the majority of the bridge’s primary load-bearing structure was retained. The costs associated with

ওপরই বেশি গুরুত্ব দিয়েছে। বাংলাদেশে নতুন রেলওয়ে সেতু নির্মাণ তুলনামূলক বিরল হওয়ায়, মেরামতের ক্ষেত্রে ডেকিং বা ভূ-প্রযুক্তিগত বিষয়গুলো সাধারণত প্রধান ব্যয় চালক নাও হতে পারে। ইউটিলিটি চার্জের জন্য বরাদ্দ ০.৫৭%, যা তুলনামূলকভাবে ক্ষুদ্র ব্যয় নির্দেশ করে। এগুলো নির্মাণ বা মেরামত প্রক্রিয়ার সময় প্রয়োজন হয়। এই ধরনের ব্যয় সাধারণত সহায়ক হলেও প্রকল্প পরিচালনার জন্য অপরিহার্য। কর ও ভ্যাট মোট ব্যয়ের ৫.০৬%, যা বাংলাদেশে নির্মাণ কার্যক্রমের উপর আরোপিত কর-সংক্রান্ত বাধ্যবাধকতার একটি স্বাভাবিক অনুপাতকে প্রতিফলিত করে। যেকোনো নির্মাণ প্রকল্পে, নতুন নির্মাণ বা মেরামত নির্বিশেষে, কর ও ভ্যাট প্রযোজ্য হয়। যন্ত্রপাতি ভাড়া মোট ব্যয়ের ০.১৭%, যা অত্যন্ত কম। এটি ইঙ্গিত করে যে প্রকল্পে মূলত বিদ্যমান যন্ত্রপাতি ব্যবহার করা হয়েছে বা যন্ত্রপাতি ভাড়া নেওয়ার প্রয়োজন হয় নাই। সম্ভবত মেরামত কাজের পরিসর তুলনামূলকভাবে ছোট হওয়ায় অতিরিক্ত যন্ত্রপাতি ভাড়ার প্রয়োজন হয়নি অথবা প্রতিষ্ঠানটি ভাড়া নেওয়ার পরিবর্তে নিজস্ব যন্ত্রপাতি ব্যবহার করেছে। পরিচালন উদ্বৃত্ত ৪.৪৯%, যা প্রকল্পের মুনাফার হার নির্দেশ করে। তুলনামূলকভাবে কম উদ্বৃত্ত প্রতিযোগিতামূলক বাজার বা মেরামত কাজের প্রকৃতির কারণে হতে পারে। অন্যান্য ব্যয় (অন্য কোথাও নির্দিষ্ট নয়) ০.৩৬%, এটি একটি ক্ষুদ্র অংশ, যা সারণিতে বিস্তারিতভাবে উল্লেখ না করা বিভিন্ন ছোটখাটো ব্যয়কে প্রতিফলিত করে। এই ধরনের ব্যয় সাধারণত নির্মাণ কাজ চলাকলীন অপ্রত্যাশিত বা সহায়ক ব্যয়ের সঙ্গে সম্পর্কিত হয়ে থাকে। সবশেষে, মূল্য সংযোজনের হার ৫২.৮৮%, যা তুলনামূলকভাবে বেশি। এটি নির্দেশ করে যে, এই প্রকল্পটি শ্রম, দক্ষতা এবং বিভিন্ন সেবার মাধ্যমে উল্লেখযোগ্য অর্থনৈতিক মূল্য সংযোজন করেছে। এই সংখ্যাটি গুরুত্বপূর্ণ, কারণ এটি স্পষ্ট করে যে, মোট ব্যয়ের একটি বড় অংশ মানবসম্পদ এবং প্রযুক্তিগত দক্ষতার মাধ্যমে অর্জিত মূল্য সংযোজন। আগেই উল্লেখ করা হয়েছে, বাংলাদেশে নতুন রেলওয়ে সেতু নির্মাণ খুবই বিরল এবং আলোচ্য সেতুটি সম্ভবত দেশের গুটিকয়েক রেলওয়ে সেতুর মধ্যে একটি। তাছাড়া, এই তথ্যটি সীমিত নমুনার ওপর ভিত্তি করে পরিচালিত সমীক্ষা হতে সংগৃহীত হওয়ায় বৃহৎ প্রকল্পের সাধারণ ব্যয় কাঠামোকে এটি পুরোপুরি প্রতিনিধিত্ব নাও

decking and paving materials and environmental and geotechnical materials are notably absent in this table, with both categories 0. 00%. This could suggest that, for the specific project in investigation, there were no significant expenditures on resurfacing or environmental mitigation, possibly because the work focused more on structural reinforcement and maintenance of the existing bridge. Given the rarity of new railway bridge construction in Bangladesh, it may not be typical for decking or geotechnical concerns to be major cost drivers in repair scenarios. Similarly, the allocation for utility charges is 0.57%, which indicates relatively minor costs associated with utilities such as electricity or water, necessary for the construction or repair process. These charges are often ancillary but essential for operational purposes during the project. Tax and VAT amount to 5.06% of the total cost, which is a standard proportion reflecting the tax obligations imposed on construction activities in Bangladesh. It is common for tax rates and value-added taxes to be applied to most types of construction, regardless of whether the project involves new construction or repairs. The share of equipment rental is 0.17%, which is very low. This could suggest that the project relied primarily on existing equipment or on machinery that was not rented, possibly due to the smaller scale of the repair work, or that the firm used owned equipment rather than renting it. Operating surplus stands at 4.49%, which represents the profit margin for the project. The relatively low operating surplus could be indicative of a competitive market or lower-than-expected margins due to the nature of the repair work. The category other expenditures (not specified elsewhere) accounts for 0.36%, a minimal proportion reflecting miscellaneous costs not

করতে পারে। সেতুর সংখ্যা তুলনামূলকভাবে কম এবং নতুন নির্মাণের ঘটনা বিরল হওয়ায়, এখানে উপস্থাপিত ফলাফলগুলো সম্ভবত নতুন সেতু নির্মাণের পরিবর্তে মেরামত বা রক্ষণাবেক্ষণমূলক কাজ বেশি প্রতিফলিত করে। এখানে উপস্থাপিত ফলাফলসমূহ সম্ভবত নতুন সেতু নির্মাণের পরিবর্তে মেরামত বা রক্ষণাবেক্ষণ কার্যক্রমেরই প্রতিফলন, যেখানে সাধারণত কাঠামোগত উপকরণ, ডেকিং এবং পরিবেশগত প্রশমন ব্যয়ের অংশ তুলনামূলকভাবে বেশি হতে পারে। সুতরাং, এই সারণিতে প্রদত্ত ব্যয় কাঠামো নতুন সেতু নির্মাণের প্রেক্ষাপটে বিশেষ সতর্কতার সঙ্গে ব্যাখ্যা করা উচিত কারণ এটি মূলত সীমিত ও নির্দিষ্ট ধরনের প্রকল্প অধিকভাবে প্রতিফলিত করে। উচ্চ শ্রম ব্যয়, উপকাঠামো মেরামতের উল্লেখযোগ্য ব্যয় এবং কিছু ব্যয় শ্রেণির (যেমন ডেকিং উপাদান) অনুপস্থিতি ইঙ্গিত করে যে এই তথ্য নতুন রেলওয়ে সেতু নির্মাণের তুলনায় রক্ষণাবেক্ষণ বা বড় ধরনের মেরামতের ক্ষেত্রেই অধিক প্রাসঙ্গিক। বাংলাদেশে রেলওয়ে সেতু শিল্পের অনন্য প্রেক্ষাপট-যেখানে নতুন নির্মাণ কার্যক্রম বিরলতা এবং সেতুর সংখ্যা তুলনামূলকভাবে সীমিত-এই পরিসংখ্যানগুলোকে বৃহত্তর অবকাঠামো ব্যয় বিশ্লেষণের আংশ হিসেবে বিবেচনা করার সময় অবশ্যই গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিতে হবে।

